ACADEMIC PROGRAM
HSC

shikho

# বাংলা ১ম পত্র
# প্রশ্ন ব্যাংক



জ্ঞানমূলক

অনুধাবনমূলক

MCQ

# অপরিচিতা

## জ্ঞানমূলক প্রশ্ন

**১. হরিশ কোথায় কাজ করে?**

**উত্তর:** হরিশ কানপুরে কাজ করে।

**২. রবীন্দ্রনাথের সর্বশেষ গল্পের নাম কী?**

**উত্তর:** রবীন্দ্রনাথের সর্বশেষ গল্পের নাম— 'মুসলমানীর গল্প'।

**৩. অনুপমকে 'মাকাল ফলে'র সাথে তুলনা করে বিদ্রূপ করেছিল কে?**

**উত্তর:** অনুপমকে 'মাকাল' ফলের সাথে তুলনা করে বিদ্রুপ করেছিলেন তার পণ্ডিতমশায়।

**৪. কল্যাণী কোন স্টেশনে নেমেছিল?**

**উত্তর:** কল্যাণী কানপুর স্টেশনে নেমেছিল।

**৫. 'রসন চৌকি' শব্দের অর্থ কী?**

**উত্তর:** 'রসন চৌকি' শব্দের অর্থ শানাই, ঢোল ও কাসি এই তিনের ঐকতান বাদন।

**৬. 'অপরিচিতা' গল্পের খাদযুক্ত গহনাটির নাম কী?**

**উত্তর:** 'অপরিচিতা' গল্পের খাদযুক্ত গহনাটির নাম এয়ারিং।

**৭. বিবাহ ভাঙার পর হতে কল্যাণী কোন ব্রত গ্রহণ করে?**

**উত্তর:** বিবাহ ভাঙার পর হতে কল্যাণী মেয়েদের শিক্ষার ব্রত গ্রহণ করে।

**৮. মামার একমাত্র লক্ষ্য কী ছিল?**

**উত্তর:** মামার একমাত্র লক্ষ্য ছিল, তিনি কোনোমতেই কারও কাছে ঠকবেন না।

**৯. কল্যাণীর পিতার নাম কী?**

**উত্তর:** কল্যাণীর পিতার নাম শম্ভুনাথ সেন।

**১০. বেহাই সম্প্রদায়ের কী থাকা দোষের?**

**উত্তর:** বেহাই সম্প্রদায়ের তেজ থাকা দোষের।

## অনুধাবনমূলক প্রশ্ন

**১. 'সেজন্য কিছু ভাবিবেন না — এখন উঠুন।'— উক্তিটিতে বক্তার মনোভাব ব্যাখ্যা করো।**

**উত্তর:** প্রশ্নোক্ত মন্তব্যটিতে শম্ভুনাথবাবুর চারিত্রিক দৃঢ়তা প্রকাশ পেয়েছে।

কল্যাণীর সঙ্গে অনুপমের বিয়ের দিন অনুপমের মামার সেকরা এনে গহনা যাচাই করার ঘটনায় শম্ভুনাথবাবু ভীষণ ক্রুদ্ধ হয়েছিলেন। তিনি সেই ক্রোধ চেপে রেখে লগ্নের পূর্বে বর ও বরযাত্রীদের আহারে বসতে বলেন। এক্ষেত্রে লগ্ন নিয়ে বরের মামার আপত্তি তিনি শোনেননি। বরং লগ্নের কথা বলা হলে তিনি অত্যন্ত দৃঢ়তার সঙ্গে অনুপমের মামাকে সেসব নিয়ে ভাবতে নিষেধ করেছেন।

**২. 'একে তো বরের হাট মহার্ঘ, তাহার পরে ধনুক-ভাঙা পণ'- ব্যাখ্যা করো।**

**উত্তর:** পনেরো বছর বয়সেও কল্যাণীর বিয়ে না হওয়ার কারণ নির্দেশ করা হয়েছে উক্তিটির মাধ্যমে।

কল্যাণীর বয়স পনেরো যা তৎকালীন সমাজব্যবস্থায় বিয়ের যোগ্য কন্যার জন্য অনেকটাই বেশি। মোটা টাকা পণ দিতে হয় বলে সুপাত্র মেলাই ভার তবে এ ব্যাপারে কল্যাণীর বাবা চিন্তিত নয়। বয়স যতই হোক উপযুক্ত পাত্র ছাড়া কন্যার বিয়ে না দিতে তিনি দৃঢ়প্রতিজ্ঞ। তখনকার সমাজে কন্যার পিতার এরূপ মনোভাবের প্রকাশ ঘটতে সাধারণত দেখা যেত না।

৩. **“এইটে একবার পরখ করিয়া দেখো।” – ব্যাখ্যা করো।**

**উত্তর:** অনুপমদের দেওয়া এয়ারিং খাঁটি সোনার কি না, তা সেকরাকে দিয়ে পরীক্ষা করানোর পরিপ্রেক্ষিতে শম্ভুনাথ প্রশ্নোক্ত কথাটি বলেছেন।

‘অপরিচিতা’ গল্পে অনুপমের মামা বিয়ের গহনা পরীক্ষা করার জন্য সেকরা সঙ্গে নিয়ে বিয়েতে আসেন। বিয়ের কাজ শুরুর আগেই তিনি কনেপক্ষের গহনা যাচাই করে নিতে চান। কিন্তু বিষয়টি কনের বাবা শম্ভুনাথের কাছে অপমানজনক মনে হয়। মূলত তার দেওয়া গহনার চেয়ে বরপক্ষের দেওয়া গহনাই যে বেশি খাদযুক্ত, সেটি বোঝানোর জন্যই শম্ভুনাথ এয়ারিং পরীক্ষার জন্য প্রশ্নোক্ত কথাটি বলেন।

৪. **‘বাহিরে তো সে ধরা দিলই না, তাহাকে মনেও আনিতে পারিলাম না।’ – ব্যাখ্যা করো।**

**উত্তর:** বিয়ে ভেঙে যাওয়ার কারণে অনুপম কল্যাণীকে কখনো না দেখতে পাওয়ার কারণে নিজের কল্পনাতেও কল্যাণীর না থাকার প্রসঙ্গে প্রশ্নোক্ত কথাটি বলেছে।

‘অপরিচিতা’ গল্পে অনুপমের মামার যৌতুকলোভী মানসিকতার কারণে বিয়ের আসর থেকে বিয়ে না করেই অনুপমকে ফিরে আসতে হয়েছে। ফলে অনুপমের কাছে কল্যাণী অচেনাই থেকে যায়। এমনকি কল্যাণীকে কখনো না দেখায় তার অবয়ব অনুপমের স্মৃতিতেও নেই। বিনুদার বর্ণনা শুনে কনে পছন্দ করায় অনুপম কখনো কল্যাণীকে দেখেনি। এমনকি কল্যাণীর কোনো ছবিও অনুপম দেখেনি। ফলে কল্যাণী দেখতে কেমন যে কল্পনাও করতে পারে না অনুপম। আর এ প্রসঙ্গেই প্রশ্নোক্ত কথাটি বলা হয়েছে।

৫. **‘মামা বিবাহ-বাড়িতে ঢুকিয়া খুশি হইলেন না।’ – কেন?**

**উত্তর:** বিয়েবাড়ির উঠানে বরযাত্রীদের জায়গা সংকুলান না হওয়ায় এবং সমস্ত আয়োজন নিতান্ত মধ্যম রকমের হওয়ায় মামা সেখানে ঢুকে খুশি হলেন না।

শম্ভুনাথ সেনের এককালে প্রচুর ধন-সম্পদ থাকলেও বর্তমানে তেমন কিছুই নেই। তাই শম্ভুনাথ সেনের আয়োজনে তেমন বাড়াবাড়ি ছিল না। আর বিয়েবাড়ির উঠানে বরযাত্রীদের জায়গারও সংকুলান হচ্ছিল না। এসব কারণে মামা বিয়েবাড়িতে ঢুকে খুশি হলেন না।

৬. **“ফল্গুর বালির মতো তিনি আমাদের সমস্ত সংসারটা নিজের অন্তরের মধ্যে শুষিয়া লইয়াছেন।”– উক্তিটি ব্যাখ্যা করো।**

**উত্তর:** অনুপমদের পরিবারে ব্যাপক প্রভাব বিস্তারের কারণে অনুপমের মামাকে উদ্দেশ্য করে কথাটি বলা হয়েছে।

‘অপরিচিতা’ গল্পে অনুপমের আসল অভিভাবক তার মামা। অনুপমের জীবনের সকল সিদ্ধান্ত গ্রহণে এই মামার ভূমিকাই প্রধান। তিনি অনুপমের চেয়ে মাত্র ছয় বছরের বড়ো। অথচ সংসারে তাঁর মতামত সবচেয়ে গুরুত্বপূর্ণ। ফল্গু একটি নদীর নাম। যার ওপরের অংশে বালির আস্তরণ কিন্তু ভেতরে জলস্রোত প্রবাহিত। অনুপমের মামার সর্বেসর্বা হয়ে সমস্ত দায়দায়িত্ব পালনের বিষয়টিকে এ নদীর সাথে তুলনা করা হয়েছে। অনুপমের মামা যেন ফল্গু নদীর বালির মতো তাদের সংসারটাকে নিজের অন্তরের মধ্যে শুষে নিয়েছেন। আর এ বিষয়টি বোঝাতেই প্রশ্নোক্ত কথাটি বলা হয়েছে।

৭. **“এটা আপনাদের জিনিস, আপনাদের কাছেই থাক”। -এরূপ মন্তব্যের কারণ কী?**

**উত্তর:** বরপক্ষের হীন মানসিকতার কারণে কৌশলী এবং অপমানসূচক প্রশ্নোক্ত মন্তব্যটি করেছিলেন কল্যাণীর বাবা শম্ভুনাথ সেন।

বিয়ের আসরে কন্যা সম্প্রদানের কাজ স্থগিত রেখে বরের মামা সেকরা দিয়ে কন্যার বাবার দেওয়া গহনা যাচাই করার মতো হীন কাজ করেন। সেকরা দ্বিধাহীনভাবে জানায় কনের সমস্ত গহনাই খাঁটি। শুধু একজোড়া এয়ারিং খাদপূর্ণ এবং বিলাতি। সেটি আশীর্বাদের সময় বরের মামা কন্যাকে দিয়েছিলেন। এ কারণে কৌশলে বরপক্ষকে অপমান করতে কনের বাবা সেটি বরের মামাকে ফেরত দেন এবং প্রশ্নোক্ত মন্তব্যটি করেন।

৮. **“ঠাট্টা তো আপনিই করিয়া সারিয়াছেন” উক্তিটির ব্যাখ্যা করো।**

**উত্তর:** প্রশ্নোক্ত উক্তিটি শম্ভুনাথ সেন অনুপমের মামাকে উদ্দেশ্য করে বলেছিল।

মামা কনের গহনা যাচাই করে দেখতে চাওয়ায় শম্ভুনাথ সেন খুব কষ্ট পান এবং তাঁর আত্মসম্মানে আঘাত লাগে। আর অনুপম এ ব্যাপারে নিশ্চুপ থাকায় তিনি সিদ্ধান্ত নেন মেয়েকে এ বাড়িতে বিয়ে দেবেন না। তাই তিনি মামাকে গহনা যাচাই করে দেখান, বিয়েতে আমন্ত্রিতদের খাবার খাওয়ান তারপর বলেন যে, সম্পর্কটা স্থায়ী করার ইচ্ছা তাঁর নেই। এ কথা শুনে অনুপমের মামা ভাবেন শম্ভুনাথ ঠাট্টা করছেন। কিন্তু শম্ভুনাথ নিজের সিদ্ধান্তে অটল থেকে বলেন, ঠাট্টা তিনি নয়, অনুপমের মামা করেছেন। কারণ, মেয়ের গহনা বাবা চুরি করতে পারে এই ধরনের হীন চিন্তাকেই ঠাট্টাই বলা যায়, তার বিয়ে না দেওয়ার সিদ্ধান্তকে নয়।

## বহুনির্বাচনি অভীক্ষা

**১. রবীন্দ্রনাথ ঠাকুর কত খ্রিষ্টাব্দে জন্মগ্রহণ করেন? [চ. বো. ১৯]**

(ক) ১৮৩৮ (খ) ১৮৪১
(গ) ১৮৬১ (ঘ) ১৮৯৯

উত্তর: গ

**২. রবীন্দ্রনাথ ঠাকুর কত খ্রিষ্টাব্দে মৃত্যুবরণ করেন? [সি. বো. ১৯]**

(ক) ১৮৯১ (খ) ১৮৯৪
(গ) ১৯৪১ (ঘ) ১৯৪৬

উত্তর: গ

**৩. কে অনুপমকে শিমুল ফুলের সঙ্গে তুলনা করতেন? [দি. বো. ২২]**

(ক) মামা (খ) বিনুদাদা
(গ) পণ্ডিতমশাই (ঘ) হরিশ

উত্তর: গ

**৪. অনুপমের বাবার প্রথম অবকাশ ছিল কোনটি? [ম. বো. ২৩]**

(ক) তীর্থযাত্রা (খ) চাকুরি থেকে অবসর
(গ) মৃত্যু (ঘ) সংহিতা পাঠ

উত্তর: গ

**৫. পরিবারে অনুপমের আসল অভিভাবক কে? [ঢা বো. ২৩]**

(ক) মা (খ) বাবা
(গ) মামা (ঘ) বিনুদা

উত্তর: গ

**৬. 'অপরিচিতা' গল্পে উল্লিখিত 'ফল্গু' নদীর বৈশিষ্ট্য কী? [সি. বো. ২৩]**

(ক) অন্তঃসলিলা (খ) খরস্রোতা
(গ) জোয়ার-ভাটাহীন (ঘ) দ্বীপবেষ্টিত

উত্তর: ক

**৭. 'অপরিচিতা' গল্পে আসর জমাতে অদ্বিতীয় কে? [দি. বো. ২৩; রা. বো. ১৯; চ. বো, ১৭]**

(ক) অনুপম (খ) কল্যাণী
(গ) হরিশ (ঘ) বিনুদাদা

উত্তর: গ

**৮. 'অপরিচিতা' গল্পে গল্প বলায় পটু কে? [রা. বো. ২২]**

(ক) অনুপম (খ) মামা
(গ) বিনুদাদা (ঘ) হরিশ

উত্তর: ঘ

**৯. কলিকাতার বাহিরে বাকি যে পৃথিবীটা আছে সমস্তটাকেই মামা আন্ডামান দ্বীপের অন্তর্গত বলিয়া জানেন।'— 'অপরিচিতা' গল্পের এ উক্তিতে মামার চরিত্রের যে বৈশিষ্ট্য ফুটে উঠেছে তা হলো – [দি. বো. ১৯]**

(ক) ধর্মনিষ্ঠা (খ) দেশপ্রেম
(গ) কুসংস্কার (ঘ) কূপমণ্ডুকতা

উত্তর: ঘ

**১০. অনুপমের মামার সঙ্গে করে সেকরা নিয়ে যাওয়ার কারণ– [দি. বো. ২২]**

(ক) মায়ের অনুরোধে (খ) লোকবল বৃদ্ধি
(গ) বন্ধুত্বের খাতিরে (ঘ) বিশ্বাসের অভাবে

উত্তর: ঘ

**১১. 'অপরিচিতা' গল্পে কথকের নাম কী? [ব. বো. ২২]**

(ক) অনুপম (খ) কল্যাণী
(গ) শম্ভুনাথ (ঘ) হরিশ

উত্তর: ক

**১২. 'অপরিচিতা' গল্পে বিয়ের অনুষ্ঠানে কন্যার গহনা মাপার মধ্য দিয়ে মামার কোন মনোভাব প্রকাশ পেয়েছে? [য. বো. ২২]**

(ক) কপটতা (খ) অবিশ্বাস
(গ) অপমান (ঘ) হীনমন্যতা
উত্তর: ঘ

১৩. শ্বশুরের সামনে অনুপমের মাথা হেঁট করে রাখার কারণ কী? [কু. বো. ১৯]
(ক) শ্বশুরের ব্যবহারে
(খ) লজ্জায়
(গ) বিয়ের আয়োজন দেখে
(ঘ) মামার গহনা পরীক্ষার কারণে
উত্তর: ঘ

১৪. "তবে চলুন আপনাদের গাড়ি বলিয়া দিই"— উক্তিটিতে প্রকাশ পেয়েছে শম্ভুনাথ বাবুর – [ম. বো. ২২]
(ক) ভদ্রতা (খ) দায়িত্ব
(গ) প্রত্যাখ্যান (ঘ) প্রতিরোধ
উত্তর: গ

১৫. 'ঠাট্টার সম্পর্কটাকে স্থায়ী করিবার ইচ্ছা আমার নাই'— এই উক্তিটিতে কী প্রকাশ পেয়েছে? [চ. বো. ২২]
(ক) দুর্বলতা (খ) বদান্যতা
(গ) বলিষ্ঠতা (ঘ) হীনম্মন্যতা
উত্তর: গ

১৬. 'আমার কন্যার গহনা আমি চুরি করিব এ কথা যারা মনে করে তাদের হাতে আমি কন্যা দিতে পারি না।'— উক্তিটিতে প্রকাশ পেয়েছে শম্ভুনাথ বাবুর— [ঢা. বো. ১৬]
(ক) ক্ষোভ (খ) অভিমান
(গ) একগুঁয়েমি (ঘ) আত্মমর্যাদাবোধ
উত্তর: ঘ

১৭. কল্যাণীকে বিয়ে না দেওয়ার কারণ কী? [ম. বো. ২২]
(ক) অভিমান (খ) আত্মসম্মানবোধ
(গ) অহংকার (ঘ) রাগ
উত্তর: খ

১৮. 'অপরিচিতা' গল্পে কল্যাণী বিয়েতে কোন রঙের শাড়ি পরেছে বলে অনুপম কল্পনা করে? [কু. বো. ২২]
(ক) হলুদ (খ) বেগুনি
(গ) নীল (ঘ) লাল
উত্তর: ঘ

১৯. "সে নিজের চারদিকের সকলের চেয়ে অধিক— রজনী-গন্ধার শুভ্র মঞ্জুরীর মতো সরল বৃন্তটির উপরে দাঁড়াইয়া, যে গাছে ফুটিয়াছে সে গাছকে সে একেবারে অতিক্রম করিয়া উঠিয়াছে" – কে? [ঢা. বো. ২২]
(ক) বিলাসী (খ) আহ্লাদি
(গ) জমিলা (ঘ) কল্যাণী
উত্তর: ঘ

২০. 'অপরিচিতা' গল্পে রেলকর্মচারী কতটি টিকিট বেঞ্চে ঝুলিয়েছিল? [য. বো. ২২]
(ক) একটি (খ) দুইটি
(গ) তিনটি (ঘ) চারটি
উত্তর: খ

২১. "যে গাছে সে ফুটিয়াছে সে গাছকে সে একেবারে অতিক্রম করিয়া উঠিয়াছে।'— এই বর্ণনায় কল্যাণীর কোন বিশেষ দিকের কথা বলা হয়েছে? [রা. বো. ২২]
(ক) সাজসজ্জা (খ) মার্জিত সুরুচি
(গ) সৌন্দর্য (ঘ) উদাসীনতা
উত্তর: গ

২২. 'অপরিচিতা' গল্পে কল্যাণীর বিয়ে না করার সিদ্ধান্তের কারণ কী ছিল? [চ. বো. ২২]
(ক) লোকলজ্জা (খ) পিতৃ আদেশ
(গ) আত্মমর্যাদা (ঘ) অপবাদ
উত্তর: গ

২৩. 'অপরিচিতা' গল্পে শম্ভুনাথ চরিত্রের জন্য প্রযোজ্য— [কু. বো. ১৬]
i. চুলকাঁচা, গোঁফপাকা, সুপুরুষ
ii. চুপচাপ, চুলকাঁচা, ভাষা আঁট
iii. সুপুরুষ, চুপচাপ, চুলপাকা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii
উত্তর: ক

২৪. "থাকিবার মধ্যে ভিতরে আছেন মা এবং বাইরে আছেন মামা।"— অনুপমের এ উক্তিটিতে প্রকাশ পেয়েছে তার—[সি. বো. ২৩]
i. অপারগতা
ii. পরনির্ভরতা
iii. ব্যক্তিত্বহীনতা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii
উত্তর: খ

২৫. 'আমার মতো অক্ষম দুনিয়ায় নাই।' - অনুপমের এই উক্তির মধ্য দিয়ে কী প্রকাশ পেয়েছে? [কু. বো. ২২]
i. অনুশোচনা
ii. অসহায়ত্ব
iii. ক্ষোভ
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii
উত্তর: গ

নিচের উদ্দীপকটি পড়ে এবং ২৬ ও ২৭ নম্বর প্রশ্নের উত্তর দাও:

“যৌতুক একটি সামাজিক ব্যাধি। এর মূল উৎপাটন করতে তরুণদের এগিয়ে আসতে হবে। পাশাপাশি নারীশিক্ষার ব্যাপক উন্নতি ঘটাতে হবে।” **[কু. বো. ২৩]**

**২৬. উদ্দীপকের 'তরুণদের এগিয়ে আসতে হবে' বাক্যটি 'অপরিচিতা' গল্পের ক্ষেত্রে কোন চরিত্রের জন্য উপদেশমূলক?**

(ক) শম্ভুনাথ (খ) হরিশ
(গ) অনুপম (ঘ) মামা

**উত্তর:** গ

**২৭. উদ্দীপকের সামাজিক ব্যাধি 'অপরিচিতা' গল্পের কোন চরিত্রের মাধ্যমে ফুটে উঠেছে?**

(ক) শম্ভুনাথ (খ) হরিশ
(গ) মামা (ঘ) বিনু

**উত্তর:** গ

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ২৮ ও ২৯ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

শাকিল সাহেব শিক্ষিত মানুষ। তার আত্মসম্মানবোধ প্রখর। মেয়ে শিরিনের বিয়েতে নিজের অনিচ্ছাসত্ত্বেও সাধ্যানুসারে বরপক্ষের যৌতুকের দাবি পূরণ করতে রাজি হন। কিন্তু উচ্চ শিক্ষিত শিরিন যৌতুকে অসম্মতি জানিয়ে এ বিয়ে প্রত্যাখ্যান করে।**[সি. বো. ২২]**

**২৮. উদ্দীপকের শাকিল সাহেব 'অপরিচিতা' গল্পের কার সাথে তুলনীয়?**

(ক) অনুপমের মামা (খ) অনুপমের মা
(গ) শম্ভুনাথ বাবু (ঘ) হরিশ

**উত্তর:** গ

**২৯. শিরিনের সাথে কল্যাণীর মিল কোথায়?**

i. উভয়ই শিক্ষিত
ii. ব্যক্তিত্বসম্পন্ন
iii. বাবার আজ্ঞাবাহী

**নিচের কোনটি সঠিক?**

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**উত্তর:** ক

**নিচের উদ্দীপকটি পড়ে ৩০ ও ৩১ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

সাথী সুশিক্ষিত ও আত্মনির্ভরশীল নারী। বিয়ের পর শ্বশুর ও শাশুড়ির চাপে চাকরি ছাড়তে বাধ্য হয়। শ্বশুর-শাশুড়ির ধারণা চাকরিজীবী বউ অহংকারী হয়। তারা সংসারের প্রতি দায়িত্বশীল নয়।**[য. বো. ১৯]**

**৩০. 'অপরিচিতা' গল্পের সঙ্গে উদ্দীপকের সাথীর বৈসাদৃশ্য কোথায়?**

(ক) নারীর প্রতি বৈষম্যে (খ) আপসহীনতায়
(গ) আপসকামিতায় (ঘ) স্বার্থসিদ্ধিতে

**উত্তর:** গ

**৩১. উদ্দীপকের শ্বশুর-শাশুড়ির মানসিকতার সঙ্গে 'অপরিচিতা' গল্পের কোন উক্তিটির মিল রয়েছে?**

(ক) আমাদের ঘরে যে মেয়ে আসিবে সে মাথা হেঁট করিয়াই আসিবে
(খ) বেহাই সম্প্রদায়ের আর যাই থাক তেজ থাকাটা দোষের
(গ) অপর পক্ষকে যে নাকাল হইতে হইবে, সেই কথা স্মরণ করিয়া মামার সঙ্গে মা একযোগে বিস্তর হাসিলেন
(ঘ) ঠাট্টার সম্পর্ককে স্থায়ী করিবার ইচ্ছা আমার নেই

**উত্তর:** ক

**নিচের উদ্দীপকটি পড়ে ৩২ ও ৩৩ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

আদিব ও শাফিক দুই বন্ধু। আদিব অহংকারী, নির্জীব, পৌরুষশূন্য। অন্যদিকে শাফিক উচ্ছল, রসিক। শাফিক যেকোনো পরিবেশে দ্রুত নিজেকে মানিয়ে নেয়। সে হয়ে ওঠে আলোচনার মধ্যমণি। **[সকল বোর্ড-২০১৮]**

**৩২. উদ্দীপকের শাফিক 'অপরিচিতা' গল্পের কোন চরিত্রের প্রতিনিধি?**

(ক) অনুপম (খ) হরিশ
(গ) বিনু (ঘ) শম্ভুনাথ

**উত্তর:** খ

**৩৩. কোন কারণে উদ্দীপকের আদিব ও 'অপরিচিতা' গল্পে অনুপম সাদৃশ্যপূর্ণ?**

i. অহমিকায়
ii. নিস্পৃহতায়
iii. মেরুদণ্ডহীনতায়

**নিচের কোনটি সঠিক?**

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**উত্তর:** গ

**নিচের উদ্দীপকটি পড়ে ৩৪ ও ৩৫ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

রামসুন্দর বাবু বনেদি ঘর পেয়ে মেয়ে বিয়ে দিতে উদ্যত হন। এ ক্ষেত্রে তিনি বরপক্ষ থেকে দাবিকৃত দেনা-পাওনা চুকিয়ে দিয়ে মহাসাড়ম্বরে মেয়ের বিয়ে সম্পন্ন করেন। **[দি. বো. ১৭]**

**৩৪. উদ্দীপকের রামসুন্দর বাবুর সঙ্গে 'অপরিচিতা' গল্পের কোন চরিত্রের – বৈসাদৃশ্য রয়েছে?**

(ক) হরিশ (খ) শম্ভুনাথ
(গ) বিনু (ঘ) মামা

**উত্তর:** খ

**৩৫. উদ্দীপকে ও 'অপরিচিতা' গল্পে ফুটে উঠেছে—**

i. কুসংস্কার
ii. যৌতুকপ্রথা
iii. প্রতিবাদী চেতনা

**নিচের কোনটি সঠিক?**

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**উত্তর:** খ

নিচের উদ্দীপকটি পড় এবং ৩৬ ও ৩৭ নম্বর প্রশ্নের উত্তর দাও:

যৌতুকের বিষয়টি মীমাংসা না হওয়ায় বিয়ে ভেঙে যাওয়ার উপক্রম হলে পলাশ তার বাবাকে ডেকে বলল, 'বিয়ে করতে এসেছি, বউ নিয়েই বাড়ি যাব। দেনা-পাওনার ধার আমি ধারি না।' [দি. বো. ২৩]

৩৬. উদ্দীপকের পলাশের সাথে 'অপরিচিতা' গল্পের কোন চরিত্রের বৈপরীত্য রয়েছে?

(ক) হরিশ (খ) বিনু দাদা
(গ) মামা (ঘ) অনুপম

উত্তর: ঘ

৩৭. উদ্দীপকে বর্ণিত কোন কোন বিষয় 'অপরিচিতা' গল্পে অনুপস্থিত?

i. প্রতিবাদ
ii. ব্যক্তিত্ব
iii. অবাধ্যতা

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

উত্তর: ঘ

নিচের উদ্দীপকটি পড়ে ৩৮ ও ৩৯ নম্বর প্রশ্নের উত্তর দাও:

বাবার মোটা টাকার যৌতুকের দাবির কারণে সবুজের বিয়ে ভেঙে যেতে বসল। পিতার অনুগত সন্তান হওয়া সত্ত্বেও সবুজ শেষ পর্যন্ত বিনা যৌতুকে রথীকে বিয়ে করে আনল। [ঢা. বো. ১৭]

৩৮. উদ্দীপকের সবুজের বাবার আচরণ 'অপরিচিতা' গল্পের কোন চরিত্রকে স্মরণ করায়?

(ক) মা (খ) মামা
(গ) শম্ভুনাথ (ঘ) উকিল

উত্তর: খ

৩৯. উদ্দীপকের সবুজের কোন বৈশিষ্ট্য 'অপরিচিতা' গল্পের অনুপমের চরিত্রে থাকলে তার বিয়ে ভাঙত না?

(ক) দৃঢ়তা (খ) বলিষ্ঠতা
(গ) সাহসিকতা (ঘ) ব্যক্তিত্ববোধ

উত্তর: ঘ

নিচের উদ্দীপকটি পড়ে ৪০ ও ৪১ নম্বর প্রশ্নের উত্তর দাও:

শাওনের বিয়ে চূড়ান্ত হয় অনন্যার সাথে। যৌতুকের দাবি পূরণ না হওয়ায় মোতালেব সাহেব ছেলের বিয়ে ভেঙে দিতে চান। বাবার অন্যায় আবদার শাওন মানতে নারাজ। সে যুক্তি দিয়ে বাবাকে বুঝিয়ে যৌতুক না নিয়েই অনন্যাকে বিয়ে করে।[ব. বো. ১৯]

৪০. মোতালেব সাহেব 'অপরিচিতা' গল্পের কোন চরিত্রের ইঙ্গিতবহ?

(ক) হরিশ (খ) বিনুদা
(গ) মামা (ঘ) শম্ভুনাথ

উত্তর: গ

৪১. শাওনের কোন কোন বৈশিষ্ট্য অনুপমের মধ্যে থাকলে অনুপমের বিয়েটা টিকে যেত?

i. সাহসিকতা
ii. ব্যক্তিত্ব
iii. গভীর ভালোবাসা

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

উত্তর: ক

নিচের উদ্দীপকটি পড়ে ৪২ ও ৪৩ নম্বর প্রশ্নের উত্তর দাও:

'ঘরেতে এলো না সে তো
মনে তার নিত্য আসা যাওয়া
পরনে ঢাকাই শাড়ি, কপালে সিঁদুর।' [য. বো. ২৩]

৪২. উদ্দীপকের চরিত্রটি 'অপরিচিতা' গল্পের কাকে প্রতিনিধিত্ব করে?

(ক) হরিশ (খ) শম্ভুনাথ
(গ) অনুপম (ঘ) বিনু

উত্তর: গ

৪৩. উদ্দীপকে 'অপরিচিতা' গল্পের যে দিকটি প্রকাশিত হয়েছে—

(ক) অপ্রাপ্তির বেদনা (খ) মানবিক বিপর্যয়
(গ) সামাজিক বৈষম্য (ঘ) বিরহকাতরতা

উত্তর: ক

নিচের উদ্দীপকটি পড়ে ৪৪ ও ৪৫ নম্বর প্রশ্নের উত্তর দাও:

একদল শ্রমজীবী নারী-পুরুষ লঞ্চে করে গ্রামে যাচ্ছিল ঈদের ছুটিতে। বিত্তবান মোহিত সাহেব স্ত্রী-সন্তান এবং আত্মীয়-পরিজন নিয়ে লঞ্চে উঠলে লঞ্চকর্মীরা শ্রমজীবীদের সিটগুলো ছেড়ে দিতে বলে। অনেকেই ছেড়ে দিলেও প্রতিবাদ - জানিয়ে নিজের সিটে দৃঢ়ভাবে বসে থাকে গৃহকর্মী হালিমা। [কু. বো. ১৭]

৪৪. উদ্দীপকের হালিমা 'অপরিচিতা' গল্পের কাকে প্রতিনিধিত্ব করে?

(ক) উকিল (খ) কল্যাণী
(গ) অনুপম (ঘ) শম্ভুনাথ

উত্তর: খ

৪৫. উদ্দীপকে উঠে আসা 'অপরিচিতা' গল্পের প্রসঙ্গ হলো—

i. প্রতিবাদii. শ্রেণিবৈষম্য iii. ধর্মীয় উৎসব যাত্রা

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

উত্তর: ক

নিচের উদ্দীপকটি পড়ে ৪৬ ও ৪৭ নম্বর প্রশ্নের উত্তর দাও :

জ্বালিয়ে রেখেছি মনে প্রদীপ
আমার ভুলে ভরা বাগানে
তোমার ছোঁয়ায় ফুটুক ফুল,
সান্ত্বনার আঙুলে দেখ পরগাছা আমারে। [ব. বো. ২৩]

৪৬. উদ্দীপকে অনুপম চরিত্রের কোনটি রয়েছে?

(ক) সৌন্দর্যপ্রীতি (খ) দোলাচলতা
(গ) ভালোবাসা (ঘ) বিরহ-বেদনা
উত্তর: ঘ

**৪৭. উদ্দীপকে 'অপরিচিতা' গল্পের ন্যায় প্রকাশিত হয়েছে—**
i. অনুশোচনা
ii. অহমিকা
iii. অনুনয়
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii
উত্তর: খ

**৪৮. "এ জীবনটা না দৈর্ঘ্যের হিসাবে বড়ো, না গুণের হিসাবে।" – কথাটি দ্বারা কী বোঝানো হয়েছে? [ম. বো. ২৩]**
(ক) জীবনটা তুচ্ছ (খ) জীবনটা অসাধারণ
(গ) স্বল্প অভিজ্ঞতা (ঘ) স্বল্প চাহিদা
উত্তর: ক

**৪৯. গজানন-এর সঠিক ব্যাসবাক্য কোনটি? [দি. বো. ১৬]**
(ক) গজ ও আনন (খ) গজের আনন
(গ) গজ আনন যার (ঘ) যে গজ সে আনন
উত্তর: গ

**৫০. 'অপরিচিতা' গল্পের শীর্ষ-মুহূর্ত (গ্রন্থিবন্ধন) কোনটি? [ঢা বো. ২২]**
(ক) শম্ভুনাথ সেনের কন্যা সম্প্রদানে অসম্মতির ক্ষণ
(খ) ট্রেনে কল্যাণীর সাক্ষাৎলাভ মুহূর্ত
(গ) সেকরা কর্তৃক গহনা পরীক্ষার মুহূর্ত
(ঘ) গায়েহলুদ মুহূর্ত
উত্তর: ক

# বিলাসী

## জ্ঞানমূলক প্রশ্ন

**১. মৃত্যুঞ্জয়ের কত বিঘার বাগান ছিল?**
উত্তর: মৃত্যুঞ্জয়ের কুড়ি-পঁচিশ বিঘার বাগান ছিল।

**২. এডেন কীসের জন্য বিখ্যাত?**
উত্তর: এডেন বন্দর সামুদ্রিক লবণ তৈরির জন্য বিখ্যাত।

**৩. 'বিলাসী' গল্পটি প্রথম কোন পত্রিকায় প্রকাশিত হয়?**
উত্তর: 'বিলাসী' গল্পটি প্রথম 'ভারতী' পত্রিকায় প্রকাশিত হয়।

**৪. মৃত্যুঞ্জয় কোন ক্লাসে পড়ত?**
উত্তর: মৃত্যুঞ্জয় থার্ড ক্লাসে পড়ত।

**৫. ন্যাড়ার মাদুলি-কবচ কবরে দেওয়ার পরে তার কাছে আর কী অবশিষ্ট রইল?**
উত্তর: ন্যাড়ার মাদুলি-কবচ কবরে দেওয়ার পরে তার কাছে আর অবশিষ্ট রইল বিষহরির আজ্ঞা।

**৬. 'বিলাসী' গল্পের গল্প কথকের নাম কী?**
উত্তর: 'বিলাসী' গল্পের গল্প কথকের নাম ন্যাড়া।

**৭. 'বিলাসী' গল্পে কোন মোগল সম্রাটের নাম উল্লেখ আছে?**
উত্তর: 'বিলাসী' গল্পে মোগল সম্রাট হুমায়ুনের নাম উল্লেখ আছে।

**৮. ন্যাড়ার সন্ন্যাসীগিরি ইস্তফার কারণ কী?**
উত্তর: মশার কামড় সহ্য করতে না পেরে ন্যাড়া সন্ন্যাসীগিরিতে ইস্তফা দেন।

**৯. 'ফোর্থ ক্লাস' বলতে কোন ক্লাসকে বোঝানো হয়েছে?**
উত্তর: ফোর্থ ক্লাস বলতে এখনকার সপ্তম শ্রেণিকে বোঝানো হয়েছে।

**১০. মৃত্যুঞ্জয়ের শ্বশুর মৃত্যুঞ্জয়কে কী নাম দিয়েছিল?**
উত্তর: মৃত্যুঞ্জয়ের শ্বশুর মৃত্যুঞ্জয়কে মন্ত্রৌষধি নাম দিয়েছিল।

## অনুধাবনমূলক প্রশ্ন

১. **মৃত্যুঞ্জয়ের জাত-বিসর্জনের কারণ ব্যাখ্যা করো।**

**উত্তর:** স্বার্থান্বেষী খুড়ার চক্রান্ত ও তৎকালীন বর্ণবিভক্ত সমাজের অনৈতিক অনুশাসনের জাঁতাকলে পিষ্ট হয়ে মৃত্যুঞ্জয় জাত বিসর্জন দিতে বাধ্য হয়।

বিলাসীর আন্তরিকতায় মুগ্ধ হয়ে মৃত্যুঞ্জয় তাকে বিয়ে করে। উচ্চবর্ণের হয়ে নিম্নবর্ণের বিলাসীকে বিয়ের বিষয়টি তৎকালীন বর্ণবিভক্ত সমাজ ভালোভাবে নেয়নি। এমতাবস্থায় সম্পদলোভী মৃত্যুঞ্জয়ের খুড়াও বিষয়টিকে সুযোগ হিসেবে ব্যবহার করে। এরই অংশ হিসেবে বিলাসীর হাতে মৃত্যুঞ্জয়ের অন্নগ্রহণের অজুহাতে গ্রামের মানুষ বিলাসীকে টেনে- হিঁচড়ে গ্রামের বাইরে বের করে দেয়। এ ধরনের অন্যায়, অত্যাচার ও অমানবিক আচরণের শিকার হয়ে শেষাবধি মৃত্যুঞ্জয় জাত বিসর্জন দিয়ে মালো সমাজের অন্তর্ভুক্ত হয়ে সাপুড়ে হয়ে ওঠে।

২. **"ঠিক যেন ফুলদানিতে জল দিয়া ভিজাইয়া রাখা বাসি ফুলের মতো।" বলতে কী বোঝানো হয়েছে?**

**উত্তর:** উদ্ধৃত উক্তিটির মাধ্যমে অসুস্থ মৃত্যুঞ্জয়ের সেবারত বিলাসীর অবস্থা বোঝানো হয়েছে।

'বিলাসী' গল্পের নায়ক মৃত্যুঞ্জয় অসুস্থ হয়ে পড়লে বিলাসী রাতের পর রাত জেগে তার সেবা-শুশ্রূষা করে। এই নিরবচ্ছিন্ন পরিশ্রমে বিলাসী শারীরিকভাবে দুর্বল হয়ে পড়ে। তার সারা শরীরে একটা অপরিসীম ক্লান্তি ও নিরবচ্ছিন্ন রাত জাগার ছাপ পড়ে যায়। তার এ সজীবতাহীন ও অবসন্ন শরীরকে গল্পের কথক তুলে ধরেছেন উক্তিটির মাধ্যমে।

৩. **'বিলাসী' গল্পে বর্ণিত মৃত্যুঞ্জয়ের বাড়ির পরিবেশ কেমন ছিল?**

**উত্তর:** গ্রামের এক প্রান্তে আম-কাঁঠালের প্রকাণ্ড একটা বাগানের মধ্যে মৃত্যুঞ্জয়ের বাড়ি।

তার পোড়োবাড়ির চারদিকে কোনো প্রাচীর ছিল না। যেকোনো দিক থেকেই তার ঘরের কাছে যাওয়া যেত। বাড়ির চারপাশে কুড়ি পঁচিশ বিঘার আম বাগান ঘন জঙ্গলের আকার ধারণ করেছিল। ফলে সেই বাগানের ভেতর দিয়ে রাতের বেলা হাঁটার সময় পথ দূরে থাকুক, নিজের হাতও দেখা যায় না। তবে বাইরের অবস্থা যেমনই থাকুক মৃত্যুঞ্জয়ের ঘরে জ্বলে উজ্জ্বল প্রদীপ আর অসুস্থ মৃত্যুঞ্জয় শুয়ে থাকে ধবধবে পরিষ্কার বিছানায়।

৪. **'একদিন এই মন্ত্রের সত্য-মিথ্যার চরম মীমাংসা হইয়া গেল। - উক্তিটি বুঝিয়ে লেখো।**

**উত্তর:** সাপের কামড়ে মৃত্যুঞ্জয়ের মৃত্যুর মাধ্যমে সাপ ধরার মন্ত্রের সত্য- মিথ্যার মীমাংসা হয়ে গেল।

সাপ ধরার একটি মন্ত্র রয়েছে যেটিকে বিষহরির আজ্ঞা বলা হয়। সেই মন্ত্র বলে সাপকে পোষ মানানো যায়, সাপকে যা বলা যায় সাপ তাই করতে বাধ্য হয়। কিন্তু এটি ছিল নিছক অন্ধবিশ্বাস। গোয়ালার বাড়িতে সাপ ধরতে গিয়ে সাপের কামড়ে মৃত্যুঞ্জয়ের মৃত্যুর মধ্য দিয়েই বিষহরির আজ্ঞা যে নেহায়েত একটি কুসংস্কার, সেটিই প্রমাণিত হয়।

৫. **'স্বদেশের মঙ্গলের জন্য সমস্ত অকাতরে সহ্য করিয়া তাহাকে হিড়হিড় করিয়া টানিয়া লইয়া চলিলাম।'- ব্যাখ্যা করো।**

**উত্তর:** প্রশ্নোক্ত উক্তিটি বিলাসীকে গ্রামের বাইরে রেখে আসার ঘটনায় ব্যঙ্গার্থে করা হয়েছে।

অন্নপাপের অজুহাতে গ্রামের লোকেরা বিলাসীকে অকথ্য নির্যাতন করে গ্রামের বাইরে রেখে আসার জন্য টেনেহিঁচড়ে নিয়ে যাচ্ছিল। অসুস্থ মৃত্যুঞ্জয়ের জন্য তৈরি করা রুটিগুলো ঘরে দিয়ে আসার কথা বললেও তার আকুতিতে কারো মন গলেনি। মৃত্যুঞ্জয়ের মাথা কোটা, দ্বারে পদাঘাত, গালাগালি কাউকে বিন্দুমাত্র বিচলিত করতে পারেনি। কেননা, তাদের মনে হয়েছিল এভাবে বিলাসীকে গ্রামের বাইরে বের করে দিতে পারলেই স্বদেশের মঙ্গল ঘটবে।

৭. **"ওরে বাপরে! আমি একলা থাকতে পারব না।"—উক্তিটি ব্যাখ্যা করো।**

**উত্তর:** উক্তিটির মাধ্যমে ন্যাড়া তার এক আত্মীয়ার দৃষ্টান্ত তুলে ধরে তার মেকি স্বামীপ্রেমের প্রতি ইঙ্গিত করেছে।

'বিলাসী' গল্পে ন্যাড়ার এক আত্মীয় মারা গেলে তার বিধবা স্ত্রী শোকাহত হয়ে স্বামীর সঙ্গে সহমরণের জন্য হাহাকার করতে থাকে। কিন্তু লাশের পাশে তাকে একাকী রেখে ন্যাড়া যখন মৃতের সৎকারের জন্য লোক ডাকতে বাইরে পা বাড়ায়, তখনই সে চিৎকার করে উদ্ধৃত উক্তিটি করে। এ ঘটনা থেকে বোঝা যায়, বহুদিনের সাহচর্য সত্ত্বেও হৃদয়ের গভীর সংযোগ ঘটেনি। এভাবে উক্তিটির মধ্য দিয়ে তার মেকি স্বামীপ্রেমের বহিঃপ্রকাশ ঘটেছে।

৮. **"গ্রামের মধ্যে মৃত্যুঞ্জয়ের ছিল এমনি সুনাম"-ব্যাখ্যা করো।**

**উত্তর:** প্রশ্নোক্ত উক্তিটিতে গ্রামের মধ্যে মৃত্যুঞ্জয়ের নেতিবাচক ভাবমূর্তিকে ব্যঙ্গার্থে 'সুনাম' বলা হয়েছে।

মৃত্যুঞ্জয় সম্পর্কে উদ্ধৃত উক্তিতে 'সুনাম' শব্দটি গল্পকথক ন্যাড়া 'দুর্নাম' অর্থে ব্যবহার করেছে। আত্মীয়-পরিজনহীন মৃত্যুঞ্জয়ের এক জ্ঞাতি খুড়া ছিল। সে তার নামে দুর্নাম রটনা করে বেড়াত। দুর্নাম রটানোর কারণে গ্রামের মধ্যে মৃত্যুঞ্জয়ের এমন একটা নেতিবাচক ভাবমূর্তি গড়ে উঠেছিল যে, গ্রামবাসী তার সঙ্গে প্রকাশ্যে মেলামেশা দূরে থাক, তার সঙ্গে সংশ্রব থাকার কথাটা পর্যন্ত স্বীকার করত না। নিজ গ্রামে মৃত্যুঞ্জয়ের এমন নেতিবাচক ভাবমূর্তি প্রসঙ্গেই গল্পটিতে উদ্ধৃত উক্তিটির অবতারণা করা হয়েছে।

৯. **"একলা যেতে ভয় করবে না তো?"— কে, কাকে এবং কেন এই উক্তিটি করেছিল? বুঝিয়ে লেখো।**

**উত্তর:** আম বাগানের জমাট বাধা অন্ধকারের মধ্য দিয়ে যেতে ভয় করবে কি না তা জানতে চেয়ে বিলাসী ন্যাড়াকে উদ্দেশ্য করে আলোচ্য উক্তিটি করেছে।

দীর্ঘদিন মৃত্যুঞ্জয়ের দেখা না পেয়ে, তার মর মর অবস্থার কথা জানতে পেরে তাকে দেখতে এসেছিল ন্যাড়া। ফেরার সময় পথ এমনকি নিজের হাতও দেখতে না' পাওয়া জমাট অন্ধকারে আম বাগানের ভেতর দিয়ে আসতে যে কারো দারুণ ভয় পাওয়ার কথা। বিলাসী সে বিষয়টি আঁচ করতে পেরে ন্যাড়ার কাছে জানতে চেয়েছে সে একা যেতে ভয় পাবে কি না।

## বহুনির্বাচনি অভীক্ষা

১. **বিলাসী গল্পে বিলাসী কীসের প্রতীক? [ ম. বো. ২৩]**

(ক) প্রেমনিষ্ঠার (খ) বিনয়ের
(গ) সাহসিকতার (ঘ) কুণ্ঠার

**উত্তর:** ক

২. **'বিলাসী' গল্পটি কোন পত্রিকায় প্রকাশিত হয়? [কু. বো. ২৩, সি. বো. ২৩]**

(ক) ধূমকেতু (খ) কল্লোল
(গ) ধুমকেতু (ঘ) ভারতী

**উত্তর:** ঘ

**নিচের উদ্দীপকটি পড় এবং ৩ ও ৪ নম্বর প্রশ্নের উত্তর দাও:**উচ্চবংশীয় শিক্ষিত যুবক নীলাদ্রী ভালোবেসে বিয়ে করে নীচ বংশজাত মেয়ে শোভনাকে। রাশভারী বাবা ভূপেন্দ্রনাথ এ বিয়ে মেনে নেয়নি। বরং নীলাদ্রীকে সম্পত্তি থেকে বঞ্চিত করেছে।**[দি. বো. ২৩]**

৩. **উদ্দীপকের ভূপেন্দ্রনাথের সাথে 'বিলাসী' গল্পের কোন চরিত্রের সাদৃশ্য রয়েছে?**

(ক) ন্যাড়া (খ) মৃত্যুঞ্জয়
(গ) বুড়ো মালো (ঘ) খুড়া

**উত্তর:** ঘ

৪. **উদ্দীপকে এবং 'বিলাসী' গল্পে সামাজিক সমস্যা নিহিত রয়েছে?**

(ক) কুসংস্কার (খ) বর্ণবৈষম্য
(গ) শ্রেণি বৈষম্য (ঘ) স্বার্থপরতা

**উত্তর:** খ

৫. **'বিলাসী' গল্পে কে মৃত্যুঞ্জয়ের চিকিৎসা করে?[দি. বো. ২৩]**

(ক) বিষহরি (খ) জাতি খুড়া
(গ) ন্যাড়া (ঘ) বুড়ো মালো

**উত্তর:** ঘ

৬. **শরৎচন্দ্রের প্রথম মুদ্রিত রচনা কোনটি? [রা. বো. ২২]**

(ক) মন্দির (খ) দেনাপাওনা
(গ) চরিত্রহীন (ঘ) পল্লি-সমাজ

**উত্তর:** ক

৭. **মৃত্যুঞ্জয় কোন ক্লাসে পড়ত? [ব. বো. ২২]**

(ক) ফার্স্ট ক্লাস (খ) সেকেন্ড ক্লাস
(গ) থার্ড ক্লাস (ঘ) ফোর্থ ক্লাস

**উত্তর:** গ

৮. **"গ্রামের মধ্যে মৃত্যুঞ্জয়ের ছিল এমনি সুনাম।" 'সুনাম' কথাটা কোন অর্থে ব্যবহৃত হয়েছে? [রা. বো. ২২]**

(ক) সুনাম (খ) অপমান
(গ) কুখ্যাতি (ঘ) দুর্নাম

**উত্তর:** ঘ

৯. **'যে বস্তুটি এই অসাধ্য সাধন করিয়া তুলিয়াছিল তাহার পরিচয় যদিও সেদিন পাই নাই, কিন্তু আর একদিন পাইয়াছিলাম।'- এখানে 'বস্তুটি বলতে 'বিলাসী' গল্পে কী বোঝানো হয়েছে? [কু. বো. ২২]**

(ক) মানবতা (খ) প্রেম
(গ) লৌকিকতা (ঘ) সম্পদের লোভ

**উত্তর:** খ

**১০. 'মহত্ত্বের কাহিনি আমাদের অনেক আছে।' এখানে 'মহত্ত্ব' কী অর্থে ব্যবহৃত হয়েছে? [ব. বো. ২২]**

(ক) ব্যঙ্গার্থে (খ) প্রশংসাথে
(গ) ক্ষোভার্তে (ঘ) নিন্দার্থে

উত্তর: ক

**১১. 'বিলাসী' গল্পে কাকে গালিগালাজ করে দেশ উদ্ধারের কথা বলা হয়েছে? [কু. বো. ২২]**

(ক) সরকারকে (খ) ব্রাহ্মণকে
(গ) ইংরেজকে (ঘ) ক্ষত্রিয়কে

উত্তর: গ

**১২. "ওপরের আদালতের হুকুম" বলতে কার নির্দেশ বোঝানো হয়েছে?[ম. বো. ২২]**

(ক) স্রষ্টার (খ) হাইকোর্টের
(গ) জজকোর্টের (ঘ) খুড়ার

উত্তর: ক

**১৩. "বাবুরা, আমাকে একটিবার ছেড়ে দাও আমি রুটিগুলো ঘরে দিয়ে আসি।"— বিলাসী এ কথা কেন বলেছিল? [ম. বো. ২২]**

i. শিয়াল কুকুরে খেয়ে যাবে
ii. রোগা মানুষ সমস্ত রাত খেতে পাবে না
iii. মৃত্যুঞ্জয় মরে যাবে

**নিচের কোনটি সঠিক?**

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

উত্তর: ক

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৪ ও ১৫ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

বিশ্ববিদ্যালয়ের মেধাবী ছাত্র শোভন গাঙ্গুলী তার গ্রামের মানুষের কল্যাণের জন্য তৈরি করেছে বিভিন্ন সামাজিক সংগঠন। কিন্তু নিচু জাতের মেয়েকে বিয়ে করেছে বলে এখন সে নিজেই সমাজচ্যুত। [দি বো. ২২]

**১৪. উদ্দীপকের শোভনের মতো 'বিলাসী' গল্পের কোন চরিত্রটি একই পরিস্থিতির শিকার?**

(ক) খুড়া (খ) ন্যাড়া
(গ) বিলাসী (ঘ) মৃত্যুঞ্জয়

উত্তর: ঘ

**১৫. উদ্দীপকে 'বিলাসী' গল্পের কোন সামাজিক দিক লক্ষণীয়?**

(ক) বর্ণপ্রথা (খ) নিষ্ঠুরতা
(গ) ব্রাহ্মণ্যবাদ (ঘ) শ্রেণি বৈষম্য

উত্তর: ক

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৬ ও ১৭ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

শহরে জরুরি কাজে এসেছে প্রীতিময় চাকমা। সকাল থেকে ঘোরাঘুরি করে ক্ষুধার্ত হয়ে খাবার চাইলে হোটেল মালিক বলল, "আদিবাসীদের জন্য দুনম্বর বাসন আমার হোটেলে রাখি না।" **[য. বো. ২২]**

**১৬. প্রীতিময় চাকমার সাথে 'বিলাসী' গল্পের কোন চরিত্রের মিল রয়েছে?**

(ক) মৃত্যুঞ্জয়ের (খ) ন্যাড়ার
(গ) বিলাসীর (ঘ) খুড়ার

উত্তর: গ

**১৭. প্রীতিময় চাকমার প্রতি হোটেল মালিকের মনোভাব 'বিলাসী' গল্পের যে প্রসঙ্গের সাথে সংগতিপূর্ণ, তা হলো—**

i. সংকীর্ণতাii. ব্রাহ্মণ্যবাদ iii. অস্পৃশ্যতা

**নিচের কোনটি সঠিক?**

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

উত্তর: ঘ

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৮ ও ১৯ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

ব্রাহ্মণের শিক্ষিত ছেলে সমীর ভালোবেসে বিয়ে করে গ্রামের জেলে সম্প্রদায়ের শিক্ষিত মেয়ে নীলিমাকে। রাশভারী বাবা উপেন্দ্রনাথ তাতে রাজি না হয়ে সমীরকে সম্পত্তি থেকে বঞ্চিত করে। সমীর ও নীলিমা আত্মনির্ভরশীল হয়ে এখন সুখে আছে। **[সি. বো. ২২]**

**১৮. উদ্দীপকের সমীর চরিত্রের সাথে 'বিলাসী' গল্পের কোন চরিত্রের সাদৃশ্য রয়েছে?**

(ক) ন্যাড়া (খ) খুড়া
(গ) মৃত্যুঞ্জয় (ঘ) ছোটোবাবু

উত্তর: গ

**১৯. উদ্দীপকের উপেন্দ্রনাথ চরিত্রের মধ্যে 'বিলাসী' গল্পের যে সামাজিক সমস্যাটি নিহিত তা হলো-**

(ক) অশিক্ষা (খ) শ্রেণিবৈষম্য
(গ) নিষ্ঠুরতা (ঘ) অসমতা

**উত্তর:** খ

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ২০ ও ২১ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

মরণরে তুঁহু মম শ্যাম সমান। **[ঢা বো. ২২]**

**২০. উদ্দীপকের সঙ্গে সংগতিপূর্ণ চরিত্র কোনটি?**

(ক) মৃত্যুঞ্জয় (খ) বিলাসী
(গ) ন্যাড়া (ঘ) ন্যাড়ার আত্মীয়া

**উত্তর:** খ

**২১. উক্ত চরিত্রের স্বেচ্ছায় মৃত্যুকে আলিঙ্গনের প্রকৃত কারণ কোনটি?**

(ক) ধর্ম (খ) সমাজ
(গ) প্রেম (ঘ) ঘৃণা

**উত্তর:** গ

# আমার পথ

## জ্ঞানমূলক প্রশ্ন

**১. নিজের সত্যকেই নিজের কর্ণধার মনে জানলে নিজের শক্তির ওপর কী আসে?**
**উত্তর:** নিজের সত্যকেই নিজের কর্ণধার মনে জানলে নিজের শক্তির ওপর অটুট বিশ্বাস আসে।

**২. 'আমার পথ' প্রবন্ধটি কোন গ্রন্থ থেকে সংকলিত হয়েছে?**
**উত্তর:** 'আমার পথ' প্রবন্ধটি 'রুদ্র-মঙ্গল' গ্রন্থ থেকে সংকলিত।

**৩. কে বাইরের গোলামি থেকে রেহাই পায় না?**
**উত্তর:** যার অন্তরে গোলামির ভাব সে বাইরের গোলামি থেকে রেহাই পায় না।

**৪. 'আমার পথ' প্রবন্ধ অবলম্বনে কোনটি সবচেয়ে বড়ো দাসত্ব?**
**উত্তর:** 'আমার পথ' প্রবন্ধ অবলম্বনে পরাবলম্বনই সবচেয়ে বড়ো দাসত্ব।

**৫. 'কর্ণধার' শব্দটির অর্থ কী?**
**উত্তর:** 'কর্ণধার' শব্দটির অর্থ নেতৃত্ব প্রদানের সামর্থ্য আছে এমন ব্যক্তি।

**৬. 'মেকি' শব্দের অর্থ কী?**
**উত্তর:** 'মেকি' শব্দের অর্থ মিথ্যা।

**৭. 'সম্মার্জনা' শব্দের অর্থ কী?**
**উত্তর:** 'সম্মার্জনা' শব্দের অর্থ ঘষে-মেজে পরিষ্কার করা।

**৮. 'আমার পথ' প্রবন্ধে 'সম্মার্জনা' শব্দটি কী অর্থে ব্যবহৃত হয়েছে?**
**উত্তর:** 'আমার পথ' প্রবন্ধে 'সম্মার্জনা' শব্দটি ভণ্ডামি, মেকি ও মিথ্যাকে মেজে-ঘষে পরিষ্কার করা অর্থে ব্যবহৃত হয়েছে।

**৯. 'কুর্নিশ' শব্দের অর্থ কী?**
**উত্তর:** 'কুর্নিশ' শব্দের অর্থ অভিবাদন।

**১০. 'আমার পথ' প্রবন্ধ অনুযায়ী আত্মাকে চিনলেই কী আসে?**
**উত্তর:** 'আমার পথ' প্রবন্ধ অনুযায়ী আত্মাকে চিনলেই আত্মনির্ভরতা আসে।

## অনুধাবনমূলক প্রশ্ন

**১. 'একেই বলে সবচেয়ে বড়ো দাসত্ব।'- ব্যাখ্যা করো।**
**উত্তর:** 'আমার পথ' প্রবন্ধে সবচেয়ে বড়ো দাসত্ব বলতে পরনির্ভরশীলতাকে বোঝানো হয়েছে।
আত্মনির্ভরতা থেকেই স্বাধীনতা আসে। লেখকের বিশ্বাস, নিজের সত্যকে নিজের কর্ণধার মনে করলে আপন শক্তির ওপর অটুট বিশ্বাস আসে। এমন স্বাবলম্বনের কথা শেখাচ্ছিলেন মহাত্মা গান্ধী। কিন্তু জনগণ মহাত্মা গান্ধীর সেই স্বাবলম্বনের কথা না বুঝে তাঁর ওপর নির্ভর করতে শুরু করে। এটিই হলো পরাবলম্বন। পরাবলম্বন আত্মশক্তিকে নষ্ট করে দেয় বলে তৈরি হয় মানসিক দাসত্ব। তাই 'আমার পথ' প্রবন্ধে পরাবলম্বনকে সবচেয়ে বড়ো দাসত্ব বলা হয়েছে।

**২. 'মানুষ-ধর্মই সবচেয়ে বড়ো ধর্ম' বলতে কী বোঝানো হয়েছে?**

**উত্তর:** মানুষ-ধর্ম তথা মনুষ্যত্ববোধই সবচেয়ে বড়ো ধর্ম। কেননা, এটি জাগ্রত হলেই মানুষে মানুষে সম্প্রীতি গড়ে উঠবে। মানুষের প্রাণের সম্মিলন ঘটাতে হলে তাদের মধ্যকার ব্যবধান ঘোচাতে হবে। এ ব্যবধান ঘোচাতে হলে মানুষের 'মানুষ' পরিচয়টিকে সবচেয়ে ঊর্ধ্বে স্থান দিতে হবে। এর মাধ্যমে মিটে যাবে এক ধর্মের সঙ্গে অন্য ধর্মের বিরোধও। মনুষ্যত্ববোধের জাগরণই ধর্মের প্রকৃত সত্য উন্মোচন করতে পারে। তাই মানুষ-ধর্মকেই সবচেয়ে বড়ো ধর্ম বলা হয়েছে।

৩. **'আমি সে দাসত্ব থেকে সম্পূর্ণ মুক্ত'। ব্যাখ্যা করো।**

**উত্তর:** মিথ্যা বা ভণ্ডামিকে প্রশ্রয় করে, পরাবলম্বনের মতো দাসত্ব থেকে মুক্ত থাকা প্রসঙ্গে কাজী নজরুল ইসলাম আলোচ্য উক্তিটি করেছেন।

'আমার পথ' প্রবন্ধে লেখক পরাবলম্বনকে সবচেয়ে বড়ো দাসত্ব বলেছেন। নিজে নিষ্ক্রিয় থেকে অন্য একজন মহাপুরুষকে প্রাণপণে ভক্তি করলেই দেশ উদ্ধার হয়ে যাবে না, নিজের বা জাতির মুক্তি আসবে না। লেখকের মতে, যার অন্তরে গোলামির ভাব সে বাইরের গোলামি থেকে মুক্তি পায় না। লেখক ভুল করতে রাজি আছেন, কিন্তু ভণ্ডামি করতে প্রস্তুত নন। তিনি বলেছেন, তাঁর এমন কোনো গুরু নেই, যার খাতিরে তিনি কোনো সত্যের আগুন অস্বীকার করে মিথ্যাকে প্রশ্রয় দেবেন। তিনি এ ধরনের দাসত্ব থেকে মুক্ত।

৪. **'যার ভেতরে ভয়, সেই বাইরে ভয় পায়।- ব্যাখ্যা করো।**

**উত্তর:** যে নিজের সত্যকে চিনতে পারে না, তার ভেতরে ভয় কাজ করে বলে সে বাইরেও ভয় পায়।

বাস্তবজীবনে মানুষকে প্রতিনিয়ত নানারকম সত্য-মিথ্যার মুখোমুখি হতে হয়। কিন্তু খুব অল্প মানুষই সত্য-মিথ্যার প্রকৃত রূপ চিনতে পারে। যে সত্যকে সঠিকভাবে চিনতে পারে, তার অন্তরে মিথ্যার অমূলক ভয় থাকে না। আর যে ব্যক্তি সত্যের আসল রূপটি চিনতে ব্যর্থ হয়, তার অন্তরেই মিথ্যার ভয় থাকে। যার মনে মিথ্যা সেই মিথ্যার ভয় করে, আর অন্তরে ভয় থাকলে সে ভয় বাইরেও প্রকাশ পায়। এজন্য প্রাবন্ধিক বলেছেন, যার ভেতরে ভয় সেই বাইরে ভয় পায়।

৫. **প্রবন্ধকার পরাবলম্বনকে সবচেয়ে বড়ো দাসত্ব বলেছেন কেন?**

**উত্তর:** পরাবলম্বন মানুষের সঞ্জীবনী শক্তি ও আত্মশক্তিকে ক্রমে বিনষ্ট করে ফেলে বলে প্রবন্ধকার এ কথা বলেছেন।

নিজের সত্তাকে বিকিয়ে অন্যের গলগ্রহ হয়ে থাকলে মানুষ ধীরে ধীরে অলস, কর্মবিমুখ ও দাসে পরিণত হয়। মানুষের নিজের ভেতরে যে একটা প্রবল শক্তি আছে, তা বাধাপ্রাপ্ত হয়। তখন মানুষ অন্যের দানে, দয়ায় ও দাক্ষিণ্যে বেঁচে থাকে। এভাবে পরাবলম্বন মানুষকে সবচেয়ে বড়ো দাসে পরিণত করে।

৬. **কবি নিজেকে 'অভিশাপ রথের সারথি' বলে অভিহিত করেছেন কেন?**

**উত্তর:** সকল অন্যায়-অবিচারের বিরুদ্ধে অভিশাপ হয়ে আবির্ভূত হয়েছেন - বলেই কবি নিজেকে 'অভিশাপ-রথের সারথি' বলে অভিহিত করেছেন।

কবি পুরাতন-জীর্ণ সমাজ ঢেলে সাজাতে চান। কিন্তু সমাজের নিয়ম পালটাতে গেলে বাধার সম্মুখীন হতে হয়, সমাজরক্ষকদের আক্রমণের শিকার হতে হয়। কবি এ সকল অন্যায়ের বিরুদ্ধে সোচ্চার। তিনি তাদের অন্যায়কে অভিশাপ হয়ে ধ্বংস করতে চান। তাই তিনি নিজেকে 'অভিশাপ-রথের সারথি' বলে অভিহিত করেছেন।

৭. **"যে নিজের ধর্মের সত্যকে চিনেছে, সে কখনো অন্য ধর্মকে ঘৃণা করতে পারে না।" - উক্তিটি ব্যাখ্যা করো।**

**উত্তর:** সুন্দরের পূজারি কবি কাজী নজরুল ইসলাম তাঁর 'আমার পথ' প্রবন্ধে প্রশ্নোক্ত উক্তিটির মাধ্যমে মানবধর্মের কথা বলেছেন।

'মনুষ্যত্ববোধে জাগ্রত হতে পারলেই ধর্মের সত্য উন্মোচিত হবে। ধর্মে কোনো ভেদাভেদ বা বৈষম্য নেই। শুধু ধর্মের ক্রিয়াকলাপ বা আচার- অনুষ্ঠান, একেক ধর্মের একেক রকম। তাই যে তার নিজ ধর্মকে সঠিকভাবে জানতে পারে, তার অন্য ধর্মের প্রতি কোনো বিদ্বেষ বা অবহেলা থাকতে পারে না। কেননা, সকল ধর্মেই মানবতাকেই সর্বাগ্রে স্থান দেওয়া হয়েছে তাই নিজ ধর্মের স্বরূপ জানলে নিজ ধর্মের প্রতি বিশ্বাস স্থাপিত হয় এবং অন্য ধর্মের প্রতি ঘৃণা থাকে না।

৮. **"আত্মাকে চিনলেই আত্মনির্ভরতা আসে"- বুঝিয়ে লেখো।**

**উত্তর:** 'আমার পথ' প্রবন্ধে লেখক আত্মনির্ভরশীলতা অর্জনে আত্ম তথা নিজের ভেতরের সত্যকে জানতে বলেছেন।

'আমার পথ' প্রবন্ধের লেখকের মতে, নিজেকে চিনলে মানুষের মনে আপনা-আপনিই একটা জোর আসে যে, সে আপন সত্য ছাড়া আর কারো কাছে মাথা নত করে না। অর্থাৎ কেউই তাকে ভয় দেখিয়ে পদানত করতে পারে না। মানুষের উচিত তার

ভেতরের শক্তিকে উপলব্ধি করা এবং আত্মপ্রত্যয়ী হওয়া। তবেই তার নিজের ওপর নিজের বিশ্বাস জন্মাবে। প্রশ্নোক্ত উক্তিটি দ্বারা এ কথাই বোঝানো হয়েছে।

৯. **"মানুষ-ধর্মই সবচয়ে বড়ো ধর্ম।"-উক্তিটির তাৎপর্য কী?**

**উত্তর:** মানুষ-ধর্ম তথা মনুষ্যত্ববোধ জাগ্রত হলেই মানুষে মানুষে সম্প্রীতি গড়ে উঠবে বলে মানুষ-ধর্মই সবচেয়ে বড়ো ধর্ম। মানুষের প্রাণের সম্মিলন ঘটাতে হলে তাদের মধ্যকার ব্যবধান ঘোচাতে হবে। এ ব্যবধান ঘোচানোর জন্য প্রয়োজন মানুষের 'মানুষ' পরিচয়টিকে সবচেয়ে ঊর্ধ্বে স্থান দেওয়া। এর মাধ্যমে মিটে যাবে এক ধর্মের সঙ্গে অন্য ধর্মের বিরোধও। মনুষ্যত্ববোধের জাগরণই ধর্মের প্রকৃত সত্য উন্মোচন করতে পারে। তাই মানুষ-ধর্মকেই সবচেয়ে বড়ো ধর্ম বলা হয়েছে।

১০. **প্রাবন্ধিক নিজেকে 'অভিশাপ রথের সারথি' বলে করেছেন কেন?**

**উত্তর:** সকল অন্যায়-অবিচারের বিরুদ্ধে অভিশাপ হয়ে আবির্ভূত হয়েছেন বলেই কবি নিজেকে 'অভিশাপ-রথের সারথি' বলে অভিহিত করেছেন।

কবি পুরাতন-জীর্ণ সমাজকে ঢেলে সাজাতে চান। কিন্তু সমাজের নিয়ম পালটাতে গেলে বাধার সম্মুখীন হতে হয়, সমাজরক্ষকদের আক্রমণের শিকার হতে হয়। কবি এ সকল অন্যায়ের বিরুদ্ধে সোচ্চার। তিনি তাদের অন্যায়কে অভিশাপ হয়ে ধ্বংস করতে চান। তাই তিনি নিজেকে 'অভিশাপ-রথের সারথি' বলে অভিহিত করেছেন।

## বহুনির্বাচনি অভীক্ষা

১. **১৯৭২ সালে কার উদ্যোগে কাজী নজরুল ইসলামকে সপরিবার স্বাধীন বাংলাদেশে এনে নাগরিকত্ব ও জাতীয় কবির স্বীকৃতি দেওয়া হয়? [ঢা. বো. ২২]**

(ক) প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমদ
(খ) সৈয়দ নজরুল ইসলাম
(গ) স্বরাষ্ট্রমন্ত্রী এএইচএম কামারুজ্জামান
(ঘ) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

**উত্তর:** ঘ

২. **কাজী নজরুল ইসলামের প্রবন্ধ গ্রন্থ- [কু. বো. ১৬]**

(ক) কুহেলিকা (খ) মৃত্যুক্ষুধা
(গ) রুদ্র-মঙ্গল (ঘ) প্রলয়-শিখা

**উত্তর:** গ

**ব্যাখ্যা:** নজরুলের আরও তিনটি প্রবন্ধ গ্রন্থ- যুগবাণী, দুর্দিনের যাত্রী, রাজবন্দির জবানবন্দি।

৩. **জাতীয় কবি কাজী নজরুল ইসলামের মৃত্যুদিবস কোনটি?[য. বো. ১৬]**

(ক) ২৫ বৈশাখ (খ) ১১ জ্যৈষ্ঠ
(গ) ২২ শ্রাবণ (ঘ) ১২ ভাদ্র

**উত্তর:** ঘ

৪. **কাজী নজরুল ইসলামের প্রবন্ধ সাহিত্যের বৈশিষ্ট্য হলো- [রা. বো. ১৭]**

i. সংস্কার চেতনাজাত
ii. প্রতিবাদীমনস্ক
iii. আত্মঅহমিকায় উজ্জ্বল

**নিচের কোনটি সঠিক?**

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**উত্তর:** ক

৫. **'আমার পথ' প্রবন্ধে লেখকের কর্ণধার কে?[রা. বো. ১৬]**

(ক) রাষ্ট্র (খ) সরকার
(গ) গান্ধীজি (ঘ) নিজে

**উত্তর:** ঘ

৬. **'আমার পথ দেখাবে আমার সত্য'- এই বাক্যে ফুটে উঠেছে- [কু. বো. ২৩]**

(ক) আত্ম-দম্ভ (খ) আত্ম-চেতনা
(গ) আত্ম-অহংকার (ঘ) আত্ম-প্রত্যয়

**উত্তর:** ঘ

৭. **'আমার পথ' প্রবন্ধে প্রাবন্ধিক কীভাবে নিজেকে নিজের কর্ণধার করে তুলেছেন?[ঢা. বো. ২৩]**

(ক) জ্ঞান অর্জনের মাধ্যমে
(খ) স্পষ্ট মত প্রকাশের মাধ্যমে
(গ) আত্মসত্য অর্জনের মাধ্যমে
(ঘ) অবিনয় প্রকাশের মাধ্যমে

**উত্তর:** গ

৮. **'আমার পথ' প্রবন্ধে নিচের কোন বৈশিষ্ট্যটি বিদ্যমান? [য. বো. ১৯]**

(ক) জড়তামুক্তি (খ) সত্যের পথ
(গ) তারুণ্য (ঘ) ভয়হীনতা

**উত্তর:** খ

৯. **কাজী নজরুল ইসলাম সর্বদা কাকে নমস্কার জানিয়েছেন?[দি. বো. ২২]**

(ক) সত্যকে (খ) তারুণ্যকে
(গ) রাজভয়কে (ঘ) লোকভয়কে

**উত্তর:** ক

১০. **'আমার পথ' প্রবন্ধে লেখক কোন ভয়ে ভীত নন? [ম. বো. ২২]**

(ক) শত্রুর (খ) সমাজের

(গ) ভূতের (ঘ) রাজার
উত্তর: ঘ

১১. 'আমার পথ' প্রবন্ধ অনুযায়ী খুব বেশি বিনয় আমাদের কী করে?[ব. বো. ২৩]
(ক) আপসকামী (খ) শান্ত
(গ) ছোটো (ঘ) পরাধীন
উত্তর: গ

১২. নিজেকে চিনলে, নিজের সত্যকেই নিজের কর্ণধার বলে জানলে নিজের শক্তির ওপর কী আসে?[কু. বো. ২২]
(ক) আত্মনির্ভরতা (খ) সক্রিয়তা
(গ) অটুট বিশ্বাস (ঘ) আগুনের সম্মার্জনা
উত্তর: গ

১৩. "আমি চির দুর্দম' দুর্বিনীত, নৃশংস, মহাপ্রলয়ের আমি নটরাজ, আমি সাইক্লোন, আমি ধ্বংস।"- কবিতাংশটিতে 'আমার পথ' প্রবন্ধের কোন বিষয়টি ইঙ্গিত পাওয়া যায়? [য. বো. ২২]
(ক) ডোন্টকেয়ার ভাব (খ) অহংকারের পৌরুষ
(গ) আগুনের সম্মার্জনা (ঘ) আত্মনির্ভরতার অহংকার
উত্তর: খ

১৪. 'আমার পথ' প্রবন্ধে প্রাবন্ধিক নিজের পরিচয় দিয়েছেন কী হিসেবে? [দি. বো. ১৯]
(ক) অভিশাপ-রথের সারথি (খ) পথপ্রদর্শক কান্ডারি
(গ) সত্য-পথের দিশারি (ঘ) আগুনের সম্মার্জনা
উত্তর: ক

১৫. গান্ধীজির শেখানো 'নিজের ওপর অটুট বিশ্বাস' বলতে 'আমার পথ' প্রবন্ধে বোঝানো হয়েছে-[কু. বো. ১৭]
(ক) আত্মঅহংকার (খ) আত্মজাগরণ
(গ) আত্মপ্রচারণা (ঘ) আত্মস্বীকারোক্তি
উত্তর: খ

১৬. "কিন্তু আমরা তাঁর কথা বুঝলাম না।"- 'আমার পথ' প্রবন্ধে কার সম্পর্কে আলোচ্য কথাটি বলা হয়েছে? [রা. বো. ২৩]
(ক) জওহরলাল নেহেরু (খ) মহাত্মা গান্ধী
(গ) মোহাম্মদ আলী জিন্নাহ (ঘ) নেতাজি সুভাষচন্দ্র বসু
উত্তর: খ

১৭. কাজী নজরুল ইসলামের মতে নিচের কোনটি আমাদের নিষ্ক্রিয় করে ফেলে?[সি. বো. ২২]
(ক) বিনয় (খ) দম্ভ
(গ) পরাবলম্বন (ঘ) অসত্য
উত্তর: গ

১৮. 'আমার পথ' প্রবন্ধে লেখকের মতে, মানুষ নিষ্ক্রিয় হয়ে পড়ে কেন? [য. বো. ২২]
(ক) মিথ্যাবাদিতার কারণে
(খ) পরনির্ভরশীলতার কারণে
(গ) অহংকারী হওয়ার কারণে
(ঘ) প্রকৃত শিক্ষার অভাবে
উত্তর: খ

১৯. 'আমার পথ' প্রবন্ধ অনুসারে নিষ্ক্রিয়তার ফল হলো- [য. বো. ২৩]
(ক) পরাধীনতা (খ) ভণ্ডামি
(গ) গোলামি (ঘ) পরনির্ভরতা
উত্তর: ক

২০. "একেই বলে সবচেয়ে বড়ো দাসত্ব।"- উক্তিটি দ্বারা 'আমার পথ' প্রবন্ধের কোন দিকটি নির্দেশ করে? [ম. বো. ২৩]
(ক) ভুল স্বীকার (খ) ধর্মের বৈষম্য
(গ) নিষ্ক্রিয়তা (ঘ) পরাবলম্বন
উত্তর: ঘ

২১. 'আত্মাকে চিনলেই আত্মনির্ভরতা আসে।' বলতে কী বোঝানো হয়েছে?[কু. বো. ২৩]
(ক) স্বনির্ভরতা (খ) নিষ্ক্রিয়তা
(গ) স্ববলম্বন (ঘ) পরবলম্বন
উত্তর: ক

২২. 'আত্মাকে চিনলে আত্মনির্ভরতা আসে'- কেন?[চ. বো. ২২]
(ক) ধর্ম বিশ্বাস প্রবল হয় বলে
(খ) দেহতাত্ত্বিক জ্ঞান অর্জন হয় বলে
(গ) মনে অপার্থিব ভাবনা আসে বলে
(ঘ) মানুষের আত্মশক্তি বৃদ্ধি পায় বলে
উত্তর: ঘ

২৩. 'আমার পথ' প্রবন্ধ অনুসারে আমরা পরাধীন যে কারণে- [দি. বো. ১৭]
(ক) অজ্ঞতার (খ) স্বাবলম্বনহীনতার
(গ) মূর্খতার (ঘ) আর্থিক দীনতার
উত্তর: খ

২৪. 'আমার পথ' প্রবন্ধ অনুসারে কীভাবে সত্যকে পাওয়া যায়? [রা. বো. ২২]
(ক) আত্মকে চেনার মধ্য দিয়ে
(খ) দাসত্ব হতে সম্পূর্ণ মুক্ত হয়ে
(গ) ভুলের মধ্য দিয়ে গিয়ে
(ঘ) আগুন সত্য তৈরির মাধ্যমে
উত্তর: গ

২৫. 'আমার পথ' প্রবন্ধ অনুসারে ভুলের মাধ্যমে সত্যকে পাওয়ার উপায় হলো- [রা. বো. ১৯]
(ক) গোঁ বজায় রাখা
(খ) নিজের ভুল স্বীকার করে নেওয়া

(গ) পরমত অসহিষ্ণুতা
(ঘ) পরধর্মের প্রতি উদাসীনতা
**উত্তর:** খ

**২৬. 'আমার পথ' প্রবন্ধ অনুসারে কীভাবে সত্যকে পাওয়া যায়? [ম. বো. ২৩]**
(ক) মিথ্যার মধ্য দিয়ে (খ) ভয়ের মধ্য দিয়ে
(গ) ভুলের মধ্য দিয়ে (ঘ) জেদের মধ্য দিয়ে
**উত্তর:** গ

**২৭. ভুলের মধ্য দিয়ে কীভাবে সত্যকে পাওয়া যায়? [ব. বো. ২২]**
(ক) বারবার ভুল করে
(খ) ভুল থেকে শিক্ষা নিয়ে
(গ) ভুল চেপে রেখে
(ঘ) ভুল স্বীকার করে
**উত্তর:** খ

**২৮. দেশের যারা শত্রু, দেশের যা-কিছু মিথ্যা, ভণ্ডামি, মেকি-তা দূর করতে কী প্রয়োজন? [ঢা. বো. ২২]**
(ক) আগুনের ঝান্ডা (খ) স্পষ্টকথা বলা
(গ) আত্মনির্ভরতা (ঘ) আগুনের সম্মার্জনা
**উত্তর:** ঘ

**২৯. 'আমার পথ' প্রবন্ধ অনুসারে ভুল জেনেও তাকে ঠিক বলে চালিয়ে দেওয়ার কপটতা কিংবা জেদকে নজরুল কী বলেছেন? [কু বো. ২২]**
(ক) দাম্ভিকতা (খ) ভণ্ডামি
(গ) অসংকোচ (ঘ) উচ্ছ্বাস
**উত্তর:** খ

**৩০. 'আমার পথ' প্রবন্ধে স্পষ্টকথা বলা প্রসঙ্গে নজরুল নিজেকে কার সঙ্গেতুলনা করেছেন?[ঢা. বো. ২২]**
(ক) আগুনের ঝান্ডা (খ) কর্ণধার
(গ) গান্ধীজি (ঘ) অভিশাপ রথের সারথি
**উত্তর:** ঘ

**৩১. 'আমার পথ' প্রবন্ধে কাজী নজরুল ইসলাম সবচেয়ে বড়ো ধর্ম বলতে কোন ধর্মের উল্লেখ করেছেন? [সি. বো. ২৩]**
(ক) ইসলাম ধর্ম (খ) সনাতন ধর্ম
(গ) ঐক্য-ধর্ম (ঘ) মানুষ-ধর্ম
**উত্তর:** ঘ

**৩২. প্রাবন্ধিক কাজী নজরুল ইসলামের মতে ভয় তাদের মধ্যে- [ঢা. বো. ২৩]**
i. যারা শত্রুকে ভয় পায়
ii. যাদের ভেতরে ভয় আছে
iii. যারা আপন সত্যকে চিনতে ব্যর্থ
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii
**উত্তর:** গ

**৩৩. আত্মকে চেনা নিজের সত্যকে বড়ো মনে করার দম্ভ'-সম্পর্কে কোনটি গ্রহণযোগ্য-[সি. বো. ২২]**
i. এ দম্ভ শির উঁচু করে
ii. মতে একটা 'ডোন্ট কেয়ার' ভাব আনে
iii. অসাম্প্রদায়িক চেতনা জাগ্রত করে
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii
**উত্তর:** ক

**৩৪. 'আমার পথ' প্রবন্ধে নজরুলের মতে পরাবলম্বন আমাদের কী করে তুলেছে?[ঢা. বো. ১৯, চ. বো. ২২]**
i. নিষ্ক্রিয়
ii. বিলাসী
iii. দাস
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii
**উত্তর:** খ

**৩৫. ভুলের মধ্যে সত্যকে পাওয়ার উপায় হলো-[চ. বো. ১৭]**
i. ভুল থেকে শিক্ষা নেওয়া
ii. বিনয়ী হওয়া
iii. আত্মসচেতন হওয়া
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii
**উত্তর:** খ
**ব্যাখ্যা:** লেখক ভুল করলে সেটি স্বীকার করে নিতে চান। কিন্তু না বুঝে বা কারো ভয়ে ভুল স্বীকারের পক্ষপাতী তিনি নন।

**উদ্দীপকটি পড়ে ৩৬ ও ৩৭ নম্বর প্রশ্নের উত্তর দাও:**
বুদ্ধদেব বলেন, "সত্য কখনো নিষ্ঠুর, তবে সর্বক্ষেত্রে জয়ী"। [দি. বো. ২২]

**৩৬. উদ্দীপকে তুলে ধরা হয়েছে 'আমার পথ' প্রবন্ধে প্রকাশিত-ধারণা।**
(ক) নিষ্ঠুরতার (খ) অহমিকার
(গ) নির্ভরতর (ঘ) সত্যের
**উত্তর:** ঘ

**৩৭. উক্ত দিকটি সম্পর্কে প্রাবন্ধিকের মূল্যায়ন হলো-**
i. সত্য অবিনয়ী হতে শেখায়
ii. সত্যের সবসময় জয় হয়
iii. সত্যনিষ্ঠ ব্যক্তি নির্ভীক হয়
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii
**উত্তর:** গ

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৩৮ ও ৩৯ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

জীবনে জীবন যোগ করা না হলে কৃত্রিম পণ্যে ব্যর্থ হয় গানের পসরা-[ব. বো. ২২]

**৩৮. উদ্দীপকটিতে 'আমার পথ' প্রবন্ধের যে দিকটি প্রকাশিত হয়েছে-**

(ক) মনুষ্যত্ববোধ (খ) সাম্যবাদ
(গ) সত্যের বন্দনা (ঘ) আত্মসচেতনতা

**উত্তর:** গ

**৩৯. উদ্দীপক এবং 'আমার পথ' প্রবন্ধে প্রাধান্য পেয়েছে-**

i. জীবনবন্দনা
ii. আত্মনির্ভরশীলতা
iii. মানবধর্ম

**নিচের কোনটি সঠিক?**

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**উত্তর:** ক

**নিচের উদ্দীপকটি পড়ে ৪০ ও ৪১ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

মামুন, মার্টিন এবং শম্ভু তিন সহপাঠী। ইদ উপলক্ষে মার্টিন মামুনের বাড়িতে অসংকোচে যেতে পারলেও শম্ভু যেতে পারে না। তার রয়েছে পারিবারিক বাধা।

**[সকল বোর্ড-২০১৮]**

**৪০. 'আমার পথ' প্রবন্ধ ও উদ্দীপকে উল্লিখিত কোন অভিন্ন কারণে শম্ভু মামুনের বাড়িতে যাওয়া থেকে বিরত থাকে?**

(ক) ধর্মীয় গোঁড়ামি (খ) অন্ধবিশ্বাস
(গ) কৌলীন্য (ঘ) লোকলজ্জা

**উত্তর:** ক

**৪১. উদ্দীপকের শম্ভুর সাথে 'আমার পথ' প্রবন্ধের লেখকের স্বাতন্ত্র্য কীসে?**

(ক) মানবিকতায় (খ) উদারতায়
(গ) সংস্কৃতিতে (ঘ) জীবনদর্শনে

**উত্তর:** ঘ

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৪২ ও ৪৩ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

আমরা দশ-পনেরো টাকার বিনিময়ে মনুষ্যত্ব, স্বাধীনতা অনায়াসে প্রভুর পায়ে বিকাইয়া দিব, তবু ব্যবসায়-বাণিজ্যে হাত দিব না, নিজ পায়ে দাঁড়াইতে চেষ্টা করিব না। এই জঘন্য দাসত্বই আমাদিগকে এমন ছোটো হীন করিয়া তুলিতেছে। [চ. বো. ১৬]

**৪২. উদ্দীপকের নিজ পায়ে দাঁড়ানোর জন্য 'আমার পথ'-এ কোন দিকটিকে গুরুত্ব দেওয়া হয়েছে?**

(ক) তারুণ্যের শক্তিতে
(খ) ভন্ডামি থেকে মুক্তিতে
(গ) রাজভয়ে ভীত না হওয়ায়
(ঘ) নিজেকে চিনে নিজ সত্যে পথ চলায়

**উত্তর:** ঘ

**৪৩. উদ্দীপক ও 'আমার পথ' অনুসারে আমাদের নিচের কোনটির অভাব রয়েছে?**

(ক) আত্মনির্ভরতা (খ) মহাপুরুষে ভক্তি
(গ) আত্মবিশ্বাস (ঘ) ধর্মের সত্য

**উত্তর:** ক

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৪৪ ও ৪৫ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

এলাকার পরিষ্কার-পরিচ্ছন্নতা রক্ষার দায়িত্ব নবনির্বাচিত কমিশনার কাইউম সাহেবের ওপর ন্যস্ত করে সবাই যখন নিশ্চিত, তখন কাইউম সাহেব এলাকাবাসীর উদ্দেশে বললেন, 'আপনাদেরও এ ক্ষেত্রে সজাগ থাকতে হবে'।

**[ঢা. বো. ১৭]**

**৪৪. উদ্দীপকের কাইউম সাহেবের সাথে মিল আছে 'আমার পথ' প্রবন্ধের-**

(ক) লেখকের (খ) সারথির
(গ) মহাত্মা গান্ধীর (ঘ) পথ-প্রদর্শকের

**উত্তর:** গ

**৪৫. উদ্দীপকের কাইউম সাহেবের উক্তিতে 'আমার পথ' প্রবন্ধের কোন দিকটি প্রতিফলিত হয়েছে?**

(ক) স্বাবলম্বন (খ) সত্যবোধ
(গ) আত্মবিশ্বাস (ঘ) আত্মমর্যাদাবোধ

**উত্তর:** ক

**ব্যাখ্যা:** গান্ধীজি শিখিয়েছেন নিজের ওপর অটুট বিশ্বাস রাখতে। আর এই আত্মনির্ভরতাকে স্বাধীনতার পূর্বশর্ত বলে মনে করতেন তিনি।

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৪৬ ও ৪৭ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

বিষয় সম্পর্কে পূর্বধারণা নিয়ে যে সকল শিক্ষার্থী এসেছিল কেবল তারাই শ্রেণিকক্ষের পাঠদান বুঝতে পারল। বোঝানোর জন্য শিক্ষক তো আছেনই, এই ভরসায় যারা শ্রেণিকক্ষে গিয়েছিল তাদের অর্জন শূন্য।

**[ঢা. বো. ১৬, ব. বো. ১৬]**

**৪৬. উদ্দীপকের শিক্ষক 'আমার পথ' প্রবন্ধের কার সাথে সাদৃশ্যপূর্ণ?**

(ক) গান্ধীজি (খ) কর্ণধার
(গ) প্রাবন্ধিক (ঘ) পথপ্রদর্শক

**উত্তর:** ক

**৪৭. উদ্দীপক 'আমার পথ' প্রবন্ধের যে অনুষঙ্গ ধারণ করে তা হলো-**

i. দাসত্ব
ii. স্বাবলম্বন
iii. পরাবলম্বন

**নিচের কোনটি সঠিক?**

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**উত্তর:** ঘ

**নিচের উদ্দীপকটি পড়ে ৪৮ ও ৪৯ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

একসাথে আছি একসাথে বাঁচি

আজও একসাথে থাকবই।
সব বিভেদের রেখা মুছে দিয়ে
সাম্যের ছবি আঁকবই।[দি. বো. ১৬]

৪৮. উদ্দীপকে 'আমার পথ' প্রবন্ধের কোন দিকটি ফুটে উঠেছে?
(ক) ধর্মের বৈষম্য (খ) বর্ণের বৈষম্য
(গ) অসাম্প্রদায়িক ভাবনা (ঘ) নারী-পুরুষের বৈষম্য
উত্তর: গ

৪৯. উদ্দীপক ও 'আমার পথ' প্রবন্ধে লেখক যে ধর্মের কথা বলেছেন, তা হলো-
(ক) ইসলাম (খ) হিন্দু
(গ) বৌদ্ধ (ঘ) মানব
উত্তর: ঘ

৫০. কুর্নিশ' শব্দের অর্থ কী?[রা. বো. ২৩]
(ক) সম্ভাষণ (খ) অভিবাদন
(গ) সমাদর (ঘ) অভিনন্দন
উত্তর: খ
ব্যাখ্যা: লেখক তাঁর সত্যকে ছাড়া আর কাউকে কুর্নিশ করেন না। কেননা তিনি মনে করেন, তাঁকে পথ দেখাবে তাঁর সত্য।

৫১. 'আমার পথ' প্রবন্ধে লেখকের কর্ণধার কে? [দি. বো. ২৩]
(ক) গান্ধিজি (খ) রাষ্ট্র
(গ) লেখক নিজে (ঘ) সরকার
উত্তর: গ

৫২. আমার পথ' প্রবন্ধে প্রকাশিত হয়েছে-[দি. বো. ২৩]
(ক) অনিন্দ্য দেশপ্রেম (খ) সত্যের স্বরূপ
(গ) মিথ্যার প্রবঞ্চনা (ঘ) ত্যাগের মহিমা
উত্তর: খ

৫৩. 'আমার পথ' প্রবন্ধে কী ফুটে উঠেছে?[সি. বো. ১৭]
(ক) দেশপ্রেম (খ) সত্যের স্বরূপ
(গ) মিথ্যার প্রবঞ্চনা (ঘ) ত্যাগের মহিমা
উত্তর: খ

# মানব কল্যাণ

## জ্ঞানমূলক প্রশ্ন

**১. "ওপরের হাত সবসময় নিচের হাত থেকে শ্রেষ্ঠ।"— কথাটি কে বলেছেন?**
উত্তর: "ওপরের হাত সব সময় নিচের হাত থেকে শ্রেষ্ঠ" – কথাটি বলেছেন ইসলামের নবি।

**২. আমাদের প্রচলিত ধারণা আর চলতি কথায় মানব-কল্যাণ কথাটা অনেক খানি কী অর্থে ব্যবহৃত হয়?**
উত্তর: আমাদের প্রচলিত ধারণা আর চলতি কথায় মানব কল্যাণ কথাটা অনেক খানি সস্তা আর মামুলি অর্থে ব্যবহৃত হয়।

**৩. 'মানব-কল্যাণ' প্রবন্ধটি কত সালে রচিত?**
উত্তর: 'মানব কল্যাণ' প্রবন্ধটি ১৯৭২ সালে রচিত হয়।

**৪. 'র‍্যাশনাল' শব্দের অর্থ কী?**
উত্তর: 'র‍্যাশনাল' শব্দের অর্থ বিচারবুদ্ধিসম্পন্ন।

**৫. সত্যিকার মানব-কল্যাণ কীসের ফসল?**
উত্তর: সত্যিকার মানব-কল্যাণ মহৎ চিন্তা-ভাবনার ফসল।

**৬. মানব-কল্যাণের প্রাথমিক সোপান কী?**
উত্তর: মানুষকে মানুষ হিসেবে এবং মানসিক বৃত্তির বিকাশের পথে বেড়ে ওঠার যথাযথ ক্ষেত্র রচনাই হলো মানব কল্যাণের প্রাথমিক সোপান।

**৭. জাতিকে কী-হিসেবে গড়ে তুলতে হবে?**
উত্তর: জাতিকে আত্মমর্যাদাসম্পন্ন জাতি হিসেবে গড়ে তুলতে হবে।

**৮. 'তুমি অধম তাই বলিয়া আমি উত্তম হইব না কেন?' উক্তিটি কার?**
উত্তর: 'তুমি অধম তাই বলিয়া আমি উত্তম হইব না কেন?'- উক্তিটি বঙ্কিমচন্দ্রের।

**৯. ইসলামের নবি কী বলেছেন?**
উত্তর: ইসলামের নবী বলেছেন, 'ওপরের হাত সবসময় নিচের হাত থেকে শ্রেষ্ঠ।'

**১০. মানব-কল্যাণের উৎস কীসের মধ্যে নিহিত?**
উত্তর: মানব-কল্যাণের উৎস মানুষের মর্যাদাবোধ বৃদ্ধি আর মানবিক চেতনা বিকাশের মধ্যে নিহিত।

## অনুধাবনমূলক প্রশ্ন

১. **লেখকের মতে, 'মানব কল্যাণ' বলতে কী বোঝায়? বর্ণনা করো।**

**উত্তর:** লেখকের মতে, 'মানব কল্যাণ' বলতে মানুষের সঠিক মঙ্গলের প্রয়াসকে বোঝায়।

আমাদের সমাজে মানব কল্যাণ স্রেফ মানব অপমানে পরিণত হয়েছে। দয়া কিংবা করুণার বশবর্তী হয়ে আমরা দান-খয়রাত করে থাকি। মানব কল্যাণের এমন ধারণা সংকীর্ণ মনোভাবের পরিচায়ক। অসহায় মানুষকে আত্মনির্ভরশীল করে স্বাবলম্বনের সঙ্গে পরিচালিত করাই প্রকৃত মানব-কল্যাণ। লেখকের মতে, মুক্তবুদ্ধির সহায়তায় সুপরিকল্পিত পথেই কল্যাণময় পৃথিবী রচনা করা সম্ভব।

২. **"রাষ্ট্র জাতির যৌথ জীবন আর যৌথ চেতনারই প্রতীক"— উক্তিটি দ্বারা কী বোঝানো হয়েছে?**

**উত্তর:** আলোচ্য উক্তিটি দ্বারা জাতীয় জীবন ও জাতীয় চেতনার সাথে রাষ্ট্রের অঙ্গাঙ্গি সম্পর্ককে বোঝানো হয়েছে।

একটি জাতি যেভাবে জীবনযাপন করে, যে চেতনা ধারণ করে বেড়ে ওঠে রাষ্ট্রও সে অনুযায়ী পরিচিতি লাভ করে। রাষ্ট্র যদি তার নাগরিকদের আত্মমর্যাদাসম্পন্ন হিসেবে গড়ে উঠতে সাহায্য না করে, তবে রাষ্ট্রও তার প্রাপ্য সম্মান থেকে বঞ্চিত হয়। অর্থাৎ যে রাষ্ট্র হাতপাতা আর চাটুকারিতাকে প্রশ্রয় দেয়, সে রাষ্ট্র কিছুতেই আত্মমর্যাদাসম্পন্ন নাগরিক গড়ে তুলতে পারে না। কাজেই রাষ্ট্রের উচিত মানুষকে প্রকৃত মানুষ হিসেবে বেড়ে উঠতে সাহায্য করা এবং মানবিক বৃত্তি বিকাশের পথে যথাযথ ক্ষেত্র বা পরিবেশ তৈরি করে দেওয়া। প্রশ্নোক্ত উক্তিটি দ্বারা জাতীয় জীবন ও জাতীয় চেতনার সাথে রাষ্ট্রের এমন অঙ্গাঙ্গি সম্পর্ককেই বোঝানো হয়েছে।

৩. **'সত্যিকার মানব কল্যাণ মহৎ চিন্তা-ভাবনারই ফসল।'— এ বাক্যের মর্মার্থ লেখো।**

**উত্তর:** কল্যাণময় পৃথিবী রচনা সম্ভব হলে মানব-কল্যাণ মানব-মর্যাদার সহায়ক হয়ে উঠবে।'মানব-কল্যাণ' প্রবন্ধে লেখক কল্যাণময় পৃথিবী রচনার প্রত্যাশা ব্যক্ত করেছেন। কল্যাণময় পৃথিবী বলতে তিনি এমন পৃথিবীকে বুঝিয়েছেন যেখানে মানব-মর্যাদা কখনো ক্ষুণ্ণ হয় না। বরং সকল অবমাননাকর অবস্থা থেকে মর্যাদাপূর্ণ অবস্থায় সেখানে মানুষের উত্তরণ ঘটে। তিনি মনে করেন, মুক্তবুদ্ধির সহায়তায় পরিকল্পনামাফিক পথে চললে তা সম্ভব; কারণ একমাত্র সুষ্ঠু পরিকল্পনাকারীকে সৃজনশীল মানবিক কর্মে নিয়োগ করা যায়। তাই বলা যায়, কল্যাণময় পৃথিবী রচনা সম্ভব হলেই মানব-কল্যাণ মানব-মর্যাদার সহায়ক হয়ে উঠবে।

৪. **'মানব কল্যাণ' কীভাবে মানব-মর্যাদার সহায়ক হয়ে উঠবে?**

**উত্তর:** সত্যিকার মানব-কল্যাণ মহৎ প্রতিভাদের মহৎ চিন্তা-ভাবনার ফসল।

মহৎ মানুষদের দ্বারাই পৃথিবীতে যাবতীয় মহৎকার্য সম্পাদিত হয়। যুগে যুগে আমাদের দেশেও অনেক মহৎ প্রতিভাবান ব্যক্তির আবির্ভাব ঘটেছে। তাঁরা তাঁদের মহৎ চিন্তা-ভাবনার দ্বারা মানব-কল্যাণ সাধন করেছেন। আর সেই মানবিক চিন্তা ও আদর্শের উত্তরাধিকার আমাদের জন্য রেখে গেছেন। তাই বলা যায়, সত্যিকার মানব-কল্যাণ মহৎ মানুষদের মহৎ চিন্তা-ভাবনারই ফসল।

৫. **মানব-কল্যাণ কীভাবে মানব-মর্যাদার সহায়ক হয়ে উঠবে? ব্যাখ্যা করো।**

**উত্তর:** কল্যাণময় পৃথিবী রচনা সম্ভব হলে মানব-কল্যাণ মানব-মর্যাদার সহায়ক হয়ে উঠবে।

'মানব-কল্যাণ' প্রবন্ধে লেখক কল্যাণময় পৃথিবী রচনার প্রত্যাশা ব্যক্ত করেছেন। কল্যাণময় পৃথিবী বলতে তিনি এমন পৃথিবীকে বুঝিয়েছেন যেখানে মানব-মর্যাদা কখনো ক্ষুণ্ণ হয় না। বরং সকল অবমাননাকর অবস্থা থেকে মর্যাদাপূর্ণ অবস্থায় সেখানে মানুষের উত্তরণ ঘটে। তিনি মনে করেন, মুক্তবুদ্ধির সহায়তায় পরিকল্পনামাফিক পথে চললে তা সম্ভব; কারণ একমাত্র সুষ্ঠু পরিকল্পনাকারীকে সৃজনশীল মানবিক কর্মে নিয়োগ করা যায়। তাই বলা যায়, কল্যাণময় পৃথিবী রচনা সম্ভব হলেই মানব-কল্যাণ মানব-মর্যাদার সহায়ক হয়ে উঠবে।

৬. **'ওপরের হাত সব সময় নিচের হাত থেকে শ্রেষ্ঠ।'-ব্যাখ্যা করো।**

**উত্তর:** দান করা একটি উত্তম কাজ হওয়ায় ওপরের হাত সব সময় নিচের হাতের থেকে শ্রেষ্ঠ।

ওপরের হাত বলতে দাতাকে বোঝানো হয়। আর নিচের হাত দ্বারা বোঝানো হয় গ্রহীতাকে। মহানবি হযরত মুহাম্মদ (স.) ওপরের হাতকে উত্তম বলেছেন। কারণ, ওপরের হাত ওপর থেকে অনুগ্রহ বর্ষণ করে, আর নিচের হাত সেই দান গ্রহণ করে। মূলত দান করার মাহাত্ম্য এবং দানগ্রহীতার দীনতা তুলে ধরতেই প্রশ্নোক্ত কথাটি বলা হয়েছে।

৭. **মানব-কল্যাণ কথাটা আমরা সস্তা ও মামুলি বানিয়ে ফেলেছি কীভাবে? বুঝিয়ে লেখো।**

**উত্তর:** মানব-কল্যাণের প্রকৃত তাৎপর্য উপলব্ধি না করার ফলে আমরা একে সস্তা ও মামুলি বানিয়ে ফেলেছি।

বর্তমান সমাজে মানুষ মানব-কল্যাণ কথাটিকে ক্ষুদ্রার্থে ব্যবহার করে থাকে। এক মুষ্টি ভিক্ষা দেওয়াকেও তারা মানব-কল্যাণ বলে মনে করে থাকে। অথচ এতে মানুষের প্রকৃত কল্যাণ সাধিত হয় না; বরং মানব-মর্যাদাকে ক্ষুণ্ন করা হয়। মূলত মানব-কল্যাণের প্রকৃত তাৎপর্য উপলব্ধি না করার কারণেই আমরা একে সস্তা ও মামুলি বানিয়ে ফেলেছি।

৮. **'সর্বজীবের হিত'—কথাটি দ্বারা কী বোঝানো হয়েছে? ব্যাখ্যা করো।**

**উত্তর:** 'সর্বজীবের হিত' কথাটি দ্বারা সকল জীবের প্রতি সহানুভূতি, কল্যাণ করার মানসিকতা রাখার আহ্বানকে বোঝানো হয়েছে।

সকল ধর্ম ও ধর্ম-প্রবর্তকেরা মানুষের ভালো করা, মানুষের কল্যাণ করা, তাদেরকে সুখ-শান্তি দানের কথা বলেছেন। তাঁরা বারবার মানব-কল্যাণে নিয়োজিত থাকার নির্দেশ দিয়েছেন। শুধু তা-ই নয়, তাঁরা সকল জীবের হিত করার নির্দেশও দিয়েছেন। কারণ, সকল জীবেরই ভালোভাবে বাঁচার অধিকার আছে। তাই সকল জীবকে নিরাপদে রাখার চেষ্টা করতে হবে।

## বহুনির্বাচনি অভীক্ষা

১. **লেখক আবুল ফজল চট্টগ্রাম জেলার কোথায় জন্মগ্রহণ করেন?** [দি. বো. ২৩]

(ক) সাতকানিয়া (খ) বোয়ালখালী
(গ) হাটহাজারী (ঘ) বাঁশখালী

**উত্তর:** ক

২. **মুসলিম সাহিত্য সমাজের অন্যতম প্রতিষ্ঠাতা আবুল ফজল কোন যুগান্তকারী আন্দোলনের সঙ্গে সরাসরি যুক্ত ছিলেন?** [ঢা. বো. ২৩]

(ক) বুদ্ধির মুক্তি আন্দোলন
(খ) ভাষা আন্দোলন
(গ) উনসত্তরের গণঅভ্যুত্থান
(ঘ) একাত্তরের মুক্তিযুদ্ধ

**উত্তর:** ক

৩. **আবুল ফজল রচিত 'চৌচির' কোন ধরনের রচনা?** [সি. বো. ২৩]

(ক) প্রবন্ধ (খ) উপন্যাস
(গ) ছোটোগল্প (ঘ) নাটক

**উত্তর:** খ

৪. **নিচের কোনটি আবুল ফজল রচিত উপন্যাস?** [ম. বো. ২৩]

(ক) মাটির পৃথিবী (খ) রাঙা প্রভাত
(গ) মানবতন্ত্র (ঘ) দিনলিপি

**উত্তর:** খ

৫. **এক মুষ্টি ভিক্ষা দেওয়ার মাধ্যমে কোনটি ক্ষুণ্ন হয়?** [চ. বো. ২৩]

(ক) মানব অস্তিত্ব (খ) শুভবোধ
(গ) অধিকারবোধ (ঘ) মানৰ মর্যাদা

**উত্তর:** খ

৬. **ভিক্ষা গ্রহণকারীর দীনতা কোথায় প্রতিফলিত হয়?** [দি. বো. ২৩]

(ক) মুখ মণ্ডলে (খ) অন্তর মাঝে
(গ) সর্ব অবয়বে (ঘ) হৃদয়ের গভীরে

**উত্তর:** গ

৭. **দান বা ভিক্ষা গ্রহণকারীর দীনতা তার সর্বঅবয়বে প্রতিফলিত হয়ে কী সৃষ্টি করে?** [কু. বো. ২৩]

(ক) ভয়ংকর দৃশ্য (খ) করুণ দৃশ্য
(গ) বীভৎস দৃশ্য (ঘ) লাঞ্ছনার দৃশ্য

**উত্তর:** গ

৮. **মানব-কল্যাণের সোপান রচনার দায়িত্ব কার?** [ম. বো. ২৩]

(ক) রাষ্ট্রের (খ) শিক্ষকের

(গ) ব্যক্তির (ঘ) গোষ্ঠীর

উত্তর: ক

৯. নিচের কোনটি বর্তমানে মানব কল্যাণের প্রধান অন্তরায়? [সি. বো. ২৩]

(ক) অবিচ্ছিন্ন মানবচেতনা (খ) একীভূত মানবচেতনা
(গ) সমষ্টি চেতনা (ঘ) বিচ্ছিন্ন মানবচেতনা

উত্তর: ঘ

১০. 'মানব কল্যাণ' প্রবন্ধে লালনকে কী বলা হয়েছে? [ব. বো. ২৩]

(ক) বাউল (খ) ভাবুক
(গ) সাহিত্যিক (ঘ) কবি

উত্তর: ঘ

১১. "তাই সব রকম কল্যাণ কর্মেরও রয়েছে সামাজিক পরিণতি। 'মানব- কল্যাণ' রচনায় মানুষ একথা ভুলে যায় কেন? [য. বো. ২৩]

(ক) ইহলোকের চিন্তায় (খ) অর্থবিত্তের অহংকারে
(গ) পরলোকের চিন্তায় (ঘ) আত্মঅহংকারে

উত্তর: গ

১২. 'মানুষের ভালো করো, মানুষের কল্যাণ করো, সুখ শান্তি দান করো মানুষকে।'- এই নির্দেশ কারা দিয়েছেন? [ম. বো. ২৩]

(ক) ধর্ম প্রবর্তকরা (খ) আদর্শ শিক্ষকরা
(গ) ধর্ম বিশ্বাসীরা (ঘ) মহাজ্ঞানীরা

উত্তর: ক

১৩. 'বিজ্ঞানের অভাবনীয় আবিষ্কারকে ধ্বংসের পরিবর্তে সৃজনশীল মানবিক কর্মে নিয়োগ করা যায়'— একমাত্র কার সাহায্যে? [ঢা. বো. ২৩]

(ক) মুক্ত বুদ্ধি (খ) মুক্ত বিচার বুদ্ধি
(গ) সদিচ্ছা (ঘ) সুবুদ্ধি

উত্তর: খ

১৪. 'মানবিক বৃত্তি' বলতে আমরা যেটিকে বুঝি— [রা. বো. ২৩]

i. মানবতা ii. দয়া iii. সেবা

নিচের কোনটি সঠিক?

(ক) i (খ) i ও ii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

উত্তর: ক

১৫. মানব-কল্যাণ' প্রবন্ধ অনুসারে সত্যিকারের মানবকল্যাণ হলো— [রা. বো. ২৩]

i. মহৎ চিন্তা-ভাবনারই ফসল
ii. ভিক্ষুককে ভিক্ষা প্রদান
iii. গভীর মূল্যবোধের উৎসারণ

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

উত্তর: খ

নিচের উদ্দীপকটি পড়ে ১৬ ও ১৭ নম্বর প্রশ্নের উত্তর দাও: [সি. বো. ২৩]

গাভী কভু নাহি করে নিজ দুগ্ধ পান
কাষ্ঠ দগ্ধ হয়ে করে পরে অন্ন দান।

১৬. উদ্দীপকের ভাব 'মানব কল্যাণ' প্রবন্ধের কোন দিকের প্রতিফলন?

(ক) পরোপকার (খ) আত্মোৎসর্গ
(গ) প্রতিদান (ঘ) পরনির্ভরতা

উত্তর: ক

১৭. প্রবন্ধ ও উদ্দীপকে যে বক্তব্য ফুটে উঠেছে, তা হচ্ছে—

i. মানবসেবা
ii. মনুষ্যত্ববোধ
iii. জীবে প্রেম

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

উত্তর: ঘ

১৮. 'মানব-কল্যাণ' প্রবন্ধটি প্রথম কোন গ্রন্থে সংকলিত হয়? [য. বো. ২৩]

(ক) রাঙা প্রভাব (খ) মাটির পৃথিবী
(গ) মৃতের আত্মহত্যা (ঘ) মানবতন্ত্র

উত্তর: ঘ

১৯.'মানব-কল্যাণ' প্রবন্ধে আবুল ফজল চেয়েছেন- [ব. বো. ২৩]

(ক) মুক্তবুদ্ধির বিকাশ (খ) পারস্পরিক সম্প্রীতি
(গ) সাম্যবাদী সমাজ (ঘ) পট পরিবর্তন

উত্তর: ক

২০. 'মানব কল্যাণ' প্রবন্ধটি লেখকের কোন গ্রন্থ থেকে নেওয়া হয়েছে? [ঢা. বো. ২২; ব. বো. ২২]

(ক) চৌচির (খ) রাঙা প্রভাত
(গ) মানবতন্ত্র (ঘ) মাটির পৃথিবী

উত্তর: গ

২১. প্রাবন্ধিক আবুল ফজল কত সালে 'মানব-কল্যাণ' প্রবন্ধটি রচনা করেন? [কু. বো. ২২]

(ক) ১৯৭২ (খ) ১৯৭৩

(গ) ১৭৪ (ঘ) ১৯৭৫

উত্তর: ক

২২. মানব কল্যাণ হচ্ছে- [ব. বো. ২২]

i. দান-খয়রাত করা

ii. স্বাবলম্বনের পথ দেখানো

iii. মানুষের মর্যাদা বৃদ্ধি করা

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii

(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

উত্তর: গ

২৩. নিচের কোন বিষয়ের সাথে মানব কল্যাণের গভীর সম্পর্ক রয়েছে? [কু. বো. ২২]

i. মর্যাদাবোধ

ii. প্রচুর ধন-সম্পদ

iii. মানবিক চেতনার বিকাশ

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii

(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

উত্তর: খ

# মাসি-পিসি

## জ্ঞানমূলক প্রশ্ন

১. **'ছেলের মুখ দেখে পাষাণ নরম হয়'- উক্তিটি কার?**
উত্তর: 'ছেলের মুখ দেখে পাষাণ নরম হয়'- উক্তিটি পিসির।

২. **'মাসি-পিসি' গল্পটির লেখক কে?**
উত্তর: 'মাসি-পিসি' গল্পটির লেখক মানিক বন্দ্যোপাধ্যায়।

৩. **মানিক বন্দ্যোপাধ্যায়ের পিতৃপ্রদত্ত নাম কী?**
উত্তর: মানিক বন্দ্যোপাধ্যায়ের পিতৃপ্রদত্ত নাম প্রবোধকুমার বন্দ্যোপাধ্যায়।

৪. **'মাসি-পিসি' গল্পে উল্লিখিত বাবুর নাম কী?**
উত্তর: 'মাসি-পিসি' গল্পে উল্লিখিত বাবুর নাম গোকুল।

৫. **হাতে দুটো পয়সা এলে কার স্বভাব বদলে যায়?**
উত্তর: হাতে দুটো পয়সা এলে কৈলাশের স্বভাব বদলে যায়।

৬. **'মাসি-পিসি' গল্পে চৌকিদারের নাম কী?**
উত্তর: 'মাসি-পিসি' গল্পে চৌকিদারের নাম কানাই।

৭. **"খুনসুটি রাখো দিকি কৈলেশ তোমার।"- উক্তিটি কার?**
উত্তর: 'খুনসুটি রাখো দিকি কৈলেশ তোমার'- উক্তিটি মাসির।

৮. **'পাতাশূন্য শুকনো গাছটায়' কারা বসেছে?**
উত্তর: 'পাতাশূন্য শুকনো গাছটায়' শকুনরা বসেছে।

৯. **'সালতি' কী?**
উত্তর: 'সালতি' হলো শালকাঠে নির্মিত বা তালগাছের সরু ডোঙা।

১০. **মাসি-পিসি' গল্পে বর্ণিত বুড়ো লোকটির নাম কী?**
উত্তর: 'মাসি-পিসি' গল্পে বর্ণিত বুড়ো লোকটির নাম রহমান।

## অনুধাবনমূলক প্রশ্ন

১. **আহ্লাদিকে দেখে বুড়ো রহমানের চোখ ছল-ছল করে ওঠে কেন?**
উত্তর: আহ্লাদিকে দেখে তার নিজের মেয়ের কথা মনে হওয়ায় বুড়ো রহমানের চোখ ছলছল করে।
আহ্লাদির চেয়ে বয়সে ছোটো মেয়েটাকে রহমান বিয়ে দিয়েছিল। অবুঝ মেয়েটা শ্বশুরবাড়ি না যাওয়ার জন্য খুব কেঁদেছিল। কিন্তু তার ভালোর জন্যই তাকে জোর করে শ্বশুরবাড়ি পাঠায় রহমান। সেখানে গিয়ে অল্পদিন পরেই তার মেয়ে মারা যায়। একই সমস্যার শিকার আহ্লাদিকে দেখে মেয়ের কথা মনে হওয়ায় বুড়ো রহমানের চোখ ছলছল করে।

২. **আহ্লাদি স্বামীর বাড়ি যেতে চায় না কেন?**
**উত্তর:** পিতৃমাতৃহীন আহ্লাদি নির্মম নির্যাতনের ভয়ে স্বামীর বাড়ি যেতে চায় না। 'মাসি-পিসি' গল্পে মাদকাসক্ত জগু লোভী ও বদ স্বভাবের লোক। আহ্লাদিকে সে নির্মমভাবে নির্যাতন করে। তাকে না খাইয়ে রাখে; কলকেপোড়া ছ্যাঁকা দেয়। এছাড়াও সারা দিন-রাত খুঁটির সঙ্গে দড়ি দিয়ে বেঁধে রাখে। জগুর লাথির চোটে মুমূর্ষু আহ্লাদি মাসি-পিসির কাছে চলে আসে। সে ভয় পায় যে, স্বামীর কাছে গেলে তাকে খুন করা হবে। এসব কারণে সে স্বামীর বাড়ি যেতে চায় না।

৩. **'মোরা নয় মরব।' -পিসির এ উক্তি কীসের ইঙ্গিত বহনকারী? বুঝিয়ে দাও।**
**উত্তর:** প্রশ্নোক্ত উক্তিটির মাধ্যমে বদমায়েশ কানাই ও তার দলের বিরুদ্ধে পিসির প্রতিবাদী চেতনা ও দৃঢ় মনোভাবের পরিচয় প্রকাশ পায়।
'মাসি-পিসি' গল্পে মাসি ও পিসি দুজনেই বিধবা। তাঁরা আহ্লাদিকে আগলে রেখেছেন সকল লম্পটের কুদৃষ্টি থেকে। রাতের বেলা ষড়যন্ত্র করে কানাই ও তার দল মাসি ও পিসিকে কাছারিতে নিয়ে যেতে চাইলে মাসি ও পিসি তার কুমতলব বুঝতে পারেন। কৌশলে কানাই ও তার দল আহ্লাদির কোনো ক্ষতি করতে পারে তা মাসি ও পিসি দুজনেই টের পান। তাই তাঁরাও প্রতিরোধ গড়ে তোলেন কানাই ও তার দলের বিরুদ্ধে। মাসি ও পিসি রাতের বেলা কাছারিতে না যাওয়ার সিদ্ধান্তে কতটা দৃঢ়প্রতিজ্ঞ তা বোঝা যায় পিসির প্রশ্নোক্ত উক্তিতে।

৪. **"অতি সন্তর্পণে তারা বিছানা ছেড়ে ওঠে।"- কাদের সম্পর্কে এবং কেন বলা হয়েছে?**
**উত্তর:** মাসি-পিসি সম্পর্কে এ উক্তি করা হয়েছে।
সাধু বৈদ্য ও ওসমানের দল আবার আসতে পারে এই আশঙ্কায় মাসি- পিসি রাতে সজাগ থাকার পরিকল্পনা করে এবং গুন্ডাদের আক্রমণ প্রতিহত করার জন্য প্রস্তুতি নিতে থাকে। তাদের এই প্রস্তুতির কারণে আহ্লাদির যেন ঘুমে ব্যাঘাত না ঘটে সেজন্যই মাসি-পিসি সন্তর্পণে বিছানা ছাড়ে।

৫. **"ছেলের মুখ দেখে পাষাণ নরম হয়,"- এখানে 'পাষাণ' কথাটি দ্বারা কী বোঝানো হয়েছে?**
**উত্তর:** প্রশ্নোক্ত উক্তিটিতে 'পাষাণ' শব্দটি দ্বারা নির্যাতক পুরুষের নিষ্ঠুর মানসিকতাকে বোঝানো হয়েছে।
সন্তানের প্রতি পিতামাতা স্বভাবতই সংবেদনশীল হয়। অপত্যস্নেহের বশবর্তী হয়ে কঠিন হৃদয়ের মানুষও আবেগে আপ্লুত হয়। আর তাই সন্তানের প্রতি স্নেহের কারণে স্ত্রী নির্যাতনকারী কঠিন হৃদয়ের পুরুষও অনেক সময় স্ত্রীর প্রতি যত্নশীল হয়। আলোচ্য উক্তিটিতে 'পাষাণ' শব্দটি দ্বারা স্ত্রীর প্রতি নির্দয় ও কঠিন মানসিকতার পুরুষদের প্রতিই ইঙ্গিত করা হয়েছে।

## বহুনির্বাচনি অভীক্ষা

**নিচের উদ্দীপকটি পড়ে ১ ও ২ নম্বর প্রশ্নের উত্তর দাও:** [রা. বো ২৩]

ট্রেনে উঠেই বুড়ো লোকটাকে দেখলাম। সে আমার দিকে তাকাল করুণ দৃষ্টিতে। জানি না, আমার মতো তার একটা ছেলে ছিল কি না।

১. **উদ্দীপকের বুড়ো লোকটার সাথে 'মাসি-পিসি' গল্পের কোন চরিত্রটি সমতা সৃষ্টি করে?**
(ক) কানাই　(খ) কৈলাশ
(গ) গোকুল　(ঘ) রহমান
**উত্তর:** ঘ

২. **উদ্দীপকের মধ্যে যে ভাবটি প্রকাশ পেয়েছে 'মাসি-পিসি' গল্পের আলোকে এ ভাবকে বলা যায়-**
i. পিতার ভালোবাসা
ii. সন্তান বাৎসল্য
iii. হারানোর যন্ত্রণা
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii　(খ) i ও iii
(গ) ii ও iii　(ঘ) i, ii ও iii
**উত্তর:** ঘ

**নিচের উদ্দীপকটি পড়ে ৩ ও ৪ নম্বর প্রশ্নের উত্তর দাও:** [ব. বো. ২৩]

গার্ড: রেলের প্লাটফর্মে ঘুমিয়ে পরিবেশ নোংরা করছ কেন? সরে যাও, না হয় জেলে পাঠাব।
সবুরা: জেলেরে ভয়ে পাই না, ছেলেমেয়ে সবসহ নিয়ে যাও। ঐখানে দুমুঠ খেতে দিবা। আগে বাঁচি, তারপর দেখব সুন্দর।

৩. **উদ্দীপকের সুবরার উক্তির সাথে 'মাসি-পিসি' গল্পের কোন বাক্যের মিল আছে?**
(ক) মাসি বলল, "জেলে নয় গেলাম কৈলেশ"
(খ) ভাঁওতা দিয়ে আমাদের দমাবার ফিকির সব।
(গ) মারাত্মক ভঙ্গিতে বঁটি আর দা উঁচু হয় মাসি-পিসির।
(ঘ) পিসি বলে, "মোরা নয় মরব।"
**উত্তর:** ক

৪. **উদ্দীপকের সবুরার মধ্যে রয়েছে 'মাসি-পিসি' গল্পের মাসি-পিসির-**
i. দুঃসাহসিকতা
ii. তেজ
iii. বাক্সটুতা
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii　(খ) i ও iii
(গ) ii ও iii　(ঘ) i, ii ও iii

উত্তর: ক

৫. মানিক বন্দ্যোপাধ্যায় কত সালে জন্মগ্রহণ করেন? [ঢা. বো ২৩, রা. বো. ২৩, রা. বো. ১৬]

(ক) ১৮০৮ (খ) ১৮৩৮

(গ) ১৯০৮ (ঘ) ১৯৩৮

উত্তর: গ

৬. 'মাসি-পিসি' গল্পে চায়ের দোকান কোথায় অবস্থিত? [দি. বো. ২৩]

(ক) পুলের কাছে (খ) গঞ্জের বাজারে

(গ) খারের ধারে (ঘ) কাছারি বাড়িতে

উত্তর: ক

৭. 'জগু আর সেই জগু নেই'- বলতে জগু চরিত্রের কোনটিকে বোঝানো হয়েছে? [সি. বো. ২৩, য. বো. ২২]

(ক) লোভ দূরীকরণ (খ) চারিত্রিক পরিবর্তন

(গ) আর্থিক সমৃদ্ধি (ঘ) মানসিক বিকৃতি

উত্তর: খ

৮. 'দারোগাবাবু এসে বসে আছেন বাবুর সাথে। 'মাসি-পিসি' গল্পের এ বাক্যে প্রকাশ পায়- [সকল বো. ১৮, কু. বো. ২৩]

i. বাবুর সাথে দারোগাবাবুর সুসম্পর্ক রয়েছে

ii. দারোগাবাবুর হুকুম পালন করতে হবে

iii. দারোগাবাবু মাসি-পিসির বিচার করতে এসেছেন

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii

(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

উত্তর: ঘ

৯. 'মাসি-পিসি' গল্পে মাসি ও পিসির একাত্মতার কারণ কোনটি? [ম. বো. ২৩]

i. উভয়েই বিধবা

ii. আহ্লাদির প্রতি দায়িত্বশীলতা

iii. জীবন সংগ্রাম

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii

(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

উত্তর: ঘ

১০. 'মাসি-পিসি' গল্পে কার মাথায় ফেটিবাঁধা বাবরি চুল ছিল? [ম. বো. ২৩]

(ক) জগুর (খ) ওসমানের

(গ) বৈদ্যের (ঘ) কৈলাশের

উত্তর: খ

১১. নিজেকে তার ছ্যাঁচড়া, নোংরা, নর্দমার মতো লাগে।'- কার সম্পর্কে বলা হয়েছে? [য. বো. ২৩]

(ক) মাসি (খ) পিসি

(গ) আহ্লাদি (ঘ) জগু

উত্তর: গ

১২. 'মাসি-পিসি' গল্পে 'বজ্জাত হোক, খুনে হোক, জামাই তো।'- বাক্যটিতে প্রকাশ পেয়েছে- [ঢা. বো. ২৩, ব. বো. ১৬]

(ক) কুসংস্কার (খ) জামাইপ্রীতি

(গ) প্রথানুগত্য (ঘ) জামাইভীতি

উত্তর: গ

১৩. মানিক বন্দ্যোপাধ্যায়ের পিতৃপ্রদত্ত নাম কী? [সি. বো. ২২]

(ক) সুবোধকুমার বন্দ্যোপাধ্যায়

(খ) প্রভাতকুমার বন্দ্যোপাধ্যায়

(গ) প্রবোধকুমার বন্দ্যোপাধ্যায়

(ঘ) সরোজকুমার বন্দ্যোপাধ্যায়

উত্তর: গ

১৪. 'মাঝখানে গুটিশুটি হয়ে বসে আছে অল্পবয়সি একটি বৌ'- বৌটি কে? [ঢা. বো. ২২]

(ক) জমিলা (খ) রহিমা

(গ) আহ্লাদি (ঘ) বিলাসী

উত্তর: গ

১৫. 'এসব একরকম ছেড়ে দিয়েছে জগু'- এখানে 'ওসব' বলতে কী বোঝানো হয়েছে? [সি. বো. ২২]

(ক) মারধর করা (খ) মামলা-মোকদ্দমা করা

(গ) গালমন্দ করা (ঘ) নেশা করা

উত্তর: ঘ

১৬. 'বজ্জাত হোক, খুনে হোক, জামাই তো।'- 'মাসি-পিসি' গল্পের পিসির এই উক্তির মধ্য দিয়ে প্রকাশ পেয়েছে- [কু. বো. ২২]

(ক) সামাজিকতা ও দায়িত্ববোধ

(খ) মানবিকতা ও কল্যাণবোধ

(গ) সৌজন্য ও আত্মীয়তা

(ঘ) চাতুর্য ও কৌশল

উত্তর: ক

১৭. 'মাসি-পিসি' গল্পে অল্পদিন আগে কার মেয়েটা শ্বশুরবাড়িতে মরেছে? [কু. বো. ১৬]
(ক) কৈলাসের (খ) গোকুলের
(গ) রহমানের (ঘ) কানাইয়ের
উত্তর: গ

১৮. 'মাসি-পিসি' গল্পটি নিচের কোন গ্রন্থে সংকলিত হয়েছে? [দি. বো.১৭]
(ক) প্রাগৈতিহাসিক (খ) পরিস্থিতি
(গ) আজ কাল পরশুর গল্প (ঘ) সরীসৃপ
উত্তর: খ

১৯. আহ্লাদি ও বুড়ো রহমানের কন্যা- তারা দুজনই- [কু. বো. ১৯]
(ক) সুন্দরী (খ) নির্যাতিতা
(গ) শিক্ষিতা (ঘ) অশিক্ষিতা
উত্তর: খ

২০. আহ্লাদিকে তার স্বামী যেভাবে নিয়ে যাবে বলে কৈলাশকে জানায়- [ঢা. বো. ১৬]
(ক) নৌকায় করে (খ) জোর খাটিয়ে
(গ) মামলা করে (ঘ) কৌশল করে
উত্তর: গ

২১. 'জেলে নয় গেলাম কৈলেশ, কিন্তু মেয়া যদি প্লেয়ামির কাছে না যেতে চায় খুন হবার ভয়ে?'- উক্তিটিতে প্রকাশ পেয়েছে মাসি-পিসি চরিত্রের- [ঢা. বো. ১৭]
(ক) সাহসিকতা ও বাগাড়ম্বরতা
(খ) সাহসিকতা ও বুদ্ধিমত্তা
(গ) আইন সচেতনতা ও বাগাড়ম্বরতা
(ঘ) আইন সচেতনতা ও বুদ্ধিমত্তা
উত্তর: খ

২২. 'মাসি-পিসি' গল্পে কোন রোগটি মহামারির অন্তর্ভুক্ত? [রা বো. ১৭]
(ক) টাইফয়েড (খ) বসন্ত
(গ) কলেরা (ঘ) জন্ডিস
উত্তর: গ

২৩. 'মাসি-পিসি' গল্পে আহ্লাদির বাবা কী রোগে মারা গিয়েছিল? [কু. বো. ১৭]
(ক) প্লেগ (খ) যক্ষ্মা
(গ) বসন্ত (ঘ) কলেরা
উত্তর: ঘ

ব্যাখ্যা: কলেরা একটি পানিবাহিত সংক্রামক রোগ। ভিব্রিও কলেরি নামক ব্যাকটেরিয়ার আক্রমণে এই রোগ হয়ে থাকে। এ রোগে পাতলা পায়খানা হওয়ার ফলে দেহে পানিশূন্যতার সৃষ্টি হয়। পূর্বে এ রোগের যথাযথ চিকিৎসা না থাকায় কোনো ব্যক্তির এ রোগ হলে অধিকাংশ সময় সে মারা যেত।

২৪. কলেরায় আহ্লাদির পরিবার কতজন সদস্যকে হারিয়েছিল? [ব. বো ২২]
(ক) ২ (খ) ৩
(গ) ৪ (ঘ) ৫
উত্তর: খ

২৫. আহ্লাদি পরিবারের তিনজন সদস্য কোন অসুখে মারা গিয়েছিল? [ব. বো. ২২]
(ক) টাইফয়েড (খ) বসন্ত
(গ) কলেরা (ঘ) জন্ডিস
উত্তর: গ

২৬. 'দুজনে মিলে কাজ করছে যেন একজন করছে।'- উক্তিটি দিয়ে বোঝানো হয়েছে; মাসি-পিসির- [য. বো. ২৩]
(ক) আত্মীয়তা (খ) বোঝাপড়া
(গ) সখ্য (ঘ) আন্তরিকতা
উত্তর: খ

২৭. 'কে এগিয়ে আসবে এসো, বঁটির এক কোপে গলা ফাঁক করে দেবো।'- এখানে কী বুঝিয়েছে? [দি. বো. ১৬]
(ক) যদি এগিয়ে আসো তবে মারা পড়বে
(খ) অবশ্যই দু-একটাকে কাটব
(গ) দু-একটাকে না মেরে শান্তি নেই
(ঘ) এগিয়ে না এলে গলা কাটব
উত্তর: ক

২৮. মাসি ও পিসি কেন কাছারি যেতে রাজি হয়নি? [দি. বো. ২২]
(ক) যেতে ইচ্ছা করছিল না বলে
(খ) বাড়িতে চুরি হওয়ার ভয়ে
(গ) নির্যাতনের শিকার হওয়ার ভয়ে
(ঘ) আহ্লাদির নিরাপত্তাজনিত কারণে
উত্তর: ঘ

২৯. 'মাসি-পিসি' গল্পে শেষ পর্যন্ত ঔজ্জ্বল্য লাভ করেছে- [য. বো. ১৬]
(ক) মাসি-পিসির বুদ্ধিদীপ্ত প্রতিরোধ
(খ) আহ্লাদির জীবনসংগ্রাম

(গ) মাসি-পিসির মধ্যকার ঐক্য
(ঘ) আহ্লাদির প্রতি জগুর আকর্ষণ
**উত্তর:** ক

**৩০ মাসি-পিসি কাঁথা-কম্বল ভিজিয়ে রাখে- [ব. বো. ১৭]**
(ক) যুদ্ধের আয়োজন হিসেবে
(খ) জমিদারদের দেওয়া আগুন নেভাতে
(গ) অনেক দিন অপরিচ্ছন্ন ছিল বলে
(ঘ) পেয়াদাদের জাপটে ধরতে
**উত্তর:** ক

**৩১. আহ্লাদিকে রক্ষার জন্য মাসি-পিসির প্রচেষ্টায় তাদের চরিত্রের যে দিকটি প্রকাশ পেয়েছে তা হলো-[য. বো. ১৬]**
(ক) দায়বদ্ধতা থেকে মুক্তি (খ) সংগ্রামশীলতা
(গ)মানবিকতা (ঘ) অস্তিত্ব রক্ষা
**উত্তর:** খ

**৩২. 'মাসি-পিসি' গল্পে মাসি ও পিসির একদেহ একমন হয়ে যাওয়ার কারণ কোনটি? [ঢা . বো. ১৯]**
i. দুজনেই বিধবা
ii. আহ্লাদিকে দেখাশোনা
iii. নিজেদের বেঁচে থাকার সংগ্রাম
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii
**উত্তর:** গ

**৩৩. যে শক্তির দ্বারা মাসি-পিসি আহ্লাদিকে প্রতিকূল পরিবেশ থেকে বাঁচাতে সক্ষম হয়েছিল, তা হচ্ছে- [রা. বো. ১৬]**
i. সাহস
ii. ঐক্য
iii. গায়ের জোর
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii
**উত্তর:** ক

**নিচের উদ্দীপকটি পড়ে ৩৪ ও ৩৫ নম্বর প্রশ্নের উত্তর দাও: [রা. বো. ২২]**
"শুনি রাজা কহে, 'বাপু, জান তো হে, করেছি বাগানখানা পেলে দুই বিঘে প্রস্থে ও দীঘে সমান হইবে টানা ওটা দিতে হবে।"

**৩৪. উদ্দীপকের রাজার সাথে 'মাসি-পিসি' গল্পের সাদৃশ্য চরিত্র কোনটি?**
(ক) ঘোষ মশায় (খ) বিপিন
(গ) জনাদ্দন (ঘ) গোকুল
**উত্তর:** ঘ

**৩৫. উদ্দীপকে 'মাসি-পিসি' গল্পের কোন দিকটি প্রকাশ পেয়েছে?**
(ক) দুর্বলের ওপর উৎপীড়ন (খ) অসহায়ের আক্ষেপ
(গ) আধিপত্যবাদ (ঘ) নীরব প্রতিবাদ
**উত্তর:** গ

**উদ্দীপকটি পড়ো ৩৬নং প্রশ্নের উত্তর দাও: [ব. বো. ২২]**
স্বামী পরিত্যক্তা হতদরিদ্র জয়গুন সূর্য-দীঘল বাড়িতে একা বসবাস করে।

**৩৬. উদ্দীপকের জয়গুন 'মাসি-পিসি' গল্পে কার প্রতিনিধিত্ব করছে?**
(ক) মাসি (খ) পিসি
(গ) মাসি-পিসি (ঘ) আহ্লাদি
**উত্তর:** গ

**নিচের উদ্দীপকটি পড়ে ৩৭ ও ৩৮ নম্বর প্রশ্নের উত্তর দাও: [দি. বো. ২২]**
কারণে-অকারণে বউকে প্রহার করা তাহেরের অভ্যাস। নির্যাতন সইতে না পেরে তার বউ অবশেষে আত্মহত্যা করে। তাহের পুনরায় বিয়ে করে এবং আবারও স্ত্রীর ওপর অত্যাচার শুরু করে।

**৩৭. উদ্দীপক ও 'মাসি-পিসি' গল্পের সাদৃশ্যপূর্ণ দিক হলো-**
(ক) পুরুষের আধিপত্যবাদ (খ) নারীর অসহায়ত্ব
(গ) নারী নির্যাতন (ঘ) উগ্রতা
**উত্তর:** গ

**৩৮. উদ্দীপকের তাহের 'মাসি-পিসি' গল্পের কোন চরিত্রের সাথে সাদৃশ্যপূর্ণ?**
(ক) কানাই (খ) কৈলাশ
(গ) গোকুল (ঘ) জগু
**উত্তর:** ঘ

**নিচের উদ্দীপকটি পড়ে ৩৯ ও ৪০ নম্বর প্রশ্নের উত্তর দাও: [য. বো. ১৯]**

জহির রায়হানের 'হাজার বছর ধরে' উপন্যাসের গ্রামীণ যুবক আবুল বউ পিটিয়ে আনন্দ উপভোগ করে।

**৩৯. উদ্দীপকের আবুলের সাথে 'মাসি-পিসি' গল্পের কোন চরিত্রের মিল রয়েছে?**

(ক) কানাই (খ) কৈলাশ
(গ) গোকুল (ঘ) জগু

**উত্তর:** ঘ

**৪০. 'মাসি-পিসি' গল্পের উক্ত চরিত্রের সাথে উদ্দীপকের আবুলের সাদৃশ্য কোথায়?**

(ক) স্ত্রীর প্রতি নিষ্ঠুর আচরণে
(খ) স্ত্রীর প্রতি অবজ্ঞায়
(গ) স্ত্রীর প্রতি নির্যাতনে
(ঘ) স্ত্রী র প্রতি কর্তৃত্বপরায়ণতায়

**উত্তর:** গ

**নিচের উদ্দীপকটি পড়ে ৪১ ও ৪২ নম্বর প্রশ্নের উত্তর দাও:** [সি. বো. ১৬]

হঠাৎ দাওয়া থেকে ছুটে এসে মুহূর্তে হালিমার চুলের গোহাটা ধরল আবুল। তারপর কোনো চিন্তা না করে সজোরে একটা লাথি বসিয়ে দিল ওর তলপেটে। উহ্! মাগো বলে পেটটা চেপে ধরে মাটিতে বসে পড়ল হালিমা।

**৪১. উদ্দীপকের আবুলের সঙ্গে 'মাসি-পিসি' গল্পের যে চরিত্রের সাদৃশ্য রয়েছে-**

(ক) কানাই (খ) কৈলাশ
(গ) গোকুল (ঘ) জগু

**উত্তর:** ঘ

**৪২. উদ্দীপকের সঙ্গে 'মাসি-পিসি' গল্পের যে দিকটি সংগতিপূর্ণ-**

(ক) নারীর সংগ্রামী মনোভাব (খ) নারীর নির্যাতিত রূপ
(গ) সমাজের লিজাবৈষম্য (ঘ) শাশ্বত মাতৃত্বের মহিমা

**উত্তর:** খ

**নিচের উদ্দীপকটি পড়ে ৪৩ ও ৪৪ নম্বর প্রশ্নের উত্তর দাও:** [সি. বো. ১৭]

বাংলাদেশের অনেক পরিবার যৌতুকের জন্য পুত্রবধূকে নির্যাতন করে। এমনই নির্যাতনের শিকার মমতা। মমতা তার স্বামী ও স্বামীর পরিবারের সকলকে বোঝানোর চেষ্টা করে। কিন্তু স্বামীর পরিবারের লোকজন তো দূরের কথা, তার স্বামীই কিছু বুঝতে চায় না। তাই মমতা বাধ্য হয়ে স্বামী-সংসার ত্যাগ করে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক হিসেবে চাকরি গ্রহণ করে।

**৪৩. উদ্দীপকের মমতা তোমার পঠিত কোন চরিত্রের প্রতিনিধিত্ব করে?**

(ক) কানাই (খ) কৈলাশ
(গ) গোকুল (ঘ) আহ্লাদি

**উত্তর:** ঘ

**৪৪. প্রতিনিধিত্বের কারণ-**

i. প্রতিবাদী মানসিকতা
ii. পেশাগত জীবন
iii. বৈবাহিক অবস্থা

**নিচের কোনটি সঠিক?**

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**উত্তর:** ক

**নিচের উদ্দীপকটি পড়ে ৪৫ ও ৪৬নম্বর প্রশ্নের উত্তর দাও:** [চ. বো ২২]

তারাপুর গ্রামের মেয়ে রাবেয়া। শ্বশুরবাড়ির নির্যাতন সইতে না পেরে ফুফু সলিমা বেগমের কাছে পালিয়ে আসে। গ্রামের মাতব্বর নারীলোভী জয়নালের কুদৃষ্টি পড়ে রাবেয়ার ওপর। কিন্তু সলিমা বেগম জননী সাহসিকা। তিনি দৃঢ়প্রত্যয়ী মা- পাখির মতো আগলে রাখেন অনাথ ভাইঝি রাবেয়াকে।

**৪৫. সলিমা বেগম 'মাসি-পিসি' গল্পের কোন চরিত্রের প্রতিনিধিত্ব করছেন?**

(ক) মাসি-পিসি (খ) পিসি
(গ) মাসি (ঘ) আহ্লাদি

**উত্তর:** ক

**৪৬. উদ্দীপকে 'মাসি-পিসি' গল্পের কোন দিকটির প্রতিফলন ঘটেছে?**

(ক) নারীর সহনশীলতা (খ) পুরুষের লালসা
(গ) পণপ্রথা (ঘ) জীবনসংগ্রাম

**উত্তর:** খ

**নিচের উদ্দীপকটি পড়ে ৪৭ও ৪৮ নম্বর প্রশ্নের উত্তর দাও:** [ম. বো ২২]

"শুনি রাজা কহে, 'বাপু, জান তো হে, করেছি বাগানখানা পেলে দুই বিঘে প্রস্থে ও দীঘে সমান হইবে টানা ওটা দিতে হবে।"

৪৭. **উদ্দীপকের রাজার সাথে 'মাসি-পিসি' গল্পের সাদৃশ্য চরিত্র কোনটি?**
(ক) কানাই (খ) কৈলাশ
(গ) গোকুল (ঘ) জগু
**উত্তর:** গ

৪৮. **উদ্দীপকে 'মাসি-পিসি' গল্পের কোন দিকটি প্রকাশ পেয়েছে?**
(ক) দুর্বলের ওপর উৎপীড়ন
(খ) অসহায়ের আক্ষেপ
(গ) আধিপত্যবাদ
(ঘ) নীরব প্রতিবাদ
**উত্তর:** ঘ

**নিচের উদ্দীপকটি পড়ে ৪৯ ও ৫০ নম্বর প্রশ্নের উত্তর দাও:** [কু বো. ২২]
'মুক্তিযোদ্ধা মেজর শামসুল আলম স্কুল ও কলেজ'-এর নবম শ্রেণির ছাত্রী লায়লা এলাকার কিছু দুষ্ট লোকের অত্যাচারে স্কুলে যাওয়া বন্ধ করে দেয়। তার সহপাঠীরা এই সংবাদ পেয়ে তার বাড়িতে আসে। তারা লায়লাকে সথে করে স্কুলে নিয়ে যায়। তাদের প্রত্যেকের হাতে থাকে বাঁশের লাঠি। কেউ আর এখন তার দিকে চোখ তুলে তাকায় না।

৪৯. **উদ্দীপকে দুষ্ট লোকদের সাথে কোন চরিত্রের মিল আছে?**
(ক) কানাই (খ) কৈলাশ
(গ) গোকুল (ঘ) জগু
**উত্তর:** ঘ

৫০. **উদ্দীপকের মূলভাবটি 'মাসি-পিসি গল্পের কোন দিকটিকে প্রতিফলিত করে?**
(ক) দায়িত্ববোধ ও বন্ধুত্ব
(খ) ন্যায় ও বন্ধুত্ব
(গ) সামাজিকতা ও দায়িত্ববোধ
(ঘ) ঐক্য ও সাহস
**উত্তর:** ঘ

# রেইনকোট

## জ্ঞানমূলক প্রশ্ন

১. **রেইনকোট' গল্পে আসমা কে?**
**উত্তর:** 'রেইনকোট' গল্পে আসমা গল্পকথক নুরুল হুদার স্ত্রী।

২. **'রেইনকোট' গল্পে পিয়নের নাম কী?**
**উত্তর:** 'রেইনকোট' গল্পের পিয়নের নাম ইসহাক মিয়া।

৩. **কার জন্য নুরুলহুদাকে এক্সট্রা তটস্থ থাকতে হয়?**
**উত্তর:** মুক্তিযোদ্ধা শ্যালক মিন্টুর জন্য নুরুলহুদাকে এক্সট্রা তটস্থ থাকতে হয়।

৪. **অফিসের জন্য কয়টি আলমারি কেনা হয়েছিল?**
**উত্তর:** অফিসের জন্য দশটি আলমারি কেনা হয়েছিল।

৫. **'রেইনকোট' গল্পে উল্লিখিত ঢাকা কলেজের প্রিনসিপালের নাম কী?**
**উত্তর:** রেইনকোট' গল্পে উল্লিখিত ঢাকা কলেজের প্রিনসিপালের নাম ড. আফাজ আহমদ।

৬. **প্রিনসিপাল কাকে তোয়াজ করতেন?**
**উত্তর:** প্রিনসিপাল উর্দুর প্রফেসর আকবর সাজিদকে তোয়াজ করতেন।

৭. **'রেইনকোট' গল্পটি কত সালে প্রকাশিত হয়?**
**উত্তর:** 'রেইনকোট' গল্পটি প্রকাশিত হয় ১৯৯৫ সালে।

৮. **'মিসক্রিয়ান্ট' শব্দের অর্থ কী?**
**উত্তর:** 'মিসক্রিয়ান্ট' শব্দের অর্থ দুষ্কৃতকারী।

৯. **'রেইনকোট ' গল্পের উর্দুর প্রফেসরের নাম কী?**

**উত্তর:** 'রেইনকোট' গল্পের উর্দুর প্রফেসরের নাম আকবর সাজিদ।

১০. **"রাশিয়ার ছিল জেনারেল উইনটার, আমাদের জেনারেল _______" শূন্যস্থানে কী হবে?**

**উত্তর:** রাশিয়ার ছিল জেনারেল উইনটার, আমাদের জেনারেল মনসুন।

## অনুধাবনমূলক প্রশ্ন

১. **'ওই ঘরে আজকাল সহজে কেউ ঘেঁষে না।' কেন ?**

**উত্তর:** প্রিনসিপাল আফাজ আহমদ হিন্দুস্তান ও মুক্তিযোদ্ধাদের পতন কামনা করায় তার কামরায় আজকাল সহজে কেউ ঘেঁষে না।

ঢাকা কলেজের প্রিন্সিপাল আফাজ আহমদ পাকিস্তানের একনিষ্ঠ সমর্থক। তিনি পাক মিলিটারির সকল কাজে সমর্থন ও সহযোগিতা করেন। মুক্তিযোদ্ধা গেরিলারা যাতে সফল না হয় এবং পাকিস্তান যাতে জয় লাভ করে এজন্য সর্বদা তিনি দোয়া-দরুদ পড়েন। তার কামরায় কোন শিক্ষক গেলেই তিনি হিন্দুস্তান ও মিসক্রিয়ান্ট তথা গেরিলা যোদ্ধাদের অবশ্যম্ভাবী পতনের বাণী শোনান। তাই আজকাল ওই ঘরে সহজে কেউ যেতে চায় না।

২. **'ক্রাক-ডাউনের রাত' বলতে কী বোঝায়?**

**উত্তর:** ১৯৭১ সালের ২৫শে মার্চ দিবাগত রাতে পাকিস্তানি বাহিনী ঢাকায় যে ভয়াবহ ধ্বংসযজ্ঞ ও হত্যাকাণ্ড পরিচালনা করেছিল, ক্রাকডাউনের রাত বলতে তাকেই বোঝানো হয়েছে।

১৯৭১ সালে অপ্রত্যাশিতভাবে পাকিস্তানি সেনারা নিরীহ বাঙালির ওপর ঝাঁপিয়ে পড়ে। তারা ২৫শে মার্চের দিবাগত রাতে ঢাকায় ভয়াৰহ ধ্বংসযজ্ঞ চালায়। এই ভয়াবহ হত্যাকাণ্ডের রাতটিকেই 'ক্রাকডাউনের রাত' বলা হয়েছে।

৩. **"মনে হচ্ছে যেন বৃষ্টি পড়ছে রেইনকোটের উপর"— কোন প্রসঙ্গে বলা হয়েছে?**

**উত্তর:** বিরতিহীনভাবে পড়তে থাকা চাবুকের বাড়িকে নুরুল হুদার কাছে মনে হয় যেন বৃষ্টি পড়ছে রেইনকোটের ওপর। মুক্তিযোদ্ধা শ্যালক মিন্টুর রেইনকোটটি পরার পর থেকেই ভীতু প্রকৃতির নুরুল হুদার মাঝে সঞ্চারিত হয় সাহস ও দেশপ্রেমের এক বিচিত্র অনুভূতি। মুক্তিযোদ্ধাদের সাথে নুরুল হুদার সংযোগ থাকার অভিযোগ থাকায় তাকে চাবুক দিয়ে পিটিয়ে তথ্য বের করার চেষ্টা চালায় পাকিস্তানি সেনারা। কিন্তু রেইনকোটটির কারণে তার মাঝে যে প্রেরণার সৃষ্টি হয়েছিল, তা যেন তার চাবুকের আঘাতকে ভুলিয়ে দিয়েছিল। নুরুল হুদার কাছে তাই চাবুকের আঘাতের ব্যাপারটি রেইনকোটের ওপর বৃষ্টি পড়ার মতোই স্বাভাবিক লাগছিল।

৪. **ঠান্ডা হাওয়ার ধাক্কা রেইনকোটের তাপে গরম হয়ে ওঠার কারণ কী?**

**উত্তর:** ঠান্ডা হওয়ার ধাক্কা রেইনকোটের তাপে গরম হয়ে ওঠার কারণ নুরুল হুদার ভেতরে মুক্তিযোদ্ধা শ্যালকের সাহস ও উষ্ণতা সঞ্চারিত হওয়া।

ঢাকা কলেজের সামনে বৈদ্যুতিক ট্রান্সফরমার বিস্ফোরণের ঘটনায় পাক মিলিটারিরা শিক্ষক নুরুল হুদাকে তলব করে। প্রবল বৃষ্টির দিনে তিনি শ্যালক মুক্তিযোদ্ধা মিন্টুর রেইনকোট গায়ে জড়িয়ে বাইরে বের হন। এ রেইনকোটটি একজন মুক্তিযোদ্ধার হওয়ায় এটির মালিকের সাহস তার মধ্যে প্রভাব বিস্তার করে। তাই যে মসজিদ থেকে মুয়াজ্জিনকে পাক মিলিটারীরা গুলি করে ফেলে দিয়েছিল সেখানে উপস্থিত হওয়ার সঙ্গে সঙ্গে নুরুল হুদার মধ্যে বিশেষ ধরনের প্রতিক্রিয়া দেখা দেয়। মুক্তিযোদ্ধা শ্যালকের রেইনকোটের ভেতরে তিনি আলাদা তেজ অনুভব করেন। এ বিষয়টি বোঝাতে বাইরের ঠান্ডা হওয়ার ধাক্কা রেইনকোটের তাপে গরম হয়ে ওঠার কথা বলেন।

৫. **"রাশিয়ার ছিল জেনারেল উইনটার, আমাদের জেনারেল মনসুন। ব্যাখ্যা করো।**

**উত্তর:** 'রেইনকোট' গল্পে মুক্তিযুদ্ধের সময় মুক্তিযোদ্ধাদের জন্য বর্ষা ঋতুর সহায়ক ভূমিকার বিষয়টি বোঝাতে প্রশ্নোক্ত কথাটি বলা হয়েছে। ইতিহাস থেকে জানা যায়, দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় তীব্র শীতের কবলে পড়ে জার্মান বাহিনী রাশিয়ায় পর্যুদস্ত

হয়েছিল। গল্পকার শীত ঋতুকে তাই জেনারেল উইনটার বলেছেন। বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় বর্ষা ঋতুর কারণে পাকিস্তানি বাহিনী একইভাবে পর্যুদস্ত হয়েছিল। বাংলার প্রবল ঝড়-বৃষ্টির সাথে হানাদার বাহিনীর পরিচয় ছিল না। ফলে তাদের মুক্তিযোদ্ধাদের পাশাপাশি বর্ষা ঋতুর সাথেও লড়তে হয়েছিল 'রেইনকোট' গল্পে বর্ষা ঋতুকে তাই রাশিয়ার জেনারেল উইনটারের সাথে তুলনা করে জেনারেল মনসুন বলা হয়েছে।

৬. **"টুপির তেজ কী পানিতেও লাগল নাকি?" ব্যাখ্যা করো।**

**উত্তর:** মুক্তিযোদ্ধার রেইনকোট পরিধান করে ভীতু নুরুল হুদার মাঝে যে সাহসের সঞ্চার ঘটেছে তারই প্রতিফলন বোঝাতে প্রশ্নোক্ত উক্তিটি করা হয়েছে। 'রেইনকোট' গল্পের কেন্দ্রীয় চরিত্র কলেজ শিক্ষক নুরুল হুদা ভীতু প্রকৃতির মানুষ। শ্যালক মুক্তিযুদ্ধে যোগ দেওয়ার পর ভয়ে সে চারবার বাড়ি বদল করেছে। পাকিস্তানি হানাদার বাহিনীর ভয়ে সর্বদা সে ভীত ও সন্ত্রস্ত হয়ে থাকে। একদিন শ্যালক মিন্টুর রেইনকোট পরিধান করে সে সাহসী হয়ে ওঠে। একজন মুক্তিযোদ্ধার রেইনকোট কীভাবে মানুষের মাঝে সাহস, উষ্ণতা ও দেশপ্রেমের সঞ্চার করে- তাঁরই ব্যঞ্জনাময় প্রকাশ ঘটেছে প্রশ্নোক্ত উক্তিটির মধ্য দিয়ে।

৭. **"সত্যি বলেছে? আমার নাম বলেছে?"-নুরুল হুদার এ উত্তেজনার কারণ ব্যাখ্যা করো।**

**উত্তর:** ছদ্মবেশী কুলিরা মিলিটারিদের কাছে ধরা পড়ার পর নুরুল হুদার নাম বলেছে শুনে অবাক হয়ে নুরুল হুদা প্রশ্নোক্ত কথাটি বলেছেন।

'রেইনকোট' গল্পে নুরুল হুদা একজন ভীতু প্রকৃতির মানুষ। কলেজে মিলিটারির জিজ্ঞাসাবাদে যখন তিনি জানতে পারেন, ছদ্মবেশী মিসক্রিয়ান্টরা তাঁর নাম বলেছে তখন নুরুল হুদা আশ্চর্য হন। মুক্তিযোদ্ধাদের সঙ্গে তাঁর আঁতাত রয়েছে এটা ভেবে নুরুল হুদা উত্তেজনায় স্থির থাকতে পারেন না। মিসক্রিয়ান্টদের তাঁর প্রতি এত আস্থা তা ভেবেও নুরুল হুদা অবাক হন। এই পরিপ্রেক্ষিতে নুরুল হুদা মিলিটারির সন্দেহের জবাবে প্রশ্নোক্ত কথাটি বলেছে।

## বহুনির্বাচনি অভীক্ষা

১. **'মিসক্রিয়ান্টরা সব খতম'— এখানে 'মিসক্রিয়ান্ট' বলতে কাদের বোঝানো হয়েছে? [রা. বো. ২৩; চ. বো. ১৬]**

(ক) মুক্তিফৌজ (খ) পাকবাহিনী
(গ) শান্তিবাহিনী (ঘ) মিত্রবাহিনী

**উত্তর:**ক

**ব্যাখ্যা:** মুক্তিযুদ্ধের সময় পাকিস্তানি শাসকগোষ্ঠী বাঙালিদের মুক্তিসংগ্রামকে 'দুষ্কৃতকারীদের অপকর্ম' বলে প্রচার করে। 'রেইনকোট' গল্পে পাকিস্তানি বাহিনীর দৃষ্টিকোণ ব্যবহার করায় মুক্তিযোদ্ধা বা মুক্তিফৌজকে 'মিসক্রিয়ান্ট' বলে উল্লেখ করা হয়েছে।

২. **কোন ঋতুর শেষের বৃষ্টিতে 'রেইনকোট' গল্পের নুরুল হুদার শীত শীত ভাব হয়? [কু. বো. ২৩]**

(ক) শেষ শরতের (খ) শেষ বর্ষার
(গ) শেষ শীতের (ঘ) শেষ হেমন্তের

**উত্তর:**ঘ

৩. **'রেইনকোট' গল্পে মিরপুরের বিল দিয়ে আসা নৌকায় কী ছিল? [ব. বো. ২৩]**

(ক) খাদ্য (খ) অস্ত্র
(গ) সাহায্য (ঘ) আলমারি

**উত্তর:**খ

৪. **'রেইনকোট' গল্পে রেইনকোটটি কীসের প্রতীক? [ম. বো. ২৩; দি. বো. ২৩]**

(ক) দেশপ্রেম (খ) স্বাধীনতা
(গ) প্রতিরোধ (ঘ) সংগ্রাম

**উত্তর:**ক

**নিচের উদ্দীপকটি পড়ে ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও: [সি. বো. ২৩]**

মুক্তিযুদ্ধ চলাকালে রাহাত ভাবল, দেশের এই সংকটময় মুহূর্তে আমি নিশ্চিন্তে ঘরে বসে থাকতে পারি না। তাই এলাকার ১০ জন যুবকের সঙ্গে পরামর্শ করে পাড়ি জমায় প্রশিক্ষণ কেন্দ্রে।

৫. **অনুচ্ছেদের রাহাত চরিত্রের ভাবনা 'রেইনকোট' গল্পে কার মধ্যে খুঁজে পাওয়া যায়?**

(ক) নুরুল হুদা (খ) মিন্টু
(গ) ইসহাক মিয়া (ঘ) আবদুস সাত্তার

**উত্তর:**খ

৬. **উক্ত সাদৃশ্যের অন্তর্নিহিত কারণ—**

i. স্বদেশপ্রেম ii. অসীম সাহসিকতা
iii. স্বাধীনতার আকাঙ্ক্ষা

**নিচের কোনটি সঠিক?**

(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii
উত্তর:ঘ

৭. ডক্টর আফাজ আহমদ 'পাকিস্তানের শরীরের কাঁটা' বলতে বুঝিয়েছেন— [য. বো. ২৩]
(ক) গেরিলা (খ) মিসক্রিয়ান্ট
(গ) জেনারেল (ঘ) শহিদ মিনার
উত্তর:ঘ

৮. 'সবই তো নর্মাল হয়ে আসছে।'- এ বাক্যে প্রকাশিত হয়েছে- [ব. বো. ২৩]
(ক) সম্ভাবনা (খ) ব্যাঙ্গ
(গ) সন্তুষ্টি (ঘ) আশা
উত্তর:খ

৯. 'রেইনকোট' গল্পে মিলিটারি ক্যাম্পটির অবস্থান কোথায় ছিল? [ম. বো. ২৩]
(ক) প্রিন্সিপালের অফিস (খ) প্রিন্সিপালের কোয়ার্টার
(গ) ফুটবল মাঠ (ঘ) জিমন্যাশিয়াম
উত্তর:খ

১০. 'রেইনকোট' গল্পে 'আন অথরাইজড কনস্ট্রাকশন' বলতে বোঝানো হয়েছে— [কু. বো. ২৩]
(ক) কলেজ কম্পাউন্ড (খ) জিমন্যাশিয়াম
(গ) স্মৃতিসৌধ (ঘ) শহিদ মিনার
উত্তর:ঘ

১১. 'রেইনকোট' গল্পে কে এপ্রিলের শুরু থেকে বাংলা বলা ছেড়েছে? [য. বো. ২৩]
(ক) আব্দুস সাত্তার (খ) আকবর সাজিদ
(গ) আফাজ আহমদ (ঘ) ইসহাক মিয়া
উত্তর:ঘ

১২. 'রেইনকোট' গল্পে প্রিনসিপাল কেন সব স্কুল-কলেজ থেকে শহিদ মিনার হটাতে মিলিটারির নিকট নিবেদন করেছিল? [য. বো. ২২]
(ক) হিন্দুয়ানি চিহ্ন বলে
(খ) চেতনা বহন করত বলে
(গ) আনুগত্য প্রকাশ করতে
(ঘ) মিলিটারিদের খুশি করতে
উত্তর:খ

১৩. পাকিস্তান বাঁচাতে হলে স্কুল-কলেজ থেকে শহিদ মিনার হটাতে হবে— এ নিবেদনটি করেছে— [দি. বো. ১৬]
(ক) মিন্টু (খ) ইসহাক
(গ) প্রিনসিপ্যাল (ঘ) নুরুল হুদা
উত্তর:গ

১৪. 'রেইনকোট' গল্পে রেইনকোটটি কার? [ঢা. বো. ১৭]
(ক) মিন্টুর
(খ) নুরুল হুদার
(গ) আবদুস সাত্তারের
(ঘ) ড. আফাজ আহমেদের
উত্তর:ক

১৫. 'একটা জিপ উড়াইয়া দিছে, কমপক্ষে পাঁচটা খানসেনা খতম।' তথ্যটি 'রেইনকোট' গল্পের কোন চরিত্রের মাধ্যমে জানা যায়? [রা. বো. ২২]
(ক) লেখক (খ) নূরুল হুদা
(গ) আসমা (ঘ) দোকানদার
উত্তর:ঘ

১৬. "প্রিনসিপালের কালো মুখ বেগুনি হয়" – কেন? [সি. বো. ২২]
(ক) আনন্দে (খ) বেদনায়
(গ) ভয়ে (ঘ) বিস্ময়ে
উত্তর:গ

১৭. 'রেইনকোট' গল্পের নুরুল হুদা কোন বিষয়ের শিক্ষক? [ব. বো. ২২, কু. বো. ১৬]
(ক) জিওগ্রাফি (খ) বোটানি
(গ) হিস্ট্রি (ঘ) কেমিস্ট্রি
উত্তর:ঘ

১৮. 'রেইনকোট' গল্পে নুরুল হুদার কাকে জড়িয়ে ধরে চুমু খেতে ইচ্ছা করল? [য. বো. ২২]
(ক) পিওনকে (খ) স্ত্রীকে
(গ) মিলিটারিকে (ঘ) প্রিনসিপালকে
উত্তর:ক

**উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০ নম্বর প্রশ্নের উত্তর দাও: [ম. বো. ২২]**

১৯৭১ সাল, জুন-জুলাই মাসে প্রচণ্ড বর্ষা হচ্ছে। বৃষ্টির পানিতে রাস্তা-ঘাট ডুবে গেছে। এই বর্ষায় রাস্তার মধ্যে খাদ বুঝতে না পেরে পাকিস্তানি বাহিনীর একটি জিপ উলটে যায়।

ACADEMIC PROGRAM HSC

shikho

১৯. **উদ্দীপকের প্রাকৃতিক অবস্থাকে 'রেইনকোট' গল্পে কী নামে উপস্থাপন করা হয়েছে?**

(ক) জেনারেল সিজন

(খ) জেনারেল মনসুন

(গ) জেনারেল উইনটার

(ঘ) জেনারেল রেইন

উত্তর:খ

২০. **এ বিষয়টি ১৯৭১ সালে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছিল। কারণ—**

i. পাকিস্তানিদের জন্য প্রতিকূল ছিল

ii. পাকিস্তানিরা এ বিষয়ে উদাসীন ছিল

iii. পাকিস্তানিরা এ বিষয়ে অনভ্যস্ত ছিল

**নিচের কোনটি সঠিক?**

(ক) i ও ii (খ) i ও iii

(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

উত্তর:খ

**নিচের উদ্দীপকটি পড়ে ২১ ও ২২ নম্বর প্রশ্নের উত্তর দাও: [ঢা. বো.; ব. বো. ১৬]**

ইয়েস-নো-ভেরি গুড টাইপ ইংরেজি শিখে বাঙালি রামকানাই ইংরেজ নীলকরদের কাছে নিজেকে বিশ্বস্ত প্রমাণ করার জন্য নীলচাষিদের ওপর অমানবিক নির্যাতনের উপায় বাতলে দেয়। নির্যাতন অসহনীয় হয়ে উঠলে প্রতিরোধ ছাড়া উপায় থাকে না বাঙালি চাষিদের।

২১. **উদ্দীপকের রামকানাই ও 'রেইনকোট' গল্পের ইসহাক মিয়ার সাদৃশ্য—**

i. ভাষা ব্যবহারে

ii. বিদেশি প্রীতিতে

iii. নির্যাতনে সহযোগিতায়

**নিচের কোনটি সঠিক?**

(ক) i ও ii (খ) i ও iii

(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

উত্তর:ঘ

২২. **উদ্দীপক ও 'রেইনকোট' গল্পে যুগপৎ প্রকাশিত হয়েছে—**

(ক) বিদেশি ভাষার আগ্রাসন

(খ) বিদেশি শাসক কর্তৃক সীমাহীন নির্যাতন

(গ) দেয়ালে পিঠ ঠেকে যাওয়া মানুষের সম্মুখ গমন

(ঘ) দেশের জন্য জীবন বাজি রেখে যুদ্ধে ঝাঁপিয়ে পড়া

উত্তর:খ

**নিচের উদ্দীপকটি পড়ে ২৩ ও ২৪ নম্বর প্রশ্নের উত্তর দাও: [সি. বো. ১৬]**

"মোরা একটি ফুলকে বাঁচাবো বলে যুদ্ধ করি
মোরা একটি মুখের হাসির জন্য অস্ত্র ধরি।"

২৩. **উদ্দীপকে 'মোরা' শব্দটি 'রেইনকোট' গল্পের কোন চরিত্রকে প্রতিনিধিত্ব করে?**

(ক) নুরুল হুদা (খ) মিন্টু

(গ) প্রিনসিপ্যাল (ঘ) আকবর সাজিদ

উত্তর:খ

২৪. **উদ্দীপকের ভাবানুষঙ্গ 'রেইনকোট' গল্পের যে দিকটিকে প্রতিফলিত করে-**

(ক) সাবভার্সিভ অ্যাকটিভিটিজ (খ) দেশপ্রেম

(গ) ধ্বংসযজ্ঞ ও গণহত্যা (ঘ) মানবতাবোধ

উত্তর:খ

**নিচের উদ্দীপকটি পড়ে ২৫ ও ২৬ নম্বর প্রশ্নের উত্তর দাও: [কু. বো. ১৯]**

"দূরে কিংবা কখনো খুবই কাছে
যাচ্ছে শোনা ফুটফাট গুলির আওয়াজ, ত্রাসে
বুক কাঁপে, পারি না শুধোতে কে কোথায় গেল মরে, দম বন্ধ করে চুপ করে পড়ে থাকি ঘরের কবরে।"

২৫. **উদ্দীপকের সাথে 'রেইনকোট' গল্পের সাদৃশ্য হলো—**

i. পঁচিশে মার্চের রাতের আক্রমণ

ii. মানুষদের ধরে ক্যাম্পে নিয়ে যাওয়া

iii. গুলির আওয়াজ শুনতে পাওয়া

**নিচের কোনটি সঠিক?**

(ক) i ও ii (খ) i ও iii

(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

উত্তর:খ

২৬. **উদ্দীপকের সাথে 'রেইনকোট' গল্পের যে প্রসঙ্গটি মিলে যায়—**

i. মুক্তিযুদ্ধ চলাকালীন ii. নির্যাতিত বাঙালি

iii. মুক্তিযুদ্ধের মানুষের আত্মত্যাগ

**নিচের কোনটি সঠিক?**

(ক) i ও ii (খ) ii ও iii

(গ) i ও iii (ঘ) i, ii ও iii

উত্তর:ক

**নিচের উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮ নম্বর প্রশ্নের উত্তর দাও:** **[কু. বো. ১৭]**

মেডিকেলের সামনে দিয়ে প্রতিদিনের মতো কর্মস্থলে যাচ্ছিল সদাগরি অফিসের কনিষ্ঠ কেরানি মঞ্জু; হঠাৎ মিছিল আর গুলির শব্দ। ভাষা-আন্দোলনকারীদের সাথে মঞ্জুর ওপরও বেধড়ক লাঠিচার্জ করে পুলিশ বাহিনী। তারপর থেকে মঞ্জুও হয়ে ওঠে ভাষা আন্দোলনের সক্রিয় কর্মী।

**২৭. উদ্দীপকের 'পুলিশ বাহিনী' 'রেইনকোট' গল্পে কাকে প্রতিনিধিত্ব করে?**

(ক) রাজাকার (খ) মিলিটারি
(গ) পুলিশ (ঘ) মিসক্রিয়ান্ট

উত্তর:খ

**২৮. উদ্দীপকের মঞ্জু ও 'রেইনকোট' গল্পের নুরুল হুদার চারিত্রিক ঐক্য—**

(ক) কর্মে (খ) শিক্ষায়
(গ) ভাষা চেতনায় (ঘ) চেতনার পরিবর্তনে

উত্তর:ঘ

**নিচের উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০ নম্বর প্রশ্নের উত্তর দাও:** **[য. বো. ১৭]**

পিতৃহীন সরল প্রকৃতির মৃদুলকে প্রভাবশালী মীর সাহেবের লোকেরা ধরে নিয়ে যায় এবং একটা মিথ্যা দলিলে স্বাক্ষর করতে বলে। মৃদুলের মনে পড়ে যায় বাবার শেষ উপদেশের কথা— 'অন্যায়ের কাছে কখনো মাথা নত করো না।' বিপদের সম্ভাবনা জেনেও মৃদুল তার সিদ্ধান্তে অটল থাকে।

**২৯. উদ্দীপকের মৃদুল 'রেইনকোট' গল্পের কোন চরিত্রের প্রতিনিধিত্ব করে?**

(ক) ইসহাক (খ) আব্দুস সাত্তার
(গ) আফজাল (ঘ) নুরুল হুদা

উত্তর:ঘ

**৩০. উদ্দীপকের বিষয়ের সাথে 'রেইনকোট' গল্পের সাদৃশ্য কোথায়?**

(ক) প্রতীকী ব্যঞ্জনায় (খ) পটভূমিতে
(গ) ঘটনায় (ঘ) সমাজচিত্রে

উত্তর:গ

ব্যাখ্যা: উদ্দীপকের ঘটনায় মৃদুল অত্যাচারের মুখেও নতি স্বীকার করে না। 'রেইনকোট' গল্পের নুরুল হুদাও একইভাবে দৃঢ়চিত্তের পরিচয় দেন।

**নিচের উদ্দীপকটি পড়ে ৩১ ও ৩২ নম্বর প্রশ্নের উত্তর দাও:** **[দি বো ১৯]**

কলেজ থেকে ঘরে ফেরার পথে ছাত্র-পুলিশ সংঘর্ষের মধ্যে পড়ে যায় মাহমুদ। পুলিশের বেধড়ক লাঠিপেটায় সেদিন থেকেই সে হয়ে ওঠে ভাষা আন্দোলনের একনিষ্ঠ কর্মী।

**৩১. উদ্দীপকের মাহমুদ 'রেইনকোট' গল্পের কোন চরিত্রের সাথে তুলনীয়?**

(ক) কুলি (খ) মিন্টু
(গ) নুরুল হুদা (ঘ) ড. আফাজ

উত্তর:গ

**৩২. উদ্দীপকটি 'রেইনকোট' গল্পটি যে প্রেক্ষাপট থেকে প্রতিনিধিত্ব করে তা হলো—**

(ক) ছাত্ররাজনীতি (খ) ভাষা-আন্দোলন
(গ) স্বাধীনতা সংগ্রাম (ঘ) রাজনৈতিক চেতনা

উত্তর:গ

**৩৩. 'রেইনকোট' গল্পের কথক কে?** **[চ. বো. ১৬]**

(ক) নুরুল হুদা (খ) গল্পকার
(গ) আবদুস সাত্তার (ঘ) মন্টু মিয়া

উত্তর:ক

ব্যাখ্যা: 'রেইনকোট' গল্পটি নুরুল হুদার বর্ণনায় গল্পরূপ লাভ করেছে। মুক্তিযুদ্ধের সময় শ্যালক মিন্টুর রেইনকোট পরিধান করে নুরুল হুদার চেতনার যে জাগরণ তা এ গল্পের মূল প্রতিপাদ্য।

**৩৪. 'রেইনকোট' গল্পে রেইনকোট কীসের তাৎপর্য বহন করে?** **[দি. বো. ২২]**

(ক) মুক্তিযুদ্ধের ইতিহাস (খ) মুক্তিযুদ্ধের চেতনার
(গ) মুক্তিযুদ্ধের শোক গাথা (ঘ) মুক্তিযুদ্ধের ভয়াবহতা

উত্তর:খ

**৩৫. 'রেইনকোট' গল্পে 'রেইনকোট' বহন করছে —** **[চ. বো. ২২. দি. বো. ১৭]**

(ক) মুক্তিযুদ্ধের ইতিহাস
(খ) মুক্তিযুদ্ধের প্রেক্ষাপট
(গ) মুক্তিযুদ্ধের চেতনা
(ঘ) ভাষা আন্দোলনের ঘটনা

উত্তর:গ

ব্যাখ্যা: 'রেইনকোট' গল্পে রেইনকোটটি একটি প্রতীকী তাৎপর্য বহন করে। মুক্তিযুদ্ধের চেতনা যেমন বাঙালিদের মধ্যে সাহস ও দেশপ্রেম জাগ্রত করে, রেইনকোটটিও নুরুল হুদার মধ্যে তেমনি সাহস ও দেশপ্রেম সঞ্চারিত করে।

৩৬. 'রেইনকোট' গল্পের প্রেক্ষাপটে নিম্নোক্ত কোন বিষয়টির প্রতি লেখক বেশি সচেষ্ট ছিলেন? [ব. বো. ১৭]

(ক) রাজাকারের দৌরাত্ম্য (খ) গেরিলাদের আক্রমণ

(গ) নুরুল হুদার দেশপ্রেম (ঘ) হানাদারদের নিপীড়ন

উত্তর:গ

৩৭. 'রেইনকোট' গল্পে কোন বিষয়টি অধিক ব্যঞ্জনাময় হয়ে উঠেছে? [য. বো. ১৭]

(ক) গেরিলা আক্রমণ

(খ) হানাদার বাহিনীর নিপীড়ন

(গ) নুরুল হুদার দেশপ্রেম

(ঘ) রাজাকারদের দৌরাত্ম্য

উত্তর:গ

৩৮. 'রেইনকোট' গল্পে রেইনকোটটির মাধ্যমে ব্যঞ্জনাময় প্রকাশ ঘটেছে— [ঢা. বো. ২২]

(ক) মুক্তিযুদ্ধ ও সংগ্রাম

(খ) পাক বাহিনীর অত্যাচার

(গ) উষ্ণতা, সাহস ও দেশপ্রেম

(ঘ) মুক্তিযোদ্ধাদের আত্মত্যাগ

উত্তর:গ

৩৯. 'রেইনকোট' গল্পে ভীতু নুরুল হুদার সাহসী হয়ে ওঠার মূল কারণ—

(ক) মিসক্রিয়ান্টদের ঠিকানা

(খ) সঞ্চারিত উম্মতা

(গ) কুলিদের আস্তানা চেনা

(ঘ) দেশপ্রেম গেরিলাদের সঙ্গে আঁতাত

উত্তর:খ

৪০. 'রেইনকোট' গল্পে প্রকাশিত হয়েছে—

i. অনুভূতির তীব্রতা ii. আবেগের তীব্রতা

iii. দেশপ্রেম

নিচের কোনটি সঠিক?

(ক) i (খ) ii

(গ) iii (ঘ) i, ii ও iii

উত্তর:ঘ

৪১. 'রেইনকোট' গল্পে ভীতু প্রকৃতির নুরুল হুদা মুক্তিযোদ্ধা শ্যালকের রেইনকোট গায়ে দিলে তার মধ্যে সঞ্চারিত হয়— [য. বো. ১৯]

i. উষ্ণতা ii. সাহস

iii. দেশপ্রেম

নিচের কোনটি সঠিক?

(ক) i (খ) i ও iii

(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

উত্তর:ঘ

৪২. 'রেইনকোট' গল্পে রেইনকোটটি কীসের প্রতীক? [ঢা. বো. ১৯]

i. প্রতিহিংসার ii. দেশপ্রেমের

iii. মুক্তিযুদ্ধের

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii

(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

উত্তর:ঘ

৪৩. 'রেইনকোট' গল্পটি পাঠ শেষে শিক্ষার্থীরা জানতে পারবে— [সি. বো. ১৭]

i. মুক্তিযোদ্ধার স্বরূপ

ii. সাধারণ ব্যক্তির মুক্তিযুদ্ধের চেতনা

iii. পাকবাহিনীর বর্বরতা

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii

(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

উত্তর:ঘ

## সোনার তরী

### জ্ঞানমূলক প্রশ্ন

১. রবীন্দ্রনাথ ঠাকুর কোন বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা?

উত্তর: রবীন্দ্রনাথ ঠাকুর বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা।

২. 'সোনার ধান' কীসের প্রতীক?

উত্তর: 'সোনার ধান' সৃষ্টিসম্ভারের প্রতীক।

৩. চারিদিকে বাঁকা জল কী করছে?

উত্তর: চারিদিকে বাঁকা জল খেলা করছে।

৪. 'সোনার তরী' কবিতায় কোন ঋতুর কথা বলা হয়েছে?

**উত্তর:** 'সোনার তরী' কবিতায় বর্ষা ঋতুর কথা বলা হয়েছে।

৫. **'সোনার তরী' কবিতাটি কোন ছন্দে রচিত?**
**উত্তর:** 'সোনার তরী' কবিতাটি মাত্রাবৃত্ত ছন্দে রচিত।

৬. **রবীন্দ্রনাথ ঠাকুরের প্রথম কাব্যগ্রন্থের নাম কী?**
**উত্তর:** রবীন্দ্রনাথ ঠাকুরের প্রথম কাব্যগ্রন্থের নাম 'বনফুল'।

৭. **'সোনার তরী' কবিতায় কবি ক্ষণিক হেসে কী নিয়ে যেতে বলেছেন?**
**উত্তর:** 'সোনার তরী' কবিতায় কবি ক্ষণিক হেসে সোনার ধান নিয়ে যেতে বলেছেন।

৮. **রবীন্দ্রনাথ ঠাকুরের প্রথম কাব্যগ্রন্থ 'বনফুল' প্রকাশিত হয় কত সালে?**
**উত্তর:** রবীন্দ্রনাথ ঠাকুরের প্রথম কাব্যগ্রন্থ 'বনফুল' প্রকাশিত হয় ১৮৮০ সালে।

৯. **আমি একেলা —এখানে 'আমি' কে?**
**উত্তর:** 'আমি একেলা'- এখানে 'আমি' হলো কৃষক কিংবা শিল্পস্রষ্টা কবি।

১০. **'সোনার তরী' কবিতায় উল্লিখিত মাঝি কীসের প্রতীক?**
**উত্তর:** 'সোনার তরী' কবিতায় উল্লিখিত মাঝি মহাকালের প্রতীক।

## অনুধাবনমূলক প্রশ্ন

১. **'কূলে একা বসে আছি, নাহি ভরসা'– কবির এমন অনুভূতির কারণ কী?**
**উত্তর:** কবিতাটিতে 'নাহি ভরসা' বলতে ধান নিয়ে অপেক্ষমান কৃষকের আশঙ্কার কথা বোঝানো হয়েছে।
ক্ষুরধারা বর্ষায় ভরা নদীর স্রোত দ্বীপসদৃশ ছোটো ধানখেতটির চারপাশে খেলা করছে, যেন মুহূর্তের মধ্যেই খেতটি ভাসিয়ে নেবে। এমনই পরিস্থিতিতে সেখানে রাশি রাশি সোনার ধান কেটে অপেক্ষা করছেন নিঃসঙ্গ কৃষক। মেঘাচ্ছন্ন দিনে সোনার ধানগুলো নিরাপদে পার করতে পারবেন কি না, সে আশঙ্কায় উদ্বেল হয়ে পড়েছিলেন কৃষক। 'নাহি ভরসা' উক্তিটির মাধ্যমে তাঁর সে আশঙ্কার কথাই ব্যক্ত হয়েছে।

২. **'সোনার তরী' কবিতায় কবির যে জীবনদর্শনের প্রতি ইঙ্গিত করা হয়েছে তা আলোচনা করো।**
**উত্তর:** মহাকালের স্রোতে ব্যক্তির অস্তিত্ব বিলীন হয়ে গেলেও টিকে থাকে তার সৃষ্টিকর্ম– আলোচ্য কবিতায় চিরন্তন এই সত্যই কবির জীবনদর্শনরূপে প্রকাশ পেয়েছে।
ক্ষণস্থায়ী জীবনে মানুষ কর্মব্যস্ত সময় পার করে। সময়ের স্রোতে এগিয়ে যায় চূড়ান্ত পরিণতির দিকে এবং একসময় তার অস্তিত্ব বিলীন হয়ে যায় সময়ের অতল গহ্বরে। কিন্তু কর্ম টিকে থাকে, সময়ের স্রোতে তা ভেসে ভেসে পৌঁছে যায় শতাব্দী থেকে শতাব্দীতে। 'সোনার তরী' কবিতায় কবির জীবনদর্শনে মানুষ এবং তার কর্মের স্থায়িত্বের বিপরীতমুখী দিকটির প্রতি ইঙ্গিত করা হয়েছে।

৩. **'যাহা ছিল নিয়ে গেল সোনার তরী'- ব্যাখ্যা করো।**
**উত্তর:** প্রশ্নোক্ত চরণটিতে কৃষকের সমগ্র অর্জন হিসেবে সোনার ধান মহাকালের তরীতে সমর্পণ এবং সেখানে তাঁর স্থান না পাওয়ার বেদনাবোধ প্রকাশিত হয়েছে।
আলোচ্য কবিতায় কবি তাঁর উপলব্ধিজাত এক গভীর জীবনদর্শনকে তুলে ধরেছেন। মহাকাল মানুষের কর্মফলকে ধারণ করে, ব্যক্তিমানুষ সেখানে স্থান পায় না। আর তাই মহাকালরূপ মাঝি কৃষকের উৎপাদিত সমস্ত ফসল নিয়ে যায়; কিন্তু কৃষককে গ্রহণ করে না। ফলে অপূর্ণতার বেদনা নিয়ে কৃষককে অপেক্ষা করতে হয় মহাকালের স্রোতে বিলীন হওয়ার জন্য। প্রশ্নোক্ত চরণটির মধ্য দিয়ে কৃষকের কর্মফলরূপী সোনার ধান মহাকালের তরীতে সমর্পণ এবং অপূর্ণতার বেদনাবোধের দিকটি ফুটে উঠেছে।

৪. **'দেখে যেন মনে হয় চিনি উহারে।'– চরণটি বুঝিয়ে লেখো।**
**উত্তর:** ধান কেটে অপেক্ষমাণ কৃষকের সামনে এক মাঝির আগমন হলে প্রথম দেখায় মাঝিকে তার পরিচিত বলে মনে হয়।
আলোচ্য কবিতায় বর্ষার বৈরী পরিবেশে বিপদাপন্ন এক কৃষককে কেন্দ্র করে কবিতাটির ভাবসত্যকে ফুটিয়ে তুলেছেন কবি। সেখানে সোনার ধানরূপী কর্মফল নিয়ে কৃষক অপেক্ষমাণ। চারদিকে বর্ষার ক্ষুরধারা পানি ঘুরে ঘুরে খেলা করছে, যেন

মুহূর্তেই ভাসিয়ে নেবে তাঁর ছোটো খেতটিকে। এমনই আশঙ্কাজনক পরিস্থিতিতে হঠাৎ সেখানে এক মাঝির আগমন হয়। মহাকালের প্রতীক এই মাঝিকে ব্যক্তি কৃষকের পরিচিত বলে মনে হতে থাকে। প্রশ্নোক্ত চরণটিতে এ বিষয়টিই ফুটে উঠেছে।

৫. **'আমারি সোনার ধানে গিয়েছে ভরি'– বলতে কী বোঝানো হয়েছে?**

**উত্তর:** প্রশ্নোক্ত উক্তিটির মধ্য দিয়ে কবি কৃষকের কর্মফল সোনার ধান দিয়ে মহাকালের তরী পরিপূর্ণ হওয়ার কথা বলা হয়েছে।'সোনার তরী' একটি রূপক কবিতা। এ কবিতায় কৃষকরূপী শিল্পস্রষ্টা কবি তাঁর সৃষ্টিকর্ম সোনার ধান নিয়ে মহাকালরূপী তরীর প্রতীক্ষায় ছিলেন। তরী আসার পর ধানরূপী তাঁর সমস্ত কর্ম সেখানে তুলে দেন। এ সময় তিনি উপলব্ধি করেন তাঁরই কর্মের ভারে পূর্ণ তরীতে তাঁকে নিয়ে যাওয়ার মতো স্থান অবশিষ্ট নেই। অর্থাৎ তরীরূপী মহাকাল শুধু মানুষের কর্মকেই গ্রহণ করবে, ব্যক্তি মানুষকে নয়। প্রশ্নোক্ত উক্তিটির মধ্য দিয়ে এ বিষয়টিই তাৎপর্যময় হয়ে উঠেছে।

৬. **"ঠাঁই নাই, ঠাঁই নাই— ছোটো সে তরী" — বলতে কী বোঝানো হয়েছে? ব্যাখ্যা করো।**

**উত্তর:** প্রশ্নোক্ত চরণটিতে মহাকালের প্রতীক সোনার তরীতে মানুষের কর্মের স্থান হলেও সেখানে ব্যক্তিমানুষের যে স্থান হয় না, সে বিষয়টিই ফুটে উঠেছে।

ব্যক্তিমানুষের মৃত্যু অনিবার্য; তাকে রোধ করা সম্ভব নয়। কিন্তু ব্যক্তির কর্মফল বা অর্জনকে মৃত্যু স্পর্শ করতে পারে না। আর তাই সোনার তরীতে কেবল কৃষকের সোনার ধানই ঠাঁই পায়, কিন্তু ব্যক্তিকৃষককে অপূর্ণতার বেদনা নিয়ে অপেক্ষা করতে হয় অনিবার্যভাবে মহাকালের স্রোতে বিলীন হওয়ার জন্য। মানুষ তার কর্মকে রেখে যায়, মানুষের স্থান হয় না এ নশ্বর পৃথিবীতে। প্রশ্নোক্ত চরণটিতে ঠাঁই নাই কথাটির মাধ্যমে জীবনের এই অমোঘ সত্যটিকেই তুলে ধরা হয়েছে।

৭. **'ঠাঁই নাই, ঠাঁই নাই— ছোটো সে তরী, আমারি সোনার ধানে গিয়েছে ভরি'- ব্যাখ্যা করো।**

**উত্তর:** প্রশ্নোক্ত চরণটিতে মহাকালের প্রতীক সোনার তরীতে মানুষের কর্মের স্থান হলেও সেখানে ব্যক্তিমানুষের যে স্থান হয় না, সে বিষয়টিই ফুটে উঠেছে।

ব্যক্তিমানুষের মৃত্যু অনিবার্য; তাকে রোধ করা সম্ভব নয়। কিন্তু ব্যক্তির কর্মফল বা অর্জনকে মৃত্যু স্পর্শ করতে পারে না। আর তাই সোনার তরীতে কেবল কৃষকের সোনার ধানই ঠাঁই পায়, কিন্তু ব্যক্তিকৃষককে অপূর্ণতার বেদনা নিয়ে অপেক্ষা করতে হয় অনিবার্যভাবে মহাকালের স্রোতে বিলীন হওয়ার জন্য। মানুষ তার কর্মকে রেখে যায়, মানুষের স্থান হয় না এ নশ্বর পৃথিবীতে। প্রশ্নোক্ত চরণটিতে ঠাঁই নাই কথাটির মাধ্যমে জীবনের এই অমোঘ সত্যটিকেই তুলে ধরা হয়েছে।

৮. **'ভরা নদী ক্ষুরধারা' বলতে কবি কী বুঝিয়েছেন?**

**উত্তর:** 'ভরা নদী ক্ষুরধারা' বলতে কবি ঝঞ্ঝা-বিক্ষুব্ধ পরিবেশকেই বুঝিয়েছেন। 'ক্ষুরধারা' হলো ক্ষুরের মতো ধারালো যে প্রবাহ বা স্রোত। 'সোনার তরী' কবিতায় ভরা বর্ষায় নদীর আগ্রাসী স্রোতকে কবি ক্ষুরধারা বলেছেন। এই ঘূর্ণায়মান স্রোত ছোটো ধানখেতটির চারপাশে ভয়ংকররূপে বিরাজমান। বস্তুত, পৃথিবীতে মানুষকে নানা প্রতিকূলতার মধ্যে কাজ করে যেতে হয়। আলোচ্য কবিতাটিতে প্রশ্নোক্ত কথাটি দ্বারা কবি সেই সব প্রতিকূলতাকেই বুঝিয়েছেন।

৯. **"চারিদিকে বাঁকা জল করিছে খেলা।" এখানে 'বাঁকা জল' দ্বারা কী বোঝানো হয়েছে?**

**উত্তর:** 'চারিদিকে বাঁকা জল করিছে খেলা'- চরণটির মধ্য দিয়ে বর্ষার জলস্রোতবেষ্টিত ছোটো জমিটুকুর বিলীন হওয়ার আশঙ্কাজনক পরিস্থিতি ব্যক্ত হয়েছে।

'সোনার তরী' কবিতায় কবি নানা রূপক এবং দৃশ্যের অবতারণা ঘটিয়েছেন। উদ্ধৃত অংশের মধ্য দিয়ে তেমনই অসাধারণ একটি দৃশ্যকল্প তৈরি হয়েছে। কবিতায় ধানখেতটি ছোটো দ্বীপের মতো কল্পিত। তার চারপাশে ঘূর্ণায়মান স্রোতের উদ্দামতা। নদীর বাঁকা জলস্রোত' পরিবেষ্টিত ছোট্ট জমিটুকুর আশু বিলীন হওয়ার ইঙ্গিত রয়েছে এ অংশে। এখানে বাঁকা জল কালস্রোতের প্রতীক।

১০. **শূন্য নদীর তীরে রহিনু পড়ি।—উক্তিটি ব্যাখ্যা করো।**

**উত্তর:** প্রশ্নোক্ত চরণটির মধ্য দিয়ে মহাকালের কাছে ব্যক্তিমানুষের চিরন্তন অসহায়ত্বের দিকটি উন্মোচিত হয়েছে।

আলোচ্য কবিতায় কবি এক নিঃসঙ্গ কৃষকের রূপকে জীবনের এক গভীর সত্যকে তুলে ধরেছেন। মহাকাল কৃষকের কর্মফলের প্রতীক সোনার ধানকে গ্রহণ করলেও তাঁকে গ্রহণ করে না। ফলে অপূর্ণতার বেদনা নিয়ে তাঁকে অপেক্ষা করতে হয় মহাকালের শূন্যতায় বিলীন হওয়ার জন্য। প্রশ্নোক্ত চরণটিতে শূন্য নদীর তীরে কৃষকের পড়ে থাকার চিত্র উপস্থাপনের মধ্য দিয়ে কৰি এ বিষয়টিকেই উপস্থাপন করেছেন।

## বহুনির্বাচনি অভীক্ষা

১. **রবীন্দ্রনাথ ঠাকুরের প্রথম কাব্যগ্রন্থের নাম কী?** **[য. বো. ২৩]**

(ক) গীতাঞ্জলি (খ) সোনার তরী (গ) বনফুল (ঘ) বলাকা

**উত্তর:** গ

২. 'ঘন বরষা' শব্দটির মাধ্যমে কবিতায় মূলত কী বোঝানো হয়েছে? [ঢা.বো.২৩]
(ক) তুমুল বর্ষা (খ) খরস্রোতা নদী
(গ) বর্ষার দুর্যোগ (ঘ) বর্ষা প্রকৃতি
উত্তর: ক

৩. 'সোনার তরী' কবিতায় 'ঘন বরষা' বলতে কী বোঝানো হয়েছে? [য. বো ২৩]
(ক) ভরা জল (খ) গভীর সংকট
(গ) প্রবল বর্ষণ (ঘ) তীব্র স্রোত
উত্তর: গ

৪. 'সোনার তরী' কবিতার বর্ণনা মতে বর্ষা কখন এল? [সি.বো. ২৩]
(ক) ধান কাটার শুরু হলে
(খ) ধান কাটতে কাটতে
(গ) ধান কাটা শেষ হলে
(ঘ) নৌকায় ধান তুলে দিলে
উত্তর: খ

৫. 'সোনার তরী' কবিতায় কোন সময়ের কথা উল্লেখ আছে? [ব.কবো. ২৩]
(ক) রাত (খ) প্রভাত
(গ) দুপুর (ঘ) বিকেল
উত্তর: খ

৬. 'ওগো, তুমি কোথা যাও কোন বিদেশে'– এখানে 'তুমি' কে? [ম.বো. ২৩]
(ক) কৃষক (খ) তরী
(গ) মাঝি (ঘ) কবি
উত্তর: গ

৭. 'সোনার তরী' কবিতায় বাংলা কোন মাসের উল্লেখ রয়েছে? [দি.বো. ২৩]
(ক) আষাঢ় (খ) শ্রাবণ
(গ) ভাদ্র (ঘ) আশ্বিন
উত্তর: খ

৮. 'ব্যক্তিজীবন কদরহীন'– এ উপলব্ধির ইঙ্গিত 'সোনার তরী' কবিতার কোন চরণে রয়েছে? [ব. বো. ২৩]
(ক) এ পারেতে ছোটো খেত, আমি একেলা।
(খ) শুধু তুমি নিয়ে যাও/ক্ষণিক হেসে
(গ) সকলি দিলাম তুলে/থরে বিথরে–
(ঘ) শূন্য নদীর তীরে/রহিনু পড়ি–
উত্তর: ঘ

৯. 'সোনার তরী' কবিতার মূলভাব ফুটে উঠেছে কোন চরণে? [ম.বো. ২৩]
(ক) আমার যাবার সময় হলো দাও বিদায়।
(খ) আমি তো মরে যাবো, চলে যাবো, রেখে যাবো সবই।
(গ) যেতে নাহি দিব হায়, তবু যেতে দিতে হয়।
(ঘ) আমায় ডেকো না, ফেরানো যাবে না।
উত্তর: খ

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ১০ ও ১১ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

যে বিষাদ-সিন্ধু তুমি করিলে রচনা,
পড়েনি কি তার রেখা জীবনের স্রোতে?
তোমার যে কীর্তি তাহা অক্ষয় অব্যয়।

১০. উদ্দীপকের শেষ চরণের সঙ্গে নিচের কোন চরণটি সমার্থবোধক? [রা.বো. ২৩]
(ক) কাটিয়ে কাটিতে ধান এল বরষা।
(খ) যাহা ছিল নিয়ে গেল সোনার তরী।
(গ) দেখে যেন মনে হয় চিনি উহারে।
(ঘ) এখন আমারে লহ করুণা করে।
উত্তর: খ

১১. উদ্দীপকের 'তুমি' 'সোনার তরী' কবিতায় কোনটির সঙ্গে সংগতিপূর্ণ? [রা. বো. ২৩]
(ক) কৃষক (খ) মাঝি
(গ) তরী (ঘ) নদী
উত্তর: ক

১২. 'সোনার তরী' কবিতায় ফসলের জমির চারদিকে বেষ্টিত জলরাশি কীসের প্রতীক? [সি. বো. ২৩]
(ক) কালস্রোতের (খ) অসহায়ত্বের
(গ) নিঃসঙ্গতার (ঘ) নির্বিকারত্বের
উত্তর: ক

১৩. 'সোনার তরী' কবিতায় 'বাঁকা জল' বলতে কী বোঝানো হয়েছে? [দি.বো. ২৩]
(ক) মহাকাল (খ) নদীর স্রোত
(গ) খরস্রোতা নদী (ঘ) ধারালো জলস্রোত
উত্তর: ক

১৪. মহাকাল মানুষের কর্মকে গ্রহণ করে, কারণ– [কু.বো. ২৩]
(ক) কর্ম অক্ষয় (খ) কর্ম দামী
(গ) কর্ম প্রিয় (ঘ) কর্ম নশ্বর
উত্তর: ক

১৫. 'ধান কাটা হলো সারা' চরণটির মাধ্যমে কোন ভাব প্রকাশ পেয়েছে? [সি.বো. ২২]
(ক) ফসলের কাজ সম্পন্ন হওয়া
(খ) কর্মের পরিণতি

(গ) কর্মময় জীবন

(ঘ) ফসল তোলার তাড়া

উত্তর: খ

**১৬. পরপারে দেখি আঁকা তরুছায়া মসী-মাখা।— এখানে 'মসী-মাখা' বলতে কী বোঝানো হয়েছে? [কু. বো. ২২]**

(ক) কালো রঙে মাখানো

(খ) অস্পষ্ট মহাকাল

(গ) মসী দ্বারা অস্পষ্ট

(ঘ) মসী দ্বারা মাখা

উত্তর: ক

**১৭. 'সোনার তরী' কবিতায় 'ঠাঁই নাই, ঠাঁই নাই'— কথাটিতে মাঝির কেমন মনোভাব প্রকাশিত হয়েছে?[য. বো. ২২]**

(ক) অনাগ্রহ (খ) নিবেদন

(গ) স্মৃতিচারণ (ঘ) হতাশা

উত্তর: ক

**১৮. 'সোনার তরী' কবিতায় কবির আক্ষেপ নিচের কোন উক্তিটিতে প্রকাশ পেয়েছে? [রা. বো. ২২]**

(ক) আমার সোনার ধানে গিয়েছে ভরি

(খ) এখন আমারে লহো করুণা করে

(গ) গগনে গরজে মেঘ ঘন বরষা

(ঘ) যাহা ছিল নিয়ে গেল সোনার তরী

উত্তর: ঘ

**১৯. 'সোনার তরী' কবিতায় সোনার ধান কীসের প্রতীক? [রা. বো. ২২]**

(ক) মহাকাল (খ) সমকাল

(গ) সৃষ্টিকর্ম (ঘ) কালস্রোত

উত্তর: গ

**২০. 'সোনার তরী' কবিতায় বাঁকা জল মূলত কীসের প্রতীক? [দি. বো. ২২]**

(ক) কালস্রোতের (খ) কর্মফলের

(গ) মহাকালের (ঘ) আশঙ্কার

উত্তর: ক

**২১. 'সোনার তরী' কীসের প্রতীক? [ব. বো. ২২]**

(ক) যৌবনের (খ) জীবনের

(গ) কৃষকের (ঘ) কর্মের

উত্তর: খ

**২২. 'সোনার তরী' কবিতায় মহাকালের প্রতীক কোনটি? [ম. বো. ২২]**

(ক) ধান (খ) নদী

(গ) নৌকা (ঘ) মাঝি

উত্তর: ঘ

**২৩. 'সোনার তরী' কবিতাটি কোন ছন্দে রচিত? [ম. বো. ২২]**

(ক) মাত্রাবৃত্ত (খ) গদ্যছন্দ

(গ) অক্ষরবৃত্ত (ঘ) স্বরবৃত্ত

উত্তর: ক

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ২৪ ও ২৫ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

যা রুপিবে তাই পাবে, সংসার যে কর্মভূমি! [ঢা. বো. ২২]

**২৪. উদ্দীপকের অন্তর্নিহিত তাৎপর্যের সঙ্গে সংগতিপূর্ণ পঙ্‌ক্তি কোনটি?**

(ক) একখানি ছোটো খেত, আমি একেলা-

(খ) এখন আমারে লহো করুণা করে।

(গ) আমারি সোনার ধানে গিয়েছে ভরি।

(ঘ) যত চাও তত লও তরণী-পরে।

উত্তর: ক

**২৫. উক্ত সংগতির বিপরীতে 'সোনার তরী' কবিতার অন্তর্নিহিত দর্শনটি হলো-**

i. পৃথিবীতে ভালো কাজের জন্য ভালো ফল পাওয়া যায়

ii. মহাকাল মানুষের কর্মকে গ্রহণ করে, মানুষকে নয়

iii. মানুষ নশ্বর তার কর্ম অবিনশ্বর

(ক) i ও ii (খ) ii ও iii

(গ) i ও iii (ঘ) i, ii ও iii

উত্তর: খ

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ২৬ ও ২৭ নম্বর প্রশ্নের উত্তর দাও: [কু. বো. ২২]**

শিক্ষক: বাংলাদেশের একটি নান্দনিক স্থাপত্যকর্মের নাম বলো।

শিক্ষার্থীগণ: বাংলাদেশের জাতীয় সংসদ ভবন।

শিক্ষক: সংসদ ভবনের স্থপতি কে?

শিক্ষার্থীগণ: জানি না স্যার।

শিক্ষক: লুই আই কান। দেখ, তোমরা সৃষ্টিকে চেনো স্রষ্টাকে নয়।

**২৬. উদ্দীপকের লুই আই কান 'সোনার তরী' কবিতার কীসের সাথে তুল্য?**

(ক) সোনার ফসল (খ) কৃষক

(গ) মহাকাল (ঘ) ছোটো খেত

উত্তর: খ

২৭. **উদ্দীপকের অন্তর্নিহিত তাৎপর্যের সঙ্গে সংগতিপূর্ণ পঙ্‌ক্তি কোনটি?**
(ক) একখানি ছোটো খেত, আমি একেলা-
(খ) আমারি সোনার ধানে গিয়েছে ভরি
(গ) ঠাঁই নাই ঠাঁই নাই ছোটো সে তরী
(ঘ) শূন্য নদীর তীরে রহিনু পড়ি
**উত্তর:** ঘ

২৮. **'সোনার তরী' কবিতায় 'ঠাঁই নাই, ঠাঁই নাই'- কথাটিতে মাঝির কেমন মনোভাব প্রকাশিত হয়েছে? [য. বো. ২২]**
(ক) অনাগ্রহ (খ) নিবেদন
(গ) স্মৃতিচারণ (ঘ) হতাশা
**উত্তর:** ক

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ২৯ ও ৩০ নম্বর প্রশ্নের উত্তর দাও: [রা. বো. ২২]**
যে বিষাদ-সিন্ধু তুমি করিলে রচনা,
পড়েনি কি তার রেখা জীবনের স্রোতে?
তোমার যে কীর্তি তাহা অক্ষয় অব্যয়।

২৯. **উদ্দীপকের শেষ চরণের সঙ্গে নিচের কোন চরণটি সমার্থবোধক?**
(ক) কাটিয়ে কাটিতে ধান এল বরষা
(খ) যাহা ছিল নিয়ে গেল সোনার তরী।
(গ) দেখে যেন মনে হয় চিনি উহারে
(ঘ) এখন আমারে লহ করুণা করে
**উত্তর:** খ

৩০. **উদ্দীপকের 'তুমি' 'সোনার তরী' কবিতায় কোনটির সঙ্গে সংগতিপূর্ণ?**
(ক) কৃষক (খ) মাঝি
(গ) তরী (ঘ) নদী
**উত্তর:** ক

৩১. **মহাকাল মানুষের কর্মকে গ্রহণ করে, কারণ- [কু.বো.২৩]**
(ক) কর্ম অক্ষয় (খ) কর্ম দামী
(গ) কর্ম প্রিয় (ঘ) কর্ম নশ্বর
**উত্তর:** ক

৩২. **'সোনার তরী' কবিতায় কবির আক্ষেপ নিচের কোন পঙ্‌ক্তিতে প্রকাশ পেয়েছে? [রা. বো. ২২]**
(ক) কর্ম অক্ষয় (খ) কর্ম দামী
(গ) কর্ম প্রিয় (ঘ) কর্ম নশ্বর
**উত্তর:** ক

৩৩. **'সোনার তরী' কবিতায় কবির আক্ষেপ নিচের কোন পঙ্‌ক্তিতে প্রকাশ পেয়েছে? [রা. বো. ২২]**
(ক) কর্ম অক্ষয় (খ) কর্ম দামী
(গ) কর্ম প্রিয় (ঘ) কর্ম নশ্বর
**উত্তর:** ক

# বিদ্রোহী

## জ্ঞানমূলক প্রশ্ন

১. **অর্ফিয়াসের ভালোবাসার পাত্রীর নাম কী ছিল?**
**উত্তর:** অর্ফিয়াসের ভালোবাসার পাত্রীর নাম ইউরিডিস।

২. **'বিদ্রোহী' কবিতায় কবিকে রুষে উঠতে দেখে কী ভয়ে কাঁপতে কাঁপতে নিভে যায়?**
**উত্তর:** 'বিদ্রোহী' কবিতায় কবিকে রুষে উঠতে দেখে সপ্ত নরক হাবিয়া দোজখ ভয়ে কাঁপতে কাঁপতে নিভে যায়।

৩. **'বিদ্রোহী' কবিতাটি কোন কাব্যগ্রন্থ থেকে সংকলিত হয়েছে?**
**উত্তর:** 'বিদ্রোহী' কবিতাটি 'অগ্নি-বীণা' কাব্যগ্রন্থ থেকে সংকলিত হয়েছে।

৪. **কবি কী মানেন না?**
**উত্তর:** কবি কোনো আইন মানেন না।

৫. **নটরাজ কী?**
**উত্তর:** নটরাজ মহাদেবের আরেক নাম।

৬. **'কুর্নিশ' কথাটির মানে কী?**
**উত্তর:** 'কুর্নিশ' কথাটির মানে কিছুটা পিছিয়ে সম্ভ্রমপূর্ণ সালাম বা অভিবাদন।

৭. **'বিদ্রোহী' কবিতার কবিকে রুষে উঠতে দেখে কী ভয়ে কাঁপতে কাঁপতে নিভে যায়?**

উত্তর: 'বিদ্রোহী' কবিতার কবিকে রুষে উঠতে দেখে সপ্ত নরক হাবিয়া দোজখ ভয়ে কাঁপতে কাঁপতে নিভে যায়।

৮. **'পিনাক-পাণি' বলতে কাকে বোঝানো হয়েছে?**

উত্তর: 'কুর্নিশ' কথাটির মানে কিছুটা পিছিয়ে সম্ভ্রমপূর্ণ সালাম বা অভিবাদন।

৯. **'মরু-নির্ঝর' শব্দের অর্থ কী?**

উত্তর: 'মরু-নির্ঝর' শব্দের অর্থ মরুভূমির ঝরনা।

১০. **কাজী নজরুল ইসলাম কত সালে পদ্মভূষণ উপাধিতে ভূষিত হন?**

উত্তর: কাজী নজরুল ইসলাম ১৯৬০ সালে পদ্মভূষণ উপাধিতে ভূষিত হন।

## অনুধাবনমূলক প্রশ্ন

১. **কবি 'অনিয়ম-উচ্ছৃঙ্খল' কেন?**

উত্তর: নিয়ম-শৃঙ্খলার বেড়াজালে আবদ্ধ থেকে অন্যায়, অত্যাচার ও অবিচারের বিরুদ্ধে লড়াই করা সম্ভব নয় বলে কবি নিজেকে 'অনিয়ম- উচ্ছৃঙ্খল' অভিহিত করে শৃঙ্খল ভাঙার বার্তা দিয়েছেন।

পরাধীন ভারতবর্ষে ঔপনিবেশিক শাসন-শোষণের জাঁতাকলে মানুষকে নিষ্পেষিত হতে দেখে কবির হৃদয় ক্ষতবিক্ষত হয়েছে। তিনি দেখেছেন অন্যায়ের প্রতিবাদ করতে গেলেই আইন ও বাধ্যবাধকতার বেড়াজালে মানুষকে নাকাল হতে হয়। সংগত কারণেই তিনি আইনের এই বেড়াজাল ভেঙে বেরিয়ে আসতে চেয়েছেন। শুধু তাই নয়, এ লক্ষ্য সামনে রেখেই তিনি অনিয়ম দিয়ে প্রচলিত নিয়মকে এবং উচ্ছৃঙ্খলতা দিয়ে শৃঙ্খলিত ও প্রথাবদ্ধ জীবনব্যবস্থাকে ভাঙতে চেয়েছেন। এজন্যই কবি নিজেকে 'অনিয়ম-উচ্ছৃঙ্খল' বলে অভিহিত করেছেন।

২. **কবি নিজেকে বেদুঈন বলেছেন কেন? ব্যাখ্যা করো।**

উত্তর: অশুভ শক্তির বিরুদ্ধে নিরন্তর সংগ্রাম চালিয়ে যাওয়ার মানসিক দৃঢ়তার দিকটি তুলে ধরতেই কবি নিজেকে বেদুঈন বলে আখ্যায়িত করেছেন।

বেদুঈন হলো আরবের যাযাবর জাতি। এদের স্থায়ী কোনো আবাস নেই। কঠিন মরুভূমির বুকে এরা প্রতিনিয়ত যুদ্ধ করে টিকে থাকে। মরুভূমির বিরূপ পরিবেশ বা শত প্রতিকূলতা তাদের দমন করতে পারে না। আলোচ্য অংশ কবি হতোদ্যম না হয়ে বেদুঈনদের জীবনযুদ্ধের সাথে নিজের তুলনা করে অশুভ শক্তির বিরুদ্ধে নিজের দৃঢ় অবস্থান ব্যক্ত করেছেন।

৩. **'আমি ক্ষ্যাপা দুর্বাসা, বিশ্বামিত্র-শিষ্য'- ব্যাখ্যা করো।**

উত্তর: কবি বিদ্রোহের বাণী ছড়িয়ে অপশক্তির প্রতিভূদের মনে ভয় ধরিয়ে দিতে প্রশ্নোক্ত কথাটি বলেছেন।

পুরাণ মতে, দুর্বাসা অত্যন্ত কোপন-স্বভাব বিশিষ্ট একজন মুনি। অনেকেই তাঁর কোপানলে দগ্ধ হন। ইনি তাঁর স্ত্রীকে শাপ দিয়ে ভস্ম করেন। তাঁর শাপে দেবরাজ ইন্দ্রও শ্রীভ্রষ্ট হন। ক্রোধের বশবর্তী হয়ে দুর্বাসা অনেক সময় উন্মত্তের মতো কাজ করতেন। ফলে দেবতারা পর্যন্ত তাঁকে ভয় পেতেন। আলোচ্য কবিতায় কবি বিদ্রোহী হিসেবে অন্যায় ও অসাম্য সৃষ্টিকারীদের বিরুদ্ধে ভীতি সঞ্চারের উদ্দেশ্যেই 'আমি ক্ষ্যাপা দুর্বাসা, বিশ্বামিত্র-শিষ্য' বলেছেন।

৪. **'আমি সেই দিন হব শান্ত'- বলতে কবি কী বুঝিয়েছেন?**

উত্তর: আলোচ্য উক্তি দ্বারা কবি তাঁর নিরন্তর বিদ্রোহের লক্ষ্যমাত্রা নির্ধারণের ব্যাপারটি বুঝিয়েছেন।

'বিদ্রোহী' কবিতায় কবি নিজের বিদ্রোহী কবিসত্তার প্রকাশ ঘটিয়ে ঔপনিবেশিক ভারতবর্ষের শাসকদের শাসন ক্ষমতার ভিত কাঁপিয়ে দেন। কবি সব অন্যায় ও অনিয়মের বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করেছেন। কবিতার শেষে ধ্বনিত হয় অত্যাচারীর অত্যাচারের অবসান। কবি দ্ব্যর্থহীন কণ্ঠে ঘোষণা দেন যে, উৎপীড়িত জনতার ক্রন্দনরোল প্রশমিত না হওয়া পর্যন্ত তাঁর সংগ্রাম চলবেই। তাই তিনি বলেছেন, 'আমি সেই দিন হব শান্ত।'

৫. **'বিদ্রোহী' কবিতায় কবি 'অর্ফিয়াসের বাঁশরী' বলতে কী বুঝিয়েছেন? ব্যাখ্যা করো।**

উত্তর: বাঙালি জাতিকে বিদ্রোহের অগ্নিমন্ত্রে উজ্জীবিত করতে কবি গ্রিক পুরাণে উল্লিখিত মহান শিল্পী অর্ফিয়াসের বাঁশির সাথে নিজের তুলনা করেছেন।

অর্ফিয়াস গ্রিক পুরাণের একজন মহান কবি ও শিল্পী। তিনি যন্ত্রসংগীতে সকলকে মুগ্ধ করে রাখতেন। শুধু তা-ই নয়, সুরের ইন্দ্রজাল সৃষ্টি করে তিনি ইউরিডিসের মন জয় করেছিলেন। কবির প্রত্যাশা, অর্ফিয়াসের বাঁশির সুরের মতো তাঁর বিদ্রোহের সুরও মানুষের মাঝে ছড়িয়ে যাবে। সে সুরে বিদ্রোহের অগ্নিমন্ত্রে দীক্ষিত হবে দেশবাসী। এমন ভাবনা থেকে কবি নিজেকে 'অর্ফিয়াসের বাঁশরী' বলে অভিহিত করেছেন।

## বহুনির্বাচনি অভীক্ষা

১. **"শির নেহারি আমারি, নতশির ওই শিখর হিমাদ্রির!"— চরণটিতে মূলত কী প্রকাশ পেয়েছে? [সি. বো. ২৩]**

(ক) তীব্র আত্মবিশ্বাস (খ) চরম দুঃসাহস
(গ) প্রবল অহংকার (ঘ) বিপুল প্রত্যাশা

উত্তর:ক

২. **'বিদ্রোহী' কবিতায় কবি নিজেকে কার সুত হিসেবে পরিচয় দিয়েছেন? [দি. বো. ২৩]**

(ক) দুর্বাসা (খ) ইন্দ্রাণী
(গ) বিশ্বামিত্র (ঘ) পরশুরাম

উত্তর:খ

৩. **'মম এক হাতে বাঁকা বাঁশের বাঁশরী আর হাতে রণ-তূর্য।' চরণটিতে প্রকাশ পেয়েছে- [য. বো. ২৩, সি. বো. ২২]**

(ক) প্রেম ও যুদ্ধ (খ) দ্রোহ ও বিরহ
(গ) প্রেম ও দ্রোহ (ঘ) সঙ্গীত দ্রোহ

উত্তর:গ

৪. **'বিদ্রোহী' কবিতায় কবি নিজেকে কার শিষ্য বলে পরিচয় দিয়েছে? [ব. বো. ২৩]**

(ক) বিশ্বামিত্র (খ) ইন্দ্রাণী
(গ) দুর্বাশা (ঘ) প্রভঞ্জল

উত্তর:ক

৫. **কবি নজরুল দাবানল হয়ে কী দাহন করবেন? [সি. বো. ২৩]**

(ক) শ্মশান (খ) লোকালয়
(গ) বিশ্ব (ঘ) হিমাদ্রি

উত্তর:গ

৬. **নিচের কোন চরিত্রটি অন্যদের থেকে ভিন্ন? [ব. বো. ২৩]**

(ক) ধূর্জটি (খ) পিণাক-পাণি
(গ) ধর্মরাজ (ঘ) রুদ্র

উত্তর:গ

৭. **'বিদ্রোহী' কবিতায় অকাল বৈশাখী ঝড়ের সঙ্গে তুলনা করা হয়েছে কীসের? [রা. বো. ২৩]**

(ক) এলানো কেশের (খ) আইনের
(গ) মহাপ্রলয়ের (ঘ) নটরাজের নৃত্যের

উত্তর:ক

৮. **'সুত' শব্দের অর্থ কী? [কু. বো. ২৩]**

(ক) সুভা (খ) পুত্র
(গ) স্রোত (ঘ) তন্তু

উত্তর:খ

৯. **বিদ্রোহী' কবিতায় 'প্রণব নাদ' বলতে কী বোঝানো হয়েছে? [ম. বো. ২৩]**

(ক) ওঙ্কার ধ্বনি (খ) করুণ কান্না
(গ) ঐকতান (ঘ) মহাশব্দ

উত্তর:ক

১০. **'বিদ্রোহী' কবিতা কোন কাব্যগ্রন্থ থেকে সংকলিত হয়েছে? [ঢা. বো. ২৩]**

(ক) সাম্যবাদী (খ) বিষের বাঁশি
(গ) দোলনচাঁপা (ঘ) অগ্নিবীণা

উত্তর:ঘ

১১. **১৯৭২ সালে কার উদ্যোগে কাজী নজরুল ইসলামকে সপরিবার স্বাধীন বাংলাদেশে এনে নাগরিকত্ব ও জাতীয় কবির স্বীকৃতি দেওয়া হয়? [ঢা. বো. ২২]**

(ক) প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমদ
(খ) সৈয়দ নজরুল ইসলাম
(গ) স্বরাষ্ট্রমন্ত্রী এএইচএম কামারুজ্জামান
(ঘ) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

উত্তর:ঘ

১২. 'আমি দলে যাই যত বন্ধন, যত নিয়ম কানুন শৃঙ্খল' – এই পঙক্তির মাধ্যমে বোঝানো হয়েছে - [চ. বো. ২২]

(ক) কবির কোনো পরোয়া নেই
(খ) কবি নির্ভার
(গ) কবি নির্দ্বান্দ্বিক
(ঘ) কবি মুক্ত

উত্তর:ক

১৩. কবি কার কুঠার দিয়ে বিশ্বকে নিঃক্ষত্রিয় করবেন? [ম. বো. ২২]

(ক) ইস্রাফিল (খ) আর্ফিয়াস
(গ) পরশুরাম (ঘ) দুর্বাসার

উত্তর:গ

১৪. 'চির উন্নত মম শির' – কথাটি কীসের পরিচায়ক? [দি. বো. ২২]

(ক) হিমালয়ের মতো দৃঢ়তার
(খ) আত্মদম্ভ প্রকাশের
(গ) মাতা উঁচু করে থাকার
(ঘ) অন্যায়ের সামনে মাথা নত না করার

উত্তর:ঘ

১৫. 'বিদ্রোহী' কবিতায় কবি কাকে কুর্নিশ করেন? [দি. বো. ২২]

(ক) নিজেকে (খ) ঈশ্বরকে
(গ) মাতৃভূমিকে (ঘ) মাতা – পিতাকে

উত্তর:ক

১৬. 'মম এক হাতে বাঁকা বাঁশের বাঁশরী আর হাতে রণতূর্য – চরণটিতে কী বোঝানো হয়েছে? [সি. বো. ২২]

(ক) ভালোবাসা ও ঘৃণা (খ) ভালো ও মন্দ
(গ) নতুন ও পুরাতন (ঘ) প্রেম ও দ্রোহ

উত্তর:ঘ

১৭. তিথি অত্যন্ত রাগী প্রকৃতির মেয়ে। ক্রোধান্বিত হলে হিতাহিত জ্ঞান থাকে না। তিথির সাথে 'বিদ্রোহী' কবিতায় কার মিল রয়েছে? [য. বো. ২২]

(ক) চেঙ্গিস খানের (খ) ক্ষ্যাপা দুর্বাসার
(গ) পিণাক-পাণি (ঘ) নটরাজের

উত্তর:খ

১৮. 'বিদ্রোহী কবিতায় কবি বিশ্বকে নিঃক্ষত্রিয় করতে চান কেন? [য. বো. ২২]

(ক) ক্ষাত্র শক্তিকে বিনষ্ট করতে
(খ) বিদ্রোহের অবসান ঘটাতে
(গ) পৃথিবীতে শান্তি প্রতিষ্ঠার জন্য
(ঘ) শত্রুতা নিরসনের জন্য

উত্তর:গ

১৯. কার 'ক্রন্দনরোল আকাশে বাতাসে ধ্বনিত হবে না' – বলে 'বিদ্রোহী' কবিতায় কবির কামনা? [সি. বো. ২২]

(ক) অপমানিতের (খ) অত্যাচারিতের
(গ) উৎপীড়িতের (ঘ) হতদরিদ্রের

উত্তর:গ

২০. 'অগ্নিবীণা' কাব্যগ্রন্থ কত সালে প্রকাশিত হয়? [ম. বো. ২২]

(ক) ১৯২১ সাল (খ) ১৯২২ সাল
(গ) ১৯২৩ সাল (ঘ) ১৯২০ সাল

উত্তর:খ

২১. 'বিদ্রোহী' কবিতা রচনার শতবর্ষ পূর্ণ হয়েছে-[চ. বো. ২২]

(ক) ২০১৯ সালে (খ) ২০২০ সালে
(গ) ২০২১ সালে (ঘ) ২০২২ সালে

উত্তর:খ

২২. 'জাগো রে কৃষাণ, সব তো গেছে, কীসের আর ভয়' – উদ্দীপকটিতে 'বিদ্রোহী' কবিতায় যে ভাব ফুটে উঠেছে – [ব. বো. ২২]

(ক) বিদ্রোহ (খ) সংগ্রাম
(গ) প্রতিবাদ (ঘ) প্রতিরোধ

উত্তর:ক

নিচের উদ্দীপকটি পড়ো এবং ২৩ ও ২৪ নম্বর প্রশ্নের উত্তর দাওঃ [রা. বো. ২২]

"ভাঙা ঘর, ফাঁকা ভিটেতে জমেছে নির্জনতার কালো হে মহামানব, এখানে শুকনো পাতার আগুন জ্বালো"

২৩. উদ্দীপকের সাথে সাদৃশ্যপূর্ণ পঙ্‌ক্তি কোনটি?

(ক) মম এক হাতে বাঁকা বাঁশের বাঁশরী
(খ) আমি মানি না কো কোনো আইন
(গ) বলবীর-বল উন্নত মম শির
(ঘ) আমি উন্মন মন উদাসীর

উত্তর:গ

২৪. উদ্দীপকে 'বিদ্রোহী' কবিতার কোন ভাবের প্রকাশ ঘটেছে?

(ক) মহানুভবতার অনিন্দ্য প্রকাশ
(খ) বিপ্লবী চেতনার অবসায়নের আহবান

(গ) অন্যায়-অত্যাচারের বিরুদ্ধে সোচ্চার হওয়ার আহ্বান
(ঘ) রাজশক্তিকে সতর্কবার্তা প্রদান
উত্তর:গ

২৫. **'আমি দ'লে যাই যত বন্ধন, যত নিয়ম কানুন শৃঙ্খল'- এই পঙক্তির মাধ্যমে বোঝানো হয়েছে- [চ. বো. ২২]**
(ক) কবির কোনো পরোয়া নেই
(খ) কবি নির্ভার
(গ) কবি নির্দ্বান্দ্বিক
(ঘ) কবি মুক্ত
উত্তর:ক

# প্রতিদান

## জ্ঞানমূলক প্রশ্ন

১. **'মালঞ্চ' অর্থ কী?**
উত্তর: 'মালঞ্চ' অর্থ ফুলের বাগান।

২. **'প্রতিদান' শব্দের অর্থ কী ?**
উত্তর: 'প্রতিদান' শব্দের অর্থ- দানের বদলে দান।

৩. **'নিরন্তর' শব্দের অর্থ কী?**
উত্তর: 'নিরন্তর' শব্দের অর্থ অবিরাম।

৪. **'নকসী কাঁথার মাঠ' কী ধরনের রচনা?**
উত্তর: 'নক্সী কাঁথার মাঠ' একটি কাব্যগ্রন্থ।

৫. **'নিঠুরিয়া বাণী' কী?**
উত্তর: নিঠুরিয়া বাণী হলো নিষ্ঠুর কথা।

৬. **কবি কাকে বুকভরা গান দেন?**
উত্তর: কবিকে যে বিষে-ভরা বাণ দিয়েছে, কবি তাকে বুকভরা গান দেন।

৭. **'প্রতিদান' কবিতায় কবি 'বিষে-ভরা বানে'র প্রতিদানে কী দেন?**
উত্তর: 'প্রতিদান' কবিতায় কবি 'বিষে-ভরা বাণে'র প্রতিদানে বুকভরা গান দেন।

৮. **'বাণ' শব্দের অর্থ কী?**
উত্তর: 'বাণ' শব্দের অর্থ তির।

৯. **জসীমউদ্‌দীন কী হিসেবে সমধিক পরিচিত?**
উত্তর: জসীমউদ্‌দীন 'পল্লিকবি' হিসেবে সমধিক পরিচিত।

১০. **কবি জসীমউদ্‌দীন কত খ্রিষ্টাব্দে জন্মগ্রহণ করেন?**
উত্তর: কবি জসীমউদ্‌দীন ১৯০৩ খ্রিষ্টাব্দে জন্মগ্রহণ করেন।

## অনুধাবনমূলক প্রশ্ন

১. **কবি কেন অনিষ্টকারীর জন্য দীঘল রজনী জেগে থাকেন?**
উত্তর: 'প্রতিদান' কবিতায় কবি দীঘল রজনী তার জন্যই জেগে কাটাতে চেয়েছেন যে কবিকে ঘুমাতে দেয়নি। কবি অনিষ্টকারীকে আপন ভেবে কাছে টেনে নিতে চান। কারণ প্রতিশোধ নয় ভালোবাসার মধ্যেই রয়েছে মানবতার প্রকৃত সমাধান। তাই যে কবির ঘুম কেড়ে নিয়ে তাঁকে অশান্তিতে রেখেছে তার জন্যই কবি নির্ঘুম রাত কাটাতে চান। তার মঙ্গল চিন্তাই কবিকে ঘুমাতে দেয় না।

২. **কবি দীঘল রজনী জেগে থাকেন কেন ?**
উত্তর: 'প্রতিদান' কবিতায় কবি দীঘল রজনী তার জন্যই জেগে কাটাতে চেয়েছেন যে কবিকে ঘুমাতে দেয়নি।

কবি অনিষ্টকারীকে আপন ভেবে কাছে টেনে নিতে চান। কারণ প্রতিশোধ নয় ভালোবাসার মধ্যেই রয়েছে মানবতার প্রকৃত সমাধান। তাই যে কবির ঘুম কেড়ে নিয়ে তাঁকে অশান্তিতে রেখেছে তার জন্যই কবি নির্ঘুম রাত কাটাতে চান। তার মঙ্গল চিন্তাই কবিকে ঘুমাতে দেয় না।

৩. **যে কবির ঘর ভেঙেছে, কবি তার ঘর বাঁধতে চান কেন?**

**উত্তর:** কবি প্রতিহিংসায় বিশ্বাস করেন না বলে তিনি নিজের ঘর যে ভেঙে দিয়েছে তার জন্য ঘর বেঁধে দেন।

প্রতিশোধ ও প্রতিহিংসা কখনোই চূড়ান্ত সমাধান হতে পারে না। কেউ কবির ক্ষতির কারণ হলে তারও ক্ষতি করতে হবে, কবি তা বিশ্বাস করেন না। কবি মানুষের প্রতি দায়িত্বশীল এবং ক্ষমাশীল। তিনি মনে করেন ভালোবাসাই মানুষকে আলোর পথ দেখায়। তাই কেউ কবির ঘর ভেঙে দিলেও কবি সেই অনিষ্টকারীর জন্য ঘর তৈরি করতে চেয়েছেন।

৪. **'কাটা পেয়ে তারে ফুল করি দান সারাটি জনম-ভর' – ব্যাখ্যা করো।**

**উত্তর:** কবি অনিষ্টকারীর উপকার করতে চান বলে কাঁটার বিনিময়ে ফুল দান করেন।

কবি বিশ্বাস করেন, অনিষ্টকারীকে কেবল ক্ষমা করেই নয়, বরং প্রতিদান হিসেবে তার উপকার করার মাধ্যমে পৃথিবীকে সুন্দর করা সম্ভব। কেউ ক্ষতি করেছে বলে প্রতিশোধের বশবর্তী হয়ে তারও ক্ষতি করতে হবে কবি তা মানতে নারাজ। তাই কবিকে কেউ কাঁটা দিলে কৰি তাকে প্রতিদানে ফুল উপহার দেন। অর্থাৎ, কেউ তাঁর অনিষ্ট করলে বিনিময়ে তার মঙ্গল সাধন করেন।

## বহুনির্বাচনি অভীক্ষা

১. **'প্রতিদান' কবিতায় কবি কার ঘর বাঁধেন? [ম. বো. ২৩]**

(ক) যে কবির ঘর ভেঙেছে
(খ) যে কবির ঘর বেঁধেছে
(গ) যে কবির ঘর নিয়ে গেছে
(ঘ) যে কবিকে ঘর দিয়েছে

**উত্তর:** ক

২. **'প্রতিদান' কবিতায় উল্লিখিত রজনী কেমন ছিল? [ঢা. বো. ২৩]**

(ক) দীঘল (খ) জ্যোৎস্নাশোভিত
(গ) অন্ধকারাচ্ছন্ন (ঘ) মেঘাচ্ছন্ন

**উত্তর:** ক

৩. **"কাঁটা পেয়ে তারে ফুল করি দান"- চরণটিতে কবি কী বুঝিয়েছেন?- [দি. বো. ২৩]**

(ক) কৃতজ্ঞতা (খ) পরার্থপরতা
(গ) কৃতঘ্নতা (ঘ) অপচিকির্ষা

**উত্তর:** খ

৪. **'প্রতিদান' কবিতার মূল উপজীব্য হলো- [ম. বো. ২৩]**

i. ক্ষমাশীলতা
ii. উদারতা
iii. পরার্থপরতা

**নিচের কোনটি সঠিক?**

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i,ii ও iii

**উত্তর:** ঘ

**নিচের উদ্দীপকটি পড়ে ৫ ও ৬ নম্বর প্রশ্নের উত্তর দাও: [ব. বো. ২৩]**

মেরেছো কলসির কানা, তাই বলে কি প্রেম দেব না?

৫. **উদ্দীপকের ভাব 'প্রতিদান' কবিতার কোন চরণে অনুপস্থিত?**

(ক) আমার এ ঘর ভাঙিয়াছে যেবা আমি বাঁধি তার ঘর
(খ) আপন করিতে কাঁদিয়া বেড়াই যে মোরে করেছে পর
(গ) আমার এ কূল ভাঙিয়াছে যেবা আমি কূল বাঁধি
(ঘ) রঙিন ফুলের সোহাগ-জড়ানো ফুল মালঞ্চ ধরি

**উত্তর:** ঘ

৬. **উদ্দীপকে 'প্রতিদান' কবিতার যে বিষয়টি ফুটে উঠেছে-**

(ক) মহানুভবতা (খ) ভালোবাসা
(গ) প্রত্যুপকার (ঘ) পরোপকার

**উত্তর:** ঘ

**নিচের উদ্দীপকটি পড়ে ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও: [সি. বো. ২৩]**

পরার্থে আপন সুখ দিয়ে বিসর্জন,
তুমিও হওগো ধন্য তরুর মতন।

**৭. উদ্দীপকের সঙ্গে 'প্রতিদান' কবিতার কোন দিকটির সামঞ্জস্যপূর্ণ?**

(ক) সহনশীলতা (খ) ক্ষমা
(গ) পরার্থপরতা (ঘ) অনিষ্টকারীর মঙ্গল

**উত্তর:** গ

**৮. অনুচ্ছেদ ও 'প্রতিদান' কবিতা অনুসারে মানবজীবন কখন সার্থক হবে?**

(ক) সুখ বিসর্জন দিলে
(খ) দুঃখে জীবন কাটালে
(গ) আত্মকেন্দ্রিক হলে
(ঘ) আত্মত্যাগ ও পরোপকার করলে

**উত্তর:** ঘ

**৯. 'প্রতিদান' কবিতায় কবির কোন চেতনা প্রকাশ পেয়েছে? [কু. বো. ২৩]**

(ক) উদারতা (খ) উদাসীনতা
(গ) বিমুখতা (ঘ) নির্লিপ্ততা

**উত্তর:** ক

**১০. কীসের মধ্যে ব্যক্তির প্রকৃত সুখ নিহিত? [রা. বো. ২৩]**

(ক) জ্ঞান অর্জন (খ) হানাহানি
(গ) পরার্থপরতা (ঘ) ক্ষুদ্র স্বার্থ

**উত্তর:** গ

**১১. 'প্রতিদান' কবিতায় কবি 'বিষে-ভরা' বাণের পরিবর্তে কী দিয়েছেন? [ম. বো. ২২]**

(ক) সোহাগ-জড়ানো ফুল
(খ) বুক ভরা গান
(গ) নিঠুরিয়া বাণী
(ঘ) বুকেতে কঠিন আঘাত

**উত্তর:** খ

**১২. কবি জসীম উদ্‌দীন কত সালে জন্মগ্রহণ করেন? [রা. বো. ২২]**

(ক) ১৮৯৯ (খ) ১৯০৩
(গ) ১৯০৫ (ঘ) ১৯৩৬

**উত্তর:** খ

**১৩. 'আপন করিতে কাঁদিয়া বেড়াই যে মোরে করেছে পর।'- পঙ্‌ক্তিতে কী বোঝানো হয়েছে? [কু. বো. ২২]**

(ক) ক্ষমাশীলতা (খ) মানবপ্রীতি
(গ) আন্তরিকতা (ঘ) আত্মতৃপ্তি

**উত্তর:** খ

**১৪. 'প্রতিদান' কবিতায় কে পথের বিবাগী হয়েছেন? [চ. বো. ২২]**

(ক) কবি স্বয়ং (খ) কবির আপনজন
(গ) কবির পিতা (ঘ) কবির প্রতিবেশী

**উত্তর:** ক

**১৫. যে 'বিষভরা বাণ' দিয়েছে প্রতিদানে কবি তাকে কী দেন? [ব. বো. ২২]**

(ক) বুকভরা ভালোবাসা (খ) বুকভরা ফুল
(গ) বুকভরা গান (ঘ) বুকভরা মালা

**উত্তর:** গ

**১৬. যে মোরে দিয়েছে বিষে-ভরা বাণ,
আমি দেই তারে বুকভরা গান;- এখানে 'বিষেভরা বাণ' কী অর্থ জ্ঞাপন করেছে? [ঢা. বো. ২২]**

(ক) কটুকথা (খ) তীর
(গ) মন্ত্র (ঘ) শর

**উত্তর:** ক

**১৭. 'প্রতিদান' কবিতায় কবি অনিষ্টকারীকে কী দিয়েছেন? [য. বো. ২২]**

(ক) ক্ষমা (খ) শাস্তি
(গ) দয়া (ঘ) অভিশাপ

**উত্তর:** ক

**১৮. 'প্রতিদান' কবিতায় প্রতিদান শব্দটি কোন অর্থে ব্যবহৃত হয়েছে? [রা. বো. ২২]**

(ক) অনিষ্টকারীকে ক্ষমা প্রদান
(খ) বাসযোগ্য, সুন্দর পৃথিবী বিনির্মাণ
(গ) অনিষ্টকারীকে শাস্তি প্রদান
(ঘ) অপকারীর উপকার

**উত্তর:** ঘ

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৯ ও ২০ নম্বর প্রশ্নের উত্তর দাও: [চ. বো. ২২]**

ইব্রাহিমের ঘর পুড়িয়ে দেয় অঞ্জয়। ইব্রাহিমও তার প্রতিশোধ নেওয়ার জন্য তৎপর হয়ে ওঠে। একদিন সুযোগ বুঝে সেও অঞ্জয়ের ঘরে আগুন লাগিয়ে পুড়িয়ে দেয়।

**১৯. উদ্দীপকের সঙ্গে 'প্রতিদান' কবিতার কার বৈসাদৃশ্য রয়েছে-**

(ক) কবির (খ) যে কবিকে পর করেছে
(গ) প্রকৃতির (ঘ) কবির স্বজন

**উত্তর:** ক

**২০. 'প্রতিদান' কবিতার প্রেক্ষাপট বিবেচনায় উদ্দীপকের ইব্রাহিম একজন -**

i. অসৎ মানুষ
ii. অমানবিক মানুষ
iii. অসহিষ্ণু মানুষ

**নিচের কোনটি সঠিক?**

(ক) i ও ii　　(খ) i ও iii
(গ) ii ও iii　　(ঘ) i, ii ও iii

উত্তর: গ

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ২১ ও ২২ নম্বর প্রশ্নের উত্তর দাও:** [সি. বো. ২২]

মা হারা মেয়ে রহিমাকে সৎমা অনেক অত্যাচার করে। সারাদিন খাটিয়ে সমস্ত কাজ করিয়ে নেয়। সামান্য ভুল করলেই সে রহিমাকে নির্যাতন করে। রহিমা তবুও সৎমাকে নিজের মায়ের মতোই ভালোবাসে।

**২১. উদ্দীপকের সৎমায়ের সাথে 'প্রতিদান' কবিতার সাদৃশ্য কোথায়?**

(ক) উদারতায়　　(খ) ক্ষমাশীলতায়
(গ) কর্মনিপুণতায়　　(ঘ) প্রতিহিংসায়

উত্তর: ঘ

**২২. রহিমার মধ্যে কবি চেতনার প্রতিফলিত দিকটি হলো -**

i. কর্মনিপুণতা
ii. উদারতা
iii. ক্ষমাশীলতা

**নিচের কোনটি সঠিক?**

(ক) i ও ii　　(খ) i ও iii
(গ) ii ও iii　　(ঘ) i, ii ও iii

উত্তর: খ

# তাহারেই পড়ে মনে

## জ্ঞানমূলক প্রশ্ন

**১. 'অর্ঘ্য' শব্দের অর্থ কী?**

উত্তর: 'অর্ঘ্য' শব্দের অর্থ অঞ্জলি বা উপহার।

**২. 'ফুটেছে কী আমের মুকুল'? উক্তিটি কার?**

উত্তর: 'ফুটেছে কি আমের মুকুল?' উক্তিটি কবির।

**৩. উত্তরী শব্দের অর্থ কী?**

উত্তর: 'উত্তরী' শব্দের অর্থ চাদর।

**৪. কবি সুফিয়া কামালের প্রথম স্বামীর নাম কী?**

উত্তর: কবি সুফিয়া কামালের প্রথম স্বামীর নাম সৈয়দ নেহাল হোসেন।

**৫. 'পুষ্পারতি' শব্দটির অর্থ কী?**

উত্তর: 'পুষ্পারতি' শব্দটির অর্থ ফুলেল বন্দনা বা নিবেদন।

**৬. 'দক্ষিণ দুয়ার গেছে খুলি?' – প্রশ্নটির কার?**

উত্তর: 'দক্ষিণ দুয়ার গেছে খুলি?' – প্রশ্নটি কবির।

**৭. 'তাহারেই পড়ে মনে' কবিতা প্রথম কোন পত্রিকায় প্রকাশিত হয়?**

উত্তর: 'তাহারেই পড়ে মনে' কবিতাটি প্রথম মাসিক মোহাম্মদী পত্রিকায় প্রকাশিত হয়।

**৮. কবিভক্ত কবির কাছে কী শোনার মিনতি করে?**

উত্তর: কবিভক্ত কবির কাছে বসন্ত-বন্দনা শোনার মিনতি করেছে।

**৯. 'কহিল সে স্নিগ্ধ আঁখি তুলি' – কার কথা বলা হয়েছে?**

উত্তর: 'কহিল সে স্নিগ্ধ আঁখি তুলি' – চরণটির মাধ্যমে বিরহকাতর কবির কথা বলা হয়েছে।

**১০. 'পাথার' শব্দের অর্থ কী?**

উত্তর: 'পাথার' শব্দের অর্থ – সমুদ্র।

**১১. 'তাহারেই পড়ে মনে' কবিতায় কবির নীরবতার কারণ কী?**

উত্তর: প্রিয়জনের বিয়োগব্যথায় নিমগ্নচিত্ত থাকাই 'তাহারেই পড়ে মনে' কবিতায় কবির নীরবতার কারণ।

## অনুধাবনমূলক প্রশ্ন

**১. 'ডেকেছে কি সে আমারে? শুনি নাই রাখিনি সন্ধান।'- কবির এই উদাসীনতার প্রকৃত ধারণ কী?**

**উত্তর:** লেখকের মতে, 'মানব কল্যাণ' বলতে মানুষের সঠিক মঙ্গলের প্রয়াসকে বোঝায়।

আমাদের সমাজে মানব কল্যাণ স্রেফ মানব অপমানে পরিণত হয়েছে। দয়া কিংবা করুণার বশবর্তী হয়ে আমরা দান-খয়রাত করে থাকি। মানব কল্যাণের এমন ধারণা সংকীর্ণ মনোভাবের পরিচায়ক। অসহায় মানুষকে আত্মনির্ভরশীল করে স্বাবলম্বনের সঙ্গে পরিচালিত করাই প্রকৃত মানব-কল্যাণ। লেখকের মতে, মুক্তবুদ্ধির সহায়তায় সুপরিকল্পিত পথেই কল্যাণময় পৃথিবী রচনা করা সম্ভব।

**২. 'যদিও এসেছে তবু তুমি তারে করিলে বৃথাই'।– কীভাবে?**

**উত্তর:** বসন্ত সম্পর্কে উদাসীন থাকায় কবির প্রতি কবি-ভক্তের এই অনুযোগ।

কবি-ভক্ত কবির কাছে বসন্ত-বন্দনা গীতি শুনতে চান, কিন্তু বিচ্ছেদবেদনায় কবির মন দুঃখ ভারাক্রান্ত। তিনি বসন্তকে যথার্থ সমাদর করতে পারছেন না। কিন্তু কবি-ভক্তের কাছে মনে হয়েছে কবি যদি বসন্তকে বন্দনা না করে তবে বসন্তের আগমনই বৃথা হয়ে যাবে। তাই কবি-ভক্ত অনুযোগ করে বলেছে- 'যদিও এসেছে তবু তুমি তারে করিলে বৃথাই।'

**৩. বাতাবি নেবুর ফুল ফুটেছে কি? ফুটেছে কি আমের মুকুল"- কবিতাংশে কবি কী বোঝাতে চেয়েছেন?**

**উত্তর:** 'তাহারেই পড়ে মনে' কবিতা থেকে উদ্ধৃত অংশটিতে শোকাচ্ছন্ন কবির জিজ্ঞাসার মধ্য দিয়ে বসন্তের আগমন সম্পর্কে তাঁর উদাসীনতা ব্যক্ত হয়েছে।

প্রকৃতিতে বসন্ত তার রূপসম্ভার নিয়ে হাজির হয়েছে। চারদিকে বসন্তের আগমনী বৈশিষ্ট্য ফুটে উঠেছে। কিন্তু কবি এসব কিছু লক্ষ করেননি। বিদায়ী শীতের করুণ স্মৃতি তাঁর অন্তর জুড়ে আছে। তাই বসন্তের সৌন্দর্য তাঁর মনকে স্পর্শ করেনি। কবি-ভক্ত তাঁকে বসন্তের আগমনী বার্তা জানালে কবি নানা রকম জিজ্ঞাসার মধ্য দিয়ে এ সম্পর্কে নিশ্চিত হতে চেয়েছেন। প্রশ্নোক্ত চরণটিতে এ বিষয়টিই ফুটে উঠেছে।

**৪. 'বসন্ত-বন্দনা তব কণ্ঠে শুনি-এ মোর মিনতি।'– চরণটি ব্যাখ্যা করো।**

**উত্তর:** বসন্তের আগমনে কবির উদাসীনতা দেখে কবি-ভক্ত কবিকে কাব্য রচনার মিনতি করেছেন।

প্রকৃতিতে বসন্ত এসেছে। কিন্তু বসন্তের আগমন সত্ত্বেও কবির সেদিকে কোনো খেয়াল নেই। উদাসীন কবির এ অবস্থায় কবি-ভক্ত তাকে সচেতন করে তোলার চেষ্টা করছেন। বসন্তের বন্দনায় তাই কবিকে কাব্য রচনায় মনোনিবেশ করার মিনতি জানানো হয়েছে।

**৫. 'তাহারেই পড়ে মনে' কবিতায় কবির উদাসীনতার কারণ ব্যাখ্যা করো।**

**উত্তর:** 'তাহারেই পড়ে মনে' কবিতায় কবির উদাসীনতার কারণ হলো তাঁর স্বামী ও কাব্য সাধনার প্রেরণা পুরুষের আকস্মিক মৃত্যু।

প্রকৃতিতে বসন্ত এলেও কবির মন জুড়ে বিরাজ করছে শীতের রিক্ততা ও বিষণ্ণ রূপ। কবি শীত ঋতুকে ভুলতে পারছেন না। তাঁর এ ভুলতে না পারার কারণ প্রিয় স্বামী সৈয়দ নেহাল হোসেনের আকস্মিক মৃত্যু। স্বামীর অকাল প্রয়াণে কবির হৃদয় দুঃখ ভারাক্রান্ত। আর এ কারণেই প্রকৃতিতে বসন্তের আগমন সত্ত্বেও কবি উদাসীন।

**৬. 'কুহেলি উত্তরী তলে মাঘের সন্ন্যাসী' – পঙ্ক্তিটি বুঝিয়ে লেখো।**

**উত্তর:** আলোচ্য পঙ্ক্তিটিতে কবি শীতকে কুয়াশার চাদর পরিহিত মাঘের সন্ন্যাসীরূপে কল্পনা করেছেন।

শীত প্রকৃতিকে দেয় রিক্ততার রূপ। আলোচ্য কবিতাটিতে শীতের এ নিঃস্ব ও রিক্ত রূপকে বসন্তের বিপরীতে স্থাপন করা হয়েছে। প্রকৃতি বসন্তের আগমনে পুষ্পসাজে সাজলেও বিরহকাতর কবির মন জুড়ে রয়েছে শীতের রিক্ততার ছবি। শীত যেন রিক্ত সন্ন্যাসীর মতোই কুয়াশার চাদর গায়ে পত্রপুষ্পহীন দিগন্তের পথে চলে গেছে। প্রশ্নোক্ত পঙ্ক্তিটিতে সর্বগ্রাসী শীতের এ নিষ্প্রাণ রূপটিকেই তুলে ধরা হয়েছে।

**৭. 'কহিল সে কাছে সরে আসি' – পঙ্ক্তিটি ব্যাখ্যা করো।**

**উত্তর:** প্রশ্নোক্ত পঙ্ক্তিটির মাধ্যমে বেদনার্ত কবির বসন্তবিমুখতা ও তাঁর জীবনে শীতের রিক্ততার প্রভাব প্রকাশ করেছেন।

'তাহারেই পড়ে মনে' কবিতায় কবি প্রিয়জন হারানোর বেদনায় বিমূঢ়। এজন্য তাঁর কাছে বসন্ত বিশেষ কোনো অর্থ বহন করে না। কবিভক্ত বসন্তের আগমনী বার্তা কবিকে জানালেও কবি তাতে আগ্রহী হন না। বরং কবি তাঁর ভক্তের কাছে শীত ঋতুর রিক্ততায় শূন্য হৃদয়ের বেদনা বোঝানোর চেষ্টা করেন। এ পরিপ্রেক্ষিতে প্রশ্নোক্ত কথাটি বলা হয়েছে।

**৮. বিশ্ব প্রকৃতিতে বসন্তের আগমনে কবি এত উদাসীন কেন? বুঝিয়ে দাও।**

**উত্তর:** প্রিয়জন হারানোর বিষাদময় স্মৃতি ভুলতে না পারার কারণে বসন্তের আগমন সত্ত্বেও কবি নীরব ভূমিকা পালন করেছেন।

প্রকৃতিতে বসন্তের আগমন ঘটলেও কবির মনোজগৎ জুড়ে বিরাজ করছে শীতের রিক্ততা ও বিষণ্ণতার ছবি। প্রিয়জনের করুণ বিদায় কবিমনে যে বেদনার ছায়াপাত রেখে গেছে, তা তিনি কিছুতেই ভুলতে পারেন না। আর তাই বসন্ত প্রকৃতির মনোহর রূপও কবিমনে সাড়া জাগাতে পারে না। মূলত প্রিয়জন হারানোর বেদনায় মুহ্যমান কবি স্বাভাবিকভাবেই নিরাসক্ত, নিরাবেগ ও নীরব হয়ে পড়েন।

**৯. 'তাহারেই পড়ে মনে' কবিতাটিকে নাটকীয় গুণসম্পন্ন কবিতা বলা হয় কেন?**

**উত্তর:** গঠনরীতির দিক থেকে 'তাহারেই পড়ে মনে' কবিতাটি সংলাপনির্ভর হওয়ায় কবিতাটিকে নাটকীয় গুণসম্পন্ন কবিতা বলা হয়।

'তাহারেই পড়ে মনে' কবিতাটিতে মূলত কবি ও কবি-ভক্তের মাঝে সংলাপের মধ্য দিয়ে নাটকীয়তা সৃষ্টি হয়েছে। এ নাটকীয়তাই কবিতাটির লক্ষণীয় বৈশিষ্ট্য। উল্লিখিত চরিত্র দুটির কথোপকথনের মাধ্যমে কবিতাটির বিষয়বস্তুর বিস্তৃতি ও ক্রমবিকাশ ঘটেছে। এর মধ্য দিয়ে কবি হৃদয়ের নিগূঢ় ভাব এখানে নাটকীয়ভাবে প্রকাশিত হয়েছে। এজন্য কবিতাটিকে নাটকীয় গুণসম্পন্ন বলা হয়।

**১০. 'পুষ্পশূন্য দিগন্তের পথে' বলতে কী বোঝানো হয়েছে?**

**উত্তর:** 'পুষ্পশূন্য দিগন্তের পথে' বলতে কবি বিবর্ণ ও নিষ্প্রাণ প্রান্তরকে বুঝিয়েছেন।

আলোচ্য কবিতাটিতে নিঃসঙ্গ ও নিষ্প্রাণ প্রকৃতি এবং কবির চেতনা যেন একাত্ম হয়ে উঠেছে। এ ক্ষেত্রে শীতকালীন প্রকৃতি যেমন তার সজীবতা হারিয়ে রুক্ষমূর্তি ধারণ করেছে, তেমনি শোকে মুহ্যমান কবির চেতনাও যেন প্রিয়জনের চলে যাওয়াকে কেন্দ্র করে বিষন্নতার রূপ পরিগ্রহ করেছে। আর তাই অকালে অপ্রাপ্তি নিয়ে স্বজনের চলে যাওয়ার এ বিষয়টিকে তিনি 'পুষ্পশূন্য দিগন্তের পথে' বলে অভিহিত করেছেন।

**১১. 'সে ভুলেনি তো, এসেছে তা ফাগুনে স্মরিয়া' – উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো।**

**উত্তর:** ব্যক্তি মানুষের সুখ-দুঃখ প্রকৃতির সহজাত নিয়মে ব্যত্যয় ঘটাতে পারে না– প্রশ্নোক্ত পঙ্ক্তিটির মাধ্যমে এ কথাই প্রকাশ পেয়েছে।

প্রকৃতি তার আপন নিয়মে সদা পরিবর্তনশীল। মানুষের সুখ-দুঃখ প্রকৃতিকে প্রভাবিত করতে পারে না। আর তাই প্রিয়জনের শোকে মুহ্যমান কবি বসন্তবরণের জন্য প্রস্তুত না হলেও ফাল্গুন মাস শুরু হওয়ার সাথে সাথেই প্রকৃতিতে বসন্তের আগমন ঘটেছে। প্রশ্নোক্ত পঙ্ক্তিটির মধ্য দিয়ে এ বিষয়টিই মূর্ত হয়ে উঠেছে।

**১২. 'কোথা তব নব পুষ্প সাজ?' – উক্তিটি বুঝিয়ে লেখো।**

**উত্তর:** প্রশ্নোক্ত উক্তিটির মধ্য দিয়ে আনমনা কবির বসন্তের প্রতি ঔদাসীন্যের দিকটিই উন্মোচিত হয়েছে।

বসন্তের আগমনে সমগ্র প্রকৃতি যেন নবরূপ লাভ করে। বাহারি ফুল আর পাতায় সজ্জিত হয় বৃক্ষরাজি। স্বভাবতই কবিরাও বসন্ত-বন্দনায় মগ্ন হন। কিন্তু প্রিয়জনের বিয়োগব্যথায় কাতর কবির পক্ষে বসন্তকে বরণ করা সম্ভব হয়ে ওঠেনি। বাহারি ফুলে সুসজ্জিত হওয়ার পরিবর্তে কবিমন ও শীতের রিক্ততাকেই অবলম্বন করেছে, যা আলোচ্য পঙ্ক্তিটিতে কবি-ভক্তের প্রশ্নের মধ্য দিয়ে ফুটে উঠেছে।

১৩. **কবিতায় কবির ব্যক্তিজীবন কীভাবে ধরা পড়েছে?**

**উত্তর:** কবির প্রিয়তম স্বামীর মৃত্যুশোক প্রকাশের দিক থেকে কবিতাটিতে তাঁর ব্যক্তিজীবনের ছায়াপাত ঘটেছে।

'তাহারেই পড়ে মনে' কবিতায় বিরহকাতর কবির মনোযাতনা প্রকাশিত হয়েছে। তাঁর সাহিত্য সাধনার প্রধান সহায়ক ও উৎসাহদাতা স্বামী সৈয়দ নেহাল হোসেনের আকস্মিক মৃত্যু কবিকে ভারাক্রান্ত ও উদাসীন করে তোলে। আলোচ্য কবিতাটিতে তাঁর ব্যক্তিজীবনের এই দুঃসহ অনুভূতিই রূপায়িত হয়েছে।

## বহুনির্বাচনি অভীক্ষা

১. **'তাহারেই পড়ে মনে' কবিতায় কার প্রতি কবির তীব্র বিমুখতা?** [ঢা. বো. ২৩; চ. বো. ১৫]

(ক) বসন্তের (খ) শীতের
(গ) নিজের (ঘ) ভক্তের

**উত্তর:** ক

২. **'তাহারেই পড়ে মনে' কবিতায় কবি কাকে 'মাঘের সন্ন্যাসী' রূপে কল্পনা করেছেন?** [য. বো. ২৩]

(ক) দখিনা সমীর (খ) শীত
(গ) বসন্ত (ঘ) মাধবী কুঁড়ি

**উত্তর:** খ

৩. **"দক্ষিণ দুয়ার গেছে খুলি?"- চরণটিতে কী বোঝানো হয়েছে?** [ঢা. বো. ২৩]

(ক) দখিনা বাতাস (খ) কবির উদাসীনতা
(গ) বসন্তের আগমন (ঘ) কবির অভিমান

**উত্তর:** খ

৪. **জানি তোমার হৃদয় শূন্য,**
**মন পুড়ে কার জন্য?**
**উদ্দীপকের 'কার' শব্দটি 'তাহারেই পড়ে মনে' কবিতার কোন বিষয় স্মরণ করিয়ে দেয়?** [ম. বো ২৩]

(ক) কবি ভক্ত (খ) মাঘের সন্ন্যাসী
(গ) শীত (ঘ) বসন্ত

**উত্তর:** খ

৫. **'তাহারেই পড়ে মনে' কবিতা অনুসারে বসন্ত ঋতুতে —** [ম. বো ২৩]

i. মানবমনে আনন্দ বিরাজ করে
ii. আমের মুকুল ফোটে
iii. দখিনা বাতাস বইতে থাকে

**নিচের কোনটি সঠিক?**

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**উত্তর:** ঘ

৬. **'তাহারেই পড়ে মনে' কবিতার কবি শীতকে মাঘের সন্ন্যাসী বলেছেন। কারণ- [কু. বো.২৩]**

i. মাঘের শীতের তীব্রতার জন্য
ii. শীতের রিক্ততার জন্য
iii. কুয়াশার চাদরের জন্য

**নিচের কোনটি সঠিক?**

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**উত্তর:** গ

**নিচের উদ্দীপকটি পড়ে ৭ ও ৮ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

"হিম কুহেলির অন্তরে তলে আজিকে পুলক জাগে,
রাঙ্গিয়া উঠেছে পলাশ কলিকা মধুর রঙিন রাগে।"

[সি. বো. ২৩]

৭. **অনুচ্ছেদটি 'তাহারেই পড়ে মনে' কবিতার কোন ঘটনার সঙ্গে সাদৃশ্যপূর্ণ?**

(ক) শীত বিদায়ের (খ) বসন্ত আগমনের
(গ) প্রাকৃতিক সৌন্দর্যের (ঘ) গ্রীষ্মের দাবদাহের

**উত্তর:** খ

৮. **অনুচ্ছেদটিতে 'তাহারেই পড়ে মনে' কবিতার কোন সুর ধ্বনিত হয়েছে?**

(ক) শীতের আগমন (খ) শীতের গভীরতাকে
(গ) প্রকৃতির পরিপূর্ণতা (ঘ) প্রকৃতির পরিবর্তন

**উত্তর:** ঘ

**নিচের উদ্দীপকটি পড় এবং ৯ ও ১০ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

মুন্না বিশিষ্ট ব্যাবসায়ী। হঠাৎ তার শিশুপুত্র সড়ক দুর্ঘটনায় নিহত হয়। পুত্রশোকে সে ব্যবসা ছেড়ে দিয়েছে। এমনকি ঈদের নামাজ পড়তেও যেতে পারেনি। [রা. বো. ২৩]

৯. **উদ্দীপকের 'মুন্না' 'তাহারেই পড়ে মনে' কবিতার কোন চরিত্রকে মনে করিয়ে দেয়?**

(ক) কবির পুত্র (খ) কবির স্বামী

(গ) কবিভক্ত (ঘ) কবি

উত্তর: ঘ

**১০. উদ্দীপকে ও 'তাহারেই পড়ে মনে' কবিতায় যুগপৎভাবে ফুটে উঠেছে —**

i. নির্লিপ্ততা

ii. স্মৃতিকাতরতা

iii. প্রিয়জন হারানোর বেদনা

**নিচের কোনটি সঠিক?**

(ক) i ও ii (খ) i ও iii

(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

উত্তর: ঘ

**১১. তাহারেই পড়ে মনে' কবিতায় কোথায় বসন্তের আবির্ভাব ঘটেছে? [দি. বো. ২৩]**

(ক) প্রকৃতিতে (খ) কবির মনে

(গ) প্রিয়জনের মনে (ঘ) কবিভক্তের মনে

উত্তর: ক

**১২. 'তাহারেই পড়ে মনে' কবিতায় কোন বিষয়টি প্রাধান্য পেয়েছে? [কু. বো. ২৩]**

(ক) প্রকৃতির প্রতি মানবমানের বিরূপতা

(খ) মানুষের ব্যক্তিগত জীবনের দুঃখ-কষ্ট

(গ) প্রকৃতির প্রতি কবিমনের ভাবান্তর

(ঘ) মানবমন ও প্রকৃতির যোগসাদৃশ্য

উত্তর: ঘ

**১৩. 'তাহারেই পড়ে মনে' কবিতার লক্ষণীয় বৈশিষ্ট্য কোনটি? [ব. বো. ২৩]**

(ক) শোকধার্মিতা (খ) বর্ণাত্মক

(গ) নাটকীয়তা (ঘ) মহাকাব্যিক

উত্তর: গ

**১৪. 'হে কবি, নীরব কেন ফাগুন যে এসেছে ধরায়' – এ চরণটিতে 'নীরব কেন' বলতে কবির কেমন অবস্থা বোঝায়? [ঢা. বো. ১৯]**

(ক) জীবন সম্পর্কে উদাসীনতা

(খ) ঘুমিয়ে থাকা

(গ) কাব্য ও গান রচনায় সক্রিয় না হওয়া

(ঘ) শীতের চাদর মুড়ি দিয়ে থাকা

উত্তর: গ

**১৫. 'তাহারেই পড়ে মনে' কবিতার কবি কোন ঋতুর বন্দনা করেছেন? [য. বো. ২২]**

(ক) গ্রীষ্ম (খ) বর্ষা

(গ) শীত (ঘ) বসন্ত

উত্তর: ঘ

**১৬. 'তাহারেই পড়ে মনে' কবিতায় কে কবিকে বসন্তের বন্দনাগীত রচনা করতে বলেছেন?**

(ক) কবির স্বামী (খ) কবির ভক্ত

(গ) ঋতুর রাজন (ঘ) মাঘের সন্ন্যাসী

উত্তর: খ

**১৭. 'বাতাবি নেবুর ফুল ফুটেছে কি?' – 'তাহারেই পড়ে মনে' কবিতার এই চরণ দ্বারা প্রকাশিত হয়েছে– [কু. বো. ২২]**

(ক) প্রকৃতির বর্ণনা (খ) গাছের বর্ণনা

(গ) কবির হাহাকার (ঘ) কবির ব্যক্তিগত উচ্ছ্বাস

উত্তর: গ

**১৮. 'তাহারেই পড়ে মনে' কবিতায় কে গন্ধে অধীর আকুল হয়েছে কি না জানতে চাওয়া হয়েছে? [কু. বো. ১৭]**

(ক) আমের মুকুল (খ) দক্ষিণ দুয়ার

(গ) দখিনা সমীর (ঘ) বাতাবি লেবুর ফুল

উত্তর: গ

**১৯. 'তাহারেই পড়ে মনে' কবিতায়– 'কোথা তব নব পুষ্পসাজ' – উক্তিটি কার উদ্দেশে বলা হয়েছে? [রা. বো. ১৭]**

(ক) বসন্তের (খ) ভক্তের

(গ) কবির (ঘ) শীতের

উত্তর: গ

ব্যাখ্যা: বসন্তের আগমনের পরও কবি ফুলের অলংকারে সাজেননি বা নতুন ফুলে ঘরও সাজাননি। তাই তো ভক্তবৃন্দ জানতে চাইছে কবির পুষ্পসাজের কথা।

**২০. 'বসন্ত-বন্দনা তব কণ্ঠে শুনি- এ মোর মিনতি' – এ মিনতি করে– [দি. বো. ১৬]**

(ক) কবি-ভক্ত (খ) কবি

(গ) প্রিয়জন (ঘ) দখিনা সমীর

উত্তর: ক

**২১. 'তাহারেই পড়ে মনে' কবিতায় কবি গান রচনা না করলেও বসন্ত ঋতু এসেছে কেন? [কু. বো. ১৫]**

(ক) বাতাবি নেবুর ফুল ফোটায়

(খ) দখিনা বাতাস বয়ে যাওয়ায়

(গ) কবি-ভক্তের আহ্বানে

(ঘ) প্রকৃতির অমোঘ নিয়মে

উত্তর: ঘ

২২. ‘তাহারেই পড়ে মনে’ কবিতায় বসন্ত কাকে স্মরণ করে এসেছে? [ব. বো. ১৫]

(ক) ফাগুন (খ) বাতাবি নেবু
(গ) আমের মুকুল (ঘ) দখিনা সমীর

উত্তর: ক

২৩. ‘তাহারেই পড়ে মনে’ কবিতায় কার প্রতি কবির তীব্র বিমুখতা? [চ. বো. ১৫]

(ক) বসন্তের (খ) শীতের
(গ) নিজের (ঘ) ভক্তের

উত্তর: ক

২৪. নিচের কোনটিতে কবির অভিমান প্রকাশ পেয়েছে? [য. বো. ১৭]

(ক) কহিল সে কাছে সরে আসি
(খ) কহিল সে মৃদু মধু-স্বরে
(গ) কহিল সে সুদূরে চাহিয়া
(ঘ) কহিল সে পরম হেলায়

উত্তর: ঘ

২৫. ‘তাহারেই পড়ে মনে’ কবিতায় কে অর্ঘ্য বিরচন করে? [কু. বো. ১৫]

(ক) কবি (খ) শীত
(গ) ভক্ত (ঘ) বসন্ত

উত্তর: ঘ

২৬. ‘তাহারেই পড়ে মনে’ কবিতায় ‘বিমুখতা’ বলতে কী বোঝানো হয়েছে? [সি. বো. ১৫]

(ক) ঘৃণা (খ) অপ্রসন্নতা
(গ) অসচেতনতা (ঘ) অবজ্ঞা

উত্তর: ঘ

২৭. ‘তাহারেই পড়ে মনে’ কবিতায় কবি কাকে ব্যথা দিয়েছেন? [ব. বো. ১৬]

(ক) ফাল্গুন (খ) প্রকৃতি
(গ) পাঠক (ঘ) ঋতুরাজ

উত্তর: ঘ

২৮. ‘কহিল সে কাছে সরে আসি’ – পরের পঙ্‌ক্তি কোনটি? [য. বো. ১৬]

(ক) কুহেলি উত্তরী তলে মাঘের সন্ন্যাসী
(খ) বাতাবি নেবুর ফুল ফুটেছে কি
(গ) নাই হলো, না হোক এবারে
(ঘ) শুনি নাই, রাখিনি সন্ধান

উত্তর: ক

২৯. ‘তাহারেই পড়ে মনে’ কবিতায় শীতকালকে মাঘের সন্ন্যাসী বলার কারণ কী? [ঢা. বো. ১৫]

(ক) শীতকাল বারবার শূন্য হাতে ফিরে আসে
(খ) শীতকাল খালি হাতে বিদায় নেয়
(গ) শীতকাল কুয়াশার চাদর গায়ে বিদায় নেয়
(ঘ) শীতকালে গাছের পাতা ঝরে যাওয়ায়

উত্তর: খ

৩০. ‘তাহারেই পড়ে মনে’ কবিতায় পুষ্পশূন্য দিগন্তের পথে চলে গেছে কে? [দি. বো. ১৯]

(ক) কুহেলি উত্তরী (খ) মাঘের সন্ন্যাসী
(গ) ঋতুর রাজন (ঘ) দখিনা সমীর

উত্তর: খ

৩১. ‘ফুল কি ফোটেনি শাখে?’ – সুফিয়া কামাল এ রকম প্রশ্ন করেছেন কেন? [য. বো. ২২]

(ক) মনের আনন্দে
(খ) বন্দনাগীতি রচনার লক্ষ্যে
(গ) উদাসীনতার জন্য
(ঘ) জানার

উত্তর: গ

৩২. ‘তাহারেই পড়ে মনে’ কবিতায় কবির কাকে মনে পড়ে? [রা. বো. ১৫]

(ক) ফাগুনকে (খ) বসন্তকে
(গ) মাঘের সন্ন্যাসীকে (ঘ) পুষ্পশূন্য দিগন্তকে

উত্তর: গ

৩৩. ‘পুষ্পশূন্য দিগন্তের পথে’ – এর প্রতীকী তাৎপর্য কোনটি? [রা. বো. ২২]

(ক) শীত প্রকৃতির রিক্ততা
(খ) বসন্তের বিপরীত রূপ
(গ) পত্রপুষ্পহীন আদিগন্ত পথ
(ঘ) কবির মন জুড়ে থাকা প্রিয়জন হারানোর বেদনা

উত্তর: ঘ

৩৪. ‘তাহারেই পড়ে মনে’ কবিতায় ব্যবহৃত ‘উত্তরী’ শব্দের অর্থ কী? [রা. বো. ২২]

(ক) কুয়াশা (খ) উত্তর দিক
(গ) চাদর (ঘ) শীতের তীব্রতা

উত্তর: গ

৩৫. ‘তাহারেই পড়ে মনে’ কবিতায় ‘অর্ঘ্য বিরচন’ শব্দটি কী অর্থে ব্যবহৃত হয়েছে? [য. বো. ১৯]

(ক) ঋতুরাজ বসন্তকে বরণ
(খ) ফুলের বন্দনাগীত
(গ) বসন্তের আগমনী গান
(ঘ) অঞ্জলি বা উপহার রচনা
**উত্তর:** ঘ

**৩৬. ‘কুহেলি’ শব্দের অর্থ কী? [সি. বো. ১৭]**
(ক) কুয়াশা (খ) চাদর
(গ) উত্তরীয় (ঘ) সন্ন্যাস
**উত্তর:** ক

**৩৭. ‘তাহারেই পড়ে মনে’ কবিতায় ব্যবহৃত ‘কুহেলি উত্তরী’ শব্দটি কী অর্থ বহন করে? [দি. বো. ১৭]**
(ক) মাঘের কুয়াশা (খ) উত্তরের কুয়াশা
(গ) কুয়াশার চাদর (ঘ) পৌষের কুয়াশা
**উত্তর:** গ

**৩৮. ‘তাহারেই পড়ে মনে’ কবিতায় কবির মন বিষণ্ণতায় আচ্ছন্ন যে কারণে– [সি. বো. ১৬]**
(ক) কবি-ভক্তের উদাসীনতায়
(খ) প্রিয়জন হারানোর শোকে
(গ) বসন্তের আবির্ভাবে
(ঘ) প্রকৃতির বিচিত্র সাজে
**উত্তর:** খ
**ব্যাখ্যা:** কবি প্রিয়জন হারিয়ে নিঃসঙ্গ হয়ে গেছেন। তাঁর হৃদয় রিক্ত। প্রিয়জন হারানোর শূন্যতায় কবিমন অবসন্ন হয়ে আছে।

**৩৯. তোমার পঠিত কোন কবিতাটি সংলাপ নির্ভর? [ঢা. বো. ২২]**
(ক) সুচেতনা (খ) তাহারেই পড়ে মনে
(গ) বিদ্রোহী (ঘ) প্রতিদান
**উত্তর:** খ

**৪০. ‘তাহারেই পড়ে মনে’ কবিতাটি প্রকাশিত হয়– [ব. বো. ১৭]**
(ক) ১৯৩২ খ্রিস্টাব্দে (খ) ১৯৩৩ খ্রিস্টাব্দে
(গ) ১৯৩৫ খ্রিস্টাব্দে (ঘ) ১৯৩৬ খ্রিস্টাব্দে
**উত্তর:** গ

**৪১. ‘তাহারেই পড়ে মনে’ কবিতাটির গঠনরীতি কোন বৈশিষ্ট্যের? [চ. বো. ১৬]**
(ক) বর্ণনাত্মক (খ) নাটকীয়
(গ) মহাকাব্যিক (ঘ) শোকধর্মী
**উত্তর:** খ
**ব্যাখ্যা:** নাটকীয় গঠনরীতি বলতে নাট্যগুণ সমৃদ্ধতাকে বোঝানো হয়েছে। ‘তাহারেই পড়ে মনে’ কবিতাটি সংলাপনির্ভর। তাই এর নাটকীয়তা সহজেই পাঠকের মনে আনন্দ জোগায়।

**৪২. ‘তাহারেই পড়ে মনে’ কবিতায় কবি তার সাথে অভিমান করেছেন? [য. বো. ২২]**
(ক) স্বামীর (খ) প্রকৃতির
(গ) বসন্তের (ঘ) শীতের
**উত্তর:** গ

**৪৩. ‘তাহারেই পড়ে মনে’ কবিতায় কবি কোন লক্ষণকে বসন্তকালীন মনে করেন? [য. বো. ১৫]**
i. মাধবী কুঁড়ি ii. অলখের পাথার
iii. আমের মুকুলের
**নিচের কোনটি সঠিক?**
(ক) i (খ) ii
(গ) i ও ii (ঘ) i ও iii
**উত্তর:** ঘ

**৪৪. ‘তাহারেই পড়ে মনে’ কবিতায় কার আগমনী গানের কথা বলা হয়েছে– [দি. বো. ১৫]**
i. ঋতুরাজ বসন্তের ii. দক্ষিণা সমীরের
iii. আমের মুকুলের
**নিচের কোনটি সঠিক?**
(ক) i (খ) ii
(গ) iii (ঘ) i, ii ও iii
**উত্তর:** ক

**৪৫. ‘তাহারেই পড়ে মনে’ কবিতায় ‘নীরব কেন’ বলতে বোঝায়– [চ. বো. ২২]**
i. কবি উদাসীন হয়ে আছেন কেন?
ii. কবি কেন বসন্তকে সম্বোধন করছেন না?
iii. কবি কেন কাব্য রচনায় সক্রিয় হচ্ছেন না?
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii
**উত্তর:** ঘ

**৪৬. ‘তাহারেই পড়ে মনে’ কবিতায় ‘পুষ্পারতি’ বলতে বোঝানো হয়েছে– [ব. বো. ১৯]**

i. ফুলের বন্দনা ii. ফুলের নিবেদন
iii. ফুলের সৌরভ
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii
**উত্তর:** ক

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৪৭ ও ৪৮ নম্বর প্রশ্নের উত্তর দাও:**
"হিম কুহেলির অন্তর তলে আজিকে পুলক জাগে রাঙিয়া উঠেছে পলাশ কলিকা মধুর রঙিন রাগে।" [ব. বো. ২২]

**৪৭. উদ্দীপকটি নিচের কোনটির ইঙ্গিত করে?**
(ক) প্রাকৃতিক সৌন্দর্য
(খ) শীতের বিদায়
(গ) বসন্তের আগমন
(ঘ) প্রিয়জন হারানোর বেদনা
**উত্তর:** গ

**৪৮. উদ্দীপকটিতে 'তাহারেই পড়ে মনে' কবিতার কোন সুর ধ্বনিত হয়েছে?**
(ক) প্রকৃতি ও মানব মনের সম্পর্কের
(খ) প্রাকৃতিক পরিবর্তনের
(গ) প্রাকৃতিক পরিপূর্ণতার
(ঘ) জীবন প্রবাহের
**উত্তর:** ক

**নিচের উদ্দীপকটি পড়ে ৪৯ ও ৫০ নম্বর প্রশ্নের উত্তর দাও:**
চারদিকে উৎসবের রং। নতুন বছরকে বরণ করার প্রাণান্ত প্রয়াস। সপ্তাহ দুয়েক আগে মাকে হারানো মেয়েটিকে শোক ভোলাতেই নিয়ে এসেছে বান্ধবীরা। মায়ের স্মৃতি বুকে নিয়েও ধীরে ধীরে মেয়েটি, সহজ হয়ে উঠছে; উপভোগ করছে বর্ষবরণ। [ব. বো. ১৬]

**৪৯. উদ্দীপকের 'বর্ষবরণ' 'তাহারেই পড়ে মনে' কবিতার কোন বিষয়ের সাথে সাদৃশ্যপূর্ণ?**
(ক) ফাল্গুনবরণ (খ) বসন্তবরণ
(গ) ফাগুনবন্দনা (ঘ) বসন্তবন্দনা
**উত্তর:** খ

**৫০. উদ্দীপকে মেয়েটির সহজ হয়ে ওঠা আর 'তাহারেই পড়ে মনে' কবিতায় কবির আচরণে প্রকাশ পেয়েছে–**
i. বৈপরীত্য ii. স্মৃতিমুগ্ধতা
iii. মানবমনের রহস্যময়তা
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii
**উত্তর:** খ

**নিচের উদ্দীপকটি পড়ে ৫১ ও ৫২ নম্বর প্রশ্নের উত্তর দাও:**
জীবনের সবক্ষেত্রে সফল আকাশ কিন্তু তার সাফল্য তার মাকে আলোড়িত করে না। মায়ের সমস্ত অন্তর জুড়ে অকালে হারিয়ে যাওয়া আবির। [চ.বো.১৯, সি.বো.১৯]

**৫১. উদ্দীপকের আবির 'তাহারেই পড়ে মনে' কবিতায় কীসের প্রতিনিধিত্ব করে?**
(ক) বসন্তের (খ) বসন্তের
(গ) শীতের (ঘ) প্রকৃতির
**উত্তর:** গ

**৫২. উদ্দীপক ও 'তাহারেই পড়ে মনে' কবিতা উভয় ক্ষেত্রেই প্রকাশিত–**
i. প্রিয়জন হারানোর বেদনা ii. ব্যক্তিজীবনের রিক্ততা
iii. সাফল্যের প্রতি উদাসীনতা
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii
**উত্তর:** ক

**নিচের উদ্দীপকটি পড়ে পরবর্তী দুটি প্রশ্নের উত্তর দাও:**
'আমি এখন রিক্ত শূন্য/মন পড়ে রয়েছে তার জন্য।' [ঢা. বো. ১৭]

**৫৩. উদ্দীপকের 'তার' শব্দটি 'তাহারেই পড়ে মনে' কবিতার কোন বিষয়কে স্মরণ করায়?**
(ক) ভক্ত (খ) শীত
(গ) বসন্ত (ঘ) সন্ন্যাসী
**উত্তর:** খ

**৫৪. উদ্দীপকের সাথে 'তাহারেই পড়ে মনে' কবিতার কোন ভাবের মিল পাওয়া যায়?**
i. রিক্ততার হাহাকার
ii. দুঃসহ বিষণ্ণতা
iii. উদাসীনতা
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii
**উত্তর:** ঘ

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৫৫ ও ৫৬ নম্বর প্রশ্নের উত্তর দাও:**
সাধারণত ঈদের দিন প্রচণ্ড আনন্দে মেতে ওঠে নীলিমা। সালামি নেয়া, ঘোরাঘুরি করা এসব নিয়েই দিন কাটে তার। কিন্তু আজ মাকে মনে পড়ায় সে সবের কোনোটিই করতে ইচ্ছে হলো না তার। [দি. বো. ২২]

**৫৫. উদ্দীপকের নীলিমা ও 'তাহারেই পড়ে মনে' কবিতার কবি দুজনই–**
(ক) প্রকৃতির প্রভাবে প্রভাবিত
(খ) প্রকৃতি সম্পর্কে অনাগ্রহী
(গ) প্রকৃতির প্রভাবে বিরক্ত

(ঘ) ব্যক্তিগত দুঃখে কাতর

**উত্তর:** ঘ

**৫৬. নীলিমার কষ্টটুকু 'তাহারেই পড়ে মনে' কবিতায় কীভাবে প্রকাশিত হয়েছে?**

(ক) গভীর ক্রন্দনে
(খ) শীতের রিক্ততার বেদনায়
(গ) দীর্ঘশ্বাসে
(ঘ) বসন্ত বন্দনায়

**উত্তর:** ঘ

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৫৭ ও ৫৮ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

আজ কবিতা উৎসব। দেশের প্রধান কবি হাসান বশির অনুষ্ঠানের প্রধান অতিথি। চারিদিকে হৈহৈ রব। এর মধ্যে খবর এল হাসান বশিরের অতি আদরের এক নাতনি সড়ক দুর্ঘটনায় আহত হয়েছেন। আয়োজকগণ অনুষ্ঠান স্থগিত করার প্রস্তুতি নিচ্ছেন। কিন্তু সবাইকে অবাক করে দিয়ে হাসান বশির অনুষ্ঠানে এসে উপস্থিত। মঞ্চে দাঁড়িয়ে তিনি বললেন, আমার নাতনি দুর্ঘটনা কবলিত হওয়ায় আমি গভীরভাবে শোকাহত। কিন্তু আমি চাই অনুষ্ঠানটি চলুক। [কু. বো. ২২]

**৫৭. উদ্দীপকের আয়োজকগণ 'তাহারেই পড়ে মনে' কবিতার কার সাথে তুল্য?**

(ক) কবি
(খ) কবি-ভক্ত
(গ) বসন্তবরণ
(ঘ) ঋতুরাজ

**উত্তর:** খ

**৫৮. উদ্দীপকের কবি হাসান বশির এবং 'তাহারেই পড়ে মনে' কবিতার কবির চিন্তা-চেতনায় প্রকাশ পেয়েছে–**

i. স্মৃতিকাতরতা
ii. মানবমনের রহস্যময়তা
iii. বৈপরীত্য

**নিচের কোনটি সঠিক?**

(ক) i ও ii
(খ) i ও iii
(গ) ii ও iii
(ঘ) i, ii ও iii

**উত্তর:** গ

# আঠারো বছর বয়স

## জ্ঞানমূলক প্রশ্ন

**১. 'আঠারো বছর বয়স' কবিতাটি কবির কোন কাব্যগ্রন্থ থেকে নেওয়া হয়েছে?**

**উত্তর:** 'আঠারো বছর বয়স' কবিতাটি কবির 'ছাড়পত্র' কাব্যগ্রন্থ থেকে নেওয়া হয়েছে।

**২. আঠারো বছর বয়স কী জানে?**

**উত্তর:** আঠারো বছর বয়স রক্ত দানের পুণ্য জানে।

**৩. 'আঠারো বছর বয়স' বিপদের মুখে কী?**

**উত্তর:** 'আঠারো বছর বয়স' বিপথের মুখে অগ্রণী।

**৪. আঠারো বছর বয়স পদাঘাতে কী ভাঙতে চায়?**

**উত্তর:** আঠারো বছর বয়স পদাঘাতে পাথর বাধা ভাঙতে চায়।

**৫. সুকান্ত ভট্টাচার্য সম্পাদিত কাব্যগ্রন্থটির নাম কী?**

**উত্তর:** সুকান্ত ভট্টাচার্য সম্পাদিত কাব্যগ্রন্থটির নাম 'আকাল'।

**৬. সুকান্ত ভট্টাচার্যের পৈতৃক নিবাস কোন জেলায়?**

**উত্তর:** সুকান্ত ভট্টাচার্যের পৈতৃক নিবাস গোপালগঞ্জ জেলায়।

**৭. 'আকাল' সুকান্ত ভট্টাচার্যের কী ধরনের রচনা?**

**উত্তর:** 'আকাল' সুকান্ত ভট্টাচার্য রচিত একটি কাব্যগ্রন্থ।

**৮. 'ছাড়পত্র' কাব্যগ্রন্থটি কত সালে প্রকাশিত হয়?**

**উত্তর:** 'ছাড়পত্র' কাব্যগ্রন্থটি ১৯৪৮ সালে প্রকাশিত হয়।

**৯. কোন বয়সে দুঃসাহসেরা উঁকি দেয়?**

**উত্তর:** আঠারো বছর বয়সে দুঃসাহসেরা উঁকি দেয়।

**১০. সুকান্ত ভট্টাচার্য কত বছর বয়সে মারা যান?**

**উত্তর:** সুকান্ত ভট্টাচার্য মাত্র একুশ বছর বয়সে মারা যান।

## অনুধাবনমূলক প্রশ্ন

১. **আঠারো বছর বয়স দুর্যোগে হাল ঠিক রাখতে পারে না কেন?**

**উত্তর:** জীবনের সন্ধিক্ষণে নানা জটিলতা অতিক্রম করতে হয় বলে আঠারো বছর বয়স দুর্যোগে হাল ঠিক রাখতে পারে না। আঠারো বছর বয়সে তরুণদের নানাবিধ সমস্যা মোকাবিলা করতে হয়। নানা ধরনের পরিবর্তনের মুখোমুখি হয়ে অপেক্ষাকৃত কম অভিজ্ঞ তরুণেরা ভুলপথে চালিত হতে পারে। নতুন নতুন পরিস্থিতির মোকাবিলা করতে গিয়ে তারা দিকভ্রষ্ট হতে পারে। মূলত আঠারো বছর বয়সে তরুণদের মানসিক ও শারীরিক শক্তির যে স্ফুরণ ঘটে তা অভিজ্ঞতার অভাবে ভুল পথে চালিত হলে তাদের জীবনে দুর্যোগ নেমে আসতে পারে, আর এই দুর্যোগ মোকাবিলায় সচেতনভাবে হাল ধরা কঠিন।

২. **'তবু আঠারোর শুনেছি জয়ধ্বনি।'- চরণটি ব্যাখ্যা করো।**

**উত্তর:** আঠারো বছর বয়সী তরুণদের দুর্জয় মনোভাব এবং অপার সম্ভাবনার দিক বিবেচনায় কবি প্রশ্নোক্ত পঙক্তিটির অবতারণা করেছেন।

মানুষের জীবনে আঠারো বছর বয়স খুবই তাৎপর্যপূর্ণ একটি সময়। কৈশোর থেকে যৌবনে পদার্পণের এ সময়টিতে তরুণদের অনেক ঘাত- প্রতিঘাত সহ্য করে এগিয়ে যেতে হয়। আর প্রবল প্রাণশক্তির অধিকারী তরুণেরা শত দুর্যোগ মোকাবিলা করে অদম্য মনোভাব নিয়ে সামনে এগিয়ে চলে। তারুণ্যের শক্তিতে দুর্জয়কে জয় করে দেশ ও জাতির জন্য অপার সম্ভাবনার দ্বার খুলে দেয় তারা। তারুণ্যের এই শক্তি এবং ইতিবাচক বৈশিষ্ট্য লক্ষ করেই কবি প্রশ্নোক্ত উক্তিটি করেছেন।

৩. **'এ দেশের বুকে আঠারো আসুক নেমে।'- কবির এ প্রত্যাশার কারণ ব্যাখ্যা করো।**

**উত্তর:** কবি উক্ত পঙক্তিটির মাধ্যমে প্রত্যাশা করেছেন, আঠারো বছর বয়সের ইতিবাচক বৈশিষ্ট্যগুলো যেন জাতীয় জীবনের চালিকাশক্তি হয়ে ওঠে।

আঠারো বছর বয়স বহু ইতিবাচক বৈশিষ্ট্যে সমৃদ্ধ। এ বয়সের তরুণেরা নিশ্চল প্রথাবদ্ধ জীবনকে পেছনে ফেলে সবসময় নতুন জীবন রচনার স্বপ্ন দেখে। কল্যাণ চিন্তা, সেবাব্রত, উদ্দীপনা, সাহসিকতা, চলার দুর্বার গতি- এসবই আঠারো বছর বয়সী তারুণ্যের বৈশিষ্ট্য। কবির কামনা এসব বৈশিষ্ট্য দিয়েই যেন তরুণরা জাতীয় জীবনের ইতিবাচক পরিবর্তন ঘটায়।

৪. **আঠারো বছর বয়সকে কবি 'দুঃসহ' বলেছেন কেন?**

**উত্তর:** এ বয়সে নানা দুঃসাহসী স্বপ্ন, কল্পনা ও উদ্যোগ মনকে ঘিরে রাখে বলে কবি আঠারো বছর বয়সকে দুঃসহ বলেছেন। আঠারো বছর বয়স মানবজীবনের এক উত্তরণকালীন পর্যায়। এ বয়সে মানুষ কৈশোর থেকে যৌবনে পদার্পণ করে। আত্মনির্ভরশীলতার তাড়না এ সময় মনকে অস্থির করে তোলে। এ বয়সেই স্বাধীনভাবে মাথা উঁচু করে দাঁড়াবার ঝুঁকি নেয় মানুষ। ফলে তাকে এক দুঃসহ অবস্থায় পড়তে হয়। তাই আলোচ্য কবিতায় আঠারো বছর বয়সকে দুঃসহ বলে অভিহিত করা হয়েছে।

৫. **"এ বয়সে কানে আসে কত মন্ত্রণা।"— লাইনটিতে কবি কী বোঝাতে চেয়েছেন?**

**উত্তর:** 'আঠারো বছর বয়স' কবিতায় 'এ বয়সে কানে আসে কত মন্ত্রণা'— চরণটির মাধ্যমে কবি এ বয়সে নতুন নতুন তত্ত্বের সঙ্গে পরিচিত হওয়াকে বুঝিয়েছেন।

আঠারো বছর বয়সে মানুষ আত্মপ্রত্যয়ে প্রথমবারের মতো স্বনির্ভর জীবনযাপনের প্রয়াস চালায়। এ জন্য তাকে বাস্তব রুক্ষ মাটির পৃথিবীর ওপর দাঁড়াতে হয়। এ সময় তারা ভালো-মন্দ, ইতিবাচক-নেতিবাচক নানা তত্ত্ব, মতবাদ ও ভাবধারার সঙ্গে পরিচিত হতে শুরু করে।

৬. **'সঁপে আত্মাকে শপথের কোলাহলে'—এখানে তরুণদের কোন বিশেষ দিকটির প্রতি ইঙ্গিত দেওয়া হয়েছে? বুঝিয়ে বলো।**

**উত্তর:** 'সঁপে আত্মাকে শপথের কোলাহলে'— বলতে তরুণদের নব নব শপথে বলীয়ান হয়ে দৃঢ় পদক্ষেপে এগিয়ে যাওয়ার দিকটির ইঙ্গিত দেওয়া হয়েছে।

আঠারো বছর বয়সী তারুণ্য নানা ইতিবাচক বৈশিষ্ট্যে সমুজ্জ্বল। এ বয়সী তরুণেরা স্বপ্ন দেখে নতুন জীবনের, নব নব অগ্রগতি সাধনের। সেসব স্বপ্ন বাস্তবায়নের লক্ষ্যে নিত্যনতুন করণীয় সম্পাদনের জন্য তারুণ্যশক্তি নানামুখী শপথ গ্রহণ করে। প্রশ্নোক্ত 'সঁপে আত্মাকে শপথের কোলাহলে' কথাটির মাধ্যমে এ বিষয়টিই ফুটে উঠেছে।

৭. **'এ বয়স জানে রক্তদানের পুণ্য'— এ কথার তাৎপর্য কী?**

**উত্তর:** যেকোনো মহৎ কাজে আঠারো বছর বয়সী তরুণদের আত্মত্যাগী মানসিকতা বোঝাতে কবি আলোচ্য উক্তিটি করেছেন। দেশ, জাতি ও মানবতার জন্য যুগে যুগে তরুণেরাই এগিয়ে এসেছে সবচেয়ে বেশি। সমস্ত বিপদ মোকাবিলায় তারা জীবনের ঝুঁকি নিয়ে দাঁড়িয়েছে। প্রাণ দিয়েছে দেশ ও জনগণের মুক্তির সংগ্রামে। যেকোনো অন্যায়-অবিচারের প্রতিবাদ করতে এ বয়সের তরুণেরা পিছপা হয় না। তাই কবি বলেছেন, 'এ বয়স জানে রক্তদানের পুণ্য।'

৮. **কবি কেন যৌবনশক্তির জয়গান করেছেন?**

**উত্তর:** যৌবনের ইতিবাচক বৈশিষ্ট্যের জন্য কবি যৌবনশক্তির জয়গান করেছেন।

আঠারো বছর বয়সের তরুণরা শৈশব-কৈশোরের পরনির্ভরতার দিনগুলো সচেতনভাবে মুছে ফেলতে উদ্যোগী হয়। এ বয়স অদম্য দুঃসাহসে সকল বাধা-বিপত্তিকে পেরিয়ে যেতে প্রস্তুত থাকে। অন্যায়ের বিরুদ্ধে মাথা উঁচু করে দাঁড়াতে এ বয়সের তরুণরা অগ্রণী ভূমিকা পালন করে। এ বয়সের তরুণপ্রাণ কারো কাছে মাথা নিচু করে না। আর এ কারণেই কবি যৌবনশক্তির জয়গান করেছেন।

## বহুনির্বাচনি অভীক্ষা

১. **সবচেয়ে কম বয়সে মৃত্যুবরণকারী কবি-[ব. বো. ২৩]**
(ক) জসীমউদ্‌দীন (খ) সুফিয়া কামাল
(গ) সুকান্ত ভট্টাচার্য (ঘ) শামসুর রাহমান
**উত্তর:** গ

২. **'আঠারো বছর বয়স' কবিতা অনুসারে আঠারো বছর বয়স কী জানে না?[ম. বো. ২৩]**
(ক) কাঁদা (খ) ভয়
(গ) মাথা নোয়ানো (ঘ) রক্তদানের পুণ্য
**উত্তর:** ক

৩. **আঠারো বছর বয়সীদের তাজা প্রাণে কেমন যন্ত্রণার সৃষ্টি হয়? [কু. বো. ২৩; দি. বো. ১৬]**
(ক) সামান্য (খ) বীভৎস
(গ) সহনীয় (ঘ) অসহ্য
**উত্তর:** ঘ

৪. **আঠারো বছর বয়স বেদনায় থরোথরো কাঁপে কেন? [রা. বো. ২৩; রা. বো. ১৭]**
(ক) শপথের কোলাহলে (খ) অজস্র ব্যর্থতার দীর্ঘশ্বাসে
(গ) জয়ের আনন্দে (ঘ) অভিমানে
**উত্তর:** খ

৫. **বিপদের মুখে 'আঠারো বছর বয়স' কেমন?[য. বো. ২৩]**
(ক) প্রখর (খ) অগ্রণী
(গ) দুর্বার (ঘ) দুঃসাহসী
**উত্তর:** খ

৬. **'এ বয়স কালো লক্ষ দীর্ঘশ্বাসে'-এ পঙক্তি দ্বারা কী বোঝানো হয়েছে? [রা. বো. ২৩]**
(ক) জীবনের ঝুঁকি (খ) পাপ বিসর্জন
(গ) ব্যর্থতার দীর্ঘশ্বাস (ঘ) ভীতির বার্তা
**উত্তর:** গ

৭. **'রক্তদানের পুণ্য' বলতে কবি কী বোঝাতে চেয়েছেন? [সি. বো. ২৩]**
(ক) তারুণ্যের অগ্রগতি
(খ) বিপদ মোকাবেলার ঝুঁকি
(গ) মুক্তি ও কল্যাণের সংগ্রাম
(ঘ) স্বাধীনভাবে চলার ঝুঁকি
**উত্তর:** গ

৮. **"এখন যৌবন যার, যুদ্ধে যাবার তার শ্রেষ্ঠ সময়"- উপর্যুক্ত উদ্দীপকের সাথে নিচের কোন চরণের ভাব সাদৃশ্যপূর্ণ? [চ. বো. ২৩]**
(ক) এ বয়সে কেউ মাথা নোয়াবার নয়
(খ) এ বয়স জানে রক্তদানের পুণ্য
(গ) এ বয়স তবু নতুন কিছু তো করে
(ঘ) এ দেশের বুকে আঠারো আসুক নেমে
**উত্তর:** খ

৯. **"এ বয়স জেনো ভীরু কাপুরুষ নয়"- পঙক্তিতে কত বছর বয়সের কথা বলা হয়েছে? [ঢা. বো. ২৩]**
(ক) ১৬ বছর (খ) ১৭ বছর

(গ) ১৮ বছর (ঘ) ১৯ বছর

উত্তর: গ

**নিচের উদ্দীপকটি পড় এবং ১০ ও ১১ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

'আপদ আছে, জানি আঘাত আছে
তাই জেনে তো বক্ষে পরাণ নাচে।' [দি. বো. ২৩]

**১০. উদ্দীপকটির সাথে 'আঠারো বছর বয়স' কবিতার নিচের কোন চরণের সাথে মিল রয়েছে?**

(ক) দুর্যোগে হাল ঠিকমতো রাখা ভার
(খ) প্রাণ দেওয়া-নেওয়া ঝুলিটা থাকে না শূন্য
(গ) বিপদের মুখে এ বয়স অগ্রণী
(ঘ) পদাঘাতে চায় ভাঙতে পাথর বাধা

উত্তর: গ

**১১. উদ্দীপকটির ভাবার্থ 'আঠারো বছর বয়স' কবিতার সাথে কোন অর্থে অভিন্ন?**

(ক) শৃঙ্খলাবোধ (খ) বিশৃঙ্খলাবোধ
(গ) অস্থির (ঘ) সাহসিকতা

উত্তর: ঘ

**১২. কবি সুকান্ত ভট্টাচার্যের জন্ম কত খ্রিস্টাব্দে?[য. বো. ১৫]**

(ক) ১৯১৮ (খ) ১৯২২
(গ) ১৯২৬ (ঘ) ১৯২৯

উত্তর: গ

**১৩. কবি সুকান্ত ভট্টাচার্যের জন্ম কোন জেলায়?** [রা. বো. ১৯; চ. বো. ১৯]

(ক) বরিশাল (খ) কুড়িগ্রাম
(গ) গোপালগঞ্জ (ঘ) ব্রাহ্মণবাড়িয়া

উত্তর: গ

**১৪. সুকান্ত ভট্টাচার্য আমৃত্যু কোন পত্রিকার সম্পাদক ছিলেন?** [রা. বো. ২২]

(ক) দৈনিক বাংলা (খ) দৈনিক স্বাধীনতা
(গ) পূর্বাশা (ঘ) সবুজপত্র

উত্তর: খ

**১৫. সুকান্ত ভট্টাচার্য তাঁর কাব্যে একাত্মতা ঘোষণা করেছেন-** [চ. বো. ২২]

(ক) সশস্ত্র সংগ্রামের পক্ষে (খ) ধর্মের পক্ষে
(গ) বিপ্লব ও মুক্তির পক্ষে (ঘ) উগ্রবাদিতার পক্ষে

উত্তর: গ

**১৬. সুকান্ত ভট্টাচার্য রচিত কাব্যগ্রন্থ কোনটি?** [সি. বো. ১৫]

(ক) রৌদ্র করোটিতে (খ) ছাড়পত্র
(গ) সহসা সচকিত (ঘ) মুহূর্তের কবিতা

উত্তর: খ

**১৭. কবি সুকান্ত ভট্টাচার্য সম্পাদিত কাব্যগ্রন্থ কোনটি?** [দি. বো. ১৫]

(ক) হরতাল (খ) ছাড়পত্র
(গ) ঘুম নেই (ঘ) আকাল

উত্তর: ঘ

**১৮. সুকান্ত ভট্টাচার্য, ফ্যাসিবিরোধী লেখক শিল্পী সংঘের পক্ষে কী কাব্যগ্রন্থ সম্পাদনা করেন?[কু. বো. ২২; সি. বো. ২২]**

(ক) মিঠেকড়া (খ) হরতাল
(গ) অভিযান (ঘ) আকাল

উত্তর: ঘ

**১৯. আঠারো বছর বয়স দুঃসহ কেন?** [ব. বো. ১৯]

(ক) পাথরের বাধা ভাঙতে চায় বলে
(খ) বাষ্পের বেগে স্টিমারের মতো চলে বলে
(গ) প্রাণে অসহ্য যন্ত্রণার কারণে
(ঘ) স্পর্ধায় মাথা তোলবার ঝুঁকির কারণে

উত্তর: ঘ

**২০. তাজা তাজা প্রাণে অসহ্য—কী?** [ঢা. বো. ২২]

(ক) কল্পনা (খ) মন্ত্রণা
(গ) বন্দনা (ঘ) যন্ত্রণা

উত্তর: ঘ

**২১. ঊষার দুয়ারে হানি আঘাত
আমরা আনিব রাঙা প্রভাত
আমরা টুটাবো তিমির রাত
বাধার বিন্ধ্যাচল।
উদ্দীপকটি কোন কবিতার ভাব ধারণ করে?[ব. বো. ২২]**

(ক) আঠারো বছর বয়স (খ) সেই অস্ত্র
(গ) ফেব্রুয়ারি-১৯৬৯ (ঘ) বিদ্রোহী

উত্তর: ক

**২২. স্পর্ধায় নেয় মাথা তোলবার ঝুঁকি 'আঠারো বছর বয়স' কবিতার চরণটিতে প্রকাশ পেয়েছে তরুণদের-** [ঢা. বো. ১৬]

(ক) দৃঢ়তা (খ) ঔদ্ধত্য
(গ) সাহসিকতা (ঘ) আত্মনির্ভরতা

উত্তর: ঘ

**২৩. নিচের কোন চরণে 'আঠারো বছর বয়স' কবিতার কবির মতে ইতিবাচক বক্তব্যের প্রকাশ ঘটেছে?[সি. বো. ২২]**

(ক) এ বয়স জানে রক্তদানের পুণ্য
(খ) তাজা তাজা প্রাণে অসহ্য যন্ত্রণা
(গ) দুর্যোগে হাল ঠিকমতো রাখা ভার
(ঘ) ক্ষত-বিক্ষত হয় সহস্র প্রাণ

উত্তর: ক

২৪. 'এখন যৌবন যার মিছিলে যাবার তার শ্রেষ্ঠ সময়'— নিচের কোন চরণের সাথে উদ্দীপকের ভাবগত মিল রয়েছে? [রা. বো. ১৬]

(ক) পদাঘাতে চায় ভাঙতে পাথর বাধা

(খ) শিহরিত ক্ষণে ক্ষণে আনন্দ আর রৌদ্রের ছায়ায়

(গ) কাছ থেকে দূরে যারা তাহাদের বাণী যেন শুনি

(ঘ) অভাগা মানুষ যেন আবার জেগে ওঠে এই আশায়

উত্তর: ক

২৫. 'আঠারো বছর বয়স' কবিতায় তরুণেরা বাষ্পের বেগে কীসের মতো চলে? [ঢা. বো. ১৫]

(ক) জাহাজের (খ) বিমানের

(গ) স্টিমারের (ঘ) নৌকার

উত্তর: গ

২৬. 'আঠারো বছর বয়স' কবিতায় সঁপে আত্মাকে শপথের কোলাহলে।'— বলতে কী বোঝায়? [ব. বো. ১৬]

(ক) রক্তদানের পুণ্য

(খ) আত্মত্যাগের মহিমা

(গ) কথা ও কাজের ঐক্য

(ঘ) যৌবনের দুঃসাহসিকতা

উত্তর: খ

২৭. নিচের কোনটিতে আঠারো বছর বয়সের ইতিবাচক দিকের প্রতিফলন ঘটেছে? [ব. বো. ১৬]

(ক) এ বয়সে কানে আসে কত মন্ত্রণা

(খ) এ বয়স কাঁপে বেদনায় থরো থরো

(গ) সঁপে আত্মাকে শপথের কোলাহলে

(ঘ) দুর্যোগে হাল ঠিকমতো রাখা ভার

উত্তর: গ

২৮. আঠারো বছর বয়সীদের তাজা প্রাণে কেমন যন্ত্রণার সৃষ্টি হয়? [দি. বো. ১৬]

(ক) সামান্য (খ) বীভৎস

(গ) সহনীয় (ঘ) অসহ্য

উত্তর: ঘ

২৯. 'আঠারো বছর বয়স' কবিতায় 'এ বয়সে প্রাণ তীব্র আর প্রখর' বলতে বোঝানো হয়েছে- [কু. বো. ১৬]

(ক) বিদ্রোহ ও জটিলতা

(খ) তীব্রতা ও সংবেদনশীলতা

(গ) প্রগতি ও সংগ্রামশীলতা

(ঘ) দুঃসাহস ও স্নেহ-মমতা

উত্তর: খ

৩০. সহস্র প্রাণ ক্ষত-বিক্ষত হয় - [র. বো. ১৭]

(ক) জীবনের লক্ষ্য ঠিক থাকে না বলে

(খ) সমাজের অনাচার প্রতিকারে অপারগ বলে

(গ) নেতিবাচক বিষয়ের প্রতি বেশি ঝোঁকে বলে

(ঘ) অজস্র আঘাত প্রতিরোধে অক্ষম বলে

উত্তর: ক

৩১. আঠারো বছর বয়স বিপদের মুখে কেমন ভূমিকা পালন করে? [কু. বো. ১৫]

(ক) সাহসী (খ) মুখ্য

(গ) উৎসাহী (ঘ) অগ্রণী

উত্তর: ঘ

৩২. বিপদের মুখে 'আঠারো বছর বয়স' কেমন? [কু. বো. ২২]

(ক) সাহসী (খ) ত্যাগী

(গ) অগ্রণী (ঘ) উদ্যোমী

উত্তর: গ

৩৩. 'আঠারো বছর বয়স' কবিতায় কবি 'সপে আত্মাকে শপথের কোলাহলে' বলতে বুঝিয়েছেন—[চ. বো. ২২]

(ক) রক্তদানের পুণ্য

(খ) কথা ও কাজের ঐক্য

(গ) আত্মত্যাগের মহিমা

(ঘ) যৌবনের দুঃসাহসিকতা

উত্তর: গ

৩৪. "এদেশের বুকে আঠারো আসুক নেমে।" পঙ্ক্তিটিতে কবির কোন মনোভাবের প্রকাশ ঘটেছে?[রা. বো. ২২]

(ক) তারুণ্য শক্তির জাগরণের প্রত্যাশা

(খ) তারুণ্য শক্তির অপচয়ে হতাশা

(গ) আঠারো বছর বয়সের বৈশিষ্ট্য

(ঘ) দুর্বার গতিতে এগিয়ে চলা

উত্তর: ক

৩৫. "আমাদের তরুণরাই দেশ ও জাতির চালিকাশক্তি হয়ে দাঁড়াক।'- এ প্রত্যাশার প্রতিফলন 'আঠারো বছর বয়স' কবিতার কোন চরণটিতে ঘটেছে? [ঢা. বো. ১৯]

(ক) আঠারো বছর বয়স জানে না কাঁদা

(খ) এ বয়স কাঁপে বেদনায় থরোথরো

(গ) এ বয়স তবু নতুন কিছু তো করে

(ঘ) এ দেশের বুকে আঠারো আসুক নেমে

উত্তর: ঘ

৩৬. 'এ বয়স কালো লক্ষ দীর্ঘশ্বাসে'- এ পঙক্তি দ্বারা কী বোঝানো হয়েছে? [রা. বো. ১৭]

(ক) প্রাণ বিসর্জন (খ) ব্যর্থতার দীর্ঘশ্বাস
(গ) জীবনের ঝুঁকি (ঘ) ভীতির বার্তা

উত্তর: খ

৩৭. 'এ বয়স জানে রক্তদানের পুণ্য' বলতে বোঝানো হয়েছে- [কু. বো. ১৯]

(ক) অধিকার আদায়ে রক্তদান
(খ) স্বাধীনতার জন্য রক্তদান
(গ) দেশের জন্য রক্তদান
(ঘ) শুভ, কল্যাণ ও সুন্দরের জন্য রক্তদান

উত্তর: ঘ

৩৮. আঠারো বছর বয়সের নেতিবাচক দিক হচ্ছে, এ বয়স- [দি. বো. ২২]

(ক) অসুন্দর
(খ) পদস্থলনের শঙ্কাপূর্ণ
(গ) ত্যাগের
(ঘ) কোলাহলপূর্ণ

উত্তর: খ

৩৯. 'বিপুল যাহার আশা, ক্লান্তিহীন যাহার উৎসাহ, বিরাট যাহার ঔদার্য, অফুরন্ত যাহার প্রাণ, অটল যাহার সাধনা, মৃত্যু যাহার মুঠিতলে'- তারুণ্যের এ বৈশিষ্ট্য প্রকাশ পেয়েছে - [দি. বো. ১৭]

(ক) সাম্যবাদী কবিতায়
(খ) আঠারো বছর বয়স কবিতায়
(গ) ঐকতান কবিতায়
(ঘ) সেই অস্ত্র কবিতায়

উত্তর: খ

৪০. 'আঠারো বছর বয়স' কোন ছন্দে রচিত? [চ. বো. ১৬; সি. বো. ১৬]

(ক) অক্ষরবৃত্ত (খ) স্বরবৃত্ত
(গ) গদ্যছন্দ (ঘ) মাত্রাবৃত্ত

উত্তর: ঘ

ব্যাখ্যা: মাত্রাবৃত্ত ধ্বনির লঘু-গুরু উচ্চারণের ওপর নির্ভরশীল পদ্যের ছন্দবিশেষ। অন্যান্য বাংলা ছন্দের তুলনায় মাত্রাবৃত্ত একটি দুর্বল ছন্দ; কেননা পর্বদৈর্ঘ্য অনুযায়ী চার, পাঁচ, ছয় বা সাত মাত্রার এ ছন্দে স্বাভাবিকভাবেই দুর্বল উচ্চারণভঙ্গি ফুটে ওঠে এবং এতে শক্তি বা সুরের স্বাভাবিক প্রকাশ না হয়ে কেবল মাত্রারই প্রাধান্য প্রতিফলিত হয়। এজন্যই এ ছন্দকে মাত্রাবৃত্ত ছন্দ বলা হয়। বাংলা সাহিত্যে এ ছন্দকে ধ্বনিপ্রধান, বিস্তারপ্রধান, সরল কলামাত্রিক ইত্যাদি নামেও অভিহিত করা হয়।

৪১. 'আঠারো বছর বয়স ভয়ংকর' কারণ, এ বয়সে- [ব. বো. ১৭]

i. আঘাত আসে ii. প্রাণে অসহ্য যন্ত্রণা
iii. প্রাণ তীব্র আর প্রখর

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

উত্তর: খ

৪২. 'এ দেশের বুকে আঠারো আসুক নেমে' – 'আঠারো বছর বয়স' কবিতায় চরণটিতে কবির কোন মানসিকতা প্রকাশিত? [চ. বো. ১৯]

i. প্রথাবদ্ধ জীবনের ii. উদ্দীপনা ও সাহসিকতার
iii. চলার দুর্বার গতির

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

উত্তর: গ

৪৩. নবীন জগৎ সন্ধানে যারা ছুটে মেরু-অভিযানে,
পক্ষ বাঁধিয়া উড়িয়া চলেছে যাহারা উর্ধ্বপানে।

উদ্দীপকটিতে 'আঠারো বছর বয়স' কবিতার তারুণ্যের যে দিকটি প্রকাশিত হয়েছে- [ব. বো. ২২]

i. তারুণ্যের আবেগ ii. তারুণ্যের দুর্নিবার রূপ
iii. তারুণ্যের আত্মোৎসর্গকারী রূপ

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

উত্তর: ঘ

নিচের উদ্দীপকটি পড়ো এবং ৪৪ ও ৪৫ নম্বর প্রশ্নের উত্তর দাও:

রাশেদ গার্মেন্টস ফ্যাক্টরিতে শ্রমিকদের ন্যায্য মজুরির দাবি তোলায় শ্রমিকনেতা জামালকে চাকরি থেকে বরখাস্ত করা হয়। দারুণ অর্থকষ্টে পতিত হলেও জামাল হাল ছাড়ে না। দৃঢ় আত্মপ্রত্যয়ের সাথে শ্রমিকদের সঙ্গে নিয়ে দুর্বার আন্দোলন গড়ে তোলে। **[ম. বো. ২২]**

**৪৪. উদ্দীপকের জামাল চরিত্রে 'আঠারো বছর বয়স' কবিতার কোন বৈশিষ্ট্যটি বিদ্যমান?**

(ক) প্রখরতা (খ) অসহিষ্ণুতা
(গ) উদ্যম (ঘ) স্পর্ধা

**উত্তর:** গ

**৪৫. উদ্দীপকের শেষ লাইনের সঙ্গে নিচের কোন লাইনটির ভাবগত সাদৃশ্য রয়েছে?**

(ক) আঠারো বছর বয়সে আঘাত আসে
(খ) বিরাট দুঃসাহসেরা দেয় যে উঁকি
(গ) এ বয়স বাঁচে দুর্যোগে আর ঝড়ে
(ঘ) এ বয়সে কেউ মাথা নোয়াবার নয়

**উত্তর:** ঘ

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৪৬ ও ৪৭ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

একুশ মানে চেতনায় শানিত ধারা
একুশ মানে মাথা নত না করা। [ব. বো. ২২]

**৪৬. উদ্দীপকের ভাবের মিল পাওয়া যায় নিচের কোন চরণে?**

(ক) আঠারো বছর বয়স ভয়ঙ্কর
তাজা তাজা প্রাণে অসহ্য যন্ত্রণা।
(খ) আঠারো বছর বয়স যেন দুর্বার
পথে প্রান্তরে ছোটায় বহু তুফান।
(গ) আঠারো বছর বয়স কী দুঃসহ
স্পর্ধায় নেয় মাথা তোলবার ঝুঁকি।
(ঘ) আঠারো বছর বয়সের নেই ভয়
পদাঘাতে চায় ভাঙতে পথের বাধা।

**উত্তর:** ঘ

**৪৬. উপযুক্ত উত্তরে তারুণ্যের যে বৈশিষ্ট্য প্রতিফলিত হয়েছে তা হলো—**

i. সাহস ii. প্রতিবাদ iii. প্রতিরোধ

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**উত্তর:** ঘ

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৪৭ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

'আমরা করি ভুল
অগাধ জলে ঝাঁপ দিয়ে
বুঝিয়ে পাই কূল।
যেখানে ডাক পড়ে
জীবন মরণ ঝড়ে
আমরা প্রস্তুত'। [ব. বো. ১৭]

**৪৭. উদ্দীপকের সঙ্গে অধিকতর সাদৃশ্যপূর্ণ চরণ হলো-**

i. ক্ষত-বিক্ষত হয় সহস্র প্রাণ
ii. আঠারো বছর বয়স জানে না কাঁদা
iii. বিরাট দুঃসাহসেরা দেয় যে উকি

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**উত্তর:** ঘ

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৪৮ ও ৪৯ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

ধ্বংস দেখে ভয় কেন তোর? প্রলয় নতুন সৃজন বেদন।
আসছে নবীন জীবনহারা অসুন্দরে করতে ছেদন।

[সকল বোর্ড ১৮]

**৪৮. 'আঠারো বছর বয়স' কবিতায় উল্লিখিত আঠারো বছর বয়সের কোন বৈশিষ্ট্যটি উদ্দীপকে ফুটে উঠেছে?**

(ক) আত্মপ্রত্যয়
(খ) উদ্যম
(গ) ঔদ্ধত্য
(ঘ) সহনশীলতা

**উত্তর:** ক

**৪৯. নিচের কোন চরণে উক্ত বৈশিষ্ট্যটি প্রকাশ পেয়েছে?**

(ক) এ বয়স জেনো ভীরু, কাপুরুষ নয়
(খ) আঠারো বছর বয়স ভয়ংকর
(গ) এ বয়স বাঁচে দুর্যোগে আর ঝড়ে
(ঘ) এ বয়সে তাই নেই কোনো সংশয়

**উত্তর:** ক

**নিচের উদ্দীপকটি পড়ে ৫০ ও ৫১ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

গার্মেন্টস কর্মী সেলিম শ্রমিকদের প্রতি অন্যায়ের প্রতিবাদ করলে চাকরি থেকে বরখাস্ত হয়। নিদারুণ অর্থকষ্টে নিপতিত হলেও সেলিম হাল ছাড়ে না। দৃঢ় আত্মপ্রত্যয়ের সাথে শ্রমিকদের সঙ্গে নিয়ে দুর্বার আন্দোলন গড়ে তোলে।

[ব. বো. ১২]

**৫০. উদ্দীপকের শেষ লাইনের সাথে নিচের কোন লাইনটির ভাবগত সাদৃশ্য আছে?**

(ক) এ বয়স কাঁপে বেদনায় থরোথরো
(খ) দুর্যোগে হাল ঠিকমতো রাখা ভার
(গ) এ বয়সে কেউ মাথা নোয়াবার নয়
(ঘ) আঠারো বছর বয়সে আঘাত আসে

**উত্তর:** গ

**৫১. উদ্দীপকের সেলিম চরিত্রে আঠারো বছর বয়সের কোন বৈশিষ্ট্যটি বিদ্যমান?**

(ক) স্পর্ধা
(খ) উদ্যম
(গ) প্রখরতা
(ঘ) অসহিষ্ণুতা

**উত্তর:** ক

**উদ্দীপকটি পড়ে পরবর্তী দুটি প্রশ্নের উত্তর দাও:**

'ওই-যে পরম পাকা-
চক্ষুকর্ণ দুইটি ডানায় ঢাকা,
গলায় যেন চিত্রপটে আঁকা
অন্ধকারে বন্ধ করা খাঁচা
আয়-জীবন্ত, আয়রে আমার কাঁচা।' **[রা. বো. ১৫]**

**৫২. উদ্দীপকের শেষ চরণটি 'আঠারো বছর বয়স' কবিতার কোন চরণের সঙ্গে সাদৃশ্যপূর্ণ?**

(ক) আঠারো বছর বয়স জানে না কাঁদা
(খ) আঠারো বছর বয়সে নেই ভয়
(গ) এ বয়স তবু নতুন কিছু তো করে
(ঘ) এ দেশের বুকে আঠারো আসুক নেমে অসহিষ্ণুতা

**উত্তর:** ঘ

**৫৩. উদ্দীপকের 'পাকা' এবং 'আঠারো বছর বয়স' কবিতার আঠারো বছর বয়সের বৈশিষ্ট্য পরস্পর-**

(ক) বিরূপ (খ) অনুরূপ
(গ) বিপরীত (ঘ) সমার্থক

**উত্তর:** ঘ

**নিচের উদ্দীপকটি পড়ে ৫৪ ও ৫৫ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

'ওরে নবীন, ওরে আমার কাঁচা
ওরে সবুজ, ওরে অবুঝ,
আধ-মরাদের ঘা মেরে তুই বাঁচা।
...............................
আয় দুরন্ত, আয়রে আমার কাঁচা।' **[ব. বো. ১৫]**

**৫৪. উদ্দীপকের শেষ চরণটি 'আঠারো বছর বয়স' কবিতার কোন চরণের সঙ্গে সাদৃশ্যপূর্ণ?**

(ক) আঠারো বছর বয়স জানে না কাঁদা
(খ) আঠারো বছর বয়সে নেই ভয়
(গ) এ বয়স তবু নতুন কিছু তো করে
(ঘ) এ দেশের বুকে আঠারো আসুক নেমে

**উত্তর:** গ

**৫৫. উদ্দীপকের 'কাঁচা' এবং 'আঠারো বছর বয়স' কবিতার আঠারো বছর বয়সের বৈশিষ্ট্য পরস্পর-**

(ক) বিরূপ (খ) বিপরীত
(গ) সমধর্মী (ঘ) ভিন্নধর্মী

**উত্তর:** গ

# ফেব্রুয়ারি ১৯৬৯

## জ্ঞানমূলক প্রশ্ন

**১. ঘাতকের থাবার সম্মুখে পাতে কে?**

**উত্তর:** ঘাতকের থাবার সম্মুখে বুক পাতে বরকত।

**২. শহরের পথে থরে থরে কী ফুটেছে?**

**উত্তর:** শহরের পথে থরে থরে কৃষ্ণচূড়া ফুল ফুটেছে।

**৩. 'কমলবন' শব্দটির অর্থ কী ?**

**উত্তর:** 'মানব কল্যাণ' প্রবন্ধটি ১৯৭২ সালে রচিত হয়।

**৪. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতাটি কোন কাব্যগ্রন্থের কবিতা?**

**উত্তর:** 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতাটি 'নিজ বাসভূমে' কাব্যগ্রন্থ থেকে নেওয়া।

৫. **'হরিৎ উপত্যকা' অর্থ কী?**

**উত্তর:** 'হরিৎ উপত্যকা' শব্দের অর্থ- সবুজ প্রান্তর।

৬. **'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতাটি কোন কাব্যগ্রন্থ থেকে চয়ন করা হয়েছে?**

**উত্তর:** 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতাটি 'নিজ বাসভূমে' কাব্যগ্রন্থ থেকে চয়ন করা হয়েছে।

৭. **কার চোখে আলোচিত ঢাকা?**

**উত্তর:** সালামের চোখে আলোচিত টাকা।

৮. **ঘাতকের থাবার সম্মুখে বুক পাতে কে?**

**উত্তর:** ঘাতকের থাবার সম্মুখে বুক পাতে বরকত।

৯. **'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় কোন ফুলের উল্লেখ রয়েছে?**

**উত্তর:** 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় কৃষ্ণচূড়া ফুলের উল্লেখ রয়েছে।

১০. **'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতাটি কোন কাব্যগ্রন্থের কবিতা?**

**উত্তর:** 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতাটি 'নিজ বাসভূমে' কাব্যগ্রন্থ থেকে নেওয়া।

## অনুধাবনমূলক প্রশ্ন

১. **'নক্ষত্রের মতো ঝরে অবিরত অবিনাশী বর্ণমালা' বলতে কবি কী বোঝাতে চেয়েছেন?**

**উত্তর:** 'নক্ষত্রের মতো ঝরে অবিরত অবিনাশী বর্ণমালা'- বলতে ভাষা-আন্দোলনের ঘটনাকে বোঝানো হয়েছে।

মাতৃভাষার মান বাঁচাতে রাজপথে নেমে এসেছিল সালাম, বরকতের মতো অসংখ্য বিপ্লবী মানুষ। সালাম, বরকতের হাতে ছিল মাতৃভাষা প্রেমের নিদর্শন ফ্ল্যাগ বা ব্যানার। ঘাতকের গুলিতে সালাম, বরকত মুখ থুবড়ে পড়ে রাস্তায়, পড়ে যায় সেইসব ব্যানার। তবুও অবিনাশী হয়ে থাকে নক্ষত্রের মতো বাংলা ভাষার বর্ণগুলো- প্রশ্নোক্ত উক্তিটিতে এ বিষয়টিই ফুটে উঠেছে।

২. **'সেই ফুল আমাদের প্রাণ'- বুঝিয়ে দাও।**

**উত্তর:** 'সেই ফুল আমাদের প্রাণ' বলতে আমাদের প্রাণপ্রাচুর্যে ভরা মুক্তি ও স্বাধিকার চেতনাকে বোঝানো হয়েছে।

১৯৬৯-এর ফেব্রুয়ারিতে কবি দেশে কিছু লোকের অপতৎপরতা লক্ষ করেছেন। চারিদিকে সন্ত্রাসের রং ছড়িয়ে পড়তে দেখেছেন তিনি। পাশাপাশি তিনি ভাষা-আন্দোলনে আত্মদানকারী বীর শহিদ সালাম ও বরকতকে আবারও রাজপথে নেমে আসতে দেখেন। অর্থাৎ ভাষা-আন্দোলনের জাতীয়তাবাদী চেতনার তখনো মৃত্যু ঘটেনি। ফলে সেই বাস্তবতায়ও মুক্তি ও স্বাধিকার চেতনায় বাঙালি আবার উজ্জীবিত হয়। আর এ চেতনাই বাঙালির প্রাণরূপে প্রতিভাত হয়েছে।

৩. **'অবিনাশী বর্ণমালা' বলতে কী বোঝানো হয়েছে?**

**উত্তর:** 'অবিনাশী বর্ণমালা' বলতে কবি আমাদের রাষ্ট্রভাষার স্মারকচিহ্নের অমরত্বকে বুঝিয়েছেন।

বর্ণমালা ভাষার স্মারকচিহ্ন। আর রাষ্ট্রভাষা বাংলা ও বাংলার বর্ণমালা আমাদের অবিস্মরণীয় এক. অর্জন। সে কারণে এই চিহ্ন কোনোভাবেই মুছে যাবে না। যুগ যুগ ধরে আমাদের চেতনার মধ্যে এ চিহ্ন বেঁচে থাকবে। এ কারণে কবি বর্ণমালার ওই চিহ্নকে অবিনাশী বলেছেন।

৪. **"দুঃখিনী মাতার অশ্রুজলে ফোটে ফুল" - বলতে কী বোঝানো হয়েছে?**

**উত্তর:** বাঙালির বেঁচে থাকা এবং দাবি-দাওয়ার স্বাভাবিক পরিবেশের অভাবের কথা ব্যক্ত করতে আলোচ্য উক্তিটি করা হয়েছে।

পাকিস্তানিরা বাঙালিদের সর্বদা অত্যাচার, শোষণ ও নির্যাতন করেছে। তাদের কাছ থেকে যেকোনো দাবি-দাওয়া আদায় করতে গিয়ে নির্বিচারে মরতে হয়েছে বাঙালিদের। ভাষার দাবিতে যেমন ১৯৫২ সালে প্রাণ দিতে হয়েছে, ছয় দফা এবং অন্যান্য দাবি আদায় করতে গিয়ে ১৯৬৯ সালেও প্রাণ দিতে হয়েছে। 'এখনো বীরের রক্তে দুঃখিনী মাতার অশ্রুজলে ফোটে

ফুল বাস্তবের বিশাল চত্বরে হৃদয়ের হরিৎ উপত্যকায়' কথাটি দ্বারা পাকিস্তানি শাসনামলে বাঙালির বৈরী সময়ের কথাই বোঝানো হয়েছে।

৫. **"এ-রঙের বিপরীত আছে অন্য রং" - বলতে কী বোঝানো হয়েছে?**

**উত্তর:** প্রশ্নোক্ত চরণটির মাধ্যমে কবি বিরুদ্ধ চেতনার আস্ফালনকে বুঝিয়েছেন।

১৯৫২ সালের ভাষা আন্দোলনের মধ্য দিয়েই মূলত বাঙালি একটি স্বতন্ত্র জাতিসত্তা হিসেবে নিজেদের অধিকার সম্পর্কে সচেতন হয়ে ওঠে। একটি আত্মমর্যাদাশীল জাতি হিসেবে বাঙালির প্রতিষ্ঠালাভের পেছনে ভাষা আন্দোলন এবং ভাষা-শহিদদের অবদান, তাই অনস্বীকার্য। এ কারণে আলোচ্য কবিতাটিতে শহিদদের আত্মত্যাগের প্রতীক হিসেবে কৃষ্ণচূড়া ফুলকে বাঙালি জাতীয়তাবাদী চেতনার সাথে তুলনা করা হয়েছে। আর এ চেতনার বিরুদ্ধ শক্তিকেই কবি বিপরীত রং হিসেবে আখ্যায়িত করেছেন। প্রশ্নোক্ত পঙক্তিতে এ বিষয়টিই ফুটে উঠেছে।

৬. **'সারা দেশ ঘাতকের অশুভ আস্তানা' - বলতে কী বোঝানো হয়েছে?**

**উত্তর:** হানাদার বাহিনীর অশুভ পদচারণে বিপর্যস্ত দেশকে বোঝাতেই কবি সমগ্র দেশকে ঘাতকের অশুভ আস্তানার সঙ্গে তুলনা করেছেন।

পাকিস্তানি শাসকগোষ্ঠী বাঙালির ওপর ব্যাপক নির্যাতন চালায়। তারা তৎকালীন পূর্ব পাকিস্তানের মানুষের ওপর নির্বিচার হত্যাযজ্ঞ চালায়। চারিদিকে তাদের পরিচালিত হত্যা, সন্ত্রাস ও লুণ্ঠন জনজীবনে আতঙ্ক তৈরি করে। এ বিষয়টি বোঝাতেই কবি সারা দেশকে ঘাতকের অশুভ আস্তানার সঙ্গে তুলনা করেছেন।

৭. **'সালামের মুখে আজ তরুণ শ্যামল পূর্ব বাংলা' - ব্যাখ্যা করো।**

**উত্তর:** কবি ১৯৬৯-এর গণ-অভ্যুত্থানের বিপ্লবী বাংলাকে যেন ভাষা আন্দোলনের শহিদ সালামের বিপ্লবী মুখাবয়বে খুঁজে পেয়েছেন।

১৯৫২ সালের ২১শে ফেব্রুয়ারি মাতৃভাষা বাংলার ওপর পাকিস্তান সরকারের অন্যায় আগ্রাসনের বিরুদ্ধে এ দেশের ছাত্র-জনতা আন্দোলন শুরু করে এবং বুকের রক্ত ঢেলে দিয়ে বাংলা ভাষার মর্যাদা রক্ষা করে। এরই ধারাবাহিকতায় তাদের শোষণ-অত্যাচারের বিরুদ্ধে ১৯৬৯-এর গণ-অভ্যুত্থান সংঘটিত হয়। ভাষা আন্দোলনের শহিদ সালাম, বরকতসহ অনেকেই ছিলেন এ আন্দোলনের মূল প্রেরণা। এ বিষয়টি বোঝাতে গিয়েই আলোচ্য চরণটিতে কবি বিপ্লবী ভাষা-শহিদ সালামের প্রসঙ্গ টেনেছেন।

## বহুনির্বাচনি অভীক্ষা

১. **কবির দৃষ্টিতে আমাদের চেতনার রং কী?** [ঢা. বো. ২৩]

(ক) রক্তাক্ত রাজপথ (খ) শহিদদের রক্তের বুদবুদ
(গ) একুশের কৃষ্ণচূড়া (ঘ) রক্তাক্ত মিছিল

**উত্তর:** গ

২. **'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় কৃষ্ণচূড়া কীসের ইঙ্গিত?** [কু. বো. ২৩]

(ক) চেতনার (খ) প্রেমের
(গ) বিদ্রোহের (ঘ) স্বপ্নের

**উত্তর:** ক

৩. **'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতার সালামের হাতে কীসের মতো বর্ণমালা ঝরে?** [সি. বো. ২৩]

(ক) বৃষ্টি (খ) ফুল
(গ) আলো (ঘ) নক্ষত্র

**উত্তর:** ঘ

৪. **'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় ভাষা শহিদ সালামের নাম কতবার উল্লেখ করা হয়েছে?** [রা. বো. ২৩, ব. বো. ১৯]

(ক) তিন (খ) চার
(গ) পাঁচ (ঘ) ছয়

**উত্তর:** খ

**উদ্দীপকটি পড়ে ৫ ও ৬ নম্বর প্রশ্নের উত্তর দাও:** [ম. বো. ২৩]

আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে সাবিহা কালোপাড়ের সাদা শাড়িতে লাল রঙের সবগুলো বাংলা বর্ণমালা এঁকেছে।

সাবিহার শাড়িতে আঁকা লাল বর্ণমালা যেন ভাষা শহিদদেরই কথা বলছে।

**৫. উদ্দীপকের সাবিহার সাজ 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় বর্ণিত কোন ব্যক্তির কথা স্মরণ করিয়ে দেয়?**

(ক) বরকত (খ) সালাম
(ঘ) রফিক (ঘ) শফিউর

**উত্তর:** খ

**৬. কবিতায় বর্ণিত ওই ব্যক্তি সম্পর্কে বলা যায়-**

i. তিনি একজন ভাষা শহিদ
ii. তাঁর চোখে আজ আলোচিত ঢাকা।
iii. তিনি আজও রাজপথে নেমে আসেন

**নিচের কোনটি সঠিক?**

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**উত্তর:** ঘ

**নিচের উদ্দীপকটি পড়ে ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও: [কু. বো. ২৩]**

আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে কলেজের 'যেমন খুশি তেমন সাজ' অনুষ্ঠানে সজীব সেজেছে ভাস্কর্যরূপে। তার সমস্ত শরীরে জড়ানো বাংলা বর্ণমালা।

**৭. উদ্দীপকের ভাস্কর্যটি 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় বর্ণিত কোন ব্যক্তিকে নির্দেশ করে?**

(ক) রফিক (খ) সালাম
(গ) বরকত (ঘ) শফিক

**উত্তর:** খ

**৮. কবিতায় বর্ণিত ওই ব্যক্তি সম্পর্কে বলা যায়-**

i. তিনি ভাষা শহিদ
ii. তাঁর চোখে আলোচিত ঢাকা
iii. তিনি রাজপথে নেমে এসেছেন

**নিচের কোনটি সঠিক?**

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**উত্তর:** ঘ

**নিচের উদ্দীপকটি পড়ে ৯ ও ১০ নম্বর প্রশ্নের উত্তর দাও: [য. বো. ২৩]**

'মাগো ওরা বলে,
সবা কথা কেড়ে নেবে
তোমার কোলে শুয়ে
গল্প শুনতে দেবে না।'

**৯. উদ্দীপকের সঙ্গে 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতার কোন বিষয়টি সাদৃশ্যপূর্ণ?**

(ক) ১৯৫২ সালের ভাষা আন্দোলন
(খ) ১৯৬৯ এর গণঅভ্যুত্থান
(গ) ১৯৭০ এর সাধারণ নির্বাচন
(ঘ) ১৯৭১ এর মুক্তিযুদ্ধ

**উত্তর:** ক

**১০. উদ্দীপকে 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতার কোন ভাব প্রকাশিত হয়েছে?**

(ক) ভাষাপ্রীতি (খ) স্বদেশপ্রীতি
(গ) সংগ্রামী চেতনা (ঘ) গণবিক্ষোভ

**উত্তর:** ক

**১১. 'মানবিক বাগান' বলতে কী বোঝানো হয়েছে? [য. বো. ২৩]**

(ক) পদ্মবন (খ) বাস্তবের বিশালতা
(গ) মানবীয় জগৎ (ঘ) হরিৎ উপত্যকা

**উত্তর:** গ

**১২. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় প্রকাশ পেয়েছে-[দি. বো. ২৩]**

i. দেশপ্রেম
ii. গণজাগরণ
iii. সংগ্রামী চেতনা

**নিচের কোনটি সঠিক?**

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**উত্তর:** ঘ

**১৩. কৃষ্ণচূড়া আমাদের চেতনার রং, কারণ এতে রয়েছে- [ব. বো. ২০]**

(ক) অত্যাচারের পটভূমি (খ) অতীত ঐতিহ্য
(গ) রঙের সমতা (ঘ) ইতিহাসের উদ্দীপনা

**উত্তর:** ঘ

**১৪. 'আবার ফুটেছে দ্যাখো কৃষ্ণচূড়া থরে থরে শহরের পথে'- চরণটি আমাদের জাতীয় জীবনের কোন দিকটি তুলে ধরে? – [চ. বো. ২২ ,ব. বো. ১৭]**

(ক) গণ আন্দোলন (খ) ভাষা আন্দোলন
(গ) স্বাধীনতা আন্দোলন (ঘ) স্বদেশি আন্দোলন

**উত্তর:** খ

**১৫. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় কৃষ্ণচূড়া ফুলকে কবির কাছে কেমন মনে হয়? [ঢা. বো. ১৯]**

(ক) রক্তে রঞ্জিত বর্ণমালা

(খ) রক্তে রঞ্জিত জামা
(গ) পতাকার লাল রং
(ঘ) শহিদের ঝলকিত রক্তের বুদবুদ
উত্তর: ঘ

১৬. **ভাষা শহিদদের 'রক্তের বুদবুদ' কোনটি? [চ. বো. ১৬]**
(ক) পলাশ ফুল (খ) কমলবন
(গ) বর্ণমালা (ঘ) কৃষ্ণচূড়া
উত্তর: ঘ

১৭. **'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় একুশের কৃষ্ণচূড়াকে আমাদের কীসের রং বলা হয়েছে? - [ঢা. বো. ১৭]**
(ক) স্মৃতিময়তার (খ) অনাবিলতার
(গ) চেতনার (ঘ) ঘাতকের
উত্তর: গ

১৮. **'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় আমাদের চেতনার রং- [কু. বো. ১৬]**
(ক) রক্ত (খ) কৃষ্ণচূড়া
(গ) ফুল (ঘ) বুদবুদ
উত্তর: খ

১৯. **'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় কৃষ্ণচূড়ার রং কে কবি কীসের রং হিসেবে উল্লেখ করেছেন? [রা. বো. ১৭]**
(ক) মাটি ও মানুষের
(খ) বাঙালির চেতনা
(গ) বাঙালির ঐতিহ্য
(ঘ) জাতীয় পতাকা
উত্তর: খ

২০. **'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় কোন ফুলের উল্লেখ আছে? [রা. বো. ১৯, চ. বো. ১৭]**
(ক) জবা (খ) গোলাপ
(গ) কৃষ্ণচূড়া (ঘ) পলাশ
উত্তর: গ

২১. **শহরের পথে থরে থরে কোন ফুল ফুটেছে? [ব. বো. ২২]**
(ক) শিমুল (খ) পলাশ
(গ) কৃষ্ণচূড়া (ঘ) রক্তজবা
উত্তর: গ

২২. **'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় 'একুশের কৃষ্ণচূড়া' আমাদের চেতনারই রং। পঙ্‌ক্তিতে উল্লিখিত চেতনার প্রকৃতি- [ব. বো. ২২]**
(ক) প্রতিবাদী (খ) সংগ্রামী
(গ) বিদ্রোহী (ঘ) জাগ্রত
উত্তর: খ

২৩. **'একুশের কৃষ্ণচূড়া আমাদের চেতনারই রং।'- এই চরণটির আগের চরণ হলো – [কু. বো. ১৯]**
(ক) এ রঙের বিপরীত আছে অন্য রং
(খ) মানবিক বাগান, কমলবন হচ্ছে তছনছ
(গ) শহিদদের ঝলকিত রক্তের বুদবুদ, স্মৃতিগন্ধে ভরপুর
(ঘ) দেখলাম হাত থেকে নক্ষত্রের মতো
উত্তর: গ

২৪. **'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় চতুর্দিকে মানবিক বাগান, কমলবন হচ্ছে। - [ঢা. বো. ১৬]**
(ক) তছনছ (খ) ধ্বংস
(গ) লুণ্ঠিত (ঘ) বিপর্যস্ত
উত্তর: ক

২৫. **'ফেব্রুয়ারি ১৯৬৯'- কবিতায় কার মুখকে 'তরুণ শ্যামল পূর্ব বাংলার' সঙ্গে তুলনা করা হয়েছে? [ঢা. বো. ২২]**
(ক) সালাম (খ) রফিক
(গ) বরকত (ঘ) আসাদ
উত্তর: ক

২৬. **'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় "আবার সালাম নামে রাজপথে"- কেন? [ম. বো. ২২, চ. বো. ২২]**
(ক) ঘাতকের আস্তানা ধ্বংস করতে
(খ) ভাষা সংগ্রামে যোগ দিতে
(গ) গণজাগরণে যোগ দিতে
(ঘ) কমলবন তছনছ করতে
উত্তর: গ

২৭. **'সে ফুল আমাদেরই প্রাণ" - বলতে কী বোঝানো হয়েছে? [ম. বো. ২২]**
(ক) কৃষ্ণচূড়া (খ) চেতনার রং
(গ) একুশে ফেব্রুয়ারি (ঘ) বাংলা ভাষা
উত্তর: ঘ

২৮. **'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় কে শুন্যে ফ্ল্যাগ তোলে? [কু. বো. ২২]**
(ক) বরকত (খ) রফিক
(গ) জব্বার (ঘ) সালাম
উত্তর: ঘ

২৯. **'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় কার চোখে আজ আলোচিত ঢাকা? [য. বো. ২২]**

(ক) রফিকের (খ) জব্বারের
(গ) বরকতের (ঘ) সালামের
**উত্তর:** ঘ

৩০. **'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় 'আবার সালাম নামে রাজপথে'। কেন? [সি. বো. ১৬]**
(ক) ভাষা সংগ্রামে যোগ দিতে
(খ) জাতিগত দাঙ্গা প্রতিরোধ করতে
(গ) গণজাগরণে যোগ দিতে
(ঘ) ঘাতকের আস্তানা ধ্বংস করতে
**উত্তর:** গ

৩১. **'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় ঘাতকের থাবার সম্মুখে বুক পাতে কে? [দি. বো. ১৯, কু. বো. ১৭]**
(ক) সালাম (খ) বরকত
(গ) সফিউর (ঘ) মতিউর
**উত্তর:** খ

৩২. **'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় সালামের হাত থেকে কী ঝরে? [ব. বো. ১৬]**
(ক) বর্ণমালা (খ) স্মৃতিগন্ধ
(গ) রক্তের বুদবুদ (ঘ) মাতার অশ্রুজল
**উত্তর:** ক

৩৩. **'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় ভাষাশহিদ সালামের নাম কতবার উল্লেখ করা হয়েছে? [ব. বো. ১৯]**
(ক) তিন (খ) চার
(গ) পাঁচ (ঘ) ছয়
**উত্তর:** খ

৩৪. **'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতাটি কোন কাব্যগ্রন্থ থেকে চয়ন করা হয়েছে? [রা. বো. ২২, সি. বো. ২২]**
(ক) নিজ বাসভূমে
(খ) বন্দি শিবির থেকে
(গ) বিধ্বস্ত নীলিমা
(ঘ) বুক তার বাংলাদেশের হৃদয়
**উত্তর:** ক

৩৫. **উনসত্তরের গণ অভ্যুত্থানে কাজ করেছে ______ চেতনা। [দি. বো. ২২]**
(ক) লাহোর প্রস্তাবের (খ) স্বাধীনতার
(গ) স্বৈরাচার বিরোধী (ঘ) একুশের
**উত্তর:** ঘ

৩৬. **'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় কবি নিচের কোনটি বোঝাতে 'কমলবন' প্রতীকটি ব্যবহার করেছেন? [সি. বো. ২২]**
i. মানবিকতা
ii. কল্যাণের জগৎ
iii. পদ্মবন
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii
**উত্তর:** ক

৩৭. **'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতার বৈশিষ্ট্য- [কু. বো. ২২]**
i. দেশপ্রেম ii. গণজাগরণ
iii. সংগ্রামী চেতনা
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii
**উত্তর:** ঘ

৩৮. **১৯৬৯-এর গণ অভ্যুত্থানে নিহত হয়েছিলেন-[দি. বো. ১৭]**
i. আসাদুজ্জামান ii. ড. শামসুজ্জোহা
iii. বরকত
**নিচের কোনটি সঠিক?**
(ক) i (খ) i ও ii
(গ) ii ও iii (ঘ) iii
**উত্তর:** খ

৩৯. **'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় লক্ষণীয় বিষয়- [সি. বো. ১৭]**
i. আন্দোলন-সংগ্রামে বাঙালির চেতনাবোধ
ii. আন্দোলন ও সংগ্রামে বাঙালির চেতনার জাগরণ
iii. জীবনের তাৎপর্যের দার্শনিক উন্মোচন
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii
**উত্তর:** ক

৪০. **'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় লক্ষণীয় বিষয়- [সকল বোর্ড-২০১৮]**
i. বাঙালির সংগ্রামী মানসিকতা
ii. বাঙালির স্বাধিকারবোধ
iii. সংগ্রাম বাঙালির ঐতিহ্য
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii

(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

উত্তর: ঘ

**নিচের উদ্দীপকটি পড়ে ৪১ ও ৪২ নম্বর প্রশ্নের উত্তর দাও: [দি. বো. ১৬]**

"মাগো ওরা বলে
সবার কথা কেড়ে নেবে
তোমার কোলে শুয়ে
গল্প শুনতে দেবে না।"

**৪১. উদ্দীপকের সঙ্গে 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতার কোন বিষয়টি সাদৃশ্যপূর্ণ?**

(ক) ১৯৫২ সালের ভাষা আন্দোলন
(খ) ১৯৬৯ এর গণ অভ্যুত্থান
(গ) ১৯৭০ এর সাধারণ নির্বাচন
(ঘ) ১৯৭১ এর মুক্তিযুদ্ধ

উত্তর: ক

**৪২. উদ্দীপক ও 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতার মূলভাবে প্রকাশিত হয়েছে-**

i. স্বদেশপ্রেম
ii. মাতৃভাষা প্রীতি
iii. জীবন প্রীতি

**নিচের কোনটি সঠিক?**

(ক) i ও ii
(খ) i ও iii
(গ) ii ও iii
(ঘ) i, ii ও iii

উত্তর: ক

**নিচের উদ্দীপকটি পড়ে ৪৩ ও ৪৪ নম্বর প্রশ্নের উত্তর দাও: [য. বো. ১৬]**

সিলেটের একটি চা-বাগানের শ্রমিকরা নানাভাবে বঞ্চিত হলেও প্রতিবাদ করার সাহস পায় না। একদিন ঘূর্ণিঝড় ওঠার আশঙ্কা জেনেও মালিক তাদের কাজ করতে বাধ্য করে। ঝড়ের সাথে সংগ্রাম করে শ্রমিকরা প্রাণে বেঁচে যায়। এরপর তারা প্রতিবাদী হয়ে ওঠে। ঝড়ের কাছ থেকে তারা প্রতিবাদের ভাষা শেখে।

**৪৩. উদ্দীপকের 'ঝড়' 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতার যে ঘটনার ইঙ্গিত করে, নিচের কোনটি সেই ঘটনার সাথে সম্পর্কিত?**

(ক) কর্নেল আতাউল গনি ওসমানী
(খ) আসাদুজ্জামান-মতিউর
(গ) সালাম-বরকত
(ঘ) শহীদুল্লাহ কায়সার

উত্তর: গ

**৪৪. শ্রমিকদের প্রতিবাদী চেতনা 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতার কোন ঘটনার ইঙ্গিত করে?**

(ক) সাতচল্লিশের দেশবিভাগ
(খ) ভাষা আন্দোলন
(গ) ছয় দফা আন্দোলন
(ঘ) উনসত্তরের গণ অভ্যুত্থান

উত্তর: ঘ

**নিচের উদ্দীপকটি পড়ে ৪৫ ও ৪৬ নম্বর প্রশ্নের উত্তর দাও: [চ. বো. ১৬]**

"ওরা কারা বুনোদল ঢোকে
....................................
অস্ত্র হাতে নামে সান্ত্রী কাপুরুষ
কোটি মানুষের সমবায়ী সভ্যতার ভাষা এরা রদ করবে ভাবে?"

**৪৫. উদ্দীপকের 'বুনোদল', 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় কাদের প্রতিনিধি?**

(ক) পাকিস্তানি শাসক (খ) পাকিস্তানি হানাদার
(গ) পাকিস্তানি সরকার (ঘ) পশ্চিমা শোষক

উত্তর: ক

**৪৬. উদ্দীপকে 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতার যে ভাবের প্রতিফলন ঘটেছে-**

i. পাকিস্তানিদের অপশাসন
ii. হানাদারদের বর্বরতা
iii. ভাষার কণ্ঠরোধে বাঙালি-দমন

**নিচের কোনটি সঠিক?**

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

উত্তর: ঘ

# আমি কিংবদন্তির কথা বলছি

## জ্ঞানমূলক প্রশ্ন

১. **জননীর আশীর্বাদ কাকে ধন্য করবে?**

**উত্তর:** জননীর আশীর্বাদ গাভীর পরিচর্যাকারীকে ধন্য করবে।

২. **প্রবহমান নদী কাকে ভাসিয়ে রাখে?**

**উত্তর:** প্রবহমান নদী যে সাঁতার জানে না তাকেও ভাসিয়ে রাখে।

৩. **ভালোবাসা দিলে কে মরে যায়?**

**উত্তর:** ভালোবাসা দিলে মা মরে যায়।

৪. **উনোনের আগুনে আলোকিত কীসের কথা বলা হয়েছে?**

**উত্তর:** উনোনের আগুনে আলোকিত একটি উজ্জ্বল জানালার কথা বলা হয়েছে।

৫. **'কিংবদন্তি' শব্দের অর্থ কী?**

**উত্তর:** 'কিংবদন্তি' শব্দের অর্থ জনশ্রুতি।

৬. **আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় 'কর্ষিত জমির প্রতিটি শস্যদানা' কী?**

**উত্তর:** 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় 'কর্ষিত জমির প্রতিটি শস্যদানা' কবিতা।

৭. **করতলে কী ছিল?**

**উত্তর:** করতলে পলিমাটির সৌরভ ছিল।

৮. **'কমলের চোখ' কোন ধরনের রচনা?**

**উত্তর:** 'কমলের চোখ' একটি কাব্যগ্রন্থ।

## অনুধাবনমূলক প্রশ্ন

১. **'তাঁর পিঠে রক্তজবার মতো ক্ষত ছিল' বলতে কবি কী বোঝাতে চেয়েছেন?**

**উত্তর:** বাঙালি জাতির ওপর অত্যাচারের ইতিহাস ব্যক্ত করতে গিয়ে কবি প্রশ্নোক্ত উক্তিটি করেছেন।

'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় কবি আমাদের পূর্বপুরুষদের সম্পর্কে বলেছেন। শত্রুরা আমাদের পূর্বপুরুষের ওপর যে অত্যাচার ও নির্যাতন করেছিল তা এখনো তাজা রয়েছে বোঝাতেই রক্তজবার প্রসঙ্গ ব্যবহৃত হয়েছে। পরাধীনতার কারণে পূর্বপুরুষদের ওপর বারবার অমানুষিক অত্যাচার নেমে এসেছে। বিদেশি শত্রুরা আমাদের সাথে ক্রীতদাসের মতো আচরণ করেছে। পূর্বপুরুষদের পরাধীনতা ও তাদের সেই অত্যাচারের মাত্রা বোঝাতেই আলোচ্য চরণটির অবতারণা করা হয়েছে।

২. **"ভালোবাসা দিলে মা মরে যায়" বলতে কবি কী বোঝাতে চেয়েছেন?**

**উত্তর:** দেশমাতৃকার প্রতি কবির ভালোবাসার দিকটি কবিতায় প্রতিফলিত হয়েছে।

দেশাত্মবোধে উজ্জীবিত হলে দেশপ্রেমিকের চেতনায় দেশই মাতৃরূপে ফিরে আসে। আর চেতনায় দেশমাতাকে ধারণ করলে জন্মদাত্রী মায়ের আবেদন তার কাছে তুচ্ছ হয়ে যায়। প্রশ্নোক্ত উক্তিটি দ্বারা কবি এ কথাটিই বোঝাতে চেয়েছেন।

৩. **'বিচলিত স্নেহ' কথাটি দ্বারা কী বোঝানো হয়েছে? ব্যাখ্যা করো।**

**উত্তর:** 'আমি বিচলিত স্নেহের কথা বলছি'- বলতে কবি আপনজনের আন্তরিক উৎকণ্ঠার কথাই বুঝিয়েছেন।

আবহমান কাল থেকে এদেশে পারিবারিক বন্ধন অত্যন্ত দৃঢ় ও মায়াময়। পরিবারে ছোটোদের প্রতি বড়োদের অকৃত্রিম স্নেহ ও মমতা কাজ করে। এই স্নেহ মমতার কোনো তুলনা চলে না। কবি তাই এদেশের ঐতিহ্যের কথা বলতে গিয়ে এই স্নেহ মমতার কথা বিশেষভাবে উল্লেখ করেছেন। 'বিচলিত স্নেহ' বলতে তিনি আপনজনের উৎকণ্ঠা তথা অকৃত্রিম স্নেহ-মমতার দিকটিকে বুঝিয়েছেন।

## বহুনির্বাচনি অভীক্ষা

১. জিহ্বায় উচ্চারিত কেমন শব্দ কবিতা? [রা. বো. ২৩]
(ক) তীক্ষ্ণ (খ) কঠিন
(গ) সহজ (ঘ) সত্য
উত্তর: ঘ

২. কবির মতে, কর্ষিত জমির প্রতিটি শস্যদানা কী? [ঢা. বো. ২৩]
(ক) গান (খ) স্লোগান
(গ) কবিতা (ঘ) গদ্য
উত্তর: গ

৩. 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতা অনুসারে কীভাবে যুদ্ধ আসে? [ম. বো. ২৩]
(ক) মায়ের মৃত্যুতে (খ) গর্ভবতী বোনের মৃত্যুতে
(গ) ত্যাগে (ঘ) ভালোবেসে
উত্তর: ঘ

৪. 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় কবির পূর্ব পুরুষের পিঠে কীসের মতো ক্ষত ছিল? [য. বো. ২৩]
(ক) কৃষ্ণচূড়া (খ) রক্তজবা
(গ) পশুর থাবা (ঘ) শ্বাপদের
উত্তর: খ

৫. 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় রক্তজবার প্রসঙ্গ যে অর্থে ব্যবহৃত হয়েছে- [সি. বো. ২৩]
(ক) অস্তমিত রক্তিম সূর্য
(খ) জাতীয় চেতনা
(গ) রক্তের প্রয়োজনীয়তা
(ঘ) অত্যাচারের তাজা আঘাত
উত্তর: ঘ

৬. 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় যে গাভীর পরিচর্যা করে, জননীর আশীর্বাদ তাকে কী করে? [দি. বো. ২৩]
(ক) দীর্ঘায়ু (খ) দীর্ঘদেহী
(গ) বলিষ্ঠ (ঘ) সমৃদ্ধ
উত্তর: ক

৭. কার ভালোবাসার সুকণ্ঠ সংগীত কবিতা? [সি. বো. ২৩]
(ক) মায়ের (খ) বোনের
(গ) সুপুরুষের (ঘ) শিল্পীর
উত্তর: গ

৮. "গর্ভবর্তী বোনের মৃত্যুর কথা বলছি" 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার এই পঙক্তিতে কবিকণ্ঠের যে সুর পাওয়া যায়, তা হলো- [ম. বো. ২৩]
i. আর্তনাদ ii. আনন্দ iii. বিদ্রোহ
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii
উত্তর: ঘ

৯. সূর্যকে হৃদপিন্ডে ধরে রাখার অর্থ হলো- [রা. বো. ২৩]
i. মুক্তির অনিবার্যতা
ii. সর্বশক্তিকে ধারণ
iii. সামর্থ্য অর্জন
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii
উত্তর: ঘ

নিচের উদ্দীপকটি পড়ে ১০ ও ১১ নম্বর প্রশ্নের উত্তর দাও: [ব. বো. ২৩]

কাঁটা হেরি ক্ষান্ত কেন কমল তুলিতে
দুঃখ বিনা সুখ লাভ হয় কি মহীতে?

১০. উদ্দীপকটি 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার কোন চরণকে সমর্থন করছে?
(ক) তাঁর পিঠে রক্তজবার মতো ক্ষত ছিল।
(খ) সে সন্তানের জন্য মারতে পারে না।
(গ) সশস্ত্র সুন্দরের অনিবার্য অভ্যুত্থান কবিতা।
(ঘ) জিহ্বায় উচ্চারিত প্রতিটি মুক্ত শব্দ কবিতা।
উত্তর: গ

১১. উদ্দীপকে 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার যে বিষয় প্রকাশিত হয়েছে-
i. ত্যাগ স্বীকার
ii. ফল ভোগ
iii. আঘাতের চিহ্ন
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii, ও iii
উত্তর: ক

১২. 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় মুক্তির পূর্বশর্ত কী? [রা. বো. ২৩]
(ক) শান্তি (খ) সাহসী
(গ) যুদ্ধ (ঘ) স্বাধীনতা
উত্তর: গ

**১৩. ভাষা-আন্দোলন ও মুক্তিযুদ্ধ কোন কবির কবিতায় বিষয় হিসেবে বিশেষ প্রাধান্য পেয়েছে? [ঢা. বো. ২২]**
(ক) কাজী নজরুল ইসলাম
(খ) আবু জাফর ওবায়দুল্লাহ
(গ) জীবনানন্দ দাশ
(ঘ) সুফিয়া কামাল
উত্তর: খ

**১৪. কোন পদ্ধতিটি 'চিত্রকল্প' বা 'ইমেজ'-এর প্রকৃষ্ট উদাহরণ? [ঢা. বো. ২২]**
(ক) তাহারেই পড়ে মনে, ভুলিতে পারিনা কোনো মতে
(খ) মানুষ তবুও ঋণী পৃথিবীরই কাছে
(গ) কর্ষিত জমির প্রতিটি শস্যদানা কবিতা
(ঘ) আবার ফুটেছে দ্যাখো কৃষ্ণচূড়া থরে থরে শহরের পথে
উত্তর: গ

**১৫. চাষি খেতে চালাইছে হাল,**
**তাঁতি বসে তাঁত বোনে, জেলে ফেলে জাল-**
**উদ্দীপকটিতে 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার যে চরণের মিল রয়েছে- [ব. বো. ২২]**
(ক) তাঁর করতলে পলিমাটির সৌরভ ছিল
(খ) পতিত জমি আবাদের কথা বলতেন
(গ) অরণ্য ও শ্বাপদের কথা বলতেন
(ঘ) কর্ষিত জমির প্রতিটি শস্যদানা কবিতা
উত্তর: খ

**১৬. 'তাঁর করতলে পলিমাটির সৌরভ ছিল'- 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার চরণটিতে বোঝানো হয়েছে পূর্বপুরুষদের- [ঢা. বো. ১৬]**
(ক) দাসত্ব (খ) শ্রমনিষ্ঠা
(গ) ভূমিনির্ভরতা (ঘ) মৃত্তিকাসংলগ্নতা
উত্তর: গ

**১৭. 'তাঁর পিঠে রক্তজবার মতো ক্ষত ছিল' - এ চরণটিতে কার পিঠের ক্ষতকে নির্দেশ করা হয়েছে? [ঢা. বো. ১৯]**
(ক) কবির পূর্বপুরুষের (খ) বাংলার কৃষকদের
(গ) মুক্তিযোদ্ধাদের (ঘ) কবির পিতার
উত্তর: ক

**১৮. 'কবিতা'কে কবি কী বলে অভিহিত করেছেন? [রা. বো. ১৬]**
(ক) অতিক্রান্ত পাহাড় (খ) উনুনের আগুন
(গ) কর্ষিত জমির শস্যদানা (ঘ) পলিমাটির সৌরভ
উত্তর: গ

**১৯. 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় যে কবিতা শুনতে জানে না সে কী শুনবে? [য. বো. ১৯]**
(ক) উচ্চারিত সত্য
(খ) অরণ্য এবং শ্বাপদের কথা
(গ) প্রবহমান নদীর কলতান
(ঘ) ঝড়ের আর্তনাদ
উত্তর: ঘ

**২০. 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় কবির মা কীসের কথা বলতেন? [দি. বো. ২২]**
(ক) সাগরের (খ) নদীর
(গ) পাহাড়ের (ঘ) গাছপালার
উত্তর: খ

**২১. 'একটি উজ্জ্বল জানালার কথা বলছি' - এখানে 'উজ্জ্বল জানালা' কীসের প্রতীক? [য. বো. ১৬]**
(ক) স্বাধীনতার সূর্য (খ) জ্ঞানের পূর্ণ বিকাশ
(গ) চিন্তার স্বাধীনতা (ঘ) মুক্ত জীবনের প্রত্যাশা
উত্তর: ঘ

**২২. 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় 'ভালোবাসা দিলে মা মরে যায়'- চরণটির তাৎপর্য কী? [চ. বো. ১৯, সি. বো. ১৯]**
(ক) মায়ের ছেলেদের চলে যাওয়া
(খ) মায়ের গল্প শুনতে না পারা
(গ) ছেলের জন্য মায়ের উৎকণ্ঠা
(ঘ) দেশের জন্য সন্তানের মায়াত্যাগ
উত্তর: ঘ

**২৩. পূর্বপুরুষের পিঠে রক্তজবার মতো ক্ষত ছিল। কারণ তিনি- [চ. বো. ১৯]**
(ক) ক্রীতদাস ছিলেন
(খ) শিকারি ছিলেন
(গ) পশুর দ্বারা আক্রান্ত হয়েছিলেন
(ঘ) অস্ত্রের আঘাতপ্রাপ্ত হয়েছিলেন
উত্তর: ক

**২৪. 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় কোন শব্দটি ঐতিহ্যের প্রতীক হয়ে উঠেছে? [সি. বো. ২২]**
(ক) পূর্বপুরুষ (খ) ক্রীতদাস
(গ) কিংবদন্তি (ঘ) কবিতা
উত্তর: গ

**২৫. 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় কবি কার যুদ্ধের কথা বলেছেন? [য. বো. ২২]**
(ক) ভাইয়ের (খ) বোনের
(গ) মায়ের (ঘ) পূর্ব পুরুষের
উত্তর: ক

২৬. 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় 'জননী আশীর্বাদ' কাকে দীর্ঘায়ু করবে? [কু. বো. ২২]
(ক) যে গভীর পরিচর্যা করে
(খ) যে মৎস্য লালন করে
(গ) যে লৌহ খণ্ডকে প্রজ্বলিত করে
(ঘ) যে কর্ষণ করে
উত্তর: ক

২৭. 'কিংবদন্তি' শব্দের অর্থ কী? [রা. বো. ২২. ব. বো. ২২]
(ক) ঐতিহ্য (খ) ইতিহাস
(গ) সুনাম (ঘ) জনশ্রুতি
উত্তর: ঘ

২৮. 'আমি কিংবদন্তির কথা বলছি' - কবিতায় জননীর আশীর্বাদে কে দীর্ঘায়ু হবে? [ব. বো. ১৬]
(ক) যে কর্ষণ করে (খ) গাভীর পরিচর্যাকারী
(গ) মৎস্য লালনকারী (ঘ) লৌহখণ্ড প্রজ্বলনকারী
উত্তর: খ

২৯. 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় কবি কেন তাঁর পূর্ব পুরুষের কথা বলেছেন? [য. বো. ২২]
(ক) সাহসী ছিল বলে
(খ) নিপীড়িত হয়েছে বলে
(গ) গৌরবোজ্জ্বল ইতিহাস রয়েছে বলে
(ঘ) জমিদার ছিল বলে
উত্তর: গ

৩০. 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় 'বিচলিত স্নেহ' বলতে কবি কী বুঝিয়েছেন? [ব. বো. ১৯]
(ক) কপট মায়া (খ) লোক দেখানো আদর
(গ) আপনজনের উৎকণ্ঠা (ঘ) সন্ত্রস্ত ভালোবাসা
উত্তর: গ

৩১. 'আমি যেখানেই থাকি, যেমনি থাকি, সর্বদা মনে বাংলাদেশকেই লালন করি' - উল্লিখিত অংশ 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার কোন মনোভাবকে উপস্থাপন করে? [রা. বো. ১৭]
(ক) শেকড়সন্ধানী (খ) দেশদরদি
(গ) প্রকৃতি চেতনা (ঘ) স্বাধীনতার
উত্তর: ক

৩২. কবি আবু জাফর ওবায়দুল্লাহর মতে, কবিতা হলো- [য. বো. ১৬]
i. সশস্ত্র সুন্দরের অনিবার্য অভ্যুত্থান
ii. মায়ের কোলে শুয়ে গল্প শোনা
iii. কর্ষিত জমির প্রতিটি শস্যদানা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii
উত্তর: গ

৩৩. 'আমি কিংবদন্তির কথা বলছি' বলতে কবি বোঝাতে চেয়েছেন- [চ. বো. ২২]
i. বাঙালির হাজার বছরের ইতিহাস-ঐতিহ্য
ii. বাঙালির সুদীর্ঘকালের শোষণ-বঞ্চনার ইতিকথা
iii. অন্যায়-অত্যাচারের বিরুদ্ধে বাঙালির শাশ্বত প্রতিবাদী চেতনা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii
উত্তর: ঘ

৩৪. 'বিচলিত স্নেহ' বলতে 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় কী বোঝানো হয়েছে? [সি. বো. ১৬]
i. আপনজনের উৎকণ্ঠা
ii. ভালোবাসা আর শঙ্কা
iii. বিফল স্নেহ
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii
উত্তর: ক

নিচের উদ্দীপকটি পড়ে ৩৫ ও ৩৬ নম্বর প্রশ্নের উত্তর দাও: [সি. বো. ১৭]
ইদানীং সম্ভ্রান্ত পরিবারগুলো গৃহকর্মীর ওপর অমানবিক পাশবিক নির্যাতন করে থাকে।

৩৫. উদ্দীপকটিতে ফুটে ওঠা ভাবের সাথে সাদৃশ্যপূর্ণ চরণ কোনটি?
(ক) তাঁর করতলে পলিমাটির সৌরভ ছিল
(খ) তাঁর পিঠে রক্তজবার মতো ক্ষত ছিল
(গ) সশস্ত্র সুন্দরের অনিবার্য অভ্যুত্থান কবিতা
(ঘ) কারণ তিনি ক্রীতদাস ছিলেন
উত্তর: খ

৩৬. 'আমরা কি তাঁর মতো কবিতার কথা বলতে পারবো?' - এ অংশে কবির কোন আকাঙ্ক্ষা ব্যক্ত হয়েছে?
(ক) প্রতিবাদী চেতনার (খ) সৌন্দর্যবোধ প্রকাশের
(গ) ভাষার প্রগাঢ়তার (ঘ) স্বদেশপ্রীতির
উত্তর: ক

নিচের কবিতাংশটি পড়ে ৩৭ ও ৩৮ নম্বর প্রশ্নের উত্তর দাও: [ম. বো. ২২]
আমি জন্মেছি বাংলায়, আমি বাংলায় কথা বলি,
আমি বাংলার আলপথ দিয়ে হাজার বছর চলি।
চলি পলিমাটি কোমলে আমার চলার চিহ্ন ফেলে।
তেরোশত নদী শুধায় আমাকে, কোথা থেকে তুমি এলে?

৩৭. কবিতাংশের 'বাংলার আলপথ'-এর সাথে 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার সাদৃশ্যপূর্ণ ভাব কোনটি?

(ক) ইতিহাস ও ঐতিহ্য (খ) বাংলার সৌন্দর্য
(গ) সংগ্রাম ও বিপ্লব (ঘ) শাসন ও নিপীড়ন
উত্তর: ক

**৩৮. উদ্দীপকের প্রতিফলিত চেতনা ব্যক্ত হয়েছে নিচের কোন চরণে?**
(ক) কর্ষিত জমির প্রতিটি শস্যদানা কবিতা
(খ) আমি কবি এবং কবিতার কথা বলছি
(গ) আমি কিংবদন্তির কথা বলছি
(ঘ) তাঁর করতলে পলিমাটির সৌরভ ছিল
উত্তর: গ

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৩৯ ও ৪০ নম্বর প্রশ্নের উত্তর দাও: [রা. বো. ২২]**
"কে কবি- কবে কে মোরে? ঘটকালি করি
শবদে শবদে বিয়া দেয় যেই জন"

**৩৯. উদ্দীপকে বর্ণিত বিষয়ের সঙ্গে 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার নিম্নোক্ত সাদৃশ্যপূর্ণ পঙ্‌ক্তি কোনটি?**
(ক) আমি কবি এবং কবিতার কথা বলছি
(খ) আমরা কি তাঁর মতো কবিতার কথা বলতে পারব
(গ) সশস্ত্র সুন্দরের অনিবার্য অভ্যুত্থান কবিতা
(ঘ) জিহ্বায় উচ্চারিত প্রতিটি সত্য শব্দ কবিতা
উত্তর: গ

**৪০. 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় উল্লিখিত কবির কাজ উদ্দীপকের কবির তুলনায় ভিন্নতর। নিচের কোনটিতে তা প্রকাশ পেয়েছে?**
(ক) কবিসৃষ্ট শব্দবন্ধ কবিতা
(খ) স্বপ্নস্রষ্টা কবির কবিতা স্বপ্নদ্রষ্টা
(গ) কবি অনিবার্য অভ্যুত্থানের কথা বলেন
(ঘ) কবি স্বাধীনতার কথা বলেন
উত্তর: গ

**নিচের উদ্দীপকটি পড়ে ৪১ ও ৪২ নম্বর প্রশ্নের উত্তর দাও: [কু. বো. ১৬]**
আমি তো এসেছি তিতুমীর আর হাজী শরিয়ত থেকে।
আমি তো এসেছি গীতাঞ্জলি ও অগ্নিবীণার থেকে।
এসেছি বাঙালি ক্ষুদিরাম আর সূর্য সেনের থেকে।
এসেছি বাঙালি জয়নুল আর অবন ঠাকুর থেকে।
এসেছি বাঙালি রাষ্ট্রভাষার লাল রাজপথ থেকে।

**৪১. উদ্দীপকের চেতনার সঙ্গে 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার যে চরণের মিল রয়েছে-**
(ক) আমি আমার ভালোবাসার কথা বলছি
(খ) আমরা কি তাঁর মতো স্বাধীনতার কথা বলতে পারবো
(গ) সশস্ত্র সুন্দরের অনিবার্য অভ্যুত্থান কবিতা
(ঘ) আমি কবি এবং কবিতার কথা বলছি
উত্তর: ঘ

**৪২. উদ্দীপক ও 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় প্রকাশিত মূলভাব-**
(ক) ঐতিহ্যপ্রীতি ও মুক্তির আকাঙ্ক্ষা
(খ) ভালোবাসা আর শঙ্কা
(গ) মানবিক উদ্ভাসনের স্বপ্ন
(ঘ) কবিতার সত্য অনুধাবন
উত্তর: ক

**নিচের উদ্দীপকটি পড়ে ৪৩ ও ৪৪ নম্বর প্রশ্নের উত্তর দাও: [রা. বো. ১৯]**
সুনীল গঙ্গোপাধ্যায়ের 'আমিই সে' ছোট্ট উপন্যাসটিতে বিধৃত হয়েছে মানবসভ্যতার আদিম ইতিহাস আর সভ্যতার অগ্রগতি। কীভাবে আদিম মানুষ সভ্য মানুষে পরিণত হয়েছে, তারই প্রকাশ ঘটেছে উপন্যাসটিতে।

**৪৩. উদ্দীপকের সাথে 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার সাদৃশ্য রয়েছে-**
i. ঐতিহ্য চেতনায় ii. মুক্তির চেতনায়
iii. সংগ্রামী চেতনায়
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii
উত্তর: খ

**৪৪. উদ্দীপক ও 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার বৈসাদৃশ্য লক্ষ করা যায়-**
(ক) সভ্যতা বিকাশে (খ) ইতিহাস চেতনায়
(গ) ভাবগাম্ভীর্যে (ঘ) সংগ্রামশীলতায়
উত্তর: গ

**উদ্দীপকটি পড়ে ৪৫ ও ৪৬ নম্বর প্রশ্নের উত্তর দাও: [কু. বো. ১৯]**
অজয় রায় তাঁর 'আদি বাঙালি: নৃতাত্ত্বিক ও সমাজতাত্ত্বিক বিশ্লেষণ' বইয়ে বাঙালি জনের নৃতাত্ত্বিক, সামাজিক ও সাংস্কৃতিক পরিচয় চমৎকারভাবে ফুটিয়ে তুলেছেন।

**৪৫. উদ্দীপকটি 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার কোন বিষয়কে উপস্থাপন করে-**
(ক) বাঙালির সংগ্রাম (খ) বাঙালির গৌরব
(গ) বাঙালির বিজয় (ঘ) বাঙালির ঐতিহ্য
উত্তর: ঘ

**৪৬. উক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতাকে বলা যায়-**
i. আত্মপরিচয়ের কবিতা
ii. আত্মসমালোচনার কবিতা
iii. আত্মচেতনার কবিতা
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii
উত্তর: খ

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৪৭ ও ৪৮ নম্বর প্রশ্নের উত্তর দাও: [চ. বো. ১৭]**
আবার আসিব ফিরে ধানসিঁড়িটির তীরে এই বাংলায়।

**৪৭. উদ্দীপকের সঙ্গে 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার বৈসাদৃশ্য হলো-**

i. শব্দ প্রয়োগে

ii. ছন্দ ব্যবহারে

iii. চিত্রকল্প ব্যবহারে

**নিচের কোনটি সঠিক?**

(ক) i ও ii　　(খ) i ও iii

(গ) ii ও iii　　(ঘ) i, ii ও iii

**উত্তর:** ঘ

**৪৮. বৈসাদৃশ্য থাকলেও উভয়ের যোগসূত্র কোনটি?**

(ক) ঐতিহ্য নির্মাণে

(খ) আত্মস্বীকারোক্তিতে

(গ) জীবনের প্রকাশে

(ঘ) গভীরতা সঞ্চারে

**উত্তর:** গ

## লালসালু

### জ্ঞানমূলক প্রশ্ন

**১. তোমার দাড়ি কই মিঞা- উক্তিটি কার?**

**উত্তর:** 'তোমার দাড়ি কই মিঞা?'- উক্তিটি মজিদের।

**২. 'সর্পিল গতিতে' শব্দটির অর্থ কী?**

**উত্তর:** 'সর্পিল গতিতে' শব্দটির অর্থ সাপের আঁকাবাঁকা চলনের মতো।

**৩. কে পক্ষাঘাতে আক্রান্ত?**

**উত্তর:** 'উত্তরী' শব্দের অর্থ চাদর।

**৪. গারো পাহাড় মধুপুরগড় থেকে কত দিনের পথ?**

**উত্তর:** গারো পাহাড় মধুপুরগড় থেকে তিন দিনের পথ।

**৫. 'লালসালু' কোন ধরনের উপন্যাস?**

**উত্তর:** ‘পুষ্পারতি’ শব্দটির অর্থ ফুলেল বন্দনা বা নিবেদন।

**৬. খালেক ব্যাপারীর দ্বিতীয় স্ত্রীর নাম কী?**

**উত্তর:** খালেক ব্যাপারীর দ্বিতীয় স্ত্রীর নাম তানু বিবি।

**৭. খালেক ব্যাপারীর প্রথম স্ত্রীর নাম কী?**

**উত্তর:** খালেক ব্যাপারীর প্রথম স্ত্রীর নাম আমেনা।

**৮. কত বছর বয়সে আমেনা বিবির বিয়ে হয়েছিল?**

**উত্তর:** তেরো বছর বয়সে আমেনা বিবির বিয়ে হয়েছিল।

**৯. মজিদ কেন হাসপাতালে গিয়েছিল?**

**উত্তর:** মহব্বতনগর গ্রামের আহত যুবকদের দেখতে মজিদ হাসপাতালে গিয়েছিল।

**১০. আক্কাসের বাবার নাম কী?**

**উত্তর:** আক্কাসের বাবার নাম মোদাব্বের মিঞা।

**১১. কে জমিলাকে প্রথম মজিদকে দেখায়?**

**উত্তর:** জমিলাকে তার বুবু খোদেজা প্রথম মজিদকে দেখায়।

**১২. 'বেচাইন' শব্দের অর্থ কী?**

**উত্তর:** 'বেচাইন' শব্দটির অর্থ— অস্থির।

**১৩. সাত ছেলের বাপের নাম কী?**

উত্তর: সাত ছেলের বাপের নাম দুদু মিঞা।

**১৪. 'লালসালু' উপন্যাসের ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্টের নাম কী?**

উত্তর: 'লালসালু' উপন্যাসে ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্টের নাম মতলুব খাঁ।

**১৫. মজিদ কাকে শাড়ি কিনে দিয়েছিল?**

উত্তর: মজিদ হাসুনির মাকে শাড়ি কিনে দিয়েছিল।

**১৬. মজিদকে দেখে প্রথমে জমিলার কী মনে হয়েছিল?**

উত্তর: মজিদকে দেখে প্রথমে জমিলার দুলার (বরের) বাবা মনে হয়েছিল।

## অনুধাবনমূলক প্রশ্ন

**১. 'আপনারা জাহেল, বে-এলেম, আনপাড়হ- এই উক্তিটির তাৎপর্য লেখো।**

উত্তর: মজিদ মহব্বতনগরবাসীর মনে ভয় জাগিয়ে তুলতে প্রশ্নোক্ত কথাটি বলেছে।

'লালসালু' উপন্যাসে মজিদ ভন্ড ধর্মব্যবসায়ী। সে মহব্বতনগরে এসে কুসংস্কারাচ্ছন্ন গ্রামবাসীকে কৌশলে ভয় দেখাতে চায়। এজন্য প্রাচীন একটি কবরকে মোদাচ্ছের পিরের মাজার বলে দাবি করে। গ্রামবাসীর মনে অনুশোচনা জাগ্রত করার জন্য মজিদ তাদেরকে জাহেল, বে-এলেম, আনপাড়হ ইত্যাদি বলে ধমক দেয়।

**২. "বিশ্বাসের পাথরে যেন খোদাই সে চোখ'—উক্তিটি বুঝিয়ে লেখো।**

উত্তর: শিলাবৃষ্টির পর মজিদসহ মহব্বতনগরবাসী সম্পর্কে বলা হয়েছে 'বিশ্বাসের পাথরে যেন খোদাই সে চোখ'।

মহব্বতনগরে শিলাবৃষ্টিতে ধানখেত ধ্বংসস্তূপে পরিণত হয়েছিল। সেই ধানখেত দেখে সবাই স্তব্ধ হয়ে দাঁড়িয়ে ছিল। তাদের দৃষ্টিতে কোনো ভাব বা উদ্দেশ্য ছিল না। মজিদ এই অবস্থা দেখে সকলকে খোদার ওপর বিশ্বাস রাখতে বলে। তখন সকলের দৃষ্টি দেখে মনে হয় যেন তাদের চোখের মধ্যে আস্থা ও বিশ্বাসের দৃঢ়তা প্রতিষ্ঠিত হয়ে আছে।

**৩. "জমিলা যেন ঠাঁটাপড়া মানুষের মতো হয়ে গেছে"– বাক্যটি ব্যাখ্যা করো।**

উত্তর: চঞ্চল জমিলার পিতৃবয়সি মজিদের সাথে বিয়ের পর স্বামীর প্রতিনিয়ত শাসন আর উপদেশের কারণে সৃষ্ট মানসিক বৈকল্যকে বোঝানো হয়েছে আলোচ্য উক্তিটিতে।

অল্পবয়সি কিশোরী বধূ জমিলা জীবনকে যেভাবে ভেবেছিল, তার জীবনটা সে রকম হয়নি। তার বিয়ে হয় পিতৃবয়সের এক বুড়ো লোকের সঙ্গে, যার পূর্বের এক স্ত্রী আছে। এছাড়া জমিলার স্বামী মজিদ নানাভাবে তাকে শাসন করার চেষ্টা করে। ফলে শারীরিক ও মানসিকভাবে ভেঙে পড়ে জমিলা। আর এটি বোঝানোর জন্যই প্রশ্নোক্ত বাক্যটি বলা হয়েছে।

**৪. "শস্যের চেয়ে টুপি বেশি, ধর্মের আগাছা বেশি"—ব্যাখ্যা করো।**

উত্তর: আলোচ্য উক্তিটি দ্বারা প্রচন্ড অভাবের মধ্যে থেকেও সাধারণ মানুষের তা থেকে উত্তরণের চেষ্টার চেয়ে তথাকথিত ধর্মচর্চার প্রতি অধিক আগ্রহের দিকটিকে বোঝানো হয়েছে।

'লালসালু' উপন্যাসে অভাবপীড়িত এক জনবহুল অঞ্চলের কথা বলা হয়েছে। কিন্তু সেখানকার মানুষ অনাহার থেকে বাঁচতে ফসল উৎপাদনে যত্নশীল না হয়ে ধর্মচর্চায় বেশি ব্যস্ত থাকে। অর্থাৎ ফসল উৎপাদন করে অভাব দূর করার জন্য যতটুকু যত্নশীল হওয়া প্রয়োজন তা তারা করে না। পক্ষান্তরে তারা যে ধর্ম নিয়ে বাড়াবাড়ি করে সেটাও বাহ্যিক, এটা তাদের অন্তরের

বিষয় হয়ে উঠতে পারেনি। আর এ কারণেই তাদের মন ধর্মীয় নানা কুসংস্কারে আচ্ছন্ন। এমনকি কেউ কেউ ধর্মকে ব্যক্তিস্বার্থে ব্যবহার করতেও পিছপা হয় না। আর তাই লেখক আলোচ্য উক্তিটি করেছেন।

৫. **"কেবল ধীরে ধীরে কাঠের মতো শক্ত হয়ে ওঠে তার মুখটা"- কার মুখ শক্ত হয়ে ওঠে এবং কেন?**

**উত্তর:** মজিদের শাসনমূলক কথা শুনে জমিলার মুখ ধীরে ধীরে কাঠের মতো শক্ত হয়ে ওঠে।

মজিদ নামাজ পড়তে বলায় জমিলা সন্ধ্যার পরপরই নামাজ পড়ে ঘুমিয়ে পড়ে। কিন্তু তাকে ঘুমাতে দেখে মজিদ মনে করে নামাজ না পড়েই জমিলা ঘুমিয়ে পড়েছে। এ কারণে মজিদ নির্মমভাবে জমিলাকে ঘুম থেকে জাগিয়ে তোলে। জমিলা এমন ব্যবহারের প্রতিবাদস্বরূপ নামাজ পড়ার কথা না বলে চুপ করে বসে থাকে। পরদিন সকালে মজিদ এ বিষয় নিয়ে তাকে ও তার পরিবার নিয়ে কথা বলতে থাকলে ঘৃণা ও রাগে জমিলার মুখটা কাঠের মতো শক্ত হয়ে ওঠে।

৬. **কোন ঘটনায় মজিদ বিস্ময়করভাবে নিঃসঙ্গ বোধ করে?**

**উত্তর:** যে লোকটির কবরটিকে মজিদ মাজার বানিয়েছে, সেই মৃত লোকটিকে সে চেনে না বলে বিস্ময়করভাবে নিঃসঙ্গ বোধ করে।

মজিদ নিজেকে প্রতিষ্ঠিত করতে একটি সাধারণ কবরকে পুণ্যবান লোকের মাজার বলে ঘোষণা করে সাধারণ মানুষের সঙ্গে প্রতারণার আশ্রয় নেয়। একসময় সে সমাজে প্রতিষ্ঠা পায়। কিন্তু তার মনে সবসময় ভয় কাজ করে। একদিন সন্ধ্যায় মাজারে একা একা দোয়া-দরুদ পড়ার সময় তার 'চোখে পড়ে মাজারের ঝালরওয়ালা সালু কাপড়টার এক কোণ উলটে আছে। ঘরের ম্লান আলোয় কবরের সে অনাবৃত অংশটা মজিদের কাছে মৃত মানুষের খোলা চোখের মতো মনে হয়। কবরের কাপড় উলটানো নগ্ন অংশই হঠাৎ তাকে স্মরণ করিয়ে দেয় যে, মৃত লোকটিকে সে চেনে না। এবং চেনে না বলেই তার পাশে নিজেকে বিস্ময়করভাবে নিঃসঙ্গ বোধ করে মজিদ।

৭. **গ্রামে আক্কাসের স্কুল প্রতিষ্ঠার স্বপ্ন কীভাবে ভেঙে যায়?**

**উত্তর:** ভণ্ড মজিদ তার স্বার্থ রক্ষার জন্য স্কুলের বদলে মসজিদ প্রতিষ্ঠার কথা বললে আক্কাসের স্কুল প্রতিষ্ঠার স্বপ্ন ভেঙে যায়।

গ্রামে স্কুল প্রতিষ্ঠা হলে মানুষ সচেতন হবে এবং মজিদের ধর্মব্যবসার খোলস উন্মোচিত হবে। এমন ভয় থেকে মজিদ আক্কাসের স্কুল প্রতিষ্ঠায় ঘোর বিরোধিতা করে ও ভরা মজলিসে আক্কাসের দাড়ি নেই বলে তিরস্কার করে। কিন্তু আক্কাস মজিদের এই অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদ না করে নিশ্চুপ থাকে। ফলে তার দ্বারা আর স্কুল প্রতিষ্ঠা করা সম্ভবপর হয়ে ওঠে না।

৮. **"যেন বিশাল সূর্যোদয় হয়েছে, আর সে আলোয় প্রদীপের আলো নিশ্চিহ্ন হয়ে গেছে।"— বিষয়টি বুঝিয়ে দাও।**

**উত্তর:** আওয়ালপুরে আগত পির সাহেব এবং মজিদের তুলনামূলক অবস্থান বোঝাতে প্রশ্নোক্ত কথাটি বলা হয়েছে।

'লালসালু' উপন্যাসে দেখা যায়, আওয়ালপুরে আগত নতুন এক পির মজিদের জন্য অস্তিত্বের সংকট হয়ে দাঁড়ায়। নানারকম চিন্তা করতে করতে মজিদ একদিন আওয়ালপুরের পিরের সমাবেশে হাজির হয়। সেখানে সে দেখতে পায় ঐ পিরের সামনে শত শত লোক বিভোর হয়ে বসে আছে; কেউ কাউকে লক্ষ করছে না। এমনকি, মজিদকে চেনে এমন লোকও এই ভিড়ের মধ্যে তার প্রতি মনোযোগী হয় না। সেখানে পির সাহেব যেন সূর্যের উজ্জ্বল আলো ছড়াচ্ছেন; আর মজিদ যেন প্রদীপের সামান্য আলো, যা সূর্যের আলোর কাছে ম্লান হয়ে গেছে। তাই বলা হয়েছে, যেন বিশাল সূর্যোদয় হয়েছে, আর সে আলোয় প্রদীপের আলো নিশ্চিহ্ন হয়ে গেছে।

৯. **"গ্রামের লোকেরা যেন রহিমারই অন্য সংস্করণ।"— বুঝিয়ে লেখো।**

**উত্তর:** মহব্বতনগরের লোকেরা মজিদের প্রথম স্ত্রী রহিমার মতোই দৈহিক শক্তিতে বলীয়ান, কিন্তু সহজ-সরল এবং মানসিকভাবে দুর্বল ও ভীতু প্রকৃতির, যা প্রশ্নোক্ত বাক্যটির মাধ্যমে বোঝানো হয়েছে।

মহব্বতনগরের মানুষগুলো কাজ করে আনন্দ পায়। তাদের অন্তরজুড়ে শুধু জমি আর ধান। সারা বছর খোদার কথা ভুলেই থাকে তারা। কেবল বর্ষণহীন খরার দিনে যখন জমিতে ফাটল ধরে তখন তারা খোদাকে স্মরণ করে। বিশাল শরীর নিয়ে তারা সব সময় কাজে মগ্ন থাকে। মোটাতাজা শরীর হলেও লোকগুলো রহিমার মতো অন্তরে নারীসুলভ ভয় লালন করে। রহিমার মতোই তারা মজিদকে ভয় পায় ও শ্রদ্ধা করে। এজন্যই প্রশ্নোক্ত কথাটি বলা হয়েছে।

**১০. দুনিয়াটা বড়ো বিচিত্র জায়গা— ব্যাখ্যা করো।**

**উত্তর:** দুনিয়ায় বাস করতে গেলে সময়ে অসময়ে মিথ্যা কথা না বললেই নয় বলে মজিদ মনে করে, দুনিয়াটা বড়ো বিচিত্র জায়গা।

করিমগঞ্জ হাসপাতালে মহব্বতনগরের আহত লোকদের দেখতে যায় মজিদ। অসুস্থ লোকদের দেখাশোনা করে গ্রামে ফিরে এসে মজিদ গুরুতর আহত কালু মিয়ার বাপকে বলে, সেখানে তার ছেলের সেবা-যত্ন ও ওষুধ-পথ্যের কোনো অভাব নেই। কারণ, হাসপাতালের ডাক্তার তার মুরিদ। এ কথাটা অবশ্য মিথ্যা, তবু মজিদ জেনে-শুনে মিথ্যা কথা বলে। কারণ তার মতে, দুনিয়াটা বড় বিচিত্র জায়গা। এখানে সময়ে অসময়ে মিথ্যা কথা না বললে চলে না।

**১১. "দলিল দস্তাবেজ জাল হয়, কিন্তু খোদাতালার কালাম জাল হয় না।"— বুঝিয়ে লেখো।**

**উত্তর:** 'লালসালু' উপন্যাসের ভণ্ড মজিদ তার দেওয়া পানিপড়া, প্রতিদ্বন্দ্বী পিরের নামে খাওয়ানো হবে শুনে খেপে গিয়ে প্রশ্নোক্ত উক্তিটি করে। খালেক ব্যাপারীর প্রথম স্ত্রী আমেনা বিবি সন্তান কামনায় আওয়ালপুরে আসা নতুন পিরের কাছ থেকে পানিপড়া খেতে চায়। কিন্তু ভণ্ড মজিদের সাথে সেই পিরের স্বার্থগত দ্বন্দ্ব থাকার কারণে ব্যাপারী তার ছোটো স্ত্রীর ভাই ধলা মিয়াকে গোপনে রাতের অন্ধকারে আওয়ালপুরে গিয়ে পানিপড়া আনতে বলে। কিন্তু ধলা মিয়া ভীতু প্রকৃতির লোক হওয়ায় রাতের অন্ধকারে সেখানে না গিয়ে মজিদের কাছে আসে পানিপড়া নিতে। আর মজিদকে এই পানিপড়া দেওয়ার কথা গোপন রাখতে বলে। মজিদের পানিপড়া আওয়ালপুরে আগত পিরের নামে চালিয়ে দেওয়ার হঠকারিতাপূর্ণ প্রস্তাবে মজিদ রেগে গিয়ে প্রশ্নোক্ত উক্তিটি করে।

**১২. 'ধান দিয়া কী হইব, মানুষের জান যদি না থাকে।'—ব্যাখ্যা করো।**

**উত্তর:** প্রশ্নোক্ত উক্তিটিতে 'লালসালু' উপন্যাসের রহিমার মাতৃহৃদয় বিচলিত হয়ে ওঠার দিকটি প্রতিফলিত হয়েছে।

মজিদের প্রথম স্ত্রী রহিমা তাকে ভক্তি ও শ্রদ্ধা করে। কিন্তু মজিদ তার অল্পবয়সি দ্বিতীয় স্ত্রী জমিলার ওপর নিজের প্রভাব বিস্তারের জন্য নানা কৌশল অবলম্বন করে। এজন্য সে দুর্যোগপূর্ণ অন্ধকার রাতে জমিলাকে মাজারে বেঁধে রেখে আসে। মজিদ যখন জমিলাকে ঝড়বৃষ্টির রাতে একা মাজারে বেঁধে রেখে আসে, তখন রহিমা জমিলার কথা ভেবে বিচলিত হয়ে ওঠে। জমিলার জন্য রহিমার মানসিক পরিবর্তন লক্ষ করে মজিদ তার মনোযোগ অন্যদিকে সরাতে চায়। তাই সে শিলাবৃষ্টির প্রসঙ্গ তুলে ধানের ক্ষতি হওয়ার কথা বলে। কিন্তু এ পরিস্থিতিতে স্বামীভক্ত রহিমা প্রতিবাদী ভাষায় মজিদকে প্রশ্নোক্ত উক্তিটি করে। রহিমার এই উক্তির দ্বারা তার মাতৃহৃদয়ে কমবয়সি জমিলার জন্য শঙ্কা ও সন্তানবাৎসল্যসুলভ মনোভাব প্রকাশ পেয়েছে।

**১৩. জমিলা মজিদের মুখে থুথু দিয়েছিল কেন?**

**উত্তর:** মজিদ তার দ্বিতীয় স্ত্রী জমিলাকে শাস্তি দিতে জোর করে মাজারের দিকে টেনে নিয়ে যাওয়ার সময় সে নিজেকে ছাড়িয়ে নিতে মজিদের মুখে থুথু দিয়েছিল।

মজিদের আদেশে নামাজ পড়তে গিয়ে জমিলা জায়নামাজেই ঘুমিয়ে পড়ে। বিষয়টি লক্ষ করে মজিদ জমিলার ওপর ক্রোধে উন্মত্ত হয়ে ওঠে। জমিলাকে শাস্তি দেওয়ার জন্য সে তার হাত ধরে টানতে টানতে মাজারের দিকে নিয়ে যেতে থাকে। কিন্তু জমিলা মাঝ উঠোনে এসে আর সামনে এগোতে চায় না। সে সমস্ত শক্তি প্রয়োগ করে মজিদের বজ্রমুষ্টি থেকে নিজের হাত ছাড়িয়ে নেওয়ার চেষ্টা করে। যখন অনেক চেষ্টা করেও হাত ছাড়াতে পারে না, তখন সে হঠাৎ সোজা হয়ে মজিদের কাছে এসে তার মুখে থুথু নিক্ষেপ করে।

## বহুনির্বাচনি অভীক্ষা

১. **সৈয়দ ওয়ালীউল্লাহর সর্বশেষ কর্মস্থল কোনটি? [রা. বো. ১৯; চ বো. ১৭]**

(ক) করাচি (খ) লন্ডন
(গ) জার্মানি (ঘ) প্যারিস

**উত্তর:** ঘ

**ব্যাখ্যা:** সৈয়দ ওয়ালীউল্লাহর প্রথম কর্মস্থল ইংরেজি দৈনিক 'দি স্টেটসম্যান'। সেখানে তিনি সাব-এডিটর হিসেবে নিযুক্ত হয়েছিলেন। এরপর তিনি ঢাকা বেতার কেন্দ্র ও করাচি বেতার কেন্দ্রে সম্পাদক হিসেবে ছিলেন এছাড়া কূটনৈতিক দায়িত্বে বেশ কয়েকটি দেশে তিনি নিযুক্ত ছিলেন। তাঁর সর্বশেষ কর্মস্থল ছিল প্যারিস।

২. **'তাই তারা ছোটে' কেন?[দি. বো. ২৩; ব. বো. ২২]**

(ক) ধর্মের জন্য (খ) জীবিকার জন্য
(গ) কল্যাণের জন্য (ঘ) শিক্ষার জন্য

**উত্তর:** খ

৩. **'লালসালু' উপন্যাসে বর্ণিত 'কিন্তু দেশটা কেমন মরার দেশ' — বাক্যটিতে 'মরার দেশ' বলতে কী বোঝানো হয়েছে? [য. বো. ২২; চ. বো. ২২]**

(ক) লোক শূন্যতা (খ) শস্য শূন্যতা
(গ) শিক্ষাহীনতা (ঘ) হৃদয়হীনতা

**উত্তর:** খ

৪. **অতি সন্তর্পণে ধানের ফাঁকে ফাঁকে তারা নৌকা চালায়, কেন? [রা. বো. ১৯; চ. বো. ১৭]**

(ক) ঢেউ বা শব্দ হওয়ার ভয়ে
(খ) দক্ষ শিকারি বলে
(গ) ধানক্ষেতে নৌকা চালানো অসুবিধার জন্য
(ঘ) সতর্কতার মার নেই বলে

**উত্তর:** ক

৫. **'লালসালু' কী ধরনের উপন্যাস?[ব. বো. ১৭]**

(ক) ধর্ম-আশ্রিত (খ) সমাজ-সমস্যামূলক
(গ) আঞ্চলিক (ঘ) ঘটনানির্ভর

**উত্তর:** খ

**ব্যাখ্যা:** সমাজের মানুষের মধ্যে বিদ্যমান অজ্ঞতা, কুসংস্কার ও অন্ধ ধর্ম বিশ্বাস থেকে নানা ধরনের সামাজিক সমস্যার উদ্ভব হয়। 'লালসালু' উপন্যাস পির-আশ্রিত একটি সমাজের তেমনি একটি সামাজিক সমস্যামূলক উপন্যাস।

৬. **'লালসালু' উপন্যাসে কে হাঁপানি রোগে আক্রান্ত? [কু. বো. ১৯]**

(ক) সলেমনের বাপ (খ) কালুমতি
(গ) রেহান আলী (ঘ) মজিদ

**উত্তর:** ক

৭. **মজিদের মহব্বতনগর গ্রামে প্রবেশটা কেমন ছিল? [ঢা. বো. ২৩; রা. বো. ২৩]**

(ক) অবধারিত (খ) নাটকীয়
(গ) কাব্যিক (ঘ) স্বাভাবিক

**উত্তর:** খ

৮. **মহব্বতনগরে আগমনের পূর্বে মজিদ কোথায় ছিল? [ঢা. বো. ১৯]**

(ক) গারো পাহাড়ে (খ) নোয়াখালীতে
(গ) আওয়ালপুরে (ঘ) করিমগঞ্জে

**উত্তর:** ক

৯. **'লালসালু' উপন্যাসে মজিদ কীভাবে তার প্রভাব প্রতিষ্ঠিত করে? [ম. বো. ২৩]**

(ক) অলৌকিক ক্ষমতাবলে

(খ) সকলকে অন্ধ বিশ্বাসে আচ্ছন্ন করে

(গ) ভালো ব্যবহার করে

(ঘ) কূটকৌশল দ্বারা

উত্তর: খ

**১০. 'লালসালু' উপন্যাসে কে হাঁটলে মাটিতে আওয়াজ হয়? [য. বো. ১৯]**

(ক) হাসুনির মা (খ) আমেনা বিবি

(গ) রহিমা (ঘ) জমিলা

উত্তর: গ

**১১. 'কলমা জান মিঞা' প্রশ্নটি মজিদ কাকে উদ্দেশ করে করেছিল? [য. বো. ১৯; দি. বো. ১৬]**

(ক) তাহের-কাদেরের বাপকে (খ) আব্বাসকে

(গ) দুদু মিঞাকে (ঘ) ধলা মিঞাকে

উত্তর: গ

**১২. ছেলেমেয়েরা কখন আমসিপারা পড়ে?[ব. বো. ২২]**

(ক) সকালে (খ) বিকেলে

(গ) সন্ধ্যায় (ঘ) ভোরে

উত্তর: ঘ

**১৩. ছোটোবেলায় নাকে নোলক পরে হলদে শাড়ি পেঁচিয়ে ছুটোছুটি করত কে? [দি. বো. ২২]**

(ক) জমিলা (খ) আমেনা

(গ) হাসুনির মা (ঘ) রহিমা

উত্তর: ঘ

**১৪. 'লালসালু' উপন্যাসে মাজারটি দেখতে কেমন?[য. বো. ১৯]**

(ক) উই ঢিবির মতো (খ) মাছের পিঠের মতো

(গ) গারো পাহাড়ের মতো (ঘ) দ্বিতীয়ার চাঁদের মতো

উত্তর: খ

**১৫. 'এখন সে ঝড়ের মুখে উড়ে চলা পাতা নয়'— 'লালসালু' উপন্যাসের এ বাক্যে প্রকাশ পেয়েছে মজিদের- [কু. বো. ১৭, ঢা. বো. ১৭]**

(ক) ধর্মীয় ও আর্থিক প্রভাব

(খ) আর্থিক ও শারীরিক সক্ষমতা

(গ) আর্থিক ও সামাজিক প্রতিষ্ঠা

(ঘ) ধর্মীয় ও সামাজিক প্রতিপত্তি

উত্তর: গ

**১৬. মহব্বতনগর গ্রামের মহিলাদের সাথে মজিদের যোগসূত্র— [রা. বো. ১৬]**

(ক) জমিলা (খ) আমেনা বিবি

(গ) রহিমা (ঘ) হাসুনির মা

উত্তর: গ

**১৭. প্রিয় পয়গম্বরের বাণী এল কত হিজরিতে? [দি. বো. ২২]**

(ক) চতুর্থ (খ) পঞ্চম

(গ) ষষ্ঠ (ঘ) সপ্তম

উত্তর: খ

**১৮. হাসুনির মাকে বুড়ো বেধড়ক প্রহার করে কেন? [সি. বো. ১৬]**

(ক) সীমা লঙ্ঘন করায়

(খ) আদেশ অমান্য করায়

(গ) ঘরের কথা বাইরে বলায়

(ঘ) মজিদের বাড়িতে যাওয়ায়

উত্তর: গ

**১৯. "অন্তরের শক্তিতে মজিদ ব্যাপারটি জানতে পেরেছে সে কথা সে বিশ্বাস করে না।"— 'লালসালু' উপন্যাসে সে কথা বিশ্বাস করে না কে? [দি. ৰো. ১৯]**

(ক) আমেনা (খ) জমিলা

(গ) আক্কাস (ঘ) তাহেরের বাপ

উত্তর: ঘ

**২০. 'তুমি কি হরফ কইরা বলতে পরো তোমার দিলে ময়লা নাই?' এ প্রশ্ন কে করেছে? [রা. বো. ২২]**

(ক) মজিদ (খ) ব্যাপারী

(গ) আমেনা বিবি (ঘ) জমিলা

উত্তর: ক

**২১. "ভেতরে ক্রোধের আগুন জ্বলছে বাইরে যত ঠান্ডা থাকুক না কেন – কার ভেতরে ক্রোধের আগুন জ্বলছে? [ঢা. বো. ১৯]**

(ক) আক্কাসের (খ) খালেক ব্যাপারীর

(গ) মজিদের (ঘ) তাহের-কাদেরের বাপের

উত্তর: ঘ

২২. 'তোরে না বুইঝা কষ্ট দিছি হে-দিন' – কাকে কষ্ট দিয়েছে? [ব. বো. ২৩]

(ক) রহিমা (খ) হাসুনির মা

(গ) জমিলা (ঘ) আমেনা

উত্তর: খ

২৩. "খেলোয়াড় চলে গেছে, খেলবে কার সাথে।" – এখানে 'খেলোয়াড়' কে? [সি. বো. ২২]

(ক) মজিদ (খ) আক্কাস

(গ) সলেমনের বাপ (ঘ) তাহের-কাদেরের বাপ

উত্তর: ঘ

২৪. 'লালসালু' উপন্যাসে ঝড় এলে হৈ হৈ করার অভ্যাস কার? [দি. বো. ২২]

(ক) হাসুনির মার (খ) জমিলার

(গ) রহিমার (ঘ) মজিদের

উত্তর: ক

২৫. দেশে দেশে পিরদের সফর শুরু হয় কখন?[য. বো. ১৬]

(ক) ধানের মৌসুমে

(খ) দুর্ভিক্ষের সময়

(গ) গায়েবি নির্দেশ পেলে

(ঘ) মুরিদদের আহ্বান পেলে

উত্তর: ক

২৬. 'লালসালু' উপন্যাসে মজিদ কোন সময় আওয়ালপুর গ্রামে পৌঁছাল? [য. বো. ২২]

(ক) সূর্য হেলে পড়লে (খ) দুপুরের পূর্বে

(গ) সূর্য ডুবে গেলে (ঘ) সূর্যোদয়ের সাথে সাথে

উত্তর: ক

২৭. 'পাথর এবার হঠাৎ নড়ে।'- এখানে 'পাথর' কে? [কু. বো. ২২]

(ক) মজিদ (খ) আমেনা বিবি

(গ) রহিমা (ঘ) জমিলা

উত্তর: ক

২৮. 'লালসালু' উপন্যাসে ভাং-গাজা খাওয়া রসকষ শূন্য হাড়গিলে চেহারা কার? [চ. বো. ১৯]

(ক) মজিদের (খ) দুদুমিয়ার

(গ) কম্পাউন্ডারের (ঘ) ধলা মিয়ার

উত্তর: গ

২৬. মজিদ কার ভয়ে শঙ্কিত হয়? [ব. বো. ২২]

(ক) আক্কাসের (খ) আওয়ালপুরের পিরের

(গ) জমিলার (ঘ) খালেক ব্যাপারীর

উত্তর: খ

২৭. 'লালসালু' উপন্যাসে খালেক ব্যাপারীর ১ম পক্ষের স্ত্রীর নাম কী? [ব. বো. ২৩; সি. বো. ১৭]

(ক) জমিলা (খ) আমেনা

(গ) রহিমা (ঘ) তানুবিবি

উত্তর: খ

২৮. 'লালসালু' উপন্যাসে "পরগাছা মুরব্বি" কে? [সি. বো. ১৯]

(ক) খালেক ব্যাপারী (খ) সলেমনের বাপ

(গ) ধলা মিয়া (ঘ) মোদাব্বের মিয়া

উত্তর: গ

২৯. ধলামিয়াকে আওয়ালপুরের পিরের কাছে পাঠিয়েছেন কে? [দি. বো. ২৩; কু. বো. ২৩; রা. বো. ১৭; য. বো. ২৩]

(ক) তানু বিবি (খ) রহিমা

(গ) খালেক ব্যাপারী (ঘ) আমেনা বিবি

উত্তর: গ

৩০. মজিদের ভাষায় স্ত্রীলোকদের সন্তানাদি হয় না কেন? [কু. বো. ১৬]

(ক) মাজারে শিরনি না দেওয়ায়

(খ) পর্দাপ্রথা না মানায়

(গ) পেটে বেড়ি পড়ায়

(ঘ) পিরদের পানিপড়া না খাওয়ায়

উত্তর: গ

৩১. রহিমা আমেনা বিবির জন্য শখ করে কী রান্না করেছিল? [সি. বো. ২৩]

(ক) সেমাই (খ) পায়েস
(গ) ফিরনি (ঘ) ক্ষীর
উত্তর: গ

৩২. "যেখানে সাপ জাগে, সেখানে আবার কোমলতার ফুল ফোটে 'লালসালু' উপন্যাসের এই বাক্যে 'সাপ' কী অর্থ প্রকাশ করে? [ম. বো. ২৩]
(ক) লালসা (খ) প্রতিহিংসা
(গ) কামনা (ঘ) প্রতিশোধ
উত্তর: ক

৩৩. 'তোমার দাড়ি কই মিঞা' কার প্রসঙ্গে বলা হয়েছে? [ঢা. বো. ২৩, ব. বো. ১৯, চ. বো. ১৭]
(ক) মজিদ (খ) আক্কাস
(গ) মোদাব্বের মিঞা (ঘ) ধলা মিঞা
উত্তর: খ

৩৪. "ইজারাদারদের স্বার্থরক্ষায় প্রভাবশালীরা নদীতে সাঁকো তৈরির উদ্যোগ থামিয়ে দেয়।"- এখানে প্রভাবশালীরা লালসালু উপন্যাসের কোন চরিত্রকে স্মরণ করিয়ে দেয়? [ম. বো. ২৩]
(ক) মজিদ (খ) খালেক ব্যাপারী
(গ) মতলব খা (ঘ) আওয়ালপুরের পীর
উত্তর: খ

৩৫. 'তানি বুঝি দুলার বাপ'- জমিলা কার সম্পর্কে এ উক্তি করেছে? [রা. বো. ১৬]
(ক) মোদাব্বের মিঞা (খ) খালেক ব্যাপারী
(গ) মতলুব মিঞা (ঘ) মজিদ
উত্তর: ঘ

৩৬. 'সে যেন খাঁচায় ধরা পড়েছে।'— কে খাঁচায় ধরা পড়েছে? [কু. বো. ২২]
(ক) রহিমা (খ) জমিলা
(গ) আমেনা (ঘ) হাসুনির মা
উত্তর: খ

৩৭. সে যেন খাঁচায় ধরা পড়েছে'— 'লালসালু' উপন্যাসে কার ধরা পড়ার কথা বলা হয়েছে।[ব. বো. ১৭]
(ক) রহিমা (খ) হাসুনির মা
(গ) জমিলা (ঘ) আমেনা বিবি
উত্তর: গ

৩৮. 'ধান দিয়া কী হইব মানুষের জান যদি না থাকে' — উক্তিটিতে কী মনোভাব প্রকাশ পেয়েছে?[চ. বো. ২২]
(ক) ক্ষোভ (খ) নিন্দা
(গ) অভিমান (ঘ) কটুকথা
উত্তর: ক

৩৯. 'লালসালু' উপন্যাসের "মহাসমুদ্রের ডাককে অবহেলা করে বালুতীরে কী যেন খোঁজে।" – বাক্যে প্রকাশ পেয়েছে— [দি. বো. ১৭]
(ক) অবিশ্বাস
(খ) সৌন্দর্যপ্রীতি
(গ) বালুতীরের প্রতি আকর্ষণ
(ঘ) অসীমকে ছেড়ে দৃশ্যমানের প্রতি আগ্রহ
উত্তর: ঘ

৪০. 'বতোর দিন' কীসের সাথে সম্পর্কিত?[রা. বো. ১৬]
(ক) ঈদ (খ) পুজো
(গ) চাষাবাদ (ঘ) বিয়ে
উত্তর: গ

৪১. অন্ধকারে মজিদের চোখ কীসের মতো চকচক করে? [দি. বো. ২২]
(ক) আগুনের (খ) সাপের
(গ) ফসলের (ঘ) ধানের
উত্তর: খ

৪২. "বিশ্বাসের পাথরে যেন খোদাই সে-চোখ।" কাদের কথা বলা হয়েছে?[রা. বো. ২২]
(ক) যারা আল্লাহর ওপর ভরসা রাখে না
(খ) যারা নাফরমানি করে
(গ) ক্ষেতের প্রান্তে জড়ো হওয়া লোকজন
(ঘ) মোদাচ্ছের পিরের মাজারবিশ্বাসী মানুষ
উত্তর: গ

**৪৩. 'লালসালু' উপন্যাসের মজিদের মধ্যে কোনটি অনুপস্থিত? [ব. বো. ২৩]**

(ক) দয়ামায়া (খ) প্রতিহিংসা
(গ) সংগ্রামশীলতা (ঘ) কপটতা

**উত্তর:** ক

**৪৪. রহিমা ভয় পায় — [সি. বো. ১৬]**

i) খোদাকে
ii) মাজারকে
iii) মজিদকে

নিচের কোনটি সঠিক?

(ক) i (খ) ii
(গ) iii (ঘ) i, ii ও iii

**উত্তর:** ঘ

**৪৫. 'সন্তান আকাঙ্ক্ষায় রূপার মনে ঝড় ওঠে'— রূপার সাথে 'লালসালু' উপন্যাসের মিল রয়েছে—[য. বো. ২২]**

i) রহিমার
ii) আমেনার
iii) জমিলার

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**উত্তর:** ক

**৪৬. রহিমা মজিদের দ্বিতীয় বিয়েতে প্রতিবাদ করে না কেন? [য. বো. ১৭]**

i) স্বামীভক্তি
ii) ধর্মনিষ্ঠা
iii) সমাজের আনুগত্য

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

**উত্তর:** ক

**৪৭. মজিদ জমিলার মধ্যে খোদাভীতি জাগাতে চায় যে কারণে- [কু. বো. ২২]**

i) জমিলাকে বশ করতে
ii) স্বীয় আধিপত্য বিস্তার করতে
iii) স্রষ্টার সন্তুষ্টির জন্য

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**উত্তর:** ক

**৪৮. মজিদ জমিলাকে মাজারে বেঁধে রেখেছিল —[ম. বো. ২২]**

i) মনে খোদার ভীতি জাগানোর জন্য
ii) শাস্তি দেওয়ার জন্য
iii) তার বিদ্রোহী চেতনাকে বিনাশ করার জন্য

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**উত্তর:** গ

**৪৯. 'বিশ্বাসের পাথরে যেন খোদাই সে চোখ'- উক্তিটির তাৎপর্য হলো-[দি. বো. ১৭]**

i) নির্দ্বিধায় বিশ্বাস করা
ii) বিশেষ ক্ষমতার অধিকারী মনে করা
iii) অন্ধভাবে বিশ্বাস করা

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**উত্তর:** খ

**৫০. "জনগণে যারা জোঁকসম শোষে, মহাজন তারে কয়।" উদ্দীপকে এবং 'লালসালু' উপন্যাসে মহাজনদের বৈশিষ্ট্য কী? [ঢা. বো. ১৭]**

i) শোষক
ii) স্বার্থপর
iii) মানবতাবিরোধী

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

উত্তর: ক

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৫১ ও ৫২ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

ফকির মুন্সীর স্ত্রী মরিয়ম সহজ-সরল মেয়ে। স্বামীর প্রতি তার অগাধ অটল বিশ্বাস। তার বিবেচনায় ফকির মুন্সী একজন কামেল ও পরহেজগার লোক। অথচ গ্রামের অশিক্ষিত সহজ-সরল মানুষের খোদাভীতিকে কাজে লাগিয়ে ফকির মুন্সী নানা ফতোয়া জারি করে সাধারণ মানুষকে ঠকায়। [চ. বো. ২২]

**৫১. 'লালসালু' উপন্যাসের কোন চরিত্রের সঙ্গে উদ্দীপকের মরিয়মের সাদৃশ্য রয়েছে?**

(ক) জমিলা (খ) আমেনা
(গ) রহিমা (ঘ) হাসুনির মা

উত্তর: গ

**৫২. উদ্দীপকের ফকির ও 'লালসালু' উপন্যাসের মজিদ উভয়েরই ব্যবসার উৎস হলো-**

i) প্রতারণা ii) মানুষের সরলতা iii) ধর্মভীতি

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

উত্তর: ঘ

**নিচের উদ্দীপকটি পড়ে ৫৩ ও ৫৪ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

করিম মুন্সীর স্ত্রী মোমেনা বেশ সহজ-সরল। স্বামীর প্রতি তার বিশ্বাস, আশা ও নির্ভরতা প্রবল। সাধারণ মানুষের সারল্য ও খোদাভীতিকে পুঁজি করে তার স্বামী তাবিজ বিক্রি করে এবং পানিপড়া দিয়ে অর্থ উপার্জন করে। [ব. বো. ১৯]

**৫৩. উদ্দীপকের মোমেনা 'লালসালু' উপন্যাসের কোন চরিত্রের প্রতিনিধিত্ব করে?**

(ক) জমিলা (খ) রহিমা
(গ) আমেনা (ঘ) হাসুনির মা

উত্তর: খ

**৫৪. উদ্দীপকের করিম মুন্সী ও 'লালসালু' উপন্যাসের মজিদ উভয়েরই ব্যবসায়ের উৎস হলো-**

i) প্রতারণা ii) মানুষের সরলতা iii) ধর্মভীতি

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

উত্তর: গ

**নিচের উদ্দীপকটি পড়ে ৫৫ ও ৫৬ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

ইনু মিয়া তার বড়ো পরিবারের ভরণপোষণ করতে না পেরে মিথ্যার আশ্রয় নেয়। একদিন রাতে সে তার বাড়ির সামনে একটি সাইনবোর্ড টাঙ্গায়। সেখানে লেখা থাকে যে, সে স্বপ্নে অলৌকিক ক্ষমতা পেয়েছে এবং এর দ্বারা যাবতীয় সমস্যার সমাধান করা হয়।[কু. বো. ১৯]

**৫৫. উদ্দীপকটি নিচের কোন রচনার সাথে অধিকতর সাদৃশ্যপূর্ণ—**

(ক) লোক-লোকান্তর (খ) সিরাজউদ্দৌলা
(গ) বিড়াল (ঘ) লালসালু

উত্তর: ঘ

**৫৬. এই সাদৃশ্যের কারণ হলো—**

i) মিথ্যার আশ্রয়
ii) ধর্ম ব্যবসায়
iii) যাপিত জীবনের ভার সইতে না পারা

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

উত্তর: ঘ

**নিচের উদ্দীপকটি পড়ে ৫৭ ও ৫৮ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

কানিজের বাবা-মার মধ্যে সারাদিন দ্বন্দ্ব লেগেই থাকে। তাদের এই দ্বন্দ্বে অতিষ্ঠ হয়ে সে স্থানীয় চেয়ারম্যানের কাছে বিচার দেয়। চেয়ারম্যানের লোলুপ দৃষ্টি পরিবারটিকে ধ্বংস করে দেয়। [য. বো. ১৭]

**৫৭. উদ্দীপকের পরিবারটির ধ্বংসের দিক থেকে 'লালসালু' উপন্যাসের তাহেরের বাপ-মার সংসার ধ্বংসের দিকটি যে তাৎপর্য বহন করে—**

i) ক্ষমতার প্রভাব
ii) অর্থনৈতিক প্রভাব
iii) ধর্মীয় গোঁড়ামি

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

উত্তর: খ

**৫৮. "সজ্ঞানে না জানলেও তারা একাট্টা, পথ তাদের এক'— উদ্ধৃতাংশ দ্বারা বোঝানো হয়েছে-**

(ক) মজিদ - খালেক ব্যাপারীর উদ্দেশ্য
(খ) তাহের - কাদেরের ভ্রাতৃত্ববোধ
(গ) জমিলা-রহিমার মনস্কামনা
(ঘ) মতলুব খা ও আওয়ালপুরের পিরের ইচ্ছা

উত্তর: ক

**নিচের উদ্দীপকটি পড়ে ৫৯ ও ৬০ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

'লক্ষীপুর গ্রামে নাকি এক সন্ন্যাসীর আগমন ঘটেছে। এই সন্ন্যাসী নাকি চোখের পলকে অন্য গ্রামে যেতে পারে, বাতাসের গতি থামাতে পারে।'[রা. বো. ১৭]

**৫৯. উদ্দীপকের সন্ন্যাসী 'লালসালু' উপন্যাসের কোন চরিত্রকে মনে করিয়ে দেয়?**

(ক) মজিদ (খ) আওয়ালপুরের পির
(গ) মোদাচ্ছের পির (ঘ) খালেক ব্যাপারী

উত্তর: খ

**৬০. উদ্দীপকের সাথে 'লালসালু' উপন্যাসের মিল হলো-**

i) পির সাহেব সূর্যকে ধরে রাখতে পারেন
ii) তিনি হুকুম না দিলে নামাজের সময় গড়ায় না
iii) তিনি মুসলিমদের জান্নাত পাওয়ার ব্যবস্থা করেন

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) ii ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

উত্তর: ক

**উদ্দীপকটি পড়ে ৬১ ও ৬২ নম্বর প্রশ্নের উত্তর দাও :**

নিচু একটা জায়গা ভরাট করে গ্রামের ছেলেরা খেলার মাঠ বানাবে বলে চেয়ারম্যানকে প্রস্তাব করল। কিন্তু কিছুদিন পরে চেয়ারম্যান সাহেব সেখানে এক বিশাল মার্কেট তৈরি করল। [ম. বো. ২২]

**৬১. উদ্দীপকের চেয়ারম্যান 'লালসালু' উপন্যাসের কোন চরিত্রের প্রতিনিধিত্ব করে?**

(ক) মজিদ (খ) আক্কাস
(গ) তাহেরের বাপ (ঘ) খালেক ব্যাপারী

উত্তর: ক

**৬২. উদ্দীপকে চেয়ারম্যানের উদ্দেশ্য 'লালসালু' উপন্যাসের কোন বিষয়টিতে প্রকাশিত হয়েছে?**

(ক) স্বনির্ভরতায় (খ) ধর্মান্ধতার
(গ) স্বার্থপরতায় (ঘ) আত্মপ্রচারণায়

উত্তর: গ

**নিচের উদ্দীপকটি পড়ে ৬৩ ও ৬৪ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

খেয়াঘাটের ইজারাদারদের প্রবল ষড়যন্ত্রের মুখে গ্রামে প্রভাবশালীদের পরামর্শে নদীতে সাঁকো তৈরির উদ্যোগ থামিয়ে দিতে বাধ্য হন নবনির্বাচিত চেয়ারম্যান সৌরভ। [দি. বো. ১৯]

**৬৩. উদ্দীপকে গ্রামের প্রভাবশালীরা 'লালসালু' উপন্যাসের কোন চরিত্রকে মনে করিয়ে দেয়?**

(ক) খালেক ব্যাপারী (খ) সলেমনের বাপ
(গ) রেহান আলী (ঘ) মজিদ

উত্তর: ঘ

**৬৪. উদ্দীপকের চেয়ারম্যান সৌরভ এবং 'লালসালু' উপন্যাসের আক্কাস চরিত্রটি কীসের প্রেক্ষাপটে তুলনীয়?**

(ক) আর্থিক সামর্থ্য (খ) সমাজসেবা
(গ) বিদ্যানুরাগ (ঘ) দুঃসাহস

উত্তর: খ

**নিচের উদ্দীপকটি পড়ে ৬৫ ও ৬৬ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

জলবসন্ত রোগে আক্রান্ত ছোটো ছেলের চিকিৎসার জন্য সুমনবাবু মনোহারী বৈদ্যের কাছ থেকে পানিপড়া ও নিমপাতা নিয়ে আসেন। কলেজপড়ুয়া বড় ছেলে রাজীব ছোটো ভাইকে হাসপাতালে নিতে চাইলে পিতার একগুঁয়েমির কাছে সে প্রচেষ্টা ব্যর্থ হয়ে যায়। **[ঢা.বো.১৭]**

**৬৫. উদ্দীপকের রাজীবের সাথে 'লালসালু' উপন্যাসের কোন চরিত্রের সাদৃশ্য রয়েছে?**

(ক) খালেক ব্যাপারী (খ) ধলা মিয়া

(গ) তাহের (ঘ) আক্কাস

**উত্তর:** ঘ

**৬৬. উক্ত চরিত্রে যে বৈশিষ্ট্য ফুটে উঠেছে—**

(ক) কুসংস্কারমুক্ততা (খ) স্বাস্থ্যসচেতনতা

(গ) কূপমণ্ডূকতা (ঘ) অবাধ্যতা

**উত্তর:** ক

**নিচের উদ্দীপকটি পড়ে ৬৭ ও ৬৮ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

বাল্যবিবাহবিরোধী আন্দোলন গড়ে তুলতে গিয়ে শিক্ষিত যুবক রিয়াজ গ্রাম্য মাতব্বরের কাছে লাঞ্ছনার শিকার হলো। কেউ তার সাহায্যে এগিয়ে এলো না। **[য. বো. ১৭]**

**৬৭. উদ্দীপকের রিয়াজ 'লালসালু' উপন্যাসের কোন চরিত্রের প্রতিনিধিত্ব করে?**

(ক) তাহের (খ) কাদের

(গ) আক্কাস (ঘ) ধলামিয়া

**উত্তর:** গ

**৬৮. রিয়াজ ও উপন্যাসের সেই চরিত্রের লাঞ্ছনার কারণ কী?**

(ক) একাকিত্ব (খ) চারিত্রিক দুর্বলতা

(গ) অপশক্তির প্রভাব (ঘ) সুশাসনের অভাব

**উত্তর:** ঘ

**নিচের উদ্দীপকটি পড়ে ৬৯ ও ৭০ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

বেচারার একটা বেশ দুঃখ ছিল। ছেলেপুলে নেই। সৌদামিনীর স্বামী স্থির করল, আর একটি বিয়েই যুক্তিযুক্ত; অন্তত চেষ্টা করে দেখা যাক। বংশ তো গুম করে দেওয়া চলে না। **[সকল বোর্ড-১৮]**

**৬৯. উদ্দীপকের সৌদামিনীর স্বামীর মধ্যে 'লালসালু' উপন্যাসের কোন চরিত্রের মানসিকতা বিদ্যমান?**

(ক) খালেক ব্যাপারীর (খ) দুদু মিয়ার

(গ) মজিদের (ঘ) মতলুব খার

**উত্তর:** গ

**৭০. উদ্দীপকে এবং 'লালসালু' উপন্যাসে আমাদের সমাজের কোন অসংগতি বিদ্যমান?**

(ক) স্বেচ্ছাচারিতা (খ) বহুবিবাহ

(গ) বাল্যবিবাহ (ঘ) পুরুষতান্ত্রিকতা

**উত্তর:** খ

**নিচের উদ্দীপকটি পড়ে ৭১ ও ৭২ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

'চার সতীনের ঘর' চলচ্চিত্রে দেখেছিলাম নায়ক একজন ধনাঢ্য ব্যক্তি। তার ঘরে তিন স্ত্রী। অথচ কোনো সন্তান নেই। তাই সন্তানের আশায় নায়ক আবারও শাবনূরকে চতুর্থ স্ত্রী হিসেবে ঘরে আনে।**[সি. বো. ১৭]**

**৭১. উদ্দীপকের নায়ক 'লালসালু' উপন্যাসের কোন চরিত্রের সাথে সাদৃশ্যপূর্ণ?**

(ক) ধলা মিয়া (খ) খালেক ব্যাপারী

(গ) মজিদ (ঘ) মোদাব্বের মিয়া

**উত্তর:** গ

**৭২. উদ্দীপকের নায়কের এরূপ সাদৃশ্যের কারণ উভয়েরই—**

i) সন্তানলাভ আকাঙ্ক্ষা ii) বহু স্ত্রী গ্রহণ

iii) ধর্ম ব্যবসায়

নিচের কোনটি সঠিক?

(ক) i (খ) ii

(গ) i ও ii (ঘ) i, ii ও iii

**উত্তর:** গ

**নিচের উদ্দীপকটি পড়ে ৭৩ ও ৭৪ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

ধর্মের অপব্যাখ্যা আর সামাজিক কুসংস্কারের কাছে অসহায় আত্মসমর্পণ করে আলেয়া, অথচ তারই বড়ো বোন

রাহেলা সবকিছুকেই যুক্তি দিয়ে বিচার করতে চায় যদিও পরিণামে তাকে কঠিন ফলই ভোগ করতে হয়।

[কু. বো. ১৭]

৭৩. **উদ্দীপকের রাহেলা 'লালসালু' উপন্যাসের কোন চরিত্রের অনুরূপ?**

(ক) তানু (খ) রহিমা

(গ) জমিলা (ঘ) আমেনা

**উত্তর:** গ

৭৪. **উদ্দীপক ও 'লালসালু' উপন্যাস নিচের কোন মন্তব্যকে যৌথভাবে ধারণ করে?**

(ক) ধর্মের অপব্যাখ্যাকারীরা সমাজে প্রবলভাবে প্রভাব বিস্তার করে

(খ) যেকোনো শুভ উদ্যোগকে কুসংস্কারবাদীরা সন্দেহের চোখে দেখে

(গ) ধর্মের অপব্যাখ্যা যারা মেনে নেয় তারা শান্তিময় জীবনযাপন করে।

(ঘ) প্রচলিত সমাজব্যবস্থার বিরুদ্ধাচরণকারীরা সবসময়ই নিগৃহীত হয়

**উত্তর:** ঘ

**উদ্দীপকটি পড়ে ৭৫ ও ৭৬ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

প্রাগপুর গ্রামে একজন খ্রিষ্টান ধর্মযাজক এসে উপস্থিত হন। বিপদে-আপদে গ্রামের সাধারণ মানুষেরা তাঁর কাছে আসতে শুরু করলে গ্রামের পুরোহিত নিজের যশ নষ্ট হওয়ার আশঙ্কা করতে লাগলেন। [দি. বো. ২২]

৭৫. **উদ্দীপকের পুরোহিতের সাথে 'লালসালু' উপন্যাসের কোন চরিত্রের মিল রয়েছে?**

(ক) খালেক ব্যাপারী (খ) আক্কাস

(গ) মজিদ (ঘ) আওয়ালপুরের পির

**উত্তর:** গ

৭৬. **এই মিলের কারণ হলো—**

i) দুর্বলের ক্ষমতা চিরস্থায়ী হয়

ii) ক্ষমতা ও প্রতিপত্তি হ্রাস পাওয়ার আশঙ্কা

iii) প্রতিপক্ষের আবির্ভাব

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii

(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**উত্তর:** গ

**নিচের উদ্দীপকটি পড়ে ৭৭ ও ৭৮ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

করিমন বাতের ব্যথায় জর্জরিত। ছোটো ছেলে কাদেরকে পাশের গ্রামের পিরের কাছে পাঠায় পানিপড়া আনতে। লোক-বিশ্বাস কামেল পিরের পানি প্রায় সর্বরোগের অবসান ঘটে। [য. বো. ২৩]

৭৭. **উদ্দীপকের করিমন 'লালসালু' উপন্যাসের কোন চরিত্রের সাথে সাদৃশ্যপূর্ণ?**

(ক) আমেনা বিবি (খ) তানু বিবি

(গ) হাসুনির মা (ঘ) রহিমা

**উত্তর:** ক

৭৮. **উদ্দীপকে 'লালসালু' উপন্যাসের কোন দিকটি ফুটে ওঠেছে?**

i) কুসংস্কার ii) অন্ধবিশ্বাস iii) পিরভক্তি

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii

(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**উত্তর:** ঘ

**নিচের উদ্দীপকটি পড় এবং ৭৯ ও ৮০ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

নয়নপুর গ্রামবাসীকে গণশিক্ষা দেওয়ার জন্য জামাল সকলকে একত্রিত করে। কিন্তু গ্রামের মোড়ল আবেদ আলী তার শোষণ অব্যাহত রাখার স্বার্থে তাকে বাধা দেয়। এভাবে গ্রামে গণশিক্ষার উদ্যোগ বন্ধ হয়ে যায়।

[দি. বো. ২৩]

৭৯. **উদ্দীপকের জামাল 'লালসালু' উপন্যাসের কোন চরিত্রকে ইঙ্গিত করে?**

(ক) দুদু মিয়া (খ) মোদাব্বের

(গ) সলেমনের বাপ (ঘ) আক্কাস

**উত্তর:** ঘ

৮০. **উদ্দীপকের মোড়ল ও 'লালসালু' উপন্যাসের মজিদ চরিত্রে প্রতিফলিত হয়েছে-**

(ক) ধর্মীয় গোড়ামী (খ) স্বার্থপরতা
(গ) চতুরতা (ঘ) আধিপত্যবাদ

উত্তর: খ

**নিচের উদ্দীপকটি পড়ে ৮১ ও ৮২ নং প্রশ্নের উত্তর দাও:**

জাহিদ শহর থেকে উচ্চ শিক্ষায় শিক্ষিত হয়ে গ্রামে ফিরে আসে এবং গ্রামের মানুষের জ্ঞানের সীমাবদ্ধতা দেখে ব্যথিত হয়। সে গ্রামে শিক্ষার আলো জ্বালাতে একটি নৈশ বিদ্যালয় স্থাপনের সিদ্ধান্ত নেয়। [সি. বো. ২৩]

৮১. **অনুচ্ছেদের জাহিদের সঙ্গে 'লালসালু' উপন্যাসের কোন চরিত্র সাদৃশ্যপূর্ণ?**

(ক) আক্কাস (খ) মোদাব্বের
(গ) মজিদ (ঘ) খালেক ব্যাপারী

উত্তর: ক

৮২. **অনুচ্ছেদে উল্লিখিত গ্রামবাসীর জ্ঞানের সীমাবদ্ধতার মধ্যে 'লালসালু' উপন্যাসের যে দিকটি প্রকাশ পায়–**

i. দরিদ্রতা
ii. কুসংস্কারাচ্ছন্নতা
iii. অজ্ঞতা

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

উত্তর: খ

**নিচের উদ্দীপকটি পড়ে ৮৩ ও ৮৪ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

জালালের দুই বউয়ের মধ্যে মিমি ছোটো। বয়স অল্প হওয়ার কারণে সংসার সম্পর্কে তার কোনো ধারণা নেই। হেসে-খেলে দিন কাটে তার। সুযোগ পেলেই সমবয়সি মেয়েদের সঙ্গে গল্প-গুজবে মেতে ওঠে সে।[ঢা. বো. ২৩]

৮৩. **উদ্দীপকের মিমি 'লালসালু' উপন্যাসের কোন চরিত্রের অনুরূপ?**

(ক) রহিমা (খ) আমেনা
(গ) তানু বিবি (ঘ) জমিলা

উত্তর: ঘ

৮৪. **মিমির সঙ্গে উক্ত চরিত্রের সাদৃশ্য পাওয়া যায়—**

i) বয়সে
ii) মানসিকতায়
iii) বাল্যবিবাহে

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

উত্তর: ঘ

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৮৫ ও ৮৬ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

তাহেরার বিয়ে হলো তার চেয়ে কয়েকগুণ বেশি বয়সি হামিদ আলীর সাথে। বিয়ের আগে পাত্রী দেখতে এলে হামিদ আলীকে তাহেরা ভেবেছিল সে তার হবু শ্বশুর। [সি. বো. ২২]

৮৫. **উদ্দীপকের তাহেরা 'লালসালু' উপন্যাসের কোন চরিত্রটির সঙ্গে তুলনীয়?**

(ক) রহিমা (খ) জমিলা
(গ) আমেনা (ঘ) তানু

উত্তর: খ

৮৬. **উদ্দীপকের ঘটনাটি 'লালসালু' উপন্যাসে বিধৃত সমাজের কোন দিকটি প্রতিফলিত হয়েছে?**

(ক) বাল্যবিবাহ (খ) অসম বয়সী বিবাহ
(গ) বহুবিবাহ (ঘ) বলপূর্বক বিবাহ

উত্তর: খ

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৮৭ ও ৮৮ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

অন্ন চাই, প্রাণ চাই, আলো চাই, চাই মুক্ত বায়ু,
চাই বল, চাই স্বাস্থ্য, আনন্দ-উজ্জ্বল পরমায়ু'
সাহস বিস্তৃত বক্ষপট। এ দৈন্য-মাঝারে কবি,
একবার নিয়ে এসো স্বর্গ হতে বিশ্বাসের ছবি। [ঢা.বো.২২]

**৮৭. উদ্দীপকের আলোকে 'লালসালু' উপন্যাসের প্রাণময় ও সাহসী চরিত্র কোনটি?**

(ক) আক্কাস (খ) রহিমা

(গ) জমিলা (ঘ) তাহের কাদেরের পিতা

**উত্তর:** গ

**৮৮. উক্ত চরিত্র সৃষ্টিতে লেখকের মূল উদ্দেশ্য হলো-**

i) নির্জীব ধর্মতন্ত্রের বিরুদ্ধে পদাঘাত ও সজীব প্রাণধর্মের জাগরণ

ii) শেকড় গাড়া কুসংস্কার, অন্ধবিশ্বাস ও ভীতির সঙ্গে সুস্থ ও মুক্ত জীবনাকাঙ্ক্ষার দ্বন্দ্ব

iii) ধর্মব্যবসায়ী মজিদের অস্তিত্ব সংকট ও সংকটের একটি মানবীয় দ্বন্দ্বময় রূপ সৃষ্টি

নিচের কোনটি সঠিক?

(ক) i (খ) i ও ii

(গ) iii (ঘ) i, ii ও iii

**উত্তর:** ঘ

**৮৯. 'কথাটা মিথ্যা জেনেও প্রচন্ড জ্বলে ওঠে অন্তর'- উক্তিটিতে কার অন্তর জ্বলে ওঠার কথা বোঝানো হয়?[দি. বো. ১৭]**

(ক) রহিমার (খ) মজিদের

(গ) তাহেরার বাবার (ঘ) জমিলার

**উত্তর:** গ

# সিরাজউদ্দৌলা

## জ্ঞানমূলক প্রশ্ন

**১. পলাশি যুদ্ধে নবাব সিরাজউদ্দৌলার পক্ষে কত হাজার সৈন্য ছিল?**

**উত্তর:** পলাশির যুদ্ধে নবাব সিরাজউদ্দৌলার পক্ষে পঞ্চাশ হাজার সৈন্য ছিল।

**২. সিরাজউদ্দৌলার শ্বশুরের নাম কী?**

**উত্তর:** সিরাজউদ্দৌলার শ্বশুরের নাম ইরিচ খা।

**৩. সিরাজউদ্দৌলার মায়ের নাম কী?**

**উত্তর:** সিরাজউদ্দৌলার মায়ের নাম আমিনা বেগম।

**৪. "সিরাজের পতন কে না চায়" - সংলাপটি কার?**

**উত্তর:** "সিরাজের পতন কে না চায়' সংলাপটি ঘসেটি বেগমের।

**৫. পলাশির যুদ্ধে ইংরেজদের পক্ষে সৈন্য সংখ্যা কত ছিল?**

**উত্তর:** পলাশির যুদ্ধে ইংরেজদের পক্ষে সৈন্য সংখ্যা ছিল তিন হাজার।

**৬. সিকান্দার আবু জাফর সম্পাদিত সাহিত্য পত্রিকার নাম কী?**

**উত্তর:** সিকানদার আবু জাফর সম্পাদিত সাহিত্য পত্রিকার নাম 'সমকাল'।

**৭. 'কাপুরুষ, বেইমান। জ্বলন্ত আগুনের মুখে বন্ধুদের ফেলে পালিয়ে যায়।'- উক্তিটি কার?**

**উত্তর:** "কাপুরুষ, বেইমান। জ্বলন্ত আগুনের মুখে বন্ধুদের ফেলে পালিয়ে যায়।'— উক্তিটি ক্লেটনের।

**৮. ওয়াটসনের সই জাল করে দিয়েছিল কে?**

**উত্তর:** ওয়াটসনের সই জাল করে দিয়েছে লুসিংটন।

**৯. পত্র মারফত শওকতজঙ্গকে কে পূর্ণ সমর্থন জানিয়েছিলেন?**

**উত্তর:** পত্র মারফত শওকতজঙ্গকে পূর্ণ সমর্থন জানিয়েছিলেন মিরজাফর।

**১০. উমিচাঁদ কোন সম্প্রদায়ের লোক ছিলেন?**

**উত্তর:** উমিচাঁদ শিখ সম্প্রদায়ের লোক ছিলেন।

**১১. সিরাজউদ্দৌলার হত্যাকারীর নাম কী?**

**উত্তর:** সিরাজউদ্দৌলার হত্যাকারীর নাম মোহাম্মদি বেগ।

**১২. ড্রেক কে ছিলেন?**

**উত্তর:** রোজার ড্রেক ছিলেন ইস্ট ইন্ডিয়া কোম্পানির কলকাতার গভর্নর।

**১৩. কার তত্ত্বাবধানে সিরাজউদ্দৌলাকে হত্যা করা হয়?**

**উত্তর:** মিরনের তত্ত্বাবধানে সিরাজউদ্দৌলাকে হত্যা করা হয়।

**১৪. ইংরেজরা পরাজিত হয়ে কোন জাহাজে আশ্রয় নেয়?**

**উত্তর:** ইংরেজরা পরাজিত হয়ে ফোর্ট উইলিয়াম জাহাজে আশ্রয় নেয়।

**১৫. 'সিরাজউদ্দৌলা' নাটকের প্রথম সংলাপ কার?**

**উত্তর:** 'সিরাজদ্দৌলা' নাটকের প্রথম সংলাপ ক্যাপ্টেন ক্লেটনের।

## অনুধাবনমূলক প্রশ্ন

**১. 'এ সময়ে এভাবে এখানে আসা খুবই বিপজ্জনক'।— উক্তিটির কারণ ব্যাখ্যা করো।**

**উত্তর:** নবাব সিরাজউদ্দৌলার সভাসদেরা মিরনের আবাসে ষড়যন্ত্রে লিপ্ত থাকা অবস্থায় হঠাৎ ছদ্মবেশে ক্লাইভ সেখানে উপস্থিত হলে এই উক্তিটির অবতারণা ঘটে।

ষড়যন্ত্রের একপর্যায়ে নবাব সিরাজউদ্দৌলার সভাসদেরা কোম্পানির সাথে চুক্তির জন্য মিরনের বাসভবনে আলোচনায় বসে। সেখানে কোম্পানির একজন প্রতিনিধি উপস্থিত থাকার কথা ছিল। হঠাৎ মিরনের বাসস্থানে দুজন নারী এসে হাজির হয়। যখন দেখা যায় ওয়াটস ও ক্লাইভ নারীর ছদ্মবেশ ধারণ করে সভায় এসেছে, তখন মীরজাফর প্রশ্নোক্ত উক্তিটি করে।

**২. "ঘরের লোক অবিশ্বাসী হলে বাইরের লোকের পক্ষে সবই সম্ভব" — বলতে কী বোঝানো হয়েছে?**

**উত্তর:** প্রশ্নোক্ত মন্তব্যটি দ্বারা নবাব সিরাজউদ্দৌলার অমাত্যবর্গের বিশ্বাসঘাতকতার দিকটি বোঝানো হয়েছে।

ইংরেজদের সঙ্গে যুদ্ধে রাজ অমাত্যগণ নবাব সিরাজউদ্দৌলার কর্তৃত্ব রক্ষায় জীবন উৎসর্গ করবেন বলে পবিত্র গ্রন্থ নিয়ে শপথ করেছিলেন। কিন্তু নবাবকে পরাজিত করতে গোপনে অনেকেই ষড়যন্ত্র করেছিলেন ইংরেজদের সাথে, যা তাদের কর্মকাণ্ডে প্রকাশ পেয়েছে। অমাত্যবর্গের এই বিশ্বাসঘাতকতার দিকটিই প্রশ্নোক্ত মন্তব্যে প্রকাশ পেয়েছে।

**৩. "শুভ কাজে অযথা বিলম্ব করা বুদ্ধিমানের কাজ নয়"- ব্যাখ্যা করো।**

**উত্তর:** নবাব সিরাজউদ্দৌলার বিরুদ্ধে ষড়যন্ত্রের একপর্যায়ে নিজেদের ভাগ-বাঁটোয়ারা হিসাব করতে গিয়ে মিরজাফর প্রশ্নোক্ত মন্তব্যটি করেছিল।

নবাব সিরাজউদ্দৌলার বিরুদ্ধে ষড়যন্ত্র করার জন্য তাঁর সিপাহসালার মিরজাফর ও কোম্পানির প্রতিনিধিরা মিরনের বাসগৃহে এক হয়েছিল। যুদ্ধে ক্লাইভ বিজয়ী হলে কে কতটা ভাগ পাবে তা নিয়ে দলিল তৈরি করেছিল তারা। কিন্তু দলিলে সই করতে গিয়ে চক্রান্তকারীরা তর্কে জড়িয়ে পড়ে। তখন বিলম্ব না করে দলিলে সই করার মাধ্যমে নিজ স্বার্থকে পাকাপোক্ত করার জন্য মিরজাফর আলোচ্য উক্তিটি করে।

৪. **“ব্রিটিশ সিংহ ভয়ে লেজ গুটিয়ে নিলেন” – কে, কেন বলেছে?**

**উত্তর:** ফোর্ট উইলিয়াম দুর্গে নবাব সিরাজউদ্দৌলার আক্রমণের মুখে ইংরেজরা পালিয়ে যাওয়ায় উমিচাঁদ প্রশ্নোক্ত মন্তব্যটি করেছে।

১৭০৬ সালে প্রতিষ্ঠিত ফোর্ট উইলিয়াম দুর্গে ইংরেজরা নবাবের বিনা অনুমতিতে সামরিক শক্তি বৃদ্ধি করে। তাই নবাব ওই দুর্গ আক্রমণ করেন। ইংরেজ সৈন্যরা নবাবের সৈন্যদের আক্রমণের মুখে দিশেহারা হয়ে পড়লে ক্যাপ্টেন মিনচিন, কাউন্সিলর ফকল্যান্ড ও ম্যানিংহাম নৌকাযোগে দুর্গ থেকে পালিয়ে আত্মরক্ষা করে। শেষ পর্যায়ে ক্যাপ্টেন ক্লেটনও গভর্নর ড্রেকের সাথে পরামর্শের নাম করে আত্মরক্ষার্থে সব প্রতিজ্ঞা ভুলে দুর্গ থেকে পালিয়ে যায়। তাই ব্যঙ্গার্থে প্রশ্নোক্ত কথাটি বলা হয়েছে।

৫. **"তুমিও আমাকে বিচার করতে বসলে?” – কোন প্রসঙ্গে বলা হয়েছে? সংক্ষেপে বর্ণনা করো।**

**উত্তর:** নানা ষড়যন্ত্রের শিকার সিরাজউদ্দৌলা যখন তাঁর বিশ্বাসের শেষ আশ্রয় সহধর্মিণী লুতফার কাছে আসেন, তখন তাঁর স্ত্রীর অনুযোগের উত্তর দিতে গিয়ে বিপর্যস্ত নবাব এ উক্তিটি করেন।

নবাবের প্রতি তীব্র বিদ্বেষী ও স্বার্থান্ধ ঘসেটি বেগমের সাথে নবাবের উত্তপ্ত বাক্য বিনিময়ের পর নবাবপত্নী কিঞ্চিত অভিযোগের সুরেই ঘসেটি বেগমের মর্মাহত হয়ে ফিরে যাওয়ার কথা বলেন। নবাব স্ত্রীর কাছে বলেন, 'আমাকে ক্ষমতাচ্যুত করতে পারলে খালাম্মা খুশি হবেন সবচেয়ে বেশি।' প্রত্যুত্তরে লুৎফা বলেন, 'তাঁর সম্পত্তিতে হস্তক্ষেপ করতে থাকলে ভরসা নষ্ট হওয়ারই কথা। স্ত্রীর এমন অনুযোগ যে অযথার্থ তা বোঝাতেই অভিমানী নবাব সিরাজউদ্দৌলা আলোচ্য কথাটি বলেন।

৬. **ঘসেটি বেগম সিরাজউদ্দৌলার বিরুদ্ধে ষড়যন্ত্র করেছিলেন কেন?**

**উত্তর:** সিরাজউদ্দৌলার প্রতি প্রতিশোধপরায়ণ হয়ে অর্থ ও ক্ষমতার লোভে ঘসেটি বেগম তাঁর ধ্বংস কামনা করেন।

নবাব সিরাজউদ্দৌলাকে সরিয়ে যারা অর্থ ও ক্ষমতা লাভের জন্য ষড়যন্ত্র করছিল, তাদের সঙ্গে ছিলেন ঘসেটি বেগম। রাজকার্য পরিচালনার লোভে তিনি সিরাজউদ্দৌলার ভাই একরামউদ্দৌলাকে পোষ্যপুত্র হিসেবে গ্রহণ করেছিলেন। ছেলেটি অকালে মৃত্যুবরণ করায় অঙ্কুরেই বিনষ্ট হয়েছিল তাঁর স্বপ্ন। আবার হোসেন কুলি খাঁ নামের এক ব্যক্তির সঙ্গে ঘসেটির অনৈতিক সম্পর্ক ছিল, যাঁকে আলিবর্দি খানের নির্দেশে হত্যা করেন সিরাজউদ্দৌলা। এসব কারণে সিরাজের প্রতি আক্রোশ থেকে ঘসেটি বেগম তাঁর ধ্বংস কামনা করতেন।

৭. **“বাট আই অ্যাম সিউর নবাব ক্যান কজ নো হার্ম টু আস।”— উক্তিটি কেন করা হয়েছে?**

**উত্তর:** নবাবের ক্ষমতা সম্পর্কে সন্দিহান হওয়ায় ক্লাইভ প্রশ্নোক্ত উক্তিটি করেছে। ‘সিরাজউদ্দৌলা’ নাটকে ক্লাইভ ও ওয়াটস নারীর ছদ্মবেশে মিরজাফরের সঙ্গে দেখা করতে আসে। কিন্তু এভাবে ছন্দবেশে দেখা করাটাকে বিপজ্জনক মনে করে মিরজাফর। কিন্তু ক্লাইভের বিশ্বাস নবাবের প্রধান সেনাপতিসহ প্রধান অমাত্যরা যখন ষড়যন্ত্রে লিপ্ত হয়, .তখন সেই নবাবের আর বিপজ্জনক হওয়ার ক্ষমতা নেই। এই পরিপ্রেক্ষিতেই ক্লাইভ প্রশ্নোক্ত কথাটি বলেছে।

৮. **“আমার সারা অস্তিত্ব জুড়ে কেবল যেন দেয়ালের ভীড়।”— এ উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো।**

**উত্তর:** ‘আমার সারা অস্তিত্ব জুড়ে কেবল যেন দেয়ালের ভিড়’— উক্তিটিতে নবাব সিরাজউদ্দৌলার বেদনাভারাক্রান্ত ও ঘনায়মান অসহায়’ অবস্থার প্রকাশ পেয়েছে। শাসনকার্য পরিচালনার শুরু থেকেই নবাব সিরাজউদ্দৌলা চিন্তা ও কাজের মাঝে বাধা পেয়েছেন। ঘরে- বাইরে ষড়যন্ত্র নবাবের শাসনকার্য পরিচালনায় প্রধান অন্তরায় হয়ে দাঁড়ায়। তাই ঘরে, বাইরে, দরবারে, সবখানে তাঁর মনে হয়েছে শুধু প্রতিবন্ধকতার দেয়াল। আর এই দেয়ালগুলো তাঁর অস্তিত্বকে সংকটে ফেলেছে, যা আলোচ্য উক্তিতে প্রকাশ পেয়েছে।

৯. **“আমার নালিশ আজ আমার বিরুদ্ধে”— এ উক্তির তাৎপর্য কী?**

**উত্তর:** প্রজাদের দুর্ভোগের জন্য অন্য কাউকে দোষারোপ না করে আত্মগ্লানি প্রকাশ করতে গিয়ে নবাব সিরাজউদ্দৌলা একথা বলেছেন। উৎপীড়িত ব্যক্তিকে দরবারে ডাকার পূর্বে নবাব তাঁর পারিষদদের ডেকে তাঁদের নিজ নিজ দায়িত্ব পুনরায় স্মরণ করিয়ে দেন। এতে অসন্তুষ্ট হয়ে মিরজাফর নবাবকেকরে, তিনি তাদের সন্দেহ করছেন কি না? কিন্তু নবাব কোনো অভিযোগ জানাতে চান না। বাংলার প্রজাদের সুখ-স্বাচ্ছন্দ্য বিধান না করতে পারায় নিজেকেই অপরাধী আখ্যা দেন তিনি। আর এ প্রসঙ্গেই তিনি নিজের বিরুদ্ধে নালিশের কথা বলেন।

**১০. "শওকতজঙ্গ নবাব হলে সকলের উদ্দেশ্য হাসিল হবে"— কেন?**

**উত্তর:** শওকতজঙ্গ ঘসেটি বেগমের আস্থাভাজন হওয়ায় সে নবাব হলে ষড়যন্ত্রকারীদের স্বার্থসিদ্ধি ঘটবে, এমনটিই প্রকাশ পেয়েছে প্রশ্নোক্ত উক্তিটিতে। আলিবর্দি খানের মৃত্যুর পর সিংহাসনে বসেন তার দৌহিত্র সিরাজউদ্দৌলা। কিন্তু ঘসেটি বেগমসহ অন্যান্য চক্রান্তকারী এটি মেনে নিতে পারে না। তারা সিরাজউদ্দৌলার খালাতো ভাই শওকত জঙ্গকেই যোগ্য উত্তরাধিকারী মনে করে। কেননা, সিরাজউদ্দৌলা নবাব হওয়ায় তাদের ব্যক্তিস্বার্থ চরিতার্থে প্রতিবন্ধকতা তৈরি হয়। ফলে ঘসেটি বেগমের স্নেহধন্য শওকতজঙ্গকে নবাব বানাতে পারলে নিজেদের স্বেচ্ছাচারিতায় কোনো অন্তরায় থাকবে না বলে মনে করে ষড়যন্ত্রকারীরা। আর এজন্যই প্রশ্নোক্ত মন্তব্যটি করা হয়েছে।

**১১. ইনি কি নবাব, না ফকির?'- মিরজাফর সম্পর্কে ক্লাইভের এ উক্তির কারণ কী?**

**উত্তর:** মিরজাফরের ব্যক্তিত্বহীনতা দেখে রবার্ট ক্লাইভ তাকে ব্যঙ্গ করে প্রশ্নোক্ত মন্তব্যটি করেছিলেন। বাংলার শেষ স্বাধীন নবাব সিরাজউদ্দৌলার পতনের পর পূর্ব চুক্তিমতো নবাব হয় বিশ্বাসঘাতক ও ক্ষমতালোভী মিরজাফর। রাজদরবারে এসে মিরজাফর সিংহাসনে না বসে সিংহাসনের হাতল ধরে কর্নেল ক্লাইভের জন্য অপেক্ষা করতে থাকে। এতে মিরজাফরের ব্যক্তিত্বহীনতার বহিঃপ্রকাশ ঘটে। আর তা দেখেই ক্লাইভ প্রশ্নোক্ত মন্তব্যটি করেছিলেন।

**১২. রবার্ট ক্লাইভ নারীর ছদ্মবেশে মিরনের বাড়িতে এসেছিল কেন?**

**উত্তর:** গুপ্তচরের চোখ ফাঁকি দিয়ে নবাবের বিরুদ্ধে ষড়যন্ত্রে যোগ দিতে রবার্ট ক্লাইভ নারীর ছদ্মবেশে মিরনের বাড়িতে এসেছিল। নবাব সিরাজউদ্দৌলাকে সিংহাসনচ্যুত করতে রবার্ট ক্লাইভ এবং নবাবের অমাত্যবর্গ মিরনের বাড়িতে গোপন বৈঠক ডাকে। বৈঠকে মিরজাফর, ওয়াটস, রায়দুর্লভসহ সমস্ত বিশ্বাসঘাতকেরা উপস্থিত হয়। নবাবের গুপ্তচরেরা যেন এই গোপন বৈঠকের খবর না পায় এবং তাদের ধরতে না পারে সেজন্য রবার্ট ক্লাইড নারীর ছদ্মবেশ ধারণ করে মিরনের বাড়িতে উপস্থিত হয়।

## বহুনির্বাচনি অভীক্ষা

**১. 'সিরাজউদ্দৌলা' নাটকে অঙ্ক সংখ্যা কত?**

**[ঢা. বো. ২৩, ১৭; রা. বো. ২৩; দি. বো. ১৬]**

(ক) এক (খ) দুই

(গ) তিন (ঘ) চার

**উত্তর:** ঘ

**২. "ব্রিটিশ সিংহ ভয়ে লেজ গুটিয়ে নিলেন – এ বড় লজ্জার কথা।"— উমিচাঁদের এ উক্তিতে কী প্রকাশ পেয়েছে?**

**[ম. বো. ২৩; দি. বো. ২৩; চ. বো. ১৬]**

(ক) হাস্যরস (খ) রঙ্গরস

(গ) বিদ্রূপ (ঘ) গ্লানি

**উত্তর:** গ

**৩. 'সিরাজউদ্দৌলা' নাটকে নবাব কোথায় গিয়ে বন্দিদের বিচার করবেন? [সি. বো. ২৩]**

(ক) পাটনায় (খ) কাশিমবাজারে

(গ) সুরাটে (ঘ) মুর্শিদাবাদে

উত্তর: ঘ

৪. **কে নিজেকে 'দওলতের পুজারি' বলে পরিচয় দিয়েছে? [দি. বো. ২৩]**

(ক) মিরজাফর (খ) উমিচাঁদ

(গ) জগৎশেঠ (ঘ) মানিক চাঁদ

উত্তর: খ

৫. **'সিরাজউদ্দৌলা' নাটকের শওকতজঙ্গের প্রকৃতি — [কু. বো. ২৩]**

i) অকর্মন্য

ii) ক্ষমতানির্লিপ্ত

iii) মদাসক্ত

**নিচের কোনটি সঠিক?**

(ক) i ও ii (খ) ii ও iii

(গ) i ও iii (ঘ) i, ii ও iii

উত্তর: ঘ

৬. **“আমার নালিশ আজ আমার নিজের বিরুদ্ধে" সিরাজের এই উক্তিতে প্রকাশ পেয়েছে— [ঢা.বো.২৩; রা.বো.২৩]**

(ক) শাসন পরিচালনার অযোগ্য

(খ) যুদ্ধবিদ্যায় অদক্ষতা

(গ) ইংরেজদের মোকাবিলা করতে না পারা

(ঘ) প্রজাসাধারণের নিরাপত্তা বিধান করতে না পারা

উত্তর: ঘ

৭. **"উমিচাঁদ এ যুগের সেরা বিশ্বাসঘাতক”— 'সিরাজউদ্দৌলা' নাটকের এ উক্তিটি কার? [কু. বো. ২৩]**

(ক) মিরজাফর (খ) জগৎশেঠ

(গ) রাজবল্লভ (ঘ) ক্লাইভ

উত্তর: ঘ

৮. **'ফরাসি অধিকৃত' বলতে কী বোঝানো হয়েছে? [ঢা. বো. ২৩]**

(ক) অধিকার করে নিয়েছে

(খ) আধিপত্য বিস্তার করেছে

(গ) লুটপাট শুরু করে দিয়েছে

(ঘ) বাণিজ্যকেন্দ্র গড়ে তুলেছে

উত্তর: খ

৯. **“ওর কাছে সবকিছুই যেন জুয়াখেলা।”— 'সিরাজউদ্দৌলা' নাটকে 'ওর' বলতে কাকে বোঝানো হয়েছে?[সি. বো. ২৩]**

(ক) রাজবল্লভকে (খ) ক্লাইভকে

(গ) মিরজাফরকে (ঘ) জগৎশেঠকে

উত্তর: খ

১০. **নবাব সিরাজ রাজধানীতে ফিরে এলেন কেন? [য.বো.২৩]**

(ক) নিজ প্রাণ বাঁচাতে

(খ) প্রজাসাধারণকে অনুপ্রাণিত করতে

(গ) পুনরায় যুদ্ধ করতে

(ঘ) কৌশলগত কারণে

উত্তর: গ

১১. **সিরাজউদ্দৌলাকে কোথায় হত্যা করা হয়? [ম. বো. ২৩]**

(ক) ভগবান গোলায়

(খ) জাফরাগঞ্জের কয়েদখানায়

(গ) মুর্শিদাবাদে

(ঘ) পাটনার কয়েদখানায়

উত্তর: খ

১২. **“স্বার্থপর ক্লডিয়াস রানির সাথে হাত মিলিয়ে রাজা হ্যামলেটকে হত্যা করে।” — উক্ত বাক্যে রাজা হ্যামলেটের সঙ্গে 'সিরাজউদ্দৌলা' নাটকে কোন চরিত্রের সাদৃশ্য রয়েছে? [ঢা. বো. ২৩]**

(ক) সিরাজউদ্দৌলা (খ) মোহনলাল
(গ) আলিবর্দি খা (ঘ) মির মর্দান

উত্তর: ক

**নিচের উদ্দীপকটি পড় এবং ১৩ ও ১৪ নম্বর প্রশ্নের উত্তর দাও: [দি. বো. ২৩]**

আবুলের বাবা অনাথ শিব্বিরকে লালন-পালন করে সমাজে প্রতিষ্ঠিত করেন। সময়ের আবর্তনে বিত্ত-সম্পত্তি নিয়ে আবুলের সঙ্গে তার চাচা জাফরের বিরোধ বাধলে জাফর শিব্বিরকে নিজের দলে ভেড়ান। অর্থের লোভে জাফরের নির্দেশে শিব্বির আবুলকে হত্যা করে।

**১৩. উদ্দীপকের শিব্বিরের সঙ্গে 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন চরিত্রের সাদৃশ্য রয়েছে?**

(ক) মোহাম্মদি বেগ (খ) মিরন
(গ) মিরজাফর (ঘ) শওকতজঙ্গ

উত্তর: ক

**১৪. উদ্দীপক ও 'সিরাজউদ্দৌলা' নাটকে সমভাবে প্রকাশিত হয়েছে-**

(ক) ক্ষমতালিপ্সা (খ) অকৃতজ্ঞতা
(গ) কৃতঘ্নতা (ঘ) প্রতিশোধস্পৃহা

উত্তর: গ

**নিচের উদ্দীপকটি পড়ে ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও:**

**[কু. বো. ২৩]**

"ইসমাইলের বাবা অনাথ সিহাবকে লালন-পালন করেন। ইসমাইলের সাথে তার চাচা তায়েবের বিরোধ বাধলে অর্থের লোভে তায়েবের নির্দেশে সিহাব ইসমাইলকে হত্যা করে।"

**১৫. উদ্দীপকের সিহাবের সাথে 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন চরিত্রের সাদৃশ্য মেলে?**

(ক) উমিচাদ (খ) মোহাম্মাদি বেগ
(গ) মিরণ (ঘ) মিরজাফর

উত্তর: খ

**১৬. সাদৃশ্যের কারণ হলো, উভয়ই—**

i. কৃতঘ্ন
ii. ক্ষমতালোভী
iii. অর্থলোভী

**নিচের কোনটি সঠিক?**

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

উত্তর: খ

**১৭. মির মর্দান ছিলেন - [রা. বো. ২৩]**

(ক) নারী লোলুপ (খ) প্রতারক
(গ) দেশপ্রেমিক (ঘ) দেশদ্রোহী

উত্তর: গ

**নিচের উদ্দীপকটি পড়ে ১৮ ও ১৯ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

**[য. বো. ২৩]**

আকবার সাহেবের কুপুত্র তানভীরকে পারিবারিক ব্যবসার ভাগ না দিয়ে আকমল সাহেবের ছেলে ইমরানকে ব্যবসার একচ্ছত্র কর্ণধার করে যান সাদা আশরাফউদ্দিন। এ নিয়েই আকবর সাহেব ভ্রাতুষ্পুত্রের বিরুদ্ধে ষড়যন্ত্রে লিপ্ত হন।

**১৮. উদ্দীপকের আকবর সাহেব 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন চরিত্রের অনুরূপ?**

(ক) ঘসেটি বেগম (খ) লুতফুন্নেসা
(গ) শওকতজা (ঘ) মিরজাফর

উত্তর: ক

**১৯. উদ্দীপকটি 'সিরাজউদ্দৌলা' নাটকের যে দিকের সাথে সংগতিপূর্ণ—**

(ক) ক্ষমতার দ্বন্দ্ব (খ) হিংসা-বিদ্বেষ
(গ) রেষারেষি (ঘ) স্বার্থপরতা

উত্তর: ঘ

**নিচের উদ্দীপকটি পড়ে ২০ ও ২১ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

**[য. বো. ২৩]**

"অন্যায় কাছে নত নয় শির
ভয়ে কাঁদে কাপুরুষ, লড়ে যার বীর।"

**২০. উদ্দীপকের বীরের সঙ্গে 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন চরিত্রের মিল রয়েছে**

(ক) মোহনলাল (খ) জগৎশেঠ
(গ) মিরজাফর (ঘ) উমিচাঁদ

**উত্তর:** ক

**২১. উদ্দীপকে 'সিরাজউদ্দৌলা' নাটকের ফুটে ওঠা দিকটি হলো—**

i. দেশপ্রেম
ii. বীরত্ব
iii. উচ্চাকাঙ্ক্ষা

**নিচের কোনটি সঠিক?**

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**উত্তর:** ক

**২২. সিকান্দার আবু জাফর কোন সাহিত্য পত্রিকার সম্পাদক ছিলেন? [সি. বো. ১৬]**

(ক) নবযুগ (খ) সমকাল
(গ) সবুজপত্র (ঘ) লাঙ্গল

**উত্তর:** খ

**২৩. সিকান্দার আবু জাফর কোন পত্রিকা সম্পাদনা করেন? [য. বো. ১৬]**

(ক) কালি-কলম
(খ) দৈনিক বাংলা
(গ) কালবেলা
(ঘ) সমকাল

**উত্তর:** ঘ

**২৪. মনীষী এরিস্টটল নাটকের কয়টি ঐক্যের কথা বলেছেন?**

**[য. বো. ১৬]**

(ক) তিন (খ) চার
(গ) পাঁচ (ঘ) ছয়

**উত্তর:** খ

**২৫. সিকান্দার আবু জাফর কোন জেলায় জন্মগ্রহণ করেন? [য. বো. ১৬]**

(ক) ঢাকা (খ) বরিশাল
(গ) সাতক্ষীরা (ঘ) বর্ধমান

**উত্তর:** গ

**নিচের উদ্দীপকটি পড়ে ২৬ নম্বর প্রশ্নের উত্তর দাও: [য. বো. ২২]**

সালের ১৫ আগস্ট জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ধানমন্ডির বাসায় জাতীয় ও আন্তর্জাতিক ষড়যন্ত্রে সপরিবারে শাহাদাৎ বরণ করেন। কিছু বিপথগামী সেনা সদস্য একাজে নিয়োজিত ছিল এবং তারাই হাজার বছরের শ্রেষ্ঠ সন্তানকে মেরে ফেলল। বঙ্গবন্ধু বিশ্বাস করতে পারেননি যে, তাঁকে কেউ মারতে পারে।

**২৬. উদ্দীপকের বিপথগামী সেনা সদস্যদের সাথে সিরাজউদ্দৌলা' নাটকের কোন চরিত্রের মিল পাওয়া যায়?**

(ক) সাঁফ্রে (খ) নারান সিং
(গ) মোহাম্মদি বেগ (ঘ) বদ্রি আলি

**উত্তর:** গ

**২৭. 'সিরাজউদ্দৌলা' নাটকে অঙ্ক সংখ্যা কত? [ঢা. বো. ১৭; দি বো. ১৬]**

(ক) তিন (খ) চার
(গ) পাঁচ (ঘ) সাত

**উত্তর:** খ

**২৮. সিরাজউদ্দৌলার প্রধান প্রতিবন্ধকতা কী ছিল? [দি. বো. ২২]**

(ক) প্রাসাদ ষড়যন্ত্র (খ) পরিবার প্রীতি
(গ) ইংরেজদের ষড়যন্ত্র (ঘ) ফরাসিদের ষড়যন্ত্র

**উত্তর:** ক

২৯. রাইসুল জুহালা চরিত্রের মাধ্যমে নাট্যকার নাটকে যে বিষয়ের অবতারণা করেছেন— [দি. বো. ১৬]

(ক) হাস্যরস (খ) ক্লাইমেক্স
(গ) ভাবগাম্ভীর্য (ঘ) বেদনা

উত্তর: ক

৩০. 'সিরাজউদ্দৌলা' নাটকে প্রথম অঙ্কের প্রথম দৃশ্য কোনটি? [কু. বো. ১৭]

(ক) নবাবের দরবার
(খ) ঘসেটি বেগমের বাড়ি
(গ) ফোর্ট উইলিয়াম দুর্গ
(ঘ) ফোর্ট উইলিয়াম জাহাজ

উত্তর: গ

৩১. ক্লেটন কাদেরকে প্রাণপণে যুদ্ধ করতে বলেন?[দি.বো.২২]

(ক) হলওয়েলকে
(খ) ফরাসি যোদ্ধাদের
(গ) ব্রিটিশ সৈন্যদের
(ঘ) নবাবের সৈন্যদের

উত্তর: গ

৩২. 'ইংরেজদের হয়ে যুদ্ধ করছি কোম্পানির টাকার জন্য। তা বলে বাঙালি কাপুরুষ নয়।'- ওয়ালি খানের এই উক্তিতে কী প্রকাশ পেয়েছে? [কু. বো. ২২]

(ক) দেশপ্রেম (খ) জাতীয়তাবোধ
(গ) কৃতজ্ঞতা (ঘ) সাহস

উত্তর: গ

৩৩. 'সিরাজউদ্দৌলা' নাটকের প্রথম সংলাপ– [ব. বো. ১৭]

(ক) উমিচাঁদের (খ) ক্লেটনের
(গ) জর্জের (ঘ) ওয়ালি খানের

উত্তর: খ

৩৪. 'সিরাজউদ্দৌলা' নাটকে ওয়ালি খানের 'বাঙালি কাপুরুষ নয়' সংলাপে প্রকাশ পেয়েছে— [ব. বো. ১৬]

(ক) স্বজাত্যবোধ (খ) ইংরেজবিদ্বেষ
(গ) দেশপ্রেম (ঘ) বীরত্ব

উত্তর: ক

৩৫. "যত বড়ো মুখ নয় তত বড়ো কথা" সিরাজউদ্দৌলা নাটকে সংলাপটি কার? [সি. বো. ১৯, কু. বো. ১৬]

(ক) নবাবের (খ) উমিচাঁদের
(গ) হলওয়েলের (ঘ) ক্লেটনের

উত্তর: ঘ

৩৬. "যত বড় মুখ নয় তত বড় কথা" বাক্যটির মর্মার্থ হলো— [সি. বো. ১৬]

(ক) বেশি স্পর্ধা (খ) ওজনহীন কথা
(গ) গুরুত্বহীন কথা (ঘ) অনর্থক কথা

উত্তর: ক

৩৭. 'আমি গভর্নর ড্রেকের ধ্বংস দেখতে চাই।'— উক্তিটি কে কাকে করেছে? [রা. বো. ১৭]

(ক) মানিকচাঁদ ক্লেটনকে (খ) উমিচাঁদ ক্লেটনকে
(গ) মানিকচাঁদ হলওয়েলকে (ঘ) উমিচাঁদ হলওয়েলকে

উত্তর: ঘ

৩৮. নবাবের সৈন্যরা ফোর্ট উইলিয়াম দুর্গ আক্রমণ করলে কে মেয়েদের নৌকায় করে পালিয়ে গিয়েছিল? [রা. বো. ১৬]

(ক) ক্লাইভ (খ) হলওয়েল
(গ) ড্রেক (ঘ) ওয়াটস

উত্তর: গ

৩৯. "ব্রিটিশ সিংহ ভয়ে লেজ গুটিয়ে নিলেন, এ বড়ো লজ্জার কথা। – উক্তিটি কার? [চ.বো, সি.বো.১৭; দি.বো.১৬]

(ক) হলওয়েল (খ) উমিচাঁদ

(গ) ক্লেটন (ঘ) ওয়ালি খান

উত্তর: খ

৪০. "ব্রিটিশ সিংহ ভয়ে লেজ গুটিয়ে নিলেন— এ বড়ো লজ্জার কথা।"— উমিচাঁদের এ উক্তিতে প্রকাশ পেয়েছে- [চ. বো. ১৬]

(ক) হাস্যরস (খ) রঙ্গরস

(গ) বিদ্রুপ (ঘ) গ্লানি

উত্তর: গ

৪১. ফরাসিরা ডাকাত আর ইংরেজরা অতিশয় সজ্জন ব্যক্তি, কেমন? -উক্তিটি কার? [চ. বো. ১৬]

(ক) সাফের (খ) উমিচাঁদের

(গ) মোহনলালের (ঘ) সিরাজের

উত্তর: ঘ

৪২. নবাব সিরাজউদ্দৌলা কাকে আলিনগরের দেওয়ান নিযুক্ত করেন? [দি. বো. ১৭; ঢা. বো. ১৬]

(ক) উমিচাঁদকে (খ) মানিকচাঁদকে

(গ) মিরজাফরকে (ঘ) রায়দুর্লভকে

উত্তর: খ

৪৩. 'সিরাজউদ্দৌলা' নাটকের প্রথম অঙ্কের দ্বিতীয় দৃশ্যের ঘটনাগুলো সংঘটনের স্থান কোনটি? [রা. বো. ১৬]

(ক) ফোর্ট উইলিয়াম দুর্গ

(খ) ফোর্ট উইলিয়াম জাহাজ

(গ) ঘসেটি বেগমের বাড়ি

(ঘ) নবাবের দরবার

উত্তর: খ

৪৪. কিলপ্যাট্রিক মাদ্রাজ থেকে কতজন সৈন্য নিয়ে হাজির হন? [ব. বো. ২২]

(ক) একশো (খ) দুইশো

(গ) আড়াইশো (ঘ) তিনশো

উত্তর: গ

৪৫. 'অর্থাৎ ঘুষ খেয়ে খেয়ে ঘুষ কথাটির অর্থই বদলে গেছে আপনার কাছে— উক্তিটি কার? [য. বো. ১৭; ব. বো. ১৬]

(ক) ইংরেজ মহিলা (খ) কিলপ্যাট্রিক

(গ) হ্যারি (ঘ) মার্টিন

উত্তর: ঘ

৪৬. 'দশ দিকের দশটি হাত ভর্তি করতে হিমশিম খেয়ে যাচ্ছে ইংরেজ, ডাচ আর ফরাসিরা।'- এ কথার মধ্যে কোন তথ্য রয়েছে? [রা. বো. ১৬]

(ক) ইউরোপীয়দের দানশীলতা

(খ) এদেশীয়দের দারিদ্র্য

(গ) নবাবের পারিষদবর্গের লোভ

(ঘ) নবাবের উদাসীনতা

উত্তর: গ

৪৭. উমিচাঁদ কোথা থেকে বাংলাদেশে এসেছে? [সি. বো. ২২]

(ক) মাদ্রাজ (খ) লাহোর

(গ) কলকাতা (ঘ) পাঞ্জাব

উত্তর: খ

৪৮. "আমি চিরকালই ইংরেজদের বন্ধু।" - উক্তিটি কার? [সি. বো. ২২]

(ক) মিরজাফর (খ) উমিচাঁদ

(গ) রায়দুর্লভ (ঘ) রাজবল্লভ

উত্তর: গ

৪৯. 'সিরাজউদ্দৌলা' নাটকে কে নবাব হলে সকলের উদ্দেশ্যই হাসিল হবে? [ব. বো. ১৬]

(ক) মিরজাফর (খ) মানিকচাঁদ

(গ) ঘসেটি বেগম (ঘ) শওকতজঙ্গ

উত্তর: ঘ

৫০. উমিচাঁদ ঘসেটি বেগমকে কার স্বাক্ষরিত চিঠি দেয়? [দি. বো.২২]

(ক) ওয়াটসনের (খ) রজার ড্রেকের

(গ) ক্যাপ্টেন মিনচিনের (ঘ) সার্জন হলওয়েলের

উত্তর: খ

৫১. 'সিরাজের পতন কে না চায়?' সংলাপটি কার? [সি. বো. ১৬]

(ক) রায়দুর্লভ (খ) মিরজাফর

(গ) উমিচাঁদ (ঘ) ঘসেটি বেগম

উত্তর: ঘ

৫২. 'দওলত আমার কাছে ভগবানের দাদামশায়ের চেয়েও বড়ো।' কার কাছে? [য. বো. ১৯]

(ক) উমিচাঁদ (খ) ঘসেটি বেগম

(গ) জগৎশেঠ (ঘ) রায়দুর্লভ

উত্তর: ক

৫৩. উমিচাঁদের কাছে ভগবানের দাদামশায়ের চেয়েও বড়ো কী? [ম. বো. ১৬]

(ক) ক্ষমতা (খ) নবাবি

(গ) বাণিজ্য (ঘ) দওলত

উত্তর: ঘ

৫৪. "আমার নালিশ আজ আমার নিজের বিরুদ্ধে" সিরাজের এই উক্তির কারণ, তিনি— [ঢা. বো. ১৯]

(ক) যুদ্ধবিদ্যায় অদক্ষ

(খ) শাসন পরিচালনার অযোগ্য

(গ) প্রজাসাধারণের নিরাপত্তা বিধান করতে পারেনি

(ঘ) ইংরেজদের মোকাবিলা করতে পারেননি

উত্তর: গ

৫৫. 'আমার নালিশ আজ আমার নিজের বিরুদ্ধে' বলতে নবাব বোঝাতে চেয়েছেন— [ব. বো. ১৭]

(ক) ক্ষমাশীলতাই তাঁর পতনের কারণ

(খ) যুদ্ধকৌশল না জেনেই যুদ্ধে অবতীর্ণ হওয়া

(গ) সেনাপতি ও অমাত্যদের চিনতে না পারা

(ঘ) প্রাসাদ ষড়যন্ত্র নস্যাৎ করতে না পারা

উত্তর: ঘ

৫৬. 'সিরাজউদ্দৌলা' নাটকে "আপনাদের কাছে আজ আমি আমার অপরাধের বিচারপ্রার্থী।"- সংলাপে ব্যক্ত হয়েছে সিরাজের— [দি. বো. ১৯]

(ক) অপরাধবোধ (খ) অনুশোচনা

(গ) প্রজাদের প্রতি প্রেম (ঘ) অমাত্যদের প্রতি শ্লেষ

উত্তর: ঘ

৫৭. 'সিরাজউদ্দৌলা' নাটকে নবাবের আসল চিঠি গায়েব করে কোম্পানির কাছে নকল চিঠি পাঠায় কে? [দি. বো. ১৯]

(ক) ড্রেক (খ) মির মুন্সি

(গ) মানিকচাঁদ (ঘ) রাইসুল জুহালা

উত্তর: খ

৫৮. গঙ্গাজল ছুঁয়ে ঈশ্বরের নামে শপথ করেছিল কে? [ব. বো. ২২]

(ক) রাজবল্লভ (খ) রায়দুর্লভ

(গ) জগৎশেঠ (ঘ) উমিচাঁদ

উত্তর: ক

৫৯. "চারদিকে শুধু অবিশ্বাস আর ষড়যন্ত্র" - উক্তিটিতে তার কোন ধরনের মনোভাব ফুটে উঠেছে? [সি. বো. ২২]

(ক) নির্লোভ (খ) স্বার্থপরতা

(গ) দ্বিধাগ্রস্ততা (ঘ) আত্মবিশ্বাসী

উত্তর: গ

৬০. 'আজ নবাবকে ডোবাচ্ছেন, কাল আমাদের পথে বসাবেন না তা কি বিশ্বাস করা যায়?' - ক্লাইভের এ উক্তিতে প্রকাশ পেয়েছে মিরজাফর ও তার সঙ্গীদের প্রতি— [ম. বো. ১৬]

(ক) ক্ষোভ (খ) সন্দেহ
(গ) বিতৃষ্ণা (ঘ) আস্থাহীনতা

উত্তর: ঘ

৬১. "নবাবের কোনো ক্ষমতা নেই" — ক্লাইভের এ কথার অর্থ কী? [ব. বো. ২২]

(ক) নবাব দুর্বল শাসক (খ) নিকটস্থরা প্রতারক
(গ) প্রজারা নবাব বিরোধী (ঘ) অস্ত্রেশস্ত্রে অপরিপূর্ণ

উত্তর: খ

৬২. সবাই মিলে সত্যিই আমরা বাংলাকে বিক্রি করে দিচ্ছি না তো?— উক্তিটি কার? [রা. বো. ১৯]

(ক) জগৎশেঠ (খ) মিরজাফর
(গ) উমিচাঁদ (ঘ) ওয়ালি খান

উত্তর: খ

৬৩. 'আমরা এমন কিছু করলাম যা ইতিহাস হবে'—উক্তিটি কার? [চ. বো. ২২]

(ক) মোহনলালের (খ) মিরমর্দানের
(গ) ক্লাইভের (ঘ) সিরাজউদ্দৌলার

উত্তর: গ

৬৪. 'তুমি কম সাপিনী নও'— ঘসেটি বেগমের এই উক্তিতে প্রকাশ পেয়েছে— [য. বো. ১৬]

(ক) হিংসা (খ) ঘৃণা
(গ) বিদ্রোহ (ঘ) প্রতিশোধ

উত্তর: ক

৬৫. সিরাজের বিরুদ্ধে ঘসেটি বেগমের আক্রোশের কারণ – [দি. বো. ১৭]

(ক) অর্থদণ্ড
(খ) রাজনৈতিক প্রাধান্য লাভ
(গ) নবাবের দুর্বলতা
(ঘ) মানিকচাঁদকে শাস্তি প্রদান

উত্তর: খ

৬৬. "ঘরের লোক অবিশ্বাসী হলে বাইরের লোকের পক্ষে সবই সম্ভব, লুৎফা" - উক্তিটি কার? [রা. বো. ২২]

(ক) আমেনা বেগমের (খ) ঘসেটি বেগমের
(গ) মোহাম্মদি বেগ (ঘ) সিরাজের

উত্তর: ঘ

৬৭. পলাশির যুদ্ধে সিরাজের পতনের জন্য তার নিজের যে চারিত্রিক বৈশিষ্ট্য অনেকখানি দায়ী, তা হলো- [য.বো.১৭]

(ক) সরলতা (খ) অদূরদর্শিতা
(গ) সত্যপ্রীতি (ঘ) একরোখামি

উত্তর: খ

৬৮. ১৭৫৭ সালের কোন তারিখে পলাশির যুদ্ধ সংঘটিত হয়? [য. বো. ২২]

(ক) ১৫ এপ্রিল (খ) ০২ জুলাই
(গ) ২১ জুলাই (ঘ) ২৩ জুন

উত্তর: ঘ

৬৯. সিরাজউদ্দৌলার প্রধান গুপ্তচর কে? [ম. বো. ২২]

(ক) উমিচাঁদ (খ) নারান সিং
(গ) মোহন লাল (ঘ) মিরমর্দান

উত্তর: খ

৭০. 'রাইসুল জুহালা' কে? [দি. বো. ১৬]

(ক) সিরাজউদ্দৌলার প্রধান গুপ্তচর
(খ) মিরজাফরের সহযোগী সৈনিক
(গ) ইংরেজ পক্ষের গুপ্তচর
(ঘ) সেটি বেগমের পালিত পুত্র

উত্তর: ক

৭১. নবাব সিরাজ রাজধানীতে ফিরে আসতে চেয়েছেন কেন?

[সি. বো. ১৬]

(ক) নিজ প্রাণ বাঁচা
(খ) যুদ্ধ জয় নিশ্চিত ভেবে
(গ) পুনরায় সংগঠিত হতে
(ঘ) পরাজয় অপরিহার্য বলে

**উত্তর:** গ

**৭২. মিরজাফর ১৭৫৭ সালের কত তারিখে বাংলার মসনদে বসেন? [চ. বো. ১৯]**

| | |
|---|---|
| (ক) ২২ জুন | (খ) ২৩ জুন |
| (গ) ২৫ জুন | (ঘ) ২৯ জুন |

**উত্তর:** ঘ

**৭৩. 'নবাব মসনদের পাশে দাঁড়িয়ে আছেন। ইনি কি নবাব না ফকির।'— এ কথার মধ্য দিয়ে মিরজাফর চরিত্রের কোন বৈশিষ্ট্য প্রকাশিত হয়েছে? [রা. বো. ১৬]**

| | |
|---|---|
| (ক) সাদা-সিধে | (খ) দৃঢ়চিত্ত |
| (গ) কূটকৌশলী | (ঘ) পরনির্ভরশীল |

**উত্তর:** ঘ

**৭৪. 'সিরাজউদ্দৌলা' নাটকে মূলত বিধৃত হয়েছে-[ম. বো. ১৬]**

(ক) লোভ ও ক্ষমতার দ্বন্দ্ব
(খ) ব্রিটিশ দেশ পরিচালনা
(গ) গুপ্তচরদের অক্ষমতা
(ঘ) নবাবের অযোগ্যতা

**উত্তর:** ক

**৭৫. মিরজাফর নবাব হওয়ার পর ক্লাইভ কোন এলাকার মালিকানা পায়? [য. বো. ২২]**

| | |
|---|---|
| (ক) পলাশির | (খ) কলকাতার |
| (গ) আলিনগরের | (ঘ) চব্বিশপরগণার |

**উত্তর:** ঘ

**৭৬. সিরাজকে হত্যা করতে মোহাম্মদি বেগ অগ্রিম বাবদ কত টাকা দাবি করে? [রা. বো. ২২]**

| | |
|---|---|
| (ক) পাঁচ হাজার | (খ) দশ হাজার |
| (গ) পনেরো হাজার | (ঘ) বিশ হাজার |

**উত্তর:** ঘ

**৭৭. 'তোমার অপরাধের জন্য নবাবের দণ্ডাজ্ঞা শোনাতে এসেছি।'— কোন নবাবের? [চ. বো. ১৬]**

| | |
|---|---|
| (ক) মিরজাফর | (খ) সিরাজউদ্দৌলা |
| (গ) ক্লাইভ | (ঘ) মিরন |

**উত্তর:** ক

**৭৮. জামিল সাহেব রায়হানকে রাস্তা থেকে কুড়িয়ে এনে লালনপালন করেন। লেখাপড়া শেখান। জামিল সাহেব নিজের সন্তানের মতোই তাকে ভালোবাসতেন। কিন্তু জামিল সাহেব মারা যাওয়ার পর রায়হান সম্পত্তির লোভে জামিল সাহেবের ছেলেকে হত্যা করে। উদ্দীপকের রায়হান নিচের কোন চরিত্রের সাথে তুলনীয়? [ঢা. বো. ১৯]**

| | |
|---|---|
| (ক) মোহাম্মদি বেগ | (খ) মিরজাফর |
| (গ) মোহন লাল | (ঘ) মিরন |

**উত্তর:** ক

**৭৯. ইস্ট ইন্ডিয়া কোম্পানির কাশিমবাজার কুঠির প্রধান কে? [ঢা. বো. ১৯]**

| | |
|---|---|
| (ক) রবার্ট ক্লাইভ | (খ) উইলিয়াম ওয়াটস |
| (গ) রজার ড্রেক | (ঘ) কিলপ্যাট্রিক |

**উত্তর:** খ

**৮০. 'সিরাজউদ্দৌলা' নাটকে সিরাজউদ্দৌলার উপস্থিতি আছে কয়টি দৃশ্যে? [চ. বো. ২২]**

| | |
|---|---|
| (ক) ৬টি | (খ) ৭টি |
| (গ) ৮টি | (ঘ) ৯টি |

**উত্তর:** গ

৮১. **মিরমর্দান ছিলেন-** **[সি. বো. ১৭]**

(ক) নারীলোলুপ (খ) প্রতারক

(গ) দেশপ্রেমিক (ঘ) দেশদ্রোহী

**উত্তর:** গ

৮২. **সিরাজের কোন অমাত্য নিরীশ্বরবাদী জৈন ধর্মের অনুসারী ছিলেন?** **[ঢা. বো. ২২]**

(ক) জগৎ শেঠ (খ) মিরন

(গ) উমিচাঁদ (ঘ) রাজা রাজবল্লভ

**উত্তর:** ক

৮৩. **"উই হ্যাভ কাম টু আর্ন মানি অ্যান্ড নট টু গেট ইন্টু পলিটিকস।' — ওয়াটসের এ কথা ইংজেদের—** **[রা. বো. ১৬]**

i. বাক্‌চাতুর্য ii. ছদ্মবেশ iii. প্রতারণা

**নিচের কোনটি সঠিক?**

(ক) i (খ) ii

(গ) i ও ii (ঘ) i, ii ও iii

**উত্তর:** ঘ

৮৪. **'আমি বরং নবাবকে বিশ্বাস করতে পারি।'— ক্লাইভের এই উক্তিতে প্রকাশ পেয়েছে—** **[চ. বো. ২২]**

i. মিরজাফরের প্রতি অনাস্থা

ii. নবাবের শাসনের প্রতি বশ্যতা

iii. নবাবের দেশপ্রেম চেতনায় শ্রদ্ধা

**নিচের কোনটি সঠিক?**

(ক) i ও ii (খ) i ও iii

(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**উত্তর:** খ

৮৫. **মিরন সিরাজউদ্দৌলার বিরুদ্ধে যেসব অভিযোগ শুনিয়েছিল—** **[কু. বো. ১৬]**

i. বাংলার জনসাধারণকে উৎপীড়ন

ii. দরবারের পদস্থ আমির-ওমরাহদের মর্যাদাহানি

iii. মতিঝিলের জলসা চিরকালের মতো ভেঙে দেওয়া

**নিচের কোনটি সঠিক?**

(ক) i ও ii (খ) i ও iii

(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**উত্তর:** ক

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৮৬ ও ৮৭ নম্বর প্রশ্নের উত্তর দাও:** **[ম. বো. ২২]**

একরাতে একদল অচেনা লোক রাহাত সাহেবের বাড়িতে আশ্রয় চায়। রাহাত সাহেব দয়াপরবশ হয়ে তাদের থাকা ও খাওয়ার ব্যবস্থা করেন। কিন্তু মধ্যরাতে সেই অচেনা লোকেরা বাড়ির সবাইকে জিম্মি করে টাকা-পয়সা ও মূল্যবান জিনিসপত্র নিয়ে পালিয়ে যায়।

৮৬. **উদ্দীপকের আগন্তুকরা 'সিরাজউদ্দৌলা' নাটকে কাদের সাথে সাদৃশ্যপূর্ণ?**

(ক) বিশ্বাসঘাতকদের (খ) দেশদ্রোহীদের

(গ) ফরাসিদের (ঘ) ইংরেজদের

**উত্তর:** ঘ

৮৭. **'সিরাজউদ্দৌলা' নাটকে এরূপ সাদৃশ্য পরিলক্ষিত হয়—**

i. বাণিজ্য করতে এসে ক্ষমতা দখলের চেষ্টা

ii. নবাবের সাথে সংঘর্ষে লিপ্ত হওয়া

iii. মিরজাফরদের সাথে গোপনে সন্ধি করা

**নিচের কোনটি সঠিক?**

(ক) i ও ii (খ) i ও iii

(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**উত্তর:** ঘ

**নিচের উদ্দীপকটি পড়ে ৮৮ ও ৮৯ নম্বর প্রশ্নের উত্তর দাও :** **[দি. বো. ১৯]**

পারিবারিক ব্যবসা প্রতিষ্ঠানের শ্রমিকদের ন্যায্য সুবিধা দেওয়ার দাবিতে অনড় থাকায় সুবিধাভোগীদের

সহায়তায় অতি আদরের ভাতিজা নাজিমের বিরুদ্ধে ভয়াবহ ষড়যন্ত্রে লিপ্ত হয় চাচা কামরুল।

**৮৮. উদ্দীপকের চাচা কামরুল সিরাজউদ্দৌলা নাটকের কোন চরিত্রের অনুরূপ?**

(ক) ঘসেটি বেগম (খ) মিরজাফর

(গ) মোহাম্মদি বেগ (ঘ) শওকতজঙ্গ

**উত্তর:** ক

**৮৯. উদ্দীপকটি সিরাজউদ্দৌলা' নাটকের কোন বিষয়টিকে ধারণ করেছে?**

(ক) সাম্যবাদ (খ) দেশপ্রেম

(গ) স্বার্থান্ধতা (ঘ) কৃতঘ্নতা

**উত্তর:** গ

**নিচের উদ্দীপকটি পড়ে ৯০ ও ৯১ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

**[য. বো. ১৭]**

স্বাধীনতার যুদ্ধে গ্রামের এক বাড়িতে আশ্রয় নিয়েছিল আহত কয়েকজন মুক্তিযোদ্ধা। টাকার লোভে বাড়ির মালিক তাদের পাকিস্তানি সেনাদের হাতে তুলে দেয়। সেই থেকে সে বজলু রাজাকার নামে সকলের ঘৃণার পাত্র হয়ে আছে।

**৯০. বজলু রাজাকার 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন চরিত্রের কথা?**

(ক) রায়দুর্লভ (খ) ক্লাইভ

(গ) ওকতজঙ্গ (ঘ) রাইসুল জুহালা

**উত্তর:** ক

**৯১. বজলু এবং নাটকের চরিত্রে যে জিনিসটির চরম অভাব তা হলো-**

(ক) নৈতিকতা (খ) দেশপ্রেম

(গ) আত্মসংযম (ঘ) ধর্ম-বিশ্বাস

**উত্তর:** খ

**নিচের উদ্দীপকটি পড়ে ৯২ ও ৯৩ নং প্রশ্নের উত্তর দাও:**

**[রা. বো. ১৯, চ. বো. ১৭]**

একাত্তরের মহান মুক্তিযুদ্ধে পাকিস্তানি হানাদার বাহিনী এ দেশীয় দোসরদের সহায়তায় আমাদের দেশে ব্যাপক নির্যাতন চালায়। অসংখ্য মানুষের বাড়িঘর পুড়িয়ে দেয়। মা-বোনদের সম্মানহানি করে এবং ব্যাপক গণহত্যা চালায়।

**৯২. হানাদার বাহিনীর অত্যাচার 'সিরাজউদ্দৌলা' নাটকের—**

(ক) কুঠির সাহেবদের নির্যাতন

(খ) ঘসেটি বেগমের মসনদ দখল

(গ) সিরাজউদ্দৌলার বর্বরতা

(ঘ) মিরজাফরের কুটিলতা

**উত্তর:** ক

**৯৩. এরূপ সাদৃশ্যের অন্তর্নিহিত কারণ—**

i. কুঠিয়াল ইংরেজ কর্তৃক নিরীহ প্রজাদের ওপর অত্যাচার

ii. লবণ বিক্রেতার বাড়িঘর জ্বালিয়ে দেওয়া

iii. নবাবের অর্থ আত্মসাৎ

**নিচের কোনটি সঠিক?**

(ক) i ও ii (খ) i ও iii

(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**উত্তর:** ক

**নিচের উদ্দীপকটি পড়ে ৯৪ ও ৯৫ নম্বর প্রশ্নের উত্তর দাও:** **[য. বো. ১৬]**

জমিদার কান্ত রায়ের মৃত্যুর পর একমাত্র পুত্র হীরক রায় জমিদারি লাভ করেন। হীরক রায় বয়সে তরুণ ও সরল প্রকৃতির মানুষ। সরলতার সুযোগ নিয়ে কাকা তপন রায় অমাত্যদের নিয়ে গভীর ষড়যন্ত্রে লিপ্ত হয়। টের পেয়ে হীরক রায় কঠোর হস্তে সে ষড়যন্ত্র দমন করেন।

৯৪. হীরক রায়ের অমাত্যদের সাথে 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন চরিত্রের মিল আছে?

(ক) লর্ড ক্লাইভ (খ) মিরমদান
(গ) রায়দুর্লভ (ঘ) ঘসেটি বেগম

উত্তর: গ

৯৫. হীরক রায় কর্তৃক ষড়যন্ত্র 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন ঘটনাকে স্মরণ করিয়ে দেয়?

i. সিরাজের কলকাতা অভিযান
ii. ঘসেটি বেগমের নজরবন্দি
iii. কোম্পানির বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

উত্তর: ঘ

নিচের উদ্দীপকটি পড়ে ৯৬ ও ৯৭ নং প্রশ্নের উত্তর দাও:

[সকল বোর্ড-২০১৮]

কালাম ভাড়া করা বাড়িতে বসবাস করে। দীর্ঘদিন এক বাড়িতে থাকার সুবাদে বাড়িওয়ালা আনোয়ারের সাথে সুসম্পর্ক গড়ে ওঠে। আনোয়ারের চাচাতো ভাই জামিল সম্পত্তির লোভে আনোয়ারকে হত্যা করতে উদ্যত হয়। জামিলের এ তৎপরতা অন্যায় জেনে বাধা দেয় কালাম। অবশেষে জামিলের হাতে নিহত হয় কালাম।

৯৬. উদ্দীপকের কালামের সাথে সিরাজউদ্দৌলা' নাটকের কোন চরিত্রকে তুলনা করা যায়?

(ক) মোহনলাল (খ) মিরমরদান
(গ) সাঁফ্রে (ঘ) উমিচাঁদ

উত্তর: গ

৯৭. এরূপ তুলনার কারণ, উভয়েই-

i. বহিরাগত
ii. স্বগোত্রীয়ের জন্য লড়েছে
iii. ন্যায়ের প্রতিষ্ঠা করতে চেয়েছে

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

উত্তর: খ

নিচের উদ্দীপকটি পড়ে ৯৮ ও ৯৯ নম্বর প্রশ্নের উত্তর দাও: [ব. বো. ১৬]

স্বার্থের কারণে তমাল সাহেবের জীবনের চরম বিপর্যয়ের সময় স্ত্রী-পুত্র- কন্যা দূরে সরে গেল, অথচ বিশ্বস্ত ভৃত্য আনোয়ার জীবন দিয়ে হলেও তমাল সাহেবের নিরাপত্তা নিশ্চিত করার শপথ নেয়।

৯৮. উদ্দীপকের আনোয়ার সিরাজউদ্দৌলা' নাটকের কোন চরিত্রের অনুরূপ?

(ক) সাঁফ্রে (খ) লুৎফা
(গ) নারান সিং (ঘ) মোহনলাল

উত্তর: গ

৯৯. উদ্দীপকে সিরাজউদ্দৌলা নাটকের যে ভাব প্রকাশিত, তা হলো-

i. স্বার্থান্ধতা ii. ব্যক্তিজীবনের বিপর্যয়
iii. আত্মীয়তার বন্ধনের শৈথিল্য

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

উত্তর: ঘ

নিচের উদ্দীপকটি পড়ে ১০০ ও ১০১ নং প্রশ্নের উত্তর দাও: [য. বো. ১৯]

মুক্তিযুদ্ধে পাকিস্তানি সেনাশাসক, রাজনীতিবিদ ও কতিপয় বিপথগামী দোসর জনসাধারণের ওপর নিষ্ঠুর নির্যাতন চালায় ও জানমালের ব্যাপক ক্ষয়ক্ষতি করে। এ দেশের আপামর জনতা দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে প্রতিরোধ ব্যবস্থা গড়ে তোলে।

**১০০. উদ্দীপকের প্রথম বাক্য 'নবাব সিরাজউদ্দৌলা' নাটকের কোন কোন চরিত্রের কর্মকাণ্ডকে ধারণ করে?**

(ক) উমিচাঁদ-জগৎশেঠ (খ) মোহনলাল রায়দুর্লভ

(গ) ঘসেটি বেগম-লুৎফুন্নেসা (ঘ) মিরমদান-ক্লেটন

উত্তর: ক

**১০১. উদ্দীপকে শেষ বাক্যের বিষয়বস্তু 'নবাব সিরাজউদ্দৌলা' নাটকের নিচের কোন বাক্যে প্রতিফলিত হয়েছে?**

(ক) আপনাদের নতুন নবাব জাফর আলী খানকে আমি মসনদে বসিয়ে দিলাম

(খ) হাজার হাজার মানুষ একযোগে রুখে দাড়াতে পারলে কৌশলের প্রয়োজন হবে না

(গ) বাংলার ঘরে ঘরে হাহাকারের বন্যা বইয়ে দেবে মিরজাফর- ক্লাইভের লুণ্ঠন অত্যাচার

(ঘ) মানুষের দৃষ্টি থেকে আমার চোরের মতো পালিয়ে পালিয়ে পথ চলতে হবে

উত্তর: খ

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ১০২ ও ১০৩ নম্বর প্রশ্নের উত্তর দাও: [ঢা. বো. ২২]**

ভরসা হলো, আর দমাতে পারবেনা। বাংলা ভাষাকে রাষ্ট্রভাষা না করে উপায় নাই। এই আন্দোলনে দেশের লোক সাড়া দিয়েছে ও এগিয়ে এসেছে, জনমত সৃষ্টি হয়েছে, জনমতের বিরুদ্ধে যেতে শোষকরাও ভয় পায়।

**১০২. উদ্দীপকের আলোকে পলাশি যুদ্ধে পরাজয়ের পর কে জনমত গঠনের মাধ্যমে প্রতিরোধের শেষ চেষ্টা করেছিলেন?**

(ক) মোহনলাল (খ) নারান সিং

(গ) সিরাজউদ্দৌলা (ঘ) মীরকাশিম

উত্তর: গ

**১০৩. উক্ত জনমত গঠনে ব্যর্থতার মূল কারণ কোনটি ছিল?**

(ক) যোগ্য নেতৃত্বের অভাব

(খ) দেশপ্রেম ও সংঘচেতনার অভাব

(গ) অস্ত্রের অভাব

(ঘ) সৈনিকের অভাব

উত্তর: খ

**উদ্দীপকটি পড়ে ১০৪ নম্বর প্রশ্নের উত্তর দাও: [ব. বো. ১৭]**

এ দেশের বাতাস, আমার প্রতিটি বিশুদ্ধ নিশ্বাস
কেউ চাইলেই—
আমার নিশ্বাসের বাতাসে বারুদের গন্ধ ছড়াতে পারে না। আমরা তা কিছুতেই দিতে পারি না......

**১০৪. উদ্দীপকটি 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন তাৎপর্য বহন করে?**

(ক) ইংরেজ হটানোর সংকল্প

(খ) স্বাধীনতা রক্ষার চেতনা

(গ) প্রাসাদ ষড়যন্ত্র রুখে দেওয়ার চেষ্টা

(ঘ) দেশে শান্তি প্রতিষ্ঠার অঙ্গীকার

উত্তর: খ

**নিচের উদ্দীপকটি পড়ে ১০৫ ও ১০৬ নম্বর প্রশ্নের উত্তর দাও: [ঢা. বো. ১৬]**

চরম ব্যবসায়িক বিপর্যয়ের সময় স্বার্থের কারণে রশিদ সাহেবের প্রতি স্ত্রী-সন্তানেরাও মুখ ফিরিয়ে নেয়; অথচ জীবনের শেষ দিন পর্যন্ত রশিদ সাহেবকে সেবা করার শপথ নেয় ভৃত্য করিম।

**১০৫. উদ্দীপকের ভৃত্য করিম 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন চরিত্রের অনুরূপ?**

(ক) সাঁফ্রে (খ) লুৎফা

(গ) মোহনলাল (ঘ) নারান সিং

উত্তর: ঘ

**১০৬. উদ্দীপকে সিরাজদ্দৌলা নাটকের যে ভাব প্রকাশিত, তা হলো—**

i. স্বার্থান্ধতা

ii. ব্যক্তিজীবনের বিপর্যয়

iii. আত্মীয়তার বন্ধনের শৈথিল্য

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii

(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**উত্তর:** ঘ

**নিচের উদ্দীপকটি পড়ে ১০৭ ও ১০৮ নম্বর প্রশ্নের উত্তর দাও: [সি. বো. ১৬]**

১৯৭১ সালের মুক্তিযুদ্ধে রাজাকার ও আলবদররেরা গোপনে পাকিস্তানি বাহিনীকে সহায়তা করে এবং বাঙালি জাতির বিরুদ্ধে ষড়যন্ত্রে লিপ্ত হয়। তাদের সহায়তায় পাকিস্তানি হানাদার বাহিনী বাংলাদেশে বুদ্ধিজীবী হত্যার নীল নকশা প্রণয়ন করে।

**১০৭. উদ্দীপকের রাজাকার ও আলবদরদের সাথে 'সিরাজউদ্দৌলা' নাটকের সাদৃশ্যপূর্ণ চরিত্র—**

(ক) উমিচাঁদ, মিরজাফর, রাজবল্লভ

(খ) রায়দুর্লভ, ঘসেটি বেগম, সাঁফ্রে

(গ) উমিচাঁদ, জগৎশেঠ, মোহনলাল

(ঘ) ঘসেটি বেগম, রাজবল্লভ, নারান সিং

**উত্তর:** ক

**১০৮. উদ্দীপক এবং "সিরাজউদ্দৌলা' নাটকের মূল বিষয়—**

(ক) পরাধীনতা (খ) স্বার্থপরতা

(গ) বিশ্বাসঘাতকতা (ঘ) ঈর্ষাকাতরতা

**উত্তর:** গ

**নিচের উদ্দীপকটি পড়ে ১০৯ ও ১১০ নম্বর প্রশ্নের উত্তর দাও: [কু. বো. ১৯]**

মনসুর, অপু, তাহেরসহ মোট বারোজন মিলে নিজেদের উন্নতির জন্য একটি সমিতি গঠনে করে। সবাই প্রতি মাসে পাঁচশ টাকা করে তাহেরের কাছে জমা রাখে। কিছুদিন পর তাহের সব টাকা নিয়ে পালিয়ে যায়।

**১০৯. উদ্দীপকের তাহের 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন চরিত্রের প্রতিনিধি?**

(ক) মোহনলাল (খ) উমিচাঁদ

(গ) রাইসুল জুহালা (ঘ) মিরজাফর

**উত্তর:** ঘ

**১১০. উদ্দীপকে 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন বিষয়টি ফুটে উঠেছে?**

(ক) সহযোগিতা (খ) বিশ্বাসঘাতকতা

(গ) দেশদ্রোহিতা (ঘ)স্বার্থপরতা

**উত্তর:** ঘ

**উদ্দীপকটি পড়ে ১১১ ও ১১২ নং প্রশ্নের উত্তর দাও: [ব. বো. ১৯]**

সালবেদর আলেন্দে ছিলেন চিলির নির্বাচিত প্রেসিডেন্ট। ১৯৭৩ সালে দেশের সেনাবাহিনী তাকে হত্যা করে ক্ষমতা গ্রহণ করে আলেন্দে কর্তৃকই নিয়োগপ্রাপ্ত জেনারেল পিনোচেট।

**১১১. উদ্দীপকের পিনোচেট 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন চরিত্রের সাথে সর্বাধিক মিল রয়েছে?**

(ক) জগৎশেঠ (খ) উমিচাঁদ

(গ) ওয়াটসন (ঘ) মিরজাফর

**উত্তর:** ঘ

**১১২. উভয় চরিত্রের সাদৃশ্যগত বৈশিষ্ট্য—**

i. ক্ষমতালিপ্সা

ii. বিশ্বাসঘাতকতা

iii. কাপুরুষতা

নিচের কোনটি সঠিক?

(ক)i ও ii (খ) i ও iii

(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**উত্তর:** ক

shikho

ফেসবুক পেইজে লাইক দিয়ে এবং ইউটিউব চ্যানেলে সাবস্ক্রাইব করে ফ্রিতে শিখতে থাকো।



Facebook

Youtube